- শওকত ওসমান যে কাব্যের জন্য আদমজী পুরস্কার লাভ করেন - ক্রীতদাসের হাসি।
- 'পঞ্চতন্ত্র, ময়ুর কণ্ঠী টুনিমেম ও চাচা কাহিনী' রম্য গল্পের লেখক - সৈয়দ মুজতবা আলী।
- রম্য রচনার লেখক হিসেবে সুপরিচিত - সৈয়দ মুজতবা আলী।
- 'পাদটীকা' ছোট গল্পের লেখক - সৈয়দ মুজতবা আলী।
- 'রঙ্গিলা নায়ের মাঝি' (গানের সংকলন) এর লেখক - জসীম উদ্দিন।
- জসীম উদ্দিনের যে কাব্যগ্রন্থ বিভিন্ন ভাষায় অনূদিত হয়েছে - নকসী কাঁথার মাঠ।
- জসীম উদ্দিন জন্ম গ্রহণ করেণ - ফরিদপুর জেলায়।
- নকসী কাঁথার মাঠ কাব্যের ইংরেজী অনুবাদ - The Field of Embroidered Quilt, E.M Mitford.
- কবি জসীম উদ্দিনের 'কবর' কবিতার বিষয়বস্তু - প্রিয়জন হারানের মর্মান্তিক স্মৃতিচারণ।
- জীবনানন্দ দাসের 'রুপসী বাংলা' যার পরিচায়ক - স্বদেশ প্রীতি ও নিঃসর্গময়তা।

- কবি জীবনানন্দ দাসের ওপর যে বিদেশী গবেষক গবেষণা করেন - ক্লিনটন বি সিলি।
- 'আমার দেখা রাজনীতির পঞ্চাশ বছর' গ্রন্থটির রচয়িতা - আবুল মনসুর আহমেদ।
- 'ফুড কনফারেন্স ও গ্যালিভারের সফরনামা' রম্যগল্পের রচয়িতা - আবুল মনসুর আহমদ।
- 'বিশ্ব নবী' গ্রন্থের রচয়িতা - গোলাম মোস্তফা।
- 'ইস্তাম্বুল যাত্রীর পত্র' ভ্রমন কাহিনীটি লিখেছেন - ইব্রাহিম খাঁ।
- 'ভবিষ্যতের বাঙ্গালী' গ্রন্থটির রচয়িতা - এস ওয়াজেদ আলী।
- 'বাঙ্গালীর ইতিহাস' লিখেছেন - নীহাররঞ্জন রায়।
- 'আত্মঘাতী বাঙ্গালী' লিখেছেন - নীরদচন্দ্র চৌধুরী।
- 'বাংলা ভাষার ইতিবৃত্ত' প্রবন্ধটি লিখেছেন - ড.মুহম্মদ শহীদুল্লাহ ও সুকুমার সেন।
- 'মতিচুর' গ্রন্থের রচয়িতা - বেগম রোকেয়া।
- বেগম রোকেয়া লেখনী ধারন করেছিলেন - নারীদের কুসংস্কারমুক্ত ও শিক্ষিত করতে।
- শরৎচন্দ্রের প্রথম উপন্যাস - বড় দিদি।
- শরৎচন্দ্রের শ্রেষ্ঠ উপন্যাস - শ্রীকান্ত (৪ খন্ডে প্রকাশিত)।
- ত্রিভুজ প্রেমের চিত্র অংকিত হয়েছে শরৎচন্দ্রের যে উপন্যাসে - গৃহদাহ।
- চলিত বাংলা গদ্যের সার্থক প্রবর্তন করেন - প্রমথ চৌধুরী।
- 'বীরবলের হালখাতা' প্রবন্ধের রচয়িতা - প্রমথ চৌধুরী।
- 'জীবনে জ্যাঠামি ও সাহিত্য ন্যাকামি, মহৎ করতে পারতেন না - প্রমথ চৌধুরী।
- প্রমথ চৌধুরী যে বিষয়ে রবীন্দ্রনাথ ঠাকুরকে প্রভাবিত করেছিলেন - চলিত ভাষার ব্যবহার করে।
- বিখ্যাত 'নীল দর্পণ' নাটকটির ইংরেজি অনুবাদ - ইন্ডিগো প্লান্টিং মিরর।
- অমিত্রাক্ষর ছন্দে রচিত মাইকেল মধুসুদন দত্তের প্রথম কাব্য - তিলোত্তমা সম্ভব কাব্য।
- 'দি ক্যাপটিভ লেডি' কাব্যটি লিখেছেন - মাইকেল মধুসুদন দত্ত।
- বাংলা সাহিত্যে প্রথম সার্থক মহাকাব্য - মেঘনাদবধ।
- ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরকে যে প্রতিষ্ঠান 'বিদ্যাসাগর' উপাধি প্রদান করেন - সংস্কৃত কলেজ।
- হিন্দু সমাজে বিধবা বিবাহের প্রবর্তক - ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর।
- যে গ্রন্থ প্রকাশের মাধ্যমে বাংলা সাহিত্যে নতুন যুগের সুচনা হয় - বেতাল পঞ্চবিংশতি।
- ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের মৌলিক রচনা - প্রভাবতী সম্ভাষন।
- ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের 'ভ্রান্তিবিলাস' যে নাটকের গদ্য রুপ- কমেডি অব এররস।
- 'শকুন্তলা' গ্রন্থটি লিখেছেন - ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর।
- শেক্সপিয়ারের নাটকের বাংলা গদ্যরুপ দিয়েছেন - ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর।
- কায়কোবাদের প্রথম কাব্যগ্রন্থ - বিরহ বিলাপ।
- যে বিষয়ের উপর ভিত্তি করে 'মহাশ্মশান' মহাকাব্য রচিত হয়েছে - পানি পথের তৃতীয় যুদ্ধ।
- 'বিবি কুলসুম' রচনা করেছেন - মীর মোশাররফ হোসেন।
- 'বিষাদসিন্ধু' যে ঐতিহাসিক ঘটনা অবলম্বনে রচিত - কারবালার যুদ্ধ।
- বাংলা সাহিত্যে প্রথম মুসলিম নাট্যকার রচিত নাট্যগ্রন্থ - বসন্তকুমারী।
- বাংলা সাহিত্যের প্রথম সার্থক উপন্যাসিক - বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়।
- বাংলা সাহিত্যের প্রথম সার্থক উপন্যাস - দুর্গেশ নন্দিনী (অর্থ দুর্গ প্রধানের কন্যা)।
- বঙ্কিমচন্দ্রের রচিত 'রাজসিংহ' একটি - ঐতিহাসিক উপন্যাস।
- বঙ্কিমচন্দ্র রচিত 'বিষবৃক্ষ' একটি - সামাজিক উপন্যাস।
- সাম্য গ্রন্থের রচয়িতা - বঙ্কিমচন্দ্র।
- তাজকেরাতুল আওলিয়া অবলম্বনে 'তাপসমালা' রচনা করেন - গিরিশ চন্দ্র সেন।
- 'উদাসীন পথিকের মনের কথা' একটি - আত্মজীবনীমুলক উপন্যাস।
- নীল দর্পণ নাটাটি যে শহর থেকে প্রকাশিত এবং প্রথম মঞ্চস্থ হয়েছিল - ঢাকা।
- 'পাহাড়তলী' গ্রামে জন্মগ্রহণ করেন - বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়।
- 'কাঁঠাল পাড়ায়' জন্মগ্রহণ করেন - শামসুর রাহমান।
- 'বটতলার উপন্যাস' গ্রন্থের রচয়িতার নাম - রাজিয়া খান।
- মাইকেল মধুসুদন দত্তের 'বীরঙ্গনা কাব্য' যে ধরনের কাব্য - পত্র কাব্য।
- 'ছিন্ন পত্রের' অধিকাংশ পত্র যাকে উদ্দেশ্য করে লেখা - ইন্দিরা দেবী।
- রবীন্দ্রনাথ ঠাকুরের রাজনৈতিক উপন্যাস - গোরা।
- 'আত্মহত্যার অধিকার' যার লেখা - মানিক বন্দ্যোপাধ্যায়।
- বাংলা সাহিত্যে পঞ্চপান্ডব বলা হয় - ৫ জন কবিকে।
- 'হাঁসুলী বাঁকের উপকথা' লিখেছেন - তারাশংকর বন্দোপাধ্যায়।
- শরৎচন্দ্রের 'শ্রীকান্ত' উপন্যাসের খন্ড - ৪টি।
- বাংলাদেশের কবিদের কবি বলা হয় - নির্মলেন্দ গুন।
- 'খেলাঘর' যে ধরনের উপন্যাস - মুক্তিযুদ্ধ ভিত্তিক।

বিখ্যাত আত্মজীবনী ও স্মৃতিকথা

রচয়িতা	গ্রন্থের নাম
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান	অসমাপ্ত আত্মজীবনী
রবীন্দ্রনাথ ঠাকুর	আমার ছেলেবেলা, জীবনস্মৃতি
মীর মোশাররফ হোসেন	আমার জীবনী, বিবি কুলসুম, উদাসীন পথিকের মনের কথা
জাহানার ইমাম	একাত্তরের দিনগুলি
সুফিয়া কামাল	একাত্তরের ডায়েরী
অচিন্ত্য কুমার সেনগুপ্ত	কল্লোল যুগ
আবুল মনসুর আহমদ	আত্মকথা
সৈয়দ আলী আহসান	আমার সাক্ষ্য
নবাব ফয়জুন্নেসা চৌধুরী	রূপজালাল
আবুল কালাম শামসুদ্দীন	অতীতের দিনের স্মৃতি
বুদ্ধদেব বসু	আমার ছেলেবেলা, আমার যৌবন
রশীদ করিম	জীবনমরণ
হুমায়ুন আহমেদ	কাঠ পেন্সিল, রং পেন্সিল
শহীদুল্লাহ কায়সার	রাজবন্দীর রোজনমচা

CamScanner

বাংলা ব্যাকরণ

বাংলা ভাষা ও ব্যাকরণ

বাংলা ভাষার প্রকারভেদ

১. লৈখিক (সাধু ও চলিত)

২. মৌখিক (চলিত বা কথ্য ও উপভাষা/আঞ্চলিক)

সাধু	চলিত	সাধু	চলিত
সূতা	সুতো	তাহাদিগকে	তাদের
কূয়া	কুয়ো	তাহাকে	তাকে
জুতা	জুতো	উহাকে	ওকে
মদ্য	মদ	তাহার	তার
মিথ্যা/মিছা	মিছে	তাহাদের	তাদের
গৃহ	ঘর	ইহাদের	এদের
যাইতাম	যেতাম	ইহাকে	একে
করিতেছি	করছি,করতেছি	তাহাতে	তাতে
যাইব	যাব	তুলা	তুলো
কাহারা	কারা	পড়িল	পড়ল
সবাই	সবে	সহিত	সঙ্গে,সাথে
ইহারা	এরা	শঙ্খ/শুকনা	শুকনো
হইবে	হবে	পার হইয়া	পেরিয়ে

- গুরুচণ্ডালী দোষ বলতে বুঝায় – সাধু ও চলিত ভাষার মিশ্রন।
- সাধু ভাষা সাধারণত অনুপযোগী – নাটকের সংলাপ, বক্তৃতা ও আলাপ আলোচনায়।
- ভাষার মৌলিক অংশ – তিনটি (ধ্বনি, শব্দ ও বাক্য)।
- যে ভাষারীতির পদবিন্যাস সুনিয়ন্ত্রিত ও সুনির্দিষ্ট - সাধু ভাষ।
- সাধু ভাষা হচ্ছে - বানান নিষ্ঠ।
- চলিত ভাষা - বানান নিষ্ঠ নয়।
- সাধু ভাষার বানান - অপরিবর্তনশীল।
- চলিত ভাষার বানান - পরিবর্তনশীল।
- সাধু ভাষার ধ্বনি - সংস্কৃতধর্মী।
- সাধু ভাষায় প্রয়োগ বেশি - তৎসম শব্দের ।
- চলিত ভাষায় প্রয়োগ বেশি - তদ্ভব, দেশী ও বিদেশী শব্দের।
- সাধু ভাষায় ক্রিয়া পদ ব্যবহৃত হয় - পূর্ণাঙ্গরূপে।
- চলিত ভাষায় ক্রিয়া পদ ব্যবহৃত হয় - সংক্ষিপ্ত রূপে।
- সাধু ভাষায় ব্যবহৃত হয় - তৎসম অব্যয়।
- চলিত ভাষায় ব্যবহৃত হয় - তদ্ভব অব্যয়।
- বাংলা ভাষার মূল উৎস - প্রাকৃত ভাষা।
- আঞ্চলিক কথ্যভাষার অপর নাম - উপভাষা।
- চলিত ভাষার আদর্শরূপে গৃহীত ভাষাকে বলে - প্রমিত ভাষা।
- সাধুরীতিতে যে পদটির দীর্ঘরূপ হয় না - অব্যয়।
- যে ভাষার রীতি পরিবর্তনশীল - চলিত রীতি।
- যে ভাষায় সাহিত্যে গাম্ভীর্য ও আভিজাত্য প্রকাশ পায় - সাধু ভাষায়।
- দেশের বিভিন্ন অঞ্চলের আঞ্চলিক ভাষাকে বলা হয় - কথ্য বা উপভাষা।
- সাধু ও চলিত ভাষার পার্থক্য যে যে পদে বেশি পরিলক্ষিত হয় - ক্রিয়া ও সর্বনাম।
- বাংলা ভাষার সাধু ও চলিত রূপের মধ্যে তুলনামুলক গবেষণা করেন - প্রমথ চৌধুরী।
- যে ভাষা থেকে বাংলা ভাষার জন্ম হয়েছে - বঙ্গ-কামরুপী।

সাধু ও চলিত রীতির প্রয়োগ

সাধু রীতি : কোন ভাষা-রীতিতে এই প্রশ্ন লিখা হইয়াছে?
চলিত রীতি : কোন ভাষা-রীতিতে এ প্রশ্ন লেখা হয়েছে?
সাধু রীতি : অতঃপর তাহারা চলিয়া গেল।
চলিত রীতি : তারপর তারা চলে গেল।
সাধু রীতি : যে কথা একবার জমিয়ে বলা গিয়াছে, তাহার পর তার ফেনাইয়া ব্যাখ্যা করা চলে না।
চলিত রীতি : যে কথা একবার জমে বলা গেছে, তারপর তার ফেনিয়ে ব্যাখ্যা করা চলে না।
সাধু রীতি : অতঃপর বিভ্রান্তমুক্ত হইয়া রোগগ্রস্থ পিতা পুত্র সম্বন্ধে যাহা জানিতেনে সকলই খুলিয়া বলিলেন।
চলিত রীতি : তারপ বিভ্রান্তমুক্ত হয়ে রোগগ্রস্থ পিতা পুত্র সম্বন্ধে যা জানতেন সবই খুলে বললেন।
সাধু রীতি : তিনি হাঁটিতে হাঁটিতে ভাবিতেছিলেন, শুধুমাত্র মণিষী-বাক্যেই তো জীবস্মৃত যুবসমাজের কল্যাণ বহিয়া আনিতে যথেষ্ট নহে।
চলিত রীতি : তিনি হাঁটতে হাঁটতে ভাবছিলেন, শুধু মণিষী-বাক্যেই তো জীবস্মৃত যুব সমাজের কল্যাণ বয়ে আনতে যথেষ্ট নয়।
সাধু রীতি : একদা মরণ-সমুদ্রের বেলা ভূমিতে দাঁড়াইয়া কোন এক আরবীয় সাধক বলিয়াছিলেন।
চলিত রীতি : একদা মরণ-সমুদ্রের বেলা ভূমিতে দাঁড়িয়ে কোনো এক আরবীয় সাধক বলেছিলেন।
সাধু রীতি : জ্যেষ্ঠ ভ্রাতার প্রহারে দিগ্বিদিক জ্ঞানশূন্য হইয়া তিনি উর্ধ্বশ্বাসে ছুটিতে লাগিল।
চলিত রীতি : জ্যেষ্ঠ ভ্রাতার প্রহারে দিগ্বিদিক জ্ঞানশূন্য হয়ে সে উর্ধ্বশ্বাসে ছুটতে লাগল।
সাধু রীতি : সে আসিবে বলিয়া ভরসাও করিতেছি না।
চলিত রীতি : সে আসবে বলে ভরসা ও করছি না।
সাধু রীতি : এইরূপ সাদৃশ্য অনেক চক্ষে পড়িবে।

চলিত রীতি : এরকম সাদৃশ্য অনেক চোখে পড়বে।
সাধু রীতি : বাবার তাহার সম্পত্তি ছেলেদের মধ্যে ভাগ করিয়া দিলেন।
চলিত রীতি : বাবা তার সম্পত্তি ছেলেদের মধ্যে ভাগ করে দিলেন।
সাধু রীতি : সে আসিবে বরিয়া ভরসাও করিতেছি না।
চলিত রীতি : সে আসবে বলে ভরসাও করছি না।
সাধু রীতি : তোমাকে দেখিয়া খুবই খুশি হইলাম।
চলিত রীতি : তোমাকে দেখে খুবই খুশি হলাম।

বাংলা ব্যাকরণে আলোচিত বিষয়

ধ্বনি তত্ত্ব	শব্দ তত্ত্ব/রূপ তত্ত্ব	বাক্য তত্ত্ব
সন্ধি, ণ-ত্ব-বিধান ও ষ-ত্ব-বিধান	লিঙ্গ, সমাস, কারক, বচন, ক্রিয়া, কাল, পুরুষ, উপসর্গ, বাচ্য, প্রত্যয়	যতিচিহ্ন, বাগধারা, পদ, ধ্বনি গঠন

ব্যাকরণ বিষয়ক গ্রন্থ

রচয়িতা	ব্যাকরণ গ্রন্থ
ড. মুহম্মদ এনামুল হক	ব্যাকরণ মঞ্জরী
নকুলেশ্বর বিদ্যাভূষণ	ভাষাবোধ বাঙ্গালা ব্যাকরণ
ড. মুহম্মদ শহীদুল্লাহ	বাঙ্গালা ব্যাকরণ
জগদীশচন্দ্র ঘোষ	আধুনিক বাংলা ব্যাকরণ
সুনীতিকুমার চট্টোপাধ্যায়	ভাষা প্রকাশ বাংলা ব্যাকরণ
রফিকুল ইসলাম ও পবিত্র সরকার	প্রমিত বাংলাভাষার ব্যাকরণ
বাংলা ব্যাকরণ (১৮৫২)	শ্যামারচণ সরকার
ব্যাকরণ কৌমুদী (১৮৫৩)	ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
গৌড়িয় ব্যাকরণ	রাজা রামমোহন রায়

ধ্বনি, বর্ণ, ধ্বনির পরিবর্তন, ণ-ত্ব বিধান ও ষ-ত্ব বিধান

অঘোষ ধ্বনি ও ঘোষ ধ্বনি

অঘোষ ধ্বনি		ঘোষ ধ্বনি		
অল্পপ্রাণ	মহাপ্রাণ	অল্পপ্রাণ	মহাপ্রাণ	নাসিক্য
ক	খ	গ	ঘ	ঙ
চ	ছ	জ	ঝ	ঞ
ট	ঠ	ড	ঢ	ণ
ত	থ	দ	ধ	ন
প	ফ	ব	ফ	ম
শ,ষ,স			হ	

স্বরধ্বনি

যে সকল ধ্বনি উচ্চারণের সময় ফুসফুস থেকে নির্গত বাতাস মুখের মধ্যে কোনোভাবে বাধাপ্রাপ্ত হয় না, তাদেরকে বলা হয় স্বরধ্বনি। যেমনঃ অ, আ, ই, উ ইত্যাদি। বাংলায় স্বরধ্বনি ১১টি।

মৌলিকতা অনুযায়ী স্বরধ্বনিকে দুই ভাগে ভাগ করা হয়। যথাঃ

ক) মৌলিক স্বর ঃ বাংলা ভাষায় মৌলিক স্বরধ্বনি ৭টি। যথাঃ অ, আ, ই, উ, এ্যা, এ, ও। ধ্বনিতত্ত্ববিদ মুহম্মদ আবদুল হাই বাংলা মূল স্বরধ্বনির তালিকায় নতুন 'এ্যা' ধ্বনি প্রতিষ্ঠা করেন।

খ) যৌগিক স্বরঃ পাশপাশি দুটি স্বরধ্বনি একাক্ষর হিসেবে উচ্চারিত হলে তাকে যৌগিক স্বরধ্বনি/সন্ধিস্বর/দ্বি-স্বর বলে। অথবা, একই সঙ্গে উচ্চারিত দুইটি মিলিত স্বরধ্বনিকে যৌগিক স্বর বলে। বাংলা যৌগিক স্বরধ্বনি মোট ২৫টি। বাংলা বর্ণমালায় যৌগিক স্বরজ্ঞাপক দুটো বর্ণ রয়েছে ঃ ঐ (ও + ই) এবং ঔ (ও + উ)। অন্য যৌগিক স্বরের প্রতীক স্বরূপ কোনো বর্ণ নেই।

অর্ধ-স্বরধ্বনি ঃ যে স্বরধ্বনি নিজে পূর্ণ অক্ষর গঠন করতে পারে না, কিন্তু অক্ষর গঠনে সহায়তা করে তাকে অর্ধ-স্বরধ্বনি বলে। বাংলা ভাষায় চারটি অর্ধ-স্বরধ্বনি রয়েছে। যেমনঃ ই, উ, য় এবং ও। উদাহরণঃ মই, ঢেউ, যায় এবং যাও।

উচ্চারণের কারণ-পরিমাণ অনুযায়ী, স্বরধ্বনিকে দুই ভাগে ভাগ করা হয়। যথাঃ

১) হ্রস্ব স্বরঃ অ, ই, উ, ঋ (৪টি)।

২) দীর্ঘস্বরঃ আ, ঈ, ঊ, এ, ঐ, ও, ঔ (৭টি)।

ব্যঞ্জনধ্বনি

যে সকল ধ্বনি স্বরধ্বনির সাহায্য ছাড়া স্পষ্টরূপে উচ্চারিত হতে পারে না তাদেরকে বলা হয় ব্যঞ্জন ধ্বনি। যেমনঃ ক, চ, ট, ত, প ইত্যাদি। ব্যঞ্জন ধ্বনির লিখিত রূপকে ব্যঞ্জন বর্ণ বলা হয়। বাংলা ব্যঞ্জন বর্ণ ৩৯টি।

ব্যঞ্জন ধ্বনির শ্রেণি বিভাগ ঃ

স্পর্শ ধ্বনি বা বর্গীয় ধ্বনিঃ যে ব্যঞ্জনের উচ্চারণে ফুসফুসতাড়িত বাতাস মুখবিবরে কোথাও না কোথাও বাঁধা পেয়ে বেরিয়ে যায় এবং বাঁধা পেয়ে স্পষ্ট হয়, তাকে স্পর্শ ধ্বনি বা বর্গীয় ধ্বনি বলা হয়। ক থেকে ম পর্যন্ত পঁচিশটি ধ্বনিকে স্পর্শধ্বনি বলে। উচ্চারণ স্থানের দিক থেকে এদের পাঁচটি গুচ্ছে বা বর্গে বা পর্বে ভাগ করা হয়েছে।

বর্গ	ব্যঞ্জনধ্বনির বর্ণসমূহ	উচ্চারণস্থান অনুযায়ী নাম	উচ্চারণের স্থান
ক-বর্গীয়	ক খ গ ঘ ঙ	কণ্ঠ বা জিহ্বামূলীয় বর্ণ	জিহ্বার গোড়ালি ও তালুর নরম অংশের সংযোগে

বর্গ	ব্যঞ্জনধ্বনির বর্ণসমূহ	উচ্চারণস্থান অনুযায়ী নাম	উচ্চারণের স্থান
চ-বর্গীয়	চ ছ জ ঝ ঞ	তালব্য বর্ণ	দন্তমূলের শেষাংশ ও জিহ্বার সহযোগে
ট-বর্গীয়	ট ঠ ড ঢ ণ	মূর্ধন্য বা পশ্চাৎ দন্তমূলীয় বর্ণ	দন্তমূল এবং জিরহ্বার সম্মুখ ভাগ
ত-বর্গীয়	ত থ দ ধ ন	দন্ত বর্ণ	জিবের ডগা আর ওপর পাটি দাঁতের সংস্পর্শে
প-বর্গীয়	প ফ ব ভ ম	ওষ্ঠ্য বর্ণ	দুই ঠোটের সংস্পর্শে

উচ্চারণের স্থানভেদে ব্যঞ্জন ধ্বনির বিভাগ

উচ্চারণ স্থান	ব্যঞ্জণধ্বনির বর্ণসমূহ	উচ্চারণ স্থান অনুযায়ী নাম
জিহবামূল	ক খ গ ঘ ঙ	কণ্ঠ বা জিহবামূলীয় বর্ণ
অগ্রতালু	চ ছ জ ঝ ঞ শ য য়	তালব্য বর্ণ
পশ্চাৎ দন্তমূল	ট ছ ড ঢ ণ ষ র ড় ঢ়	মূর্ধন্য বা পশ্চাৎ দন্তমূলীয় বর্ণ
অগ্র দন্তমূল	ত থ দ ধ ন ল স	দন্ত্য বর্ণ
ওষ্ঠ্য	প ফ ব ভ ম	ওষ্ঠ্য বর্ণ

☞ পরাশ্রয়ী ধ্বনি - তিনটি (ং ঃ ঁ)

ধ্বনির পরিবর্তন

১. অপিনিহিতিঃ পরের ই-কার আগে উচ্চারিত হলে কিংবা যুক্ত ব্যঞ্জন ধ্বনির আগে ই-কার বা উ-কার উচ্চারিত হলে তাকে অপিনিহিতি বলে। অর্থাৎ পরের 'ই' কার ও 'উ' কার আগেই উচ্চারিত হওয়ার রীতিকে অপিনিহিতি বলে। যেমনঃ আগু>আউশ, আজি>আইজ, জালিয়া>জাইল্যা, সাধু>সাউধ, চারি>চাইর ইত্যাদি।

২. অসমীকরণঃ একই স্বরের পুনরাবৃত্তি দূর করার জন্য মাঝখানে স্বরধ্বনি যুক্ত হয়, তাকে অসমীকরণ বলে। যেমনঃ টপ+টপ>টপাটপ, ধপ+ধপ>ধপাধপ ইত্যাদি।

৩. ধ্বনি বিপর্যয়ঃ শব্দের মধ্যে দুটো ব্যঞ্জনের পরস্পর পরিবর্তন ঘটলে তাকে ধ্বনি বিপর্যয় বলে। যেমনঃ (ইংরেজি) বাক্স> (বাংলা) বাস্ক, (জাপানি) রিক্সা>(বাংলা) রিস্কা।
অনুরূপ-পিশাচ>পিচাশ, লাফ>ফাল, ইত্যাদি।

৪. সমীভবনঃ শব্দমধ্যস্থ দুটি ভিন্ন ভিন্ন ধ্বনি একে অপরের প্রভাবে অল্প বিস্তর সমতা লাভ করে। এ ব্যাপারকে বলা হয় সমীভবন। যেমনঃ জন্ম>জম্ম, কাঁদনা>কান্না, গল্প>গপ্প, পদ্ম>পদ্দ, তৎ+হিত> তদ্ধিত ইত্যাদি।

ক. প্রগত সমীভবনঃ পূর্ব ধ্বনির প্রভাবে পরবর্তী ধ্বনির পরিবর্তন ঘটে। অর্থাৎ পরবর্তী ধ্বনি পূর্ববতী ধ্বনির মতো হয়, একে বলে প্রগত সমীভবন। যেমনঃ চক্র>চক্ক, পক্ব>পক্ক, পদ্ম>পদ্দ ইত্যাদি।

খ. পরাগত সমীভবনঃ পরবর্তী ধ্বনির প্রভাবে পূর্ববর্তী ধ্বনির পরিবর্তন হয়, একে বলে পরাগত সমীভবন। যেমনঃ তৎ+জন্য>তজ্জন্য, তৎ+হিত>তদ্ধিত, উৎ+মুখ>উন্মুখ ইত্যাদি।

৫. বিষমীভবনঃ দুটো সমবর্ণের একটির পরিবর্তনকে বিষমীভবন বলা হয়। যেমনঃ শরীর>শরীল, লাল>নাল ইত্যাদি।

৬. দ্বিত্ব ব্যঞ্জন বা ব্যঞ্জনদ্বিত্বতাঃ কখনো কখনো জোর দেওয়ার জন্য শব্দের অন্তর্গত ব্যঞ্জনের দ্বিত্ব উচ্চারণ হয়, একে বলে দ্বিত্ব ব্যঞ্জন বা ব্যঞ্জনদ্বিত্বতা। যেমনঃ পাকা>পাক্কা, সকাল>সক্কাল ইত্যাদি।

৭. ব্যঞ্জন বিকৃতিঃ শব্দ মধ্যে কোনো কোনো সময় কোনো ব্যঞ্জন পরিবর্তিত হয়ে নতুন ব্যঞ্জন ধ্বনি ব্যহৃত হয়। একে বলে ব্যঞ্জন বিকৃতি। যেমনঃ ধোপা>ধোপা, কবাট>কপাট, ধাইমা>দাইমা ইত্যাদি।

৮. ব্যঞ্জনচ্যুতিঃ পাশাপাশি সমউচ্চারণের দুটো ব্যঞ্জন ধ্বনি থাকলে তার একটি লোপ পায়। এরূপ লোপকে বলা হয় ধ্বনিচ্যুতি বা ব্যঞ্জনচ্যুতি। যেমনঃ বউদিদি>বউদি, বড় দাদা>বড়দা ইত্যাদি।

৯. অন্তর্হতিঃ পদের মধ্যে কোনো ব্যঞ্জনধ্বনি লোপ পেলে তাকে বলে অন্তর্হতি বা বর্ণলোপ। যেমনঃ ফাল্গুন>ফাগুন, ফলাহার>ফলার, আলাহিদা>আলাদা ইত্যাদি।

১০. আদি স্বরাগম ঃ কোনো কারনে শব্দের প্রথমে ব্যঞ্জনধ্বনির আগে কোন স্বরধ্বনির আগমন হলে তাকে আদি স্বরাগম বলে। যেমন ঃ স্কুল>ইস্কুল, স্টেশন>ইস্টিশন, স্ত্রী>ইস্ত্রী।

১১. মধ্য স্বরাগম ঃ মধ্য স্বরাগমে সাধারণত সংযুক্ত ব্যঞ্জধ্বনির মাঝখানের স্বরধ্বনি আসে। যেমনঃ শ্লোক>শোলক, স্বপ্ন>স্বপন।

১২. অন্ত্য স্বরাগম ঃ কখনো কখনো উচ্চারনের সময় শব্দের শেষে অতিরিক্ত স্বরধ্বনি আসে। যেমনঃ বেঞ্চ>বেঞ্চি, দিশ>দিশা, সত্য>সত্যি।

১৩. সম্প্রকর্ষ ঃ উচ্চারণের দ্রুততার জন্য শব্দের আদি, অন্ত্য বা মধ্যবর্তী কোন স্বরধ্বনির লোপ। যেমনঃ জানালা>জানলা, সুবর্ণ>স্বর্ণ, আশা>আশ।

১৪. অভিশ্রুতি ঃ বিপর্যস্ত স্বরধ্বনি পূর্ববর্তী স্বরধ্বনির সাথে মিলে গেলে এবং তদনুসারে পরবর্তী স্বরধ্বনির পরিবর্তন ঘটলে। যেমন ঃ শুনিয়া>শুনে, চলিয়া>চলে, হাটুয়া>হাউটা>হেটে।

বর্ণের প্রকারভেদ ঃ মাত্রার উপর ভিত্তি করে বর্ণ তিন প্রকার

বর্ণ	সংখ্যা	স্বরবর্ণ	ব্যঞ্জনবর্ণ
মাত্রাহীন বর্ণ	১০টি	৪টি (এ, ঐ, ও, ঔ)	৬টি (ঙ, ঞ, ৎ, ং, ঃ, ঁ)
অর্ধমাত্রার বর্ণ	৮টি	১টি (ঋ)	৭টি (খ, গ, ণ, থ, ধ, প, শ)
পূর্ণমাত্রার বর্ণ	৩২টি	৬ টি (অ, আ, ই, ঈ, উ, ঊ)	২৬টি

আধুনিক বাংলা ভাষায় মোট ৪৫টি বর্ণের পূর্ণরূপ ব্যবহৃত হয়।

প্রকার	বর্ণ		মোট
স্বরবর্ণ	অ আ ই ঈ উ ঊ ঋ এ ঐ ও ঔ		১১টি
ব্যঞ্জনবর্ণ	ক খ গ ঘ ঙ	৫টি	৩৯টি
	চ ছ জ ঝ ঞ	৫টি	
	ট ঠ ড ঢ ণ	৫টি	
	ত থ দ ধ ন	৫টি	
	প ফ ব ফ ম	৫টি	
	য র ল	৩টি	
	শ ষ স হ	৪টি	
	ড় ঢ় য় ৎ	৪টি	
	ং ঃ ঁ	৩টি	
সর্বমোট বর্ণ			৫০টি

সংযুক্ত বর্ণ

দুই বা তার চেয়ে বেশি ব্যঞ্জন ধ্বনির মধ্যে কোনো স্বর ধ্বনি না থাকলে ব্যঞ্জন ধ্বনি দুটি বা ধ্বনি কয়টি একত্রে উচ্চারিত হয়, তখন সংযুক্ত বর্ণ গঠিত হয়।

সংযুক্ত বর্ণ	উদাহরণ	সংযুক্ত বর্ণ	উদাহরণ
ক্ত = ক+ত	রক্ত, শক্ত	ক্ষ্ম = ক+ষ+ম	লক্ষ্মী, লক্ষ্মণ
ক্ষ = ক+ষ	রক্ষ, রক্ষা, শিক্ষা	হ্ন = হ+ন	মধ্যাহ্ন, সায়াহ্ন, বহ্নি
ঙ্ক = ঙ+ক	অঙ্ক, কঙ্কাল, লঙ্কা	হ্ণ = হ+ণ	পূর্ণাহ্ণ, অপরাহ্ণ
ঙ্গ = ঙ+গ	অঙ্গ, মঙ্গল, সঙ্গীত	হৃ = হ্+ঋ	হৃদয়, সুহৃদ
জ্ঞ = জ+ঞ	জ্ঞান, বিজ্ঞান, সংজ্ঞা	হু = হ+উ	হুকুম, হুশিয়ার
ঞ্ছ = ঞ+ছ	বাঞ্ছা, বাঞ্ছিত, বাঞ্ছনীয়	হ্ম = ষ+ম	গ্রীষ্ম
ঞ্জ = ঞ+জ	অঞ্জনা, গঞ্জ, মঞ্জুষা	ন্ত = ন+ত	অন্তর
ঞ্চ = ঞ+চ	সঞ্চয়, বঞ্চনা	হ্থ = ন্+থ	মন্থর
ট্ট = ট্+ট	অট্টালিকা	ণ্ট = ণ্+ট	কণ্টক
ত্ত = ত্+ত	উত্তম, পত্তন, বিত্ত	ণ্ঠ = ণ্+ঠ	কণ্ঠ
থ্থ = ত+থ	উত্থান, উত্থিত	ণ্ড= ণ্+ড	কাণ্ড, ভাণ্ডার
দ্ধ = দ+ধ	বদ্ধ, যুদ্ধ, সমৃদ্ধি	ষ্ট = ষ+ট	সুস্পষ্টরূপে
ন্ধ = ন+ধ	অন্ধ, বন্ধু, সন্ধ্যা	র্ক = র+ক	তর্ক
ব্ধ = ব্+ধ	লব্ধ	রূ = র+ঊ	রূপ
হ্ম = হ+ম	ব্রহ্মা, ব্রাহ্মণ		

ণ-ত্ব বিধান এবং ষ-ত্ব বিধান

ণ-ত্ব বিধানঃ যে রীতি অনুসারে বাংলা ভাষায় ব্যবহৃত তৎসম বা সংস্কৃত শব্দের বানানে দন্ত্য 'ন' এর স্থানে মূর্ধন 'ণ' ব্যবহৃত হয় তাকে ণ-ত্ব বিধান বলে। ণ-ত্ব বিধি তৎসম শব্দে প্রযোজ্য।

ণ-ত্ব বিধির প্রয়োগঃ

নিয়ম-১ঃ ট-বর্গী (ট, ড, ঢ) ধ্বনির আগে দন্ত্য 'ন' ব্যবহৃত হয়ে যুক্ত ব্যঞ্জন গঠিত হলে, সব সময় মূর্ধন্য 'ণ' হয়। যেমনঃ ঘন্টা, লন্ঠন, লুন্ঠন, কান্ড, দন্ড, বন্টন, কন্টন ইত্যাদি।

নিয়ম-২ঃ তৎসম শব্দে ঋ, র, ষ এর পরে মূর্ধন্য 'ণ' হয়। যেমনঃ অন্বেষণ, উষ্ণ, ঋণ, কারণ, তৃণ, তৃষ্ণা, বর্ণ, বর্ণনা, বিকিরণ, ব্যাকরণ, ভীষণ, মরণ, সমীরণ ইত্যাদি।

নিয়ম-৩ঃ ঋ, র, ষ এর পরে স্বরধ্বনি, হয়, য়, ব, ং এবং ক-বর্গীয় ও প বর্গীয় ধ্বনি থাকলে পরবর্তী দন্ত্য ন মূর্ধন্য ণ হয়। যেমনঃ কৃপণ (ঋ কারের পরে প, তার পরে ণ), হরিণ (র এর পরে ই, তার পরে ণ), অর্পণ (র্+প্+অ+ণ্), লক্ষণ (ক্+ষ্+অ+ণ্)। এরূপ অগ্রহায়ণ, অপরাহ্ণ, পূর্বাহ্ণ, প্রবণ, অভ্যন্তরীণ, ক্ষীণজীবী, গৃহিণী, নিরূপণ, নিরীক্ষণ, পরিবহণ, পসারিণী, প্রণিপাত, প্রণয়ন, বিকিরণ, ব্রাহ্মণ, ভ্রমণ, মনোহারিণী, রামায়ণ, রূপায়ণ, শ্রাবণ, ষাণ্মাসিক, সংকীর্ণমনা, সর্বাঙ্গীণ ইত্যাদি।

নিয়ম-৪ঃ কতকগুলো শব্দে স্বভাবতই মূর্ধন্য 'ণ' হয় (নিত্য মূর্ধন্য-ণ)। যেমনঃ

চাণ্যক মাণিক্য গণ বাণিজ্য লবণ মণ
বেণু বীণা কঙ্কণ কণিকা।
কল্যাণ শোষিত মণি স্থাণু গুণ পুণ্য বেণী
ফণী অণু বিপণি গণিকা।
আপণ লাবণ্য বাণী নিপুণ ভণিতা পাণি
গৌণ কোণ ভার্ণ পণ শাণ।
চিক্কণ নিক্কণ তূণ কফণি বণিক গুণ
গণনা পিণাক পণ্য বাণ।

CamScanner

ণ-ত্ব বিধান প্রযোজ্য নয়ঃ

- বাংলা (দেশি), তদ্ভব ও বিদেশি শব্দের বানানে মূর্ধন্য 'ণ' লেখার প্রয়োজন হয় না। যেমনঃ কর্নেল, গভর্নর।
- সমাসবদ্ধ শব্দে সাধারণত ণ-ত্ব বিধান খাটে না। এরূপ ক্ষেত্রে ন হয়। যেমনঃ ত্রিনয়ন, ত্রিহায়ন, নির্নিমেষ, সর্বনাম, দুর্নীতি, দুর্নাম, দুর্নিবার পরনিন্দা, অগ্রনায়ক, মূর্ধন্য, ধরন, রূপবান, সূদন, কনিষ্ঠ ইত্যাদি।

ষ-ত্ব বিধানঃ যে রীতি অনুসারে বাংলা ভাষায় ব্যবহৃত তৎসম শব্দের বানানে মূর্ধন্য 'ষ' ব্যবহৃত হয় তাকে ষ-ত্ব বিধান বলে।

ষ-ত্ব বিধির প্রয়োগঃ

নিয়ম-১ঃ অ, আ ভিন্ন অন্য স্বরধ্বনি এবং ক ও র এর পরে প্রত্যেয়ের স থাকলে তা 'ষ' হয়। যেমনঃ ভবিষ্যৎ (ভ্+অ+ব্+ই+ষ্-এর পরে ই এর ব্যবধান) মুমূর্ষ, চক্ষুষ্মান, চিকীর্ষা, নিষুতি ইত্যাদি।

নিয়ম-২ঃ ই-কারান্ত এবং উ-কারান্ত উপসর্গের পর কতগুলো ধাতুতে 'ষ' হয়। যেমনঃ সুসুপ্ত>সুষুপ্ত, অভিসেক>অভিষেক,অনুসঙ্গ>অনুষঙ্গ,প্রতিসেধক>প্রতিষেধক, বিসম>বিষম, অনুস্থান>অনুষ্ঠান, প্রতিস্থাপন> প্রতিষ্ঠান, সুসমা>সুষমা।

নিয়ম-৩ঃ ক, র, ঋ-কার ও রেফ এর পর মূর্ধন্য 'ষ' হয়। যেমনঃ ঋষি, কৃষক, তৃষ্ণা, উৎকৃষ্ট, বৃষ্টি, দৃষ্টি, কৃষ্টি, সৃষ্টি, বর্ষা, বর্ষণ, ঘর্ষণ ইত্যাদি।

নিয়ম-৪ঃ র-ধ্বনির পরে যদি অ, আ ভিন্ন অন্য স্বরধ্বনি থাকে তবে তার পরে 'ষ' হয়। যথাঃ পরিষ্কার, আবিষ্কার। কিন্তু অ, আ স্বরধ্বনি থাকলে স হয়। যথাঃ পুরস্কার, নমস্কার, তিরস্কার।

নিয়ম-৬ঃ ট-বর্গীয় ধ্বনির সঙ্গে মূর্ধন্য 'ষ' যুক্ত হয়। যেমনঃ অকৃষ্ট, কষ্ট, কনিষ্ঠ, স্পষ্ট, নষ্ট, কাষ্ঠ, ওষ্ঠ ইত্যাদি।

নিয়ম-৫ঃ কতকগুলো শব্দে স্বভাবতই মূর্ধন্য 'ষ' হয় (নিত্য মূর্ধন্য-ষ)। যেমনঃ

আষাঢ়	শেষ	ঈষৎ	মেঘ
বাষা	কলুষ	ভাষ্য	মানুষ।
ষোড়শ	কোষ	পৌষ	রোধ
ষট্	পুরুষ	ষণ্ড	প্রত্যূষ।
আভাষ	ভাষণ	অভিলাষ	পোষণ
উষর	তোষণ	উষা	শোষণ।
ঔষধ	বিষাণ	ষড়যন্ত্র	পাষাণ
বিশেষ	ভূষণ	সরিষা	দুষণ।

ষ-ত্ব বিধান প্রযোজ্য নয়ঃ

- দেশি, তদ্ভব ও বিদেশি শব্দের বানানে মূর্ধন্য ষ লেখার প্রয়োজন হয় না। যেমনঃ অফিস, জিনিস, পোশাক, মাস্টার, পোস্ট, পোস্টার, ফটোস্ট্যাট ইত্যাদি বিদেশি ভাষা থেকে আগত শব্দে ষ হয় না।
- সংস্কৃত সাৎ প্রত্যয় যুক্ত পদে 'ষ' হয় না। যেমনঃ অগ্নিসাৎ, ধূলিসাৎ, ভূমিসাৎ ইত্যাদি।

পারিভাষিক শব্দ

ইংরেজী শব্দ	বাংলা অর্থ	ইংরেজী শব্দ	বাংলা অর্থ
Accused	আসামী/অভিযুক্ত	Imitation	অনুকরণ
Acknowledgement	প্রাপ্তিস্বীকার	Installation	স্থাপন
Acting	ভারপ্রাপ্ত	Intrusion	অনধিকার প্রবেশ
Adjournment	মূলতবি	Invoice	চালান
Affidavit	হলফনামা	Judge	হাকিম
Affiliation	সম্বন্ধীকরণ	Jurisdiction	এখতিয়ার
Agenda	আলোচ্যসূচী	Lawyer	আইনজীবি
Aggregation	সমষ্টি	Lyric	গীতিকার
Agitation	আন্দোলন	Ledger	খতিয়ান
Anatomy	শরীর বিদ্যা	Legend	কিংবদন্তি
Annexure	ক্রোড়পত্র	Longitude	দ্রাঘিমা
Archaeologist	প্রত্নতাত্ত্বিক	Manuscript	পান্ডুলিপি
Bail	জামিন	Mandate	আইনগত আদেশ
Brochure	পুস্তিকা	Memo	স্মারক
Capitalism	পুজিবাদ	Memorandum	স্মারক লিপি
Complainant	ফরিয়াদি	Factualism	বাস্তববাদ
Contract	চুক্তি	Monarchy	রাজতন্ত্র
Consumer	ভোক্তা	Moral	নৈতিক
Court	আদালত	Oath	শপথ/হলফনামা
Criminal Court	ফৌজদারী আদালত	Orbit	কক্ষপথ
Deputy	প্রতিনিধি	Orc	আকরিক
Diarrheoa	পেটের অসুখ	Paradise	স্বর্গ
Deputy Magistrate	উপশাসক	Pawn	বন্ধকী দ্রব্য
Dividend	লভ্যাংশ	Plaint	আর্জি
Existentialism	অস্তিত্ববাদ	Plaintiff	বাদি, ফরিয়াদি
Hypocorism	কপটতাবাদ	Planet	গ্রহ
Idolism	আর্দশবাদ	Plebiscite	গণভোট
Optimisms	আশাবাদ	Posthumous	মরণোত্তর
Patriotism	দেশপ্রেম	Probationn	শিক্ষানবিশ

ইংরেজী শব্দ	বাংলা অর্থ	ইংরেজী শব্দ	বাংলা অর্থ
Realism	বাস্তববাদ	Promissory note	প্রতিজ্ঞা পত্র
Secularism	ধর্ম নিরপেক্ষতা	Pseudonym	ছদ্মনাম
Domicile	স্থায়ী নিবাস	Queue	সারি/লাইন
Donor	দাতা	Ransom	মুক্তিপন
Drawee	গ্রাহক	Rebate	বাট্টা
Encumbrance	দায়ভার	Referendum	গণভোট
Episode	উপকাহিনি	Rejoinder	জবাব
Eviction	উৎখাতকরণ	Stakeholder	অংশীদার
Fare	ভাড়া	Secular	ধর্মনিরপেক্ষ
Finger Print	আঙ্গুলের ছাপ		
Fauna	প্রাণীকুল	Session Court	দায়রা আদালত
Flora	উদ্ভিদকূল	Scrutiny	সমীক্ষা
Footprint	পায়ের ছাড়	Skeleton	কঙ্কাল
Forfeit	বাজেয়াপ্ত করা	Sovereignty	সার্বভৌমত্ব
Fortnightly	পাক্ষিক	Suit	মামলা
Freight	মাল ভাড়া	Subjudice	বিচারাধীন
Frontier	সীমান্ত	Synipsis	সংক্ষিপ্ত সার
Furnace	চুল্লী	Theory	তত্ত্ব
Galaxy	ছায়াপথ	Troop	সেনাদল
Garrison	সেনাদল	Vendor	বিক্রেতা
Hostage	জিম্মি	Walk-out	সভা বর্জন
Hoarder	মজুতদার	Witness	স্বাক্ষী
Hypocrisy	ভণ্ডামি	Writ	পরোয়ানা

বিরাম/যতি/ছেদ চিহ্ন

আকৃতি	যতি-চিহ্নের নাম	বিরতি-কাল-পরিমাণ
,	কমা বা পাদচ্ছেদ	১ (এক) বলতে যে সময় প্রয়োজন
;	সেমিকোলন বা অর্ধচ্ছেদ	১ (এক) বলার দ্বিগুণ সময়
।	দাঁড়ি (পূর্ণচ্ছেদ)	এক সেকেন্ড
?	জিজ্ঞাসা বা প্রশ্নবোধক চিহ্ন	এক সেকেন্ড
!	বিস্ময় চিহ্ন	এক সেকেন্ড
ঃ	কোলন	এক সেকেন্ড
ঃ-	কোলন ড্যাস	এক সেকেন্ড
–	ড্যাস	এক সেকেন্ড
-	হাইফেন	থামার প্রয়োজন নেই
'	ইলেক বা লোপ চিহ্ন	থামার প্রয়োজন নেই
"	উদ্ধরণ/উদ্ধৃতি চিহ্ন	'এক' উচ্চারণে যে সময় লাগে

১. **দাঁড়ি বা পূর্ণচ্ছেদ (।)** ঃ বাক্যের শেষ বুঝাতে দাঁড়ি চিহ্ন ব্যবহৃত হয়। যেমন ঃ তুমি খাও।

২. **কমা (,)** ঃ বাক্যের মধ্যে যেখানে অল্প বিরতির প্রয়োজন হয় সেখানে কমা বসে। যেমন ঃ আমি ভাত, মাছ ও ডাল খাব।

৩. **সেমিকোলন (;)** ঃ বাক্যের কমার চেয়ে একটু বেশি বিরতির প্রয়োজন হলে দুটি বাক্যের মাঝে সেমিকোলন বসে। যেমন ঃ মনোযোগ দিয়ে পড়; তাহলে পাশ করবে।

৪. **জিজ্ঞাসা চিহ্ন (?)** ঃ বাক্যে কোনো কিছু জানতে চাইলে বা জিজ্ঞাসা বুঝালে সে বাক্যের শেষে প্রশ্নবোধক বা জিজ্ঞাসা চিহ্ন বসে। যেমন ঃ তোমার বাড়ী কোথায়?

৫. **বিস্ময়সুচক চিহ্ন (!)** ঃ যে বাক্যে মনের আবেগ অর্থাৎ আনন্দ, দুঃখ, বেদনা, ঘৃণা ইত্যাদি প্রকাশ পায় তার পরে বিস্ময়সুচক চিহ্ন বসে। যেমন ঃ বাহ! কি সুন্দর।

৬. **হাইফে চিহ্ন (-)** ঃ যৌগিক বা সমাসবদ্ধ পদের অংশগুলো পৃথকভাবে দেখাতে হাইফেন ব্যবহৃত হয়। যেমন ঃ মা-বাবা, ভাই-বোন।

৭. **ড্যাস চিহ্ন (–)** ঃ জটিল ও যৌগিক বাক্যে দুই বা ততোধিক বাক্যের সংযোগ বুঝাতে ড্যাস চিহ্ন ব্যবহার করা হয়। যেমন ঃ নিজের কাজ নিজে করতে শেখো–এতে তোমার মান যাবে না – বাড়বে।

৮. **কোলন (ঃ)** ঃ কোনো উদাহরন দিতে, কারো বক্তব্য বা রচনাংশ তুলে ধরতে কোলন ব্যবহৃত হয়। যেমন ঃ শপথ নিলাম ঃ পাশ করবই।

CamScanner

৯. **কোলন ড্যাস (ঃ-)** ঃ উদাহরণ বা দৃষ্টান্ত দিতে কোলন ড্যাস ব্যবহৃত হয়। যেমন ঃ কাল বা সময় তিন প্রকার ঃ বর্তমান, অতীত ও ভবিষ্যৎ।

১০. **বিলুপ্ত বা লোপ চিহ্ন** ঃ বাক্যের পদ বা শব্দের মধ্যে একটি বর্ণ লেখা না হলে বা লোপ পেলে এ চিহ্ন বসে। যেমন ঃ হইল = হ'ল, যাইবে = যাবে।

বচন

বাংলা ভাষায় ব্যবহৃত একবচন এবং বহুবচন বাচক শব্দ

একবচন বচন	টা, টি, খানা, খানি
বহুবচন বচন	রা, গুলা, গুরি, গুলো দিগ, দের, প্রভৃতি বিভক্তি যুক্ত হয় এবং সব, সকল, সমুদয়, কুল বৃন্দ, বগ, নিচয়, রাজি, রাশি, পাল, দাম, নিকর, মালা, আবলি প্রভৃতি সমষ্টিবোধক শব্দ ব্যবহৃত হয়।

বহুবচন করার নিয়ম

উন্নত প্রাণিবাচক মনুষ্য শব্দের বহুবচনে ব্যবহৃত শব্দ:

বহুবচন বাচক শব্দ	প্রয়োগ/ব্যবহার
গণ	দেবগণ, নরগণ, জনগণ, গণকবর
বৃন্দ	সুধীবৃন্দ, ভক্তবৃন্দ, শিক্ষকবৃন্দ
মন্ডলী	নির্বাচকমন্ডলী, শিক্ষকমন্ডলী, সম্পাদ মন্ডলী
বর্গ	পন্ডিতবর্গ, মন্ত্রিবর্গ

অপ্রাণিবাচক শব্দের বহুবচনে ব্যবহৃত শব্দ:

বহুবচন বাচক শব্দ	প্রয়োগ/ব্যবহার
পুঞ্জ	মেঘপুঞ্জ, দ্বীপপুঞ্জ
মালা	পর্বতমালা, বর্ণমালা
রাশি	বালিরাশি, জলরাশি
রাজি	তারকারাজি, বৃক্ষরাজি
আবলি	পুস্তকাবলি, পদাবলি, রচনাবলি
গুচ্ছ	কবিতাগুচ্ছ, কেশগুচ্ছ
দাম	কুসুমদাম, শৈবালদাম
নিকর	কমলনিকর
নিচয়	কুসুমনিচয়
গ্রাম	গুণগ্রাম

সংখ্যাবাচক শব্দঃ যে শব্দ দ্বারা সংখ্যা বুঝায়, তাকে গণনা বা সংখ্যাবাচক শব্দ বলে। সংখ্যাবাচক শব্দ সাত প্রকার। যথাঃ

১) অঙ্ক/সংখ্যাবচক
২) পরিমাণ/ গণনাবাচক
৩) গুণবাচক
৪) ভগ্নসংখ্যাবাচক
৫) ভগ্নাংশবাচক
৬) ক্রম/পূরণবাচক
৭) তারিখবাচক

বিভিন্ন সংখ্যা গণনাবাচক, ক্রমবাচক ও তারিখ বাচক শব্দ সমূহঃ

সংখ্যা	গণনাবাচক	ক্রম/পূরণবাচক	তারিখবাচক
১	এক	প্রথম	১লা (পয়লা)
২	দুই	দ্বিতীয়	২রা (দোসরা)
৩	তিন	তৃতীয়	৩রা (তেসরা)
৪	চার	চতুর্থ	৪ঠা (চৌঠা)
৫	পাঁচ	পঞ্চম	৫ই (পাঁচই)
৬	ছয়	ষষ্ঠ	৬ই (ছয়ই)
৭	সাত	সপ্তম	৭ই (সাতই)
৮	আট	আষ্টম	৮ই (আটই)
৯	নয়	নবম	৯ই (নয়ই)
১০	দশ	দশম	১০ই (দশই)
১১	এগার	একাদশ	১১ই (এগারই)
১২	বার	দ্বাদশ	১২ই (বারই)
১৩	তের	ত্রয়োদশ	১৩ই (তেরই)
১৪	চৌদ্দ	চতুর্দশ	১৪ই (চৌদ্দই)
১৫	পনের	পঞ্চদশ	১৫ই (পনেরই)
১৯	উনিশ	উনবিংশ	১৯শে (উনিশে)
২০	বিশ/কুড়ি	বিংশ	২০শে (বিশে)
২১	একুশ	একবিংশ	২১শে(একুশে)
৫০	পঞ্চাশ	পঞ্চাশতম	
১০০	একশত	শততম	
১৫০	একশত পঞ্চাশ	সার্ধশত	
১০০০	হাজার/সহস্র	সহস্রতম	

পুরুষ

পুরুষঃ

✓ ব্যক্তি বা বস্তু নির্দেশক সর্বনামকেই ব্যাকরণে পক্ষ বা পুরুষ বলে।
✓ যাকে অবলম্বন করে ক্রিয়ার রূপান্তর হয়, তাই পুরুষ।
✓ বিশেষ্য ও সর্বনামের বিভিন্ন প্রকৃতিকে ব্যাকরণে পুরুষ বলে।

করেছে, করেছো, করেছেন- বাংলা ক্রিয়ার এ তিনটি রূপ মর্যাদা ভেদের কারণে ব্যবহৃত হয়।

পুরুষের শ্রেণি-বিভাগঃ পুরুষ প্রধানত তিন প্রকার। যথাঃ

ক) উত্তম পুরুষঃ স্বয়ং বক্তাই উত্তম পুরুষ। যেমনঃ আমি, আমার, আমাক, আমরা, আমাদের প্রভৃতি।

খ) মধ্যম পুরুষঃ প্রত্যক্ষভাবে উদ্দিষ্ট ব্যক্তি বা শ্রোতাকে মধ্যম পুরুষ বলে। যেমনঃ তুমি, তোমরা, আপনি, আপনারা, তুই, তোরা প্রভৃতি।

গ) নাম পুরুষ বা প্রথম পুরুষঃ অনুপস্থিত পরোক্ষভাবে উদ্দিষ্ট ব্যক্তি, বস্তু বা প্রাণিই নাম পুরুষ। যেমনঃ সে, তারা, তিনি, তাঁরা, ওরা, এটা, এগুলো প্রভৃতি। উদাহরণঃ ওরা কি করে?

পুরুষের বচনভেদ

পুরুষ	একবচন	বহুবচন
উত্তম পুরুষ	আমি (মুই)	আমরা (মেয়ে)
মধ্যম পুরুষ	তুমি, তুই, আপনি	তোমরা, তোরা,আপনারা
নাম পুরুষ	সে, তিনি, ও, তিনি, উনি	তারা, ওরা, এরা, ওঁরা

দ্বিরুক্তি শব্দ

দ্বিরুক্ত শব্দ ঃ দ্বিরুক্ত অর্থ দু' বার উক্ত হয়েছে এমন। বাংলা ভাষায় কোনো শব্দ, পদ বা অনুকার শব্দ, একই রার ব্যবহার করলে যে অর্থ প্রকাশ করে, সেগুলো দু'বার ব্যবহার করলে অন্য কোনো সম্প্রসারিত অর্থ প্রকাশ করে। একই শব্দ পরপর দু'বার ব্যবহৃত হলে তাকে দ্বিরুক্ত শব্দ বলে। যেমন ঃ রোজ রোজ, দিন দিন, ঠা ঠা, শন শন, পথে পথে ইত্যাদি।

দ্বিরুক্ত শব্দ নানা রকমের হতে পারে

(ক) শব্দের দ্বিরুক্তি ঃ

- একই শব্দ দুইবার ব্যবহার করা হয় এবং শব্দটি অবিবৃত থাকে। যেমন ঃ ভালো ভালো ফল, বড় বড় বই, ফোঁটা ফোঁটা পানি ইত্যাদি।
- একই শব্দের সঙ্গে সমার্থক আর একটি শব্দ যোগ করে ব্যবহৃত হয়। যেমন ঃ ধন-দৌলত, খোঁজ-খবর, খেলা-ধুলা, লালন-পালন, বলা-কওয়া ইত্যাদি।
- দ্বিরুক্ত শব্দ-জোড়ার দ্বিতীয় শব্দটির আংশিক পরিবর্তন হয়। যেমন ঃ বই-টই, মিট-মাট, ফিট-ফাট, বকা-ঝকা, গল্প-সল্প, রকম-সকম, তোড়-ঝোড় ইত্যাদি।
- সমার্থক বা বিপরীতার্থক শব্দ যোগে। যেমন ঃ লেন-দেন, দেনা-পাওনা, টাকা-পয়সা, ধনী-গরীব, আসা-যাওয়া ইত্যাদি।

(খ) পদের দ্বিরুক্তঃ

- দুটি পদে একই বিভক্তি প্রয়োগ করা হয়, শব্দ দুটি ও বিভক্তি অপরিবর্তিত থাকে। যেমন ঃ দেশে দেশে ধন্য ধন্য করতে লাগল, ঘরে ঘরে লেখা পড়া হচ্ছে, মনে মনে আমিও এ কথাই ভেবেছি।
- দ্বিতীয় পদের আংশিক ধ্বনিগত পরিবর্তন ঘটে, কিন্তু পদ-বিভক্তি অবিকৃত থাকে। যেমন ঃ আমান সন্তান যেন থাকে দুধে ভাতে, চোর হাতে নাতে ধরা পড়েছে।

পদের দ্বিরুক্তির প্রয়োগঃ

বিশেষ্য পদযুগলের বিশেষণরূপে ব্যবহারঃ

সামান্যতা বোঝাতে	ঃ আমার জ্বর জ্বর লাগছে।
আধিক্য বোঝাতে	ঃ ভালো-ভালো আম, ধামা ধামা ধান, রাশি রাশি ধান।
ক্রিয়া বিশেষণ	ঃ ধীরে ধীরে যায়, ফিরে ফিরে চায়।
ধারাবাহিকতা বোঝাতে	ঃ বাড়ি-বাড়ি যাব, গ্রামে গ্রামে যাব, ভাইয়ে ভাইয়ে যুদ্ধ।

বিশেষণ পদযুগলের বিশেষণ রূপে ব্যবহারঃ

সামান্যতা বোঝাতে	ঃ উড়ু উড়ু ভাব, কাল কাল চেহারা।
তীব্যতা বোঝাতে	ঃ নরম নরম হাত, লাল লাল ফুল।

সর্বনাম শব্দের ব্যবহারঃ

বহুবচন বা আধিক্য বোঝাতে	ঃ যে-যে যাবে, কে কে এলো?

ক্রিয়াবাচক শব্দের ব্যবহারঃ

পৌনঃপুনিকতা বোঝাতে	ঃ ডেকে ডেকে হয়রান হয়েছি।

অব্যয়ের ব্যবহারঃ

ভাবে গভীরতা বোঝাতে	ঃ ছি ছি, তুমি কী করেছ?, আর হায় হায় করে লাভ কী!
পৌনঃপুনিকতা বোঝাতে	ঃ বার বার কামান গর্জে উঠল।
অনুভূতি বা ভাব বোঝাতে	ঃ ভয়ে গা ছম ছম করছে।
ধ্বনিব্যঞ্জনা	ঃ বৃষ্টি পড়ে টাপুর টুপুর, ঝির ঝির করে বাতাস বইছে।
ধ্বন্যাত্মক বা অনুকার দ্বিরুক্তি	ঃ কোনো কিছু স্বাভাবিক বা কাল্পনিক অনুকৃতিবিশিষ্ট শব্দের রূপকে ধ্বন্যাত্মক শব্দ বলে। ধ্বন্যাত্মক দ্বিরুক্ত শব্দ কয়েকটি উপায়ে গঠিত হয়। যেমন ঃ
মানুষের ধ্বনির অনুকার	ঃ ভেউ ভেউ-মানুষের উচ্চস্বরে কান্নার ধ্বনি, এরূপ ট্যা ট্যা, হি হি, গুণ গুণ ইত্যাদি।

CamScanner

জীবজন্তুর ধ্বনির অনুকার ঃ ঘেউ ঘেউ (কুকুরের ধ্বনি), মিউ মিউ (বিড়ালের ডাক), কুহু কুহু (কোকিলের ডাক), কা কা (কাকের ডাক) ইত্যাদি।

বস্তুর ধ্বনির অনুকার ঃ কড়কড় (বজ্রের ধ্বনি), ঘচাঘচ (ধান কাটার শব্দ), মড়মড় (গাছ ভেঙ্গে পড়ার শব্দ), ঝমঝম (বৃষ্টি পড়ার শব্দ), হু হু (বাতাস প্রবাহের শব্দ) ইত্যাদি।

লিঙ্গ

জেনে রাখা ভাল

- লিঙ্গ শব্দটির অর্থ - চিহ্ন বা লক্ষণ।
- পুরুষ, স্ত্রী, জড় পদার্থ ও উভয় সম্প্রদায়ভুক্ত জাতি বোঝাতে যে চিহ্ন, লক্ষণ বা সংকেত ব্যবহার করা হয় তাকে লিঙ্গ বলে।
- 'লিঙ্গ' শব্দটির ব্যুৎপত্তি - লিঙ্গ + অ।
- পুংলিঙ্গবাচক শব্দের শেষে স্ত্রী প্রত্যয় যোগ করে, স্ত্রীবাচক শব্দ আগে বা পরে বসিয়ে বা বিভিন্ন শব্দ ব্যবহার করে- লিঙ্গান্তর করা হয়।

প্রকারভেদ ঃ লিঙ্গ প্রধানত চার প্রকার। যথা ঃ

পুংলিঙ্গ ঃ যা দ্বারা শুধু পুরুষ জাতি বুঝায়। যেমনঃ বাবা, ছেলে, দাদা, কিশোর ইত্যাদি

স্ত্রীলিঙ্গ ঃ যা দ্বারা শুধু স্ত্রী জাতীয় শব্দ বোঝায়। যেমনঃ মা, বোন, নানি, দাদি ইত্যাদি

ক্লীবলিঙ্গ ঃ যা দ্বারা স্ত্রী-পুরুষ উভয় জাতিকেই বুঝায়। যেমনঃ কবি, পাখি, শিশু, সন্তান ইত্যাদি

উভয়লিঙ্গ ঃ যা দ্বারা পুরুষ বা স্ত্রী জাতির কোনটিই বোঝায় না। যেমনঃ বই, ফুল, টেবিল, পর্বত ইত্যাদি।

নিত্য পুরুষবাচক শব্দ ঃ যে শব্দগুলোর কোন স্ত্রীবাচক শব্দ হয় না সেগুলোকে নিত্য পুরুষবাচক শব্দ বলে। যেমনঃ রাষ্ট্রপতি, কাজী, কুস্তিগীর, কবিরাজ, পুরোহিত, জামাতা, অকৃতদার, কৃতদার, যোদ্ধা, ঢাকী, বিচারপতি, সেনাপতি প্রভৃতি।

নিত্য স্ত্রীবাচক শব্দ ঃ নিত্য স্ত্রীবাচক শব্দ বলতে শুধু স্ত্রীবাচক শব্দ বোঝায়। নিত্য স্ত্রীবাচক শব্দের কখনও পুরুষবাচক শব্দ হয় না। যেমনঃ সতীন, সপত্নী, ললনা, কুলটা, বিমাতা, রূপসী, কমলা, পোয়াতী, লক্ষ্মী, সজনী, সুজলা, সুফলা, অঙ্গনা, অন্তঃসত্ত্বা, অধীরা, গর্ভিনী, ধাই, সধবা, বিধবা, ডাইনি, বাইজি, সৎমা, অর্ধাঙ্গিনী, কলঙ্কিনী, অসূর্যম্পশ্যা, এয়ো, শাঁখিনী প্রভৃতি।

পুরুষবাচক শব্দের শেষে 'আ' প্রত্যয় যোগ করে স্ত্রীবাচক শব্দ

পুরুষবাচক শব্দ	স্ত্রীবাচক শব্দ	পুরুষবাচক শব্দ	স্ত্রীবাচক শব্দ
অজ	অজা	তনয়	তনয়া
অনুপম	অনুপমা	বিপুল	বিপুলা
প্রিয়	প্রিয়া	প্রাচীন	প্রাচীনা
মনোহর	মনোহরা	কনিষ্ঠ	কনিষ্ঠা
নবীন	নবীনা	পতিত	পতিতা
অভাগা	অভাগী	ছাত্র	ছাত্রী
মামা	মামী	নট	নটী
কর্তা	কর্ত্রী	তাপস	তাপসী
গয়লা	গয়লানী	কামার	কামারনী
কুমার	কুমারনী	জেলে	জেলেনী
ধোপা	ধোপানী	বেদে	বেদেনী
ইন্দ্র	ইন্দ্রানী	বন	বনানী
ঠাকুর	ঠাকুরানী	অরণ্য	অরণ্যানী
অর্ধাঙ্গ	অর্ধাঙ্গিনী	বিনোদ	বিনোদিনী
চাতক	চাতকিনী	নাগ	নাগিনী
নন্দন	নন্দিনী	বাঘ	বাঘিনী
বিহঙ্গ	বিহঙ্গিনী	কর্মী	মহিলা কর্মি
কবি	মহিলা কবি		
পুলিশ	মহিলা পুলিশ	যাত্রী	মহিলা যাত্রী
অধ্যাপক	অধ্যাপিকা	পাঠক	পাঠিকা
বালক	বালিকা	শিক্ষক	শিক্ষিকা
সেবক	সেবিকা	গায়ক	গায়িকা
লেখক	লেখিকা	নায়ক	নায়িকা
পুত্র	কন্যা, পুত্রবধূ	দেবর	ননদ, ননদিনী, জা
ভাই	বোন, ভাবি	বন্ধু	বান্ধবী, বন্ধুপত্নী
শিক্ষক	শিক্ষিকা, শিক্ষয়িত্রী, শিক্ষক পত্নী	দাদা	দাদি, বৌদি
গুণবান	গুণবতী	গরিয়ান	গরিয়সী
বুদ্ধিমান	বুদ্ধিমতী	প্রেয়স, প্রেয়াল	প্রেয়সী
দাতা	দাত্রী	ধাতা	ধাত্রী
নেতা	নেত্রী	কর্তা	কর্ত্রী
কর্তা	গিন্নী	বাবা	মা
এঁড়ে	বকনা	ভাই	বোন
আবক্ষা	আম্মা	পতি	জয়া
ছেলে	মেয়ে	স্বামী	স্ত্রী

পুরুষবাচক শব্দ	স্ত্রীবাচক শব্দ	পুরুষবাচক শব্দ	স্ত্রীবাচক শব্দ
জনক	জননী	বাদশাহ	বেগম
পিতা	মাতা	সখা	সখী
নাটক	নাটিকা	মালা	মালিকা
গীত	গীতিকা	পুস্তক	পুস্তিকা
অরণ্য	অরণ্যানী	হিম	হিমানী
স্থল	স্থলী	বন	বনানী

উপসর্গ ও অনুসর্গ

- যে অব্যয় ধাতুর পূর্বে যুক্ত হয়ে নতুন নতুন শব্দ গঠন করে তাকে উপসর্গ বলে।
- উপসর্গ বসে - শব্দের আগে।
- অনুসর্গ, প্রত্যয়, বিভক্তি, পদাশ্রিত নির্দেশক বসে - শব্দের পরে।
- উপসর্গ তিন প্রকার - (খাঁটি বাংলা, তৎসম/সংস্কৃত ও বিদেশী)।
- যে সব অব্যয় বিশেষ্য ও সর্বনামের পরে বসে বিভক্তির কাজ করে তাকে অনুসর্গ বলে।
- খাঁটি বাংলা ও তৎসম উভয়ক্ষেত্রে পাওয়া যায় - সু, বি, নি, আ।

বাংলা উপসর্গ ২১টি	অ, অহা, অজ, অনা, অ, আড়, আন, আব, ইতি, উন (উনা), কদ, কু, নি, পাতি, বি, ভর, রাম, স, সা, সু, হা।
তৎসম উপসর্গ ২০টি	প্র, পরা, অপ, সম, নি, অনু, অব, নির, দুর, বি, অধি, সু, উৎ, পরি, প্রতি, অতি, অপি, অভি, উপ, আ।
বিদেশী উপসর্গ	
ফারসি	কার, দর, না, নিম, ফি, বদ, বে, বর, ব, কম।
আরবি	আম, খাস, লা, বাজে, গর, খায়ের।
উর্দু-হিন্দী	হার
ইংরেজি	সাব, হেড, ফুল, হাফ

প্রকৃতি ও প্রত্যয়

শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	শব্দ	প্রকৃতি ও প্রত্যয়
ঈশ্বর	✓ঈশ্+রব	উক্তি	✓বচ্+ক্তি
কর্তা	✓কৃ+তৃ	ক্রোধ	✓ক্রুধ্+ঘঞ্
কার্য	✓কৃ+ঘ্যণ্	খাওন	✓খা+অন
কান্না	✓কাঁদ্+না	খেলনা	✓খেল্+অনা
কারক	✓কৃ+ণক	খ্যাত	✓খ্যা+ক্ত
ক্ষয়িষ্ণু	✓ক্ষি+ইষ্ণু	গত	✓গম্+ক্ত

শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	শব্দ	প্রকৃতি ও প্রত্যয়
ক্ষয়	✓ক্ষি+ক্ত/ত	গম্য	✓গম্+য
চরিত্র	✓চর্+ইত্র	জনক	✓জনি+ণক
জ্ঞা	✓জ্ঞা+ক্ত/ত	জাগরূক	✓জাগ্+উক
ত্যাগ	✓ত্যজ্+ঘঞ	দাতা	✓দা+তৃচ
দর্শনীয়	✓দৃশ্+অনীয়	দর্শক	✓দৃশ্+ণক
দীপ্যমান	✓দীপ্+শানচ্	ধার্য	✓ধৃ+ঘ্যণ্
দোলনা	✓দুল্+অনা/না	ধার	✓ধারি+অ
পাঠক	✓পঠ্+ণক/অক	বক্তব্য	✓বচ্+তব্য
পঠিত	✓পঠ্+ক্ত	বিকৃত	✓বি+✓কৃ+ত
প্রিয়	✓প্রী+অ	বর্তমান	✓বৃৎ+মান
পাকড়াও	✓পাকড়+আও	বর্ধমান	✓বৃধ্+শানচ
পাচক	✓পচ্+ণক	বাঁধন	✓বাঁধ্+অন
পাক	✓পচ্+ঘঞ	ভক্তি	✓ভজ্+ক্তি
বিদ্বান	✓বিদ্+ক্বসু	ভুক্ত	✓ভুজ্+ক্ত
যুদ্ধ	✓যুধ্+ক্ত	শ্রবণ	✓শ্রু+অন (অনট্)
যোদ্ধা	✓যুধ্+তৃচ/তা	শান্তি	✓শম্+ক্তি
যোগ	✓যুজ্+ঘঞ্	শোক	✓শ্র+ধা+আ
লেখক	✓লিখ্+ণক	শ্রদ্ধা	✓শ্র+ধা+আ
লভ্য	✓লভ্+য	স্মারক	✓স্মৃ+ণক
সৎ	✓অস্+অৎ (শতৃ)	হত	✓হন্+ক্ত
উপ্ত	✓বপ্+ক্ত	নন্দন	✓নন্দি+অন
গমন	✓গম্+অন	মোড়ক	✓মুড়+অক
গতি	✓গম্+তি/ক্তি	মহৎ	✓মহ্+শতৃ
গীতি	✓গৈ+ক্তি	মুক্ত	✓মুচ্+ক্ত
গায়ক	✓গৈ+ণক/অক	মরমর	✓মর্+অ
গ্রাহী	✓গ্রহ+ণিন	মাতা	✓মা+তৃচ্
কাঁদন	✓কাঁদ+অন	মিশ্রক	✓মিশ্+উক
জাত	✓জন+ক্ত	মুক্তি	✓মুচ্+ক্তি
জয়	✓জী+অল	সৎ	✓অস্+শতৃ
নয়ন	✓নী+অন (নে+অন)	সহিষ্ণু	✓সহ্+ইষ্ণু

বাক্য ও বাক্য পরিবর্তন

সরল বাক্য ঃ যে বাক্যে একটি মাত্র কর্তা (উদ্দেশ্য) ও একটি সমাপিকা ক্রিয়া (বিধেয়) এবং যা অন্য কোন বাক্যের সঙ্গে যুক্ত কিংবা সম্পর্কিত নয় তাকে সরল বাক্য বলে।

(**উদ্দেশ্য ঃ** যার সম্বন্ধে কিছু বলা হয়, তাই উদ্দেশ্য এবং **বিধেয়ঃ** উদ্দেশ্য সম্বন্ধে যা বলা হয়, তাই বিধেয়। যেমন ঃ তিনি অতি দয়ালু। এই বাক্যে 'তিনি' উদ্দেশ্য পদ এবং 'অতি দয়ালু' বিধেয়।)

CamScanner

গঠণ অনুসারে বাক্য তিন প্রকারঃ

১. সরল বাক্য
২. মিশ্র বা জটিল বাক্য
৩. যৌগিক বাক্য

সরল বাক্য ঃ যে বাক্যে একটি মাত্র কর্তা বা উদ্দেশ্য এবং একটি মাত্র সমাপিকা ক্রিয়া বা বিধেয় থাকে।

সরল বাক্যের উদাহরণ ঃ

- পুকুরে পদ্ম ফুল জন্মে।
- সুশিক্ষিত লোক মানেই স্বশিক্ষিত ।
- বিমল খুব ভাল ছাত্র।
- হযরত মোহাম্মদ (সাঃ) ছিলেন একজন আদর্শ মানব।
- মেঘ গর্জন করলে ময়ূর নৃত্য করে।
- টাকা থাকলেও তিনি দান করেন না।
- তার বয়স বাড়লেও বুদ্ধি বাড়েনি।
- বিপদ-দুঃখ এক সময়ে আসে।
- বেশী নম্বর পাওয়ার কারণেই তুমি প্রথম হবে।
- লেখা পড়া করলে গাড়ি ঘোড়াতে চড়তে পারবে।
- কোথাও পথ না পেয়ে তোমার কাছে এসেছি।
- সত্য বললে মুক্তি পাবে।
- তাকে দর্শনমাত্রই আমরা প্রস্থান করলাম।
- হাসান নিয়মিত পড়াশোনা করার কারণেই পুরস্কার পায়।
- ধনের ধর্মই অসাম্য।

জটিল বা মিশ্র বাক্য ঃ যে বাক্যে একটি প্রধান খন্ডবাক্য ও এক বা একাধিক আশ্রিত বাক্য পরস্পর সাপেক্ষভাবে ব্যবহৃত হয় তাকে জটিল বা মিশ্র বাক্য বলে। যেমন ঃ "কাকলি বলল যে, জেরিনই কাজটি করেছে।" এখানে 'কাকলি বলল যে' প্রধান খন্ড বাক্য আর অপ্রধান বা আশ্রিত বাক্য হলো 'জেরিনই কাজটি করেছে।'

জটিল বা মিশ্র বাক্যের উদাহরণ ঃ

- যে পরিশ্রম করে, সেই সুখ লাভ করে ।
- মা ছিল না বলে কেউ তার চুল বেঁধে দেয় নি।
- তুমি আসবে বলে হে স্বাধীনতা সখিনা বিবির কপাল ভাঙল।
- যেহেতু তুমি বেশী নম্বর পেয়েছ, সুতরাং তুমি প্রথম হবে।
- সে যে অপরাধ করেছে, তা মুখ দেখেই বুঝেছি।
- যখন মেঘ গর্জন করে, তখন ময়ূর নৃত্য করে।
- যদিও তার টাকা আছে, তথাপি তিনি দান করেন না।
- তার বয়স বেড়েছে, বুদ্ধি বাড়েনি।
- যখন বিপদ আসে, তখন দুঃখও আসে।
- যেহেতু তুমি বেশি নম্বর পেয়েছ, সুতরাং তুমি প্রথম হবে।
- হযরত মোহাম্মদ (সাঃ) ছিলেন একজন মানব যিনি ছিলেন আদর্শবান।
- লেখাপড়া করে যেই, গাড়ি ঘোড়া চড়ে সেই।
- যেহেতু কোথাও কোন পথ পাইনি তাই তোমার কাছে এসেছি।
- যদি সত্য বল, তাহলে মুক্তি পাবে।
- যে-ই তার দর্শন পেলাম, সে-ই আমরা প্রস্থান করলাম।
- যেহেতু হাসান নিয়মিত পড়াশোনা করে সেজন্য সে পুরস্কার পায়।
- যে ব্যক্তির মাথায় বুদ্ধি নেই, সে পরের সমালোচনায় উদ্বিগ্ন হয়।
- সবাই জানে যে, কালো টাকার মালিকগণ সুখী হন না।
- লেখাপড়া বিষয়ে তার যে গভীর অনুরাগ ছিল, একথা বলা যায় না।
- যদি তারে নাই চিনি গো, সে কি আমায় নেবে চিনে।
- আমি মাঠে গিয়ে দেখলাম যে, খেলা শেষ হয়ে গিয়েছে।
- তিনি বাড়ি আছেন কিনা আমি জানি না।
- খাঁটি সোনার চাইতে খাঁটি আমার দেশের মাটি।
- যদি সে কাল আসে, তাহলে আমি যাবো।
- যদি বৃষ্টি হয়,তবে বের হব না।
- যারা ভাল ছাত্র, তারা শিক্ষককে শ্রদ্ধা করে
- যতই করিবে দান,ততই যাবে বেড়ে।
- যাদের বুদ্ধি নেই, তারাই বিশ্বাস করবে।
- মা ছিল না বলে কেউ তার চুল বাধেনি।
- যেহেতু তুমি বেশি নম্বর পেয়েছ, সুতরাং তুমি প্রথম হবে।

যৌগিক বাক্য ঃ পরস্পর পৃথক ও নিরপেক্ষ দুই বা ততোধিক সরল বা মিশ্র বাক্য মিলিত হয়ে একটি সম্পুর্ন বাক্য গঠন করলে তাকে যৌগিক বাক্য বলে। (ও, এবং, কিন্তু, কিংবা, তথাপি, অথচ, বরং ইত্যাদি যুক্ত হয়ে পরিপুর্ন অর্থ প্রকাশ করলে তাকে যৌগিক বাক্য বলে।)

যৌগিক বাক্যের উদাহরণ ঃ

- তার বয়স বেড়েছে কিন্তু বুদ্ধি বাড়েনি।
- বিপদ ও দুঃখ এক সময়ে আসে।
- মেঘ গর্জন করে, তবে ময়ূর নৃত্য করে।
- তার টাকা আছে কিন্তু তিনি দান করেন না।
- তুমি বেশী নম্বর পেয়েছে বলে প্রথম হবে।
- হযরত মোহাম্মদ (সাঃ) ছিলেন একজন মানব এবং তিনি ছিলেন আদর্শ মানব।
- লেখাপড়া কর তাহলে গাড়ি ঘোড়ায় চড়তে পারবে।
- কোথাও পথ পেলাম না বলে তোমার কাছে এসেছি।
- সত্য বল, তাহলে মুক্তি পাবে।
- তার দর্শন পেলাম, তারপর আমরা প্রস্থান করলাম।
- হাসান নিয়মিত পড়াশোনা করে বলে পুরস্কার পায়।
- তার চুল পেকেছে কিন্তু বুদ্ধি পাকেনি।

- মিথ্যা কথা বলি নি, তাই বিপদে পড়েছি।
- আমি বহু কষ্ট করেছি, ফলে শিক্ষা লাভ করেছি।
- গিয়াস পড়াশোন করেছিল প্রচুর কিন্তু পরীক্ষায় পাস করেনি।
- উদয়াস্ত পরিশ্রম করবো, তথাপি অন্যের দ্বারস্ত হব না।
- মানুষ সুর্যোদয়ে আনন্দিত হয় এবং রাত্রির আগমনে পুলকিত হয়ে থাকে।
- জননেতা জনগণকে উৎসাহিত করলেন বটে, কিন্তু কোন পথ দেখাতে পারলেন না ।
- সে যেতে চায় তথাপি বসে আছে।
- সে বলতে চায় তবু বলে না।

বাক্যের ধরন	বাক্যের রূপান্তর
সরল বাক্য	তার বয়স বাড়লেও বুদ্ধি বাড়েনি।
জটিল বাক্য	তার বয়স বেড়েছে, বুদ্ধি বাড়েনি।
যৌগিক বাক্য	তার বয়স বেড়েছে কিন্তু বুদ্ধি বাড়েনি।
সরল বাক্য	টাকা থাকলেও তিনি দান করেন না।
জটিল বাক্য	যদিও তার টাকা আছে, তথাপি তিনি দান করেন না।
যৌগিক বাক্য	তার টাকা আছে কিন্তু তিনি দান করেন না।
সরল বাক্য	মেঘ গর্জন করলে ময়ূর নৃত্য করে।
জটিল বাক্য	যখন গর্জন করে, তবে ময়ূর নৃত্য করে।
যৌগিক বাক্য	মেঘ গর্জন করে, তবে ময়ূর নৃত্য করে।
সরল বাক্য	বিপদ-দুঃখ এক সময়ে আসে।
জটিল বাক্য	যখন বিপদ আসে, তখন দুঃখ আসে।
যৌগিক বাক্য	বিপদ এবং দুঃখ এক সময়ে আসে।
সরল বাক্য	বেশী নম্বর পাওয়ার কারণেই তুমি প্রথম হবে।
জটিল বাক্য	যেহেতু তুমি বেশী নম্বর পেয়েছ, সুতরাং তুমি প্রথম হবে।
যৌগিক বাক্য	তুমি বেশী নম্বর পেয়েছ বলে প্রথম হবে।
সরল বাক্য	হযরত মোহাম্মদ (স) ছিলেন একজন আদর্শ মানব।
জটিল বাক্য	হযরত মোহাম্মদ (স) ছিলেন একজন মানব যিনি ছিলেন আদর্শবান।
যৌগিক বাক্য	হযরত মোহাম্মদ (স) ছিলেণ একজন মানব এবং তিনি ছিলেণ আদর্শবান।
সরল বাক্য	সত্য বললে মুক্তি পাবে।
জটিল বাক্য	যদি সত্য বল তাহলে মুক্তি পাবে।
যৌগিক বাক্য	সত্য বল, তাহলে মুক্তি পাবে।
সরল বাক্য	কোথাও পথ না পেয়ে তোমার কাছে এসেছি।
জটিল বাক্য	যেহেতু কোথাও কোন পথ পাইনি তাই তোমার কাছে এসেছি।
যৌগিক বাক্য	কোথাও কোথাও কোন পথ পাইনি তাই তোমার কাছে এসেছি।

বাক্যের ধরন	বাক্যের রূপান্তর
সরল বাক্য	তাকে দর্শনমাত্রই আমরা প্রস্থান করলাম।
জটিল বাক্য	যে-ই তার দর্শন পেলাম, সে-ই আমরা প্রস্থান করলাম।
যৌগিক বাক্য	তার দর্শন পেলাম, তারপর আমরা প্রস্থান করলাম।
সরল বাক্য	হাসান নিয়মিত পড়াশোনা করার কারণেই পুরস্কার পায়।
জটিল বাক্য	যেহেতু হাসান নিয়মিত পড়াশোনা করে সেজন্য সে পুরস্কার পায়।
যৌগিক বাক্য	হাসান নিয়মিত পড়াশোনা করে বলে পুরস্কার পায়।
সরল বাক্য	লেখাপড়া করলে গাড়িঘোড়া চড়তে পারবে।
জটিল বাক্য	লেখাপড়া করলে গাড়িঘোড়া চলতে পারবে।
যৌগিক বাক্য	লেখাপড়া করে যেই, গাড়িঘোড়া চলে সেই।
সরল বাক্য	আমরা কথা না শুনলে অনুতাপ করবে।
জটিল বাক্য	যদি আমার কথা না শুন, ভবিষ্যতে অনুতাপ করবে।
যৌগিক বাক্য	আমার কথা না শুন তাহলে ভবিষ্যতে অনুতাপ করবে।
সরল বাক্য	তুমি অধম বলে আমি উত্তম হবো না কেন?
জটিল বাক্য	যদি তুমি অধম হও, তবুও আমি উত্তম হবো না কেন?
যৌগিক বাক্য	তুমি অধম, তাই বলে আমি উত্তম হবো না কেন?
সরল বাক্য	সত্যবাদীকে সকলে বিশ্বাস করে।
জটিল বাক্য	যে সত্য কথা বলে, তাকে সকলে বিশ্বাস করে।
যৌগিক বাক্য	সত্যবাদী বলেই তাকেক সকলে বিশ্বাস করে।
সরল বাক্য	কাজ অনুযায়ী ফল পাবে।
জটিল বাক্য	যেমন কাজ করবে, তেমন ফল পাবে।
যৌগিক বাক্য	কাজ কর, অনুরূপ ফল পাবে।

অর্থানুসারে বাক্য সাত প্রকার

১. বিবৃতিমুলক বা বর্ণনামুলক বা নির্দেশমূলক বাক্য ঃ

অস্তিবাচক বাক্য	নেতিবাচক বাক্য
অচিরেই তাদের ভুল ভাঙে	তাদের ভুল ভাঙতে দেরি হয় না।
জায়গাটা নির্জন	জায়গাটি জনবহুল নয়।
প্রিয়ংবদা যথার্থ কহিয়াছে।	প্রিয়ংবদা অযথার্থ কহে নাই।
তোকে থাকতে হবে।	তুই যেতে পারবি না।
হৈম তাহার অর্থ বুঝিতে ব্যর্থ হইল।	হৈম তাহার অর্থ বুঝিল না।
মিথ্যাবাদীকে সবাই পছন্দ করে।	মিথ্যাবাদীকে কেউ পছন্দ করে না।
এতে দোষের কি আছে।	এতে দোষ নেই।

২. প্রশ্নবোধক বাক্য ঃ যেমন ঃ তোমার নাম কী?

৩. অনুজ্ঞা বা আদেশসূচক বাক্য ঃ যেমন ঃ বল বীর বল উন্নত মম শির, ভাল ফলের চেষ্টা কর।

CamScanner

৪. ইচ্ছা বা প্রার্থনাসুচক বাক্য ঃ যেমন ঃ মহারাজের জয় হোক, খোদা তোমার মঙ্গল করুন।
৫. কার্যকারণাত্মক বাক্য ঃ কষ্ট না করলে কেষ্ট মিলে না।
৬. সংশয়সুচক বাক্য ঃ বোধ হয়, ছেলেটা চাকুরি পেয়ে যাবে।
৭. বিস্ময় বা আবেগসুচক বাক্য ঃ হে সিন্ধু! বন্ধু মোর-মজিনু তব রূপে। হুররে, আমরা জিতেছি।

কাল

ক. বর্তমান কাল

১. সাধারণ বর্তমান ঃ যে ক্রিয়া বর্তমানে সাধারণভাবে ঘটে। যেমন ঃ সে ভাত খায়, আমি বাড়ি যাই, আমি পড়ি।

২. নিত্যবৃত্ত বর্তমান ঃ সাধারণভাবে এবং সচরাচর যখন কোনো ক্রিয়া সংঘঠিত হয়। অর্থাৎ স্বাভাবিকতা বা অভ্যস্ততা বোঝালে সাধারণ বর্তমান কালের ক্রিয়াকে নিত্যবৃত্ত বর্তমান কাল বলে।

যেমন ঃ

স্বাভাবিকতা ঃ ভোরে সূর্য উদয় হয়, সন্ধ্যায় সূর্য অস্ত যায়।

অভ্যস্ততা ঃ আমি রোজ সকালে বেড়াতে যাই, বাঙালিরা ভাত খায়।

৩. ঘটমান বর্তমান ঃ যে কাজ শেষ হয়নি, এখনও চলছে, সে কাজ বোঝাবার জন্য ঘটমান বর্তমান কাল ব্যবহৃত হয়। যেমন ঃ বালকেরা স্কুলে যাচ্ছে, হাসান বই পড়ছে।

৪. পুরাঘটিত বর্তমান ঃ ক্রিয়া পুর্বে শেষ হলে এবং তার ফল এখনও বর্তমান থাকলে, পুরাঘটিত বর্তমান কাল ব্যবহৃত হয়। যেমন ঃ এবার আমি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছি। এতক্ষণ আমি অঙ্ক করেছি, সে স্কুলে গিয়েছে, সে পুরস্কার পেয়েছে।

খ. অতীত কাল

১. সাধারণ অতীত ঃ বর্তমান কালের পুর্বে যে ক্রিয়া সম্পন্ন হয়ে গিয়েছে। যেমন ঃ প্রদীপ নিভে গেল, শিকারি পাখিটিকে গুলি করল।

২. নিত্যবৃত্ত অতীত ঃ অতীত কালে যে ক্রিয়া সাধারণত অভ্যস্ততা অর্থে ব্যবহৃত হয়। যেমন ঃ পড়তাম, আগে প্রতি বছর এখানে খেলা হত, শৈশবে আম কুড়াতে আনন্দ পেতাম, আমরা তখন রোজ সকালে নদী তীরে ভ্রমণ করতাম, প্রতিদিন ফুল ফুটত।

৩. ঘটমান অতীত ঃ অতীত কালে যে কাজ চলছিল এবং যে সময়ে কথা বলা হয়েছে, তখনও কাজটি সমাপ্ত হয়নি-ক্রিয়া সংঘটণের এরূপ ভাব বোঝায়। যেমন ঃ কাল সন্ধ্যায় বৃষ্টি পড়ছিল, আমরা তখন বই পড়ছিলাম।

৪. পুরাঘটিত অতীতঃ যে ক্রিয়া অতীতে বহু পূর্বেই সংঘটিত হয়ে গিয়েছে এবং যার পরে আরও কিছু ঘটনা ঘটে গেছে। যেমন ঃ সে বার তাকে সুস্থই দেখেছিলাম, কাজটি কি তুমি করেছিলে? বৃষ্টি শেষ হবার পূর্বেই আমরা বাড়ি পৌছেছিলাম।

গ. ভবিষ্যৎ কাল

১. সাধারণ ভবিষ্যৎ ঃ যে ক্রিয়া পরে বা অনাগত কালে সংঘটিত হবে। যেমন ঃ আমরা মাঠে খেলতে যাব, শীঘ্রই বৃষ্টি আসবে, কে জানত আমার ভাগ্যে এমন হবে।

২. ঘটমান ভবিষ্যৎঃ যে কাজ ভবিষ্যৎ কালে চলতে থাকে। যেমন ঃ তিনি ক্লাসে পড়াতে থাকবেন, আমরা পড়াশুনা করিতে থাকব।

৩. পুরাঘটিত ভবিষ্যঃ ঃ যে ক্রিয়া সম্ভবত ঘটে গিয়েছে, সাধারণ ভবিষ্যৎ কালবোধক শব্দ ব্যবহার করে তা বোঝাতে পুরাঘটিত ভবিষ্যৎ কাল হয়। যেমন ঃ আমরা সেখানে গিয়ে থাকব, হয়ত তিনি এ বিষয়ে পড়ে থাকবেন।

বিভিন্ন কালের উদাহরণ

কাল	কালের বিভিন্ন রুপ	প্রয়োগ
বর্তমান কাল	সাধারণ বর্তমান	সে ভাত খায়।
	নিত্যবৃত্ত বর্তমান	সে রোজ সকালে ভাত খায়।
	ঘটমান বর্তমান	সে ভাত খাচ্ছে
	পুরাঘটিত বর্তমান	সে ভাত খেয়েছে।
অতীত কাল	সাধারণ অতীত	সে ভাত খেত
	নিত্যবৃত্ত অতীত	সে রোজ সকালে ভাত খেত
	ঘটমান অতীত	সে ভাত খাচ্ছিল
	পুরাঘটিত অতীত	আমরা উপস্থিত হওয়ার পুর্বেই সে ভাত খেয়ে ফেলল
ভবিষ্যৎ কাল	সাধারণ ভবিষ্যৎ	সে ভাত খাবে।
	ঘটমান ভবিষ্যৎ	সে ভাত খেতে থাকবে।
	পুরাঘটিত ভবিষ্যৎ	সে ভাত খেয়ে থাকবে।

বাচ্য

বাচ্যের প্রকারভেদ

১. কর্তৃবাচ্য ঃ যে বাক্যে কর্তার অর্থ-প্রাধান্য রক্ষিত হয় এবং ক্রিয়াপদ কর্তার অনুসারী হয়। যেমন ঃ আমি ভাত খেয়েছি, ছাত্ররা অঙ্ক করছে।

২. কর্মবাচ্য ঃ যে বাক্যে কর্মের সাথে ক্রিয়ার সম্বন্ধ প্রধানভাবে প্রকাশিত হয়। যেমনঃ আমার ভাত খাওয়া হয়েছে।

৩. ভাববাচ্য ঃ যে বাচ্যে কর্ম থাকে না এবং বাক্যে ক্রিয়ার অর্থই বিশেষ ভাবে ব্যক্ত হয়। যেমন ঃ সে আসুক, আমার খাওয়া হল না, কখন আসা হলো, ভাত দেওয়া হয়নি, এ কাজ হবে না ইত্যাদি।

বাচ্য পরিবর্তন

কর্তৃবাচ্য	কর্মবাচ্য
আমি বই পড়েছি	আমার বই পড়া হয়েছে
রহিম বই কিনবে	রহিম কর্তৃক বই কেনা হবে
বিদ্বানকে সকলেই আদর করে	বিদ্বান সকলের দ্বারা আদৃত হন
খোদাতালা বিশ্বজগৎ সৃষ্টি করেছেন	বিশ্বজগৎ খোদাতাল কর্তৃক সৃষ্ট হয়েছে।
আমি ভাত খেয়েছি	আমার ভাত খাওয়া হয়েছে
নজরুল অগ্নিবীণা লিখেছেন	নজরুল কর্তৃক অগ্নিবীণা লিখিত হয়েছে
আমি ফুল তুলিয়াছি	আমা দ্বারা ফুল তোলা হইয়াছে
আমি আম খাইয়াছি	আমার (আমা কর্তৃক) আম খাওয়া হইয়াছে

কর্তৃবাচ্য	ভাববাচ্য
তুমি বেড়ালে	তোমার বেড়ানো হলো
তুমিই ঢাকা যাবে	তোমাকেই ঢাকা যেতে হবে
আমি আর গেলাম না	আমার আর যাওয়া হল না
তোমরা কখন এল?	তোমাদের কখন আসা হলো?
তোরা সব ভাতের যোগাড় কর	ভাতের যোগাড় করা হোক
তুমি হাটবে	তোমাকে হাটতে হবে
সে যে আসে	তার যেন আসা হয়
একটি গান কর	একটি গান করা হউক
এবার মাছ ধরি	এবার মাছ ধরা হউক
কোথায় থাক	কোথায় থাকা হয়

পদ প্রকরণ

পদঃ বিভক্তিযুক্ত শব্দ ও ধাতুই পদ।

পদের প্রকারভেদঃ পদগুলো প্রধানত দুই প্রকার। যথাঃ সব্যয় পদ ও অব্যয় পদ। সব্যয় পদ আবার চার প্রকার- বিশেষ্য, বিশেষণ, সর্বনাম, ক্রিয়া। সুতরাং পদ মোট পাঁচ প্রকার। যথাঃ বিশেষ্য, বিশেষণ, সর্বনাম, অব্যয় এবং ক্রিয়া।

বিশেষ্য পদ

যে পদের সাধারণত কোনো ব্যক্তি, বস্তু, জাতি, সমষ্টি, বিষয়, স্থান, কাল, ভাব, কর্ম বা গুণের নাম বোঝানো হয় বা কোনো কিছুর নাম বোঝায় তাকে বিশেষ্য পদ বলে। যেমন- সুন্দর (বিশেষ্য) মাত্রেরই একটা আকর্ষণ শক্তি আছে। সুন্দর (বিশেষ্য) মানুষকে নিজের দিকে টানে।

সংজ্ঞা বা নামবাচক বিশেষ্য ঃ যে পদ দ্বারা কোনো ব্যক্তি, ভৌগোলিক স্থান বা সংজ্ঞা এবং গ্রন্থ বিশেষ্যের বিজ্ঞাপিত হয়। যথা-

✓ ব্যক্তির নাম ঃ নজরুল, ওমর, মাইকেল, জুলফিকার।
✓ ভৌগোলিক স্থানের নামঃ ঢাকা, বগুড়া, প্যারিস, লন্ডন, মক্কা।
✓ ভৌগোলিক সংজ্ঞাঃ (নদী, পর্বত, সমুদ্র ইত্যাদি) করতোয়া, হিমালয়, আরব সাগর।
✓ গ্রন্থের নামঃ গীতাঞ্জলী, অগ্নিবীণা, শেষের কবিতা, সঞ্চয়িতা, বিশ্বনবী।

জাতিবাচক বিশেষ্যঃ যে পদ দ্বারা কোনো একজাতীয় প্রাণী বা পদার্থের সাধারণ নাম বোঝায়। যেমন- মানুষ, গরু, পাখি, পর্বত, নদী, ইংরেজ ইত্যাদি।

বস্তু বাচক বা দ্রব্য বাচক বিশেষ্য ঃ যে পদে কোনো উপাদানবাচক পদার্থের নাম বোঝায়। এই জাতীয় বস্তুর সংখ্যা ও পরিমাণ নির্ণয় করা যায়। যেমনঃ বই, খাতা, কলম, থালা, বাটি, মাটি, চাল, চিনি, লবণ, পানি ইত্যাদি।

সমষ্টিবাচজক বিশেষ্য ঃ যে পদে বিশকিছু সংখ্যক ব্যক্তি বা প্রাণীর সমষ্টি বোঝায়। যেমনঃ সভা, জনতা, সমিতি, সমাজ, পঞ্চায়েত, মিছিল, ঝাঁক, বহর, দল, বাহিনী ইত্যাদি।

ভাববাচক বিশেষ্য ঃ যে বিশেষ্য পদে কোনো ক্রিয়ার ভাব বা কাজের ভাব প্রকাশিত হয়। যেমনঃ গমন (যাওয়ার ভাব বা কাজ)। এরূপ- ভোজন, শয়ন, দর্শন, দেখা, শোনা, অংশাংশি ইত্যাদি।

আবার ধাতুর বা প্রাতিপাদিকের পর আই প্রত্যয় যুক্ত করে ভাববাচক বিশেষ্য গঠিত হয়। যেমনঃ ✓চড়+আই=চড়ই, বড়+আই = বড়াই ইত্যাদি।

বিশেষণ পদ

যে পদ বিশেষ্য, সর্বনাম ও ক্রিয়াপদের দোষ, গুণ, অবস্থা, সংখ্যা, পরিমাণ, বৈশিষ্ট্য, ধর্ম ইত্যাদি প্রকাশ করে, তাকে বিশেষণ পদ বলে। যেমনঃ

✓ তিনটি বছর।
✓ এ যে আমাদের চেনা লোক।
✓ সন্তানের প্রতি মাতৃস্নেহ আন্তরিক।

নাম বিশেষণঃ যে বিশেষণ পদ কোনো বিশেষ্য বা সর্বনাম পদকে বিশেষিত করে, তাকে নাম বিশেষণ বলে। যেমনঃ খুব সুন্দর বই। সুন্দর শিশু।

নাম বিশেষণের প্রকারভেদ

✓ রূপবাচক ঃ নীল আকাশ, সবুজ মাঠ।
✓ গুণবাচক ঃ দক্ষ কারিগর, ঠান্ডা হাওয়া।
✓ অবস্থাবাচক ঃ তাজা মাছ, রোগা ছেলে।

CamScanner

✓ সংখ্যাবাচক ঃ হাজার লোক, দশ দশা।
✓ পরিমাণবাচক ঃ এক কেজি চাল, দু কিলোমিটার রাস্তা।
✓ অংশবাচক ঃ অর্ধেক সম্পত্তি, ঘোল আনা দখল।
✓ উপাদানবাচক ঃ বেলে মাটি, পাথুরে মূর্তি।
✓ প্রশ্নবাচক ঃ কতদূর পথ? কেমন অবস্থা?
✓ নির্দিষ্টতাজ্ঞাপক ঃ এই লোক, সেই ছেলে, ছাব্বিশে মার্চ।

বিভিন্ন শব্দের বিশেষ্য ও বিশেষরূপ

বিশেষ্য	বিশেষণ	বিশেষ্য	বিশেষণ
চালাকী	চালাক	প্রাচুর্য	প্রচুর
অরণ্য	আরণ্যক	পৃথিবী	পার্থিব
অভ্যাস	অভ্যস্ত	কাবুলীওয়ালা	কাবুলী
আঘাত	আহত	পিপাসা	পিপাসিত
মানুষ	মনুষ্য	প্রণয়ন	প্রণীত
চাতুর্থ/চতুরতা	চতুর	ইচ্ছা	ঐচ্ছিক
ইতিহাস	ঐতিহাসিক	ভূগোল	ভৌগোলিক
লাজ/লজ্জা	লাজুক	অবজ্ঞা	অবজ্ঞাত
জীবন	জীবনী	বিলাত	বিলাতী
সন্ধ্যা	সান্ধ্য	ডাকাত	ডাকাতি
বুদ্ধি/বুদ্ধিমত্তা	বুদ্ধিমান	দহন	দহনীয়
সৌন্দর্য	সুন্দর	দাহ/দগ্ধ	দাহ্য
স্বাতন্ত্র্য	স্বতন্ত্র	শৈত্য/শীত	শীতার্থ/শীতল
ন্যায়	ন্যায্য	সর্বজন	সর্বজনীন
দর্শন	দার্শনিক	ধীরতা	ধীর
দাক্ষিণ্য	দক্ষিণ	নৈপুণ্য	নিপুন
দারিদ্র্য	দরিদ্র	সৌহার্দ্য	সৌহার্দিক
উৎকর্ষ	উৎকৃষ্ট	দৈন্য/দীনতা	দীন
সুতো	সুতি	দিক	দিগম্বর
ব্যাঘাত	ব্যাহত	মাধুর্য/মধুরতা	মধুর
গুরু	গরিষ্ঠ	স্নেহ	স্নেহী
গাম্ভীর্য	গম্ভীর	লবণ	লবণাক্ত/লাবণিক

সর্বনাম পদ

সর্বনাম পদের শ্রেণীবিভাগ

পুরুষ বা ব্যক্তিবাচক	আমি, আমরা, তুমি তোমরা, সে, তোরা, তিনি, তারা, এ, এরা ইত্যাদি।
আত্মবচক	আপনি, স্বয়ং, নিজে, খোদ ইত্যাদি।
সামীপ্যবাচক	এ, এই, এরা, ইহারা, ইনি ইত্যাদি।
দুরত্ববাচক	ঐ, ঐসব ইত্যাদি।
সাকুল্যবাচক	সব, সকল, সমুদয়, সর্ব, তাবৎ ইত্যাদি।
সংযোগজ্ঞাপক	যে, যিনি, যারা, যাহারা ইত্যাদি।
প্রশ্নবাচক	কি, কী, কে, কাহারা, কার, কিসে ইত্যাদি।
ব্যতিহারিক	নিজে-নিজে, আপনা-আপনি, আপসে, পরস্পর ইত্যাদি।
অনির্দিষ্টবাচক	কোন, কেহ, কেউ,কিছু ইত্যাদি।
অন্যাদিবাচক	অন্য, অপর, পর ইত্যাদি।

অব্যয় পদ

সমুচ্চয়ী অব্যয়ঃ যে অব্যয় পদ একটি বাক্যের সঙ্গে অন্য একটি বাক্যের অথবা বাক্যস্থিত একটি পদের সঙ্গে অন্য একটি পদের সংযোজন, বিয়োজন বা সংকোচন ঘটায়।

সংযোজক অব্যয়ঃ ও, এবং, তাই, আর, অধিকন্তু, সুতরাং প্রভৃতি। যেমনঃ ✓বাংলাদেশের পতাকায় সবুজ ও লাল রং আছে।.

বিয়োজক অব্যয়ঃ কিংবা, কিন্তু, বা, অথবা, নতুবা, না হয়, নয়তো প্রভৃতি। যেমনঃ

✓লেখা পড়া কর, নতুবা ফেল করবে।
✓মন্ত্রের সাধন কিংবা শরীর পতন।

সংকোচক অব্যয়: অথচ, কিন্তু, বরং প্রভৃতি। যেমন-

✓লোকটি দরিদ্র কিন্তু সৎ।
✓তিনি বিদ্বান অথচ সৎ ব্যক্তি নন।
✓পলাশ দেখতে সুন্দর বটে কিন্তু গন্ধহীন।

অনন্বয়ী অব্যয়ঃ যেসব অব্যয় বাক্যের অন্য কোনো পদের সঙ্গে কোনো সম্বন্ধ না রেখে স্বাধীনভাবে নানাবিধ ভাব প্রকাশে ব্যবহৃত হয়।

বাংলাভাষার শব্দাবলী

এক বা একাধিক বর্ণ (ধ্বনি) মিলিত হয়ে যদি কোনো অর্থ প্রকাশ করে তবে তাকে শব্দ বলে।

শব্দের শ্রেণিবিভাগ ঃ শব্দকে প্রধানত তিন শ্রেণিতে বিভক্ত করা হয়। যথা

১। গঠন অনুসারে (মৌলিক ও সাধিত শব্দ)
২। অর্থ অনুসারে (যৌগিক, রূঢ় বা রূঢ়ী ও যোগরূঢ় শব্দ)
৩। উৎপত্তি অনুসারে (তৎসম, অর্ধ-তৎসম, তদ্ভব, দেশী ও বিদেশী শব্দ)

গঠনের দিক থেকে শব্দের শ্রেণিবিভাগ

গঠনের দিক থেকে শব্দকে দুই ভাগে ভাগ করা যায়। যথা ঃ

১। মৌলিক শব্দ
২। সাধিত শব্দ

১। **মৌলিক শব্দ ঃ** যে শব্দকে বিশ্লেষণ করা যায় না এবং স্বয়ংসম্পন্ন অর্থ প্রকাশে সক্ষম তাকে মৌলিক শব্দ বলে। একে আবার স্বয়ংসিদ্ধ শব্দও বলা হয়ে থাকে। যেমনঃ হাত, ফুল, বই, মুখ, গোলাম, ভাই, বোন, নদ, গাছ, গোলাপ, লাল ইত্যাদি।

২। **সাধিত শব্দ ঃ** মৌলিক শব্দ বা ধাতু প্রকৃতির সঙ্গে উপসর্গ বা প্রত্যয় যোগে কিংবা সমাসনিষ্পন্ন হয়ে যেসব শব্দ গঠিত হয় তাদেরকে বলা হয় সাধিত শব্দ। যেমনঃ

উপসর্গ যোগে	পরাজয়, উপহার, উপকার।
প্রত্যয় যোগে	চলন্ত, উড়ন্ত, ঢাকাই।
সমাস যোগে	নীল যে পদ্ম = নীল পদ্ম মা ও বাবা = মা-বাবা।

অর্থের দিক থেকে শব্দের শ্রেণিবিভাগ

অর্থ অনুসারে শব্দকে তিনভাগে ভাগ করা হয়েছে। যথা ঃ

১। যৌগিক শব্দ
২। রূঢ় বা রূঢ়ি শব্দ
৩। যোগরূঢ় শব্দ

১। **যৌগিক শব্দ ঃ** যেসব শব্দ প্রকৃতি ও প্রত্যয়যোগে গঠিত হয় এবং প্রকৃতি ও প্রত্যয় বিশ্লেষণ করলে যে সকল শব্দের অর্থ পাওয়া যায়, তাদের যৌগিক শব্দ বলে। যেমনঃ

গৈ + অক = গায়ক, অর্থ- গান করে যে।
কৃ + তব্য = কর্তব্য, অর্থ- যা করা উচিত।
বাবু + আনা = বাবুয়ানা, অর্থ-বাবুর ভাব।

২। **রূঢ় বা রূঢ়ি শব্দ ঃ-** যে সকল প্রত্যয় নিষ্পন্ন বা উপসর্গ যুক্ত শব্দ এর প্রকৃতি ও প্রত্যয়গত অর্থ প্রকাশ না করে জনসমাজে প্রচলিত পৃথক অর্থ বোঝায় তাদেরকে বলা হয় রূঢ় বা রূঢ়ি শব্দ। যেমনঃ

হস্তী = হস্ত + ইন - হস্ত আছে যার। কিন্তু প্রচলিত অর্থে হস্তী বলতে একটি পশুকে বোঝায়।

বাঁশি = বাঁশ + ই = বাঁশ দিয়ে তৈরি। কিন্তু প্রচলিত অর্থে বাদ্যযন্ত্রকে বোঝায়।

৩। **যোগরূঢ় শব্দ ঃ** সমাস নিষ্পন্ন যে সকল শব্দ পূর্ণভাবে সমস্যমান পদসমূহের অর্থের অনুগামী না হয়ে কোনো নির্দিষ্ট অর্থ প্রকাশ করে, সেগুলোকে যোগরূঢ় শব্দ বলে। যেমনঃ

পঙ্কজ = পঙ্কে জন্মে যা, পঙ্কে অনেক কিছুই জন্মে। কিন্তু সাধারণত পঙ্কজ বলতে পদ্মফুলকে বোঝানো হয়। এ ছাড়া সরোজ, ডাকাত, রাজপুত, মহাযাত্রা, জলধি, অসুখ যোগরূঢ় শব্দ।

উৎপত্তি অনুসারে শব্দের শ্রেণিবিভাগ

উৎপত্তি অনুসারে শব্দকে পাঁচভাগে ভাগ করা হয়েছে। যথা ঃ-

১। তৎসম শব্দ
২। অর্ধ-তৎসম শব্দ
৩। তদ্ভব শব্দ
৪। দেশি শব্দ ও
৫। বিদেশি

১। **তৎসম বা সংস্কৃত শব্দ ঃ** যেসব শব্দ সংস্কৃত ভাষা থেকে কোনো রূপ পরিবর্তন ছাড়াই সরাসরি বাংলা ভাষায় গৃহীত হয়েছে, সেসব শব্দকে তৎসম শব্দ বলা হয়। যেমনঃ চন্দ্র, সূর্য, নক্ষত্র, ভুবন, ধর্ম, পত্র, মনুষ্য, মস্তক, অন্ন, বস্ত্র, গৃহ, অশ্ব, হস্তী, কর্ম, আকাশ, বায়ু, অরণ্য, পদ, বৃক্ষ, বস্তু, ভোজন, অদ্য, কল্য, পুষ্প, লতা, দন্ত্য, কর্ণ, নাসিক্য, মাতৃ, পিতৃ, দধি, ভক্তি, কৃষ্ণ, লাভ, ক্ষতি, মুক্তি, শক্তি ইত্যাদি।

২। **অর্ধ-তৎসম শব্দ ঃ** যেসব শব্দ সংস্কৃত ভাষা থেকে কিছুটা বিকৃত হয়ে বাংলা ভাষায় গৃহীত ও ব্যবহৃত হয়েছে, সেসব শব্দকে অর্ধ-তৎসম শব্দ বলা হয়। যেমনঃ

৩। **তদ্ভব শব্দ ঃ** যেসব সংস্কৃত শব্দ-যুগান্তর ধরে বিবর্তনের পথে প্রাকৃত অপভ্রংশের মধ্য দিয়ে পরিবর্তিত হয়ে বাংলা ভাষায় গৃহীত ও ব্যবহৃত হয়েছে, সেসব শব্দকে তদ্ভব শব্দ বলা হয়। তদ্ভব একটি পারিভাষিক শব্দ। উদাহরণ–

তৎসম	অর্ধ-তৎসম	তদ্ভব
কর্মকার	কর্মআর	কামার
হস্ত	হথ	হাত
চর্মকার	চর্ম্মআর	চামার
চন্দ্র	চন্দ	চাঁদ
কর্ণ	কন্ন	কান
বধূ	বহূ	বউ
পাদ	পাআ	পা
মাতা	মাআ	মা
সর্প	সপ্প	'সাপ

CamScanner

তৎসম	অর্ধ-তৎসম	তৎসম	অর্ধ-তৎসম
শ্রাদ্ধ	ছেরাদ্দ	মিথ্যা	মিছা
শ্রী	ছিরি	রাত্রি	রাত্তির
নিমন্ত্রণ	নেমন্তন্ন	পিত্ত	পিত্তির
গ্রাম	গেরাম	কৃষ্ণ	কেষ্ট
মন্ত্র	মন্তর	পুত্র	পুত্তুর
প্রণাম	পেন্নাম	শত্রু	সত্তুর
গৃহিণী	গিন্নী	গাত্র	গতর
ঔষধ	ওষুধ	ক্ষুধা	ক্ষিধে

৪. দেশি শব্দ ঃ বাংলাদেশের আদি জনগোষ্ঠীর ভাষার যে শাব্দিক উপাদান এখনো বাংলা ভাষায় ব্যবহৃত হয়, সেগুলোকে দেশি শব্দ বলে।

জীবজন্তু ও পশুপাখি	খেকশিয়াল, বাবুই, নেংটি, হাঁড়ি, হোল, হুতুম ইত্যাদি।
গৃহস্থালী ও প্রয়োজনীয় জিনিসপত্র	খালুই, চাড়ি, চিমটা, ঝাটা, ঢেঁকি, পাতিল, বাখারি, বাতা, বিচালি, দরজা, সেউঁতি ইত্যাদি।
ফলমূল ও খাদ্যদ্রব্য	কদু, উচ্ছে, ইচড়, জলপাই, ফোঁপর, টেপারি, ধুন্দল, লাউ, থানকুনি, থোড়, নটে, আমানি, মালপো, বাতাসা, জারুল, ধনিচা, নিসিন্দা, হোগলা ইত্যাদি।
মাছ	টেংরা, চেলা, পারসে, পোনা, বাটা, লেঠা, বিঠা, গজাল, কাতলা ইত্যাদি।
অন্যান্য শব্দ	কুড়ি, ট্যাঙ্গা, ডাব, জোল, ডোম, মুড়ি, বাদুড়, মুলো, ডেলা, বড়সি, সড়কি, কোঁচ, ভুগি, টিকারা, দাবা, চিক, নথ, মাকরি, মল, আটি, আছাড়, অড্ডা, চাটাই, ছোকরা, ডালনা, ডিগবাজি, ডোবা, মাঠ, মটকা, ঠাট্টা, কচি, ঠাঁসা, ঠুটো, পোকা, কানা, বোঝা, সলো, মই, মাচা, যাতা, লাঠি, বোরা, বাখারি, পয়লা, পেট, পেটরা, ঝাউ, ঝাল, ঝোল, ঝিনুক ইত্যাদি।

৫। বিদেশি শব্দ ঃ বিভিন্ন বিদেশি ভাষা থেকে যেসব শব্দ বাংলা ভাষায় প্রবেশ করেছে এবং বিকৃত কিংবা অবিকৃতভাবে ব্যবহৃত হচ্ছে সেসব শব্দকে বিদেশি শব্দ বলে। এসব শব্দের মধ্যে আরবি, ফারসি, ইংরেজি, ফরাসি, ওলন্দাজ, জাপানি, বর্মী, চীনা, তুর্কি ইত্যাদি শব্দের প্রাধান্য পরিলক্ষিত হয়। নিচে কিছু বিদেশি শব্দ প্রদত্ত হলো ঃ-

ফারসি শব্দ

আইন আদালত সংক্রান্ত	আইন-কানুন, ফরিয়াদী, ফরমান, নালিশ, সালিশ, মুনশি, কাজী, অছিয়তনামা, দরবার, পেশকার, ফৌজদারী, তামাদি।
রাজ্যসম্বন্ধীয়	নবাব, তখত, বাদশাহ, বাহাদুর, জমিদার, তালুকদার, খাজনা, তহসিলদার।
ধর্মসম্বন্ধীয়	জায়নামাজ, ঈদগাহ, নামাজ, রোজা, খানকাহ, দরগাহ, পরহেজগার, গুনাহ, খোদা, পরজগত, দোজখ, বেহেশত, পয়গম্বর, ফেরেশতা।
শিক্ষাসম্বন্ধীয়	পীর, কাগজ, দোয়াত, বুজুর্গ।
বিবিধ ফারসি শব্দ	আজাদ, আমদানি, আতশবাজী, আফসোস, আবাদ, আদমি, রপ্তানি, জিন্দ, জানোয়ার, নমুনা, বদমাস, হাঙ্গামা, আয়না, আলু, আসমান, আস্তানা, আস্তে, ইরানি, একতারা, একটা, ওস্তাদ, কম, কামান, কারবার, কারসাজি, কারিগর, খানসামা, খুচরা, খুশি, গ্রেপ্তার, চশমা, চশমখোর, চাকর, চাদর, চাঁদা, চেহারা, জখম, জবানবন্দি, জামা, জামদানি, জোর, জোরদার, তন্দুর, তরমুজ, তীর, তীরন্দাজ, তোষামোদ, দরজা, দরদ, দরবেশ, দর্জি, দাগী, দারোয়ান, দালান, দূরবীন, দেরি, দোস্তী, নিশান, নিশানা, পর্দা, পশম, পাইকারি, পাজামা, পাঞ্জাবি, পোশাক, পোলাও, বখরা, বখশিস, বদ, বনাম, বন্দী, বরখাস্ত, বস্তা, বাগান, বাজার, বারবার, বালিশ, বেতর, মজা, মজাদার; মজুরি, মরিচ, মরিচা, মাহিনা, রসদ, রাস্তা, শিরোনামা, সবজি, সবুজ, সরকার, সরাসরি, সর্দি, সাজা, সাদাসাদি, সাবাস, সুদ, সুপারিশ, হাজার ইত্যাদি।

আরবি শব্দ

ধর্মসংক্রান্ত	আল্লাহ, ইসলাম, ঈমান, ওযু, কোরবানী, কুরআন, কেয়ামত, গোসল, জান্নাত, জাহান্নাম, তওবা, হজ, যাকাত, হালাল, হারাম, হরফ, হাল ইত্যাদি।

প্রশাসনিক ও সাংস্কৃতিক	আলেম, আদালত, ইনসান, ঈদ, ইনসান, উকিল, ওজর, এজলাস, এলেম, কলম, কানুন, কিতাব, কেচ্ছা, খারিজ, গায়েব, দোয়াত, নগদ, বাকি, মহকুমা, মুন্সেফ, মোক্তার, রায়, তারিখ, ইশারা, আদায়, আদব-কায়দা, খবর, খয়রাত ইত্যাদি।
বিবিধ আরবি শব্দ	অজুহাত, আকবর, আক্কেল, আজব, আতর, আবির, আমল, আমানত, আমিন, আলবৎ, আসবাব, আসল, ইনকিলাব, ইনাম, ইসলাম, এলাকা, ওজন, ওয়ারিশ, কবর, কবুল, কলাই, কাফন, কামাল, কামিজ, কায়দা, কুদরত, কেতাব, খতম, খাজনা, খেতাব, খেসারত, গরিব, ছবি, জনাব, জরিপ, জরিমানা, জাহাজ, জিনিস, তওবা, তহবিল, তামাম, দফা, দফারফা, দলিল, দাখিল, দালাল, দুনিয়া, দেনা, ছোঁয়া, দৌড়, দৌলত, নকল, নকশা, নগর, নবাব, নায়েব, নিকা, নূর, ফতোয়া, ফাজিল, ফায়দা, বই, বন্দুক, বদল, বাকি, বাতিল, বাদে, বাবদ, বিলাত, বোরকা, মক্কেল, মন, ময়দান, মসলা, মশাল, মসজিদ, মহরম, মাতব্বর, মাফ, মাল মালিক, মুনাফা, মুলতবী, মুসলিম, মুসাফির, লেবু, হেফাজত ইত্যাদি।

অন্যান্য বিদেশি শব্দ

ইংরেজি শব্দ	অফিস, আফিম, স্কুল, ইউনিভার্সিটি, ইউনিয়ন, কলেজ, টিন, নোট, নভেল, পাউডার, পেন্সিল, ফুটবল, ব্যাগ, মাস্টার, লাইব্রেরী, হাসপাতাল, বাক্স, বোতল, কেক, চপ, কোট, প্যান্ট, ইস্কু, জজ, ইঞ্জিন, শেয়ার, থিয়েটার, টয়লেট, এসিড, ফিল্ম, ফ্যাশন, ফোন, বল, পেন, মোবাইল, কম্পিউটার, ইন্টারনেট, রোড, ক্লাস, মেম্বার, মিটিং, সিটিং, হোটেল, মোটেল, ক্যালেন্ডার, টেবিল, চেয়ার, বাল্ব, টাইপ, টাইপরাইটার, ফটোকপি, ফটোস্ট্যাট, ফার্স্টফুড, চপ, বার্গার, লাগেজ, কলাম, জ্যাম, রেডিও টেলিভিশন, গ্লাস, ডায়রি, হ্যান্ডবল ইত্যাদি।
পর্তুগিজ শব্দ	আনারস, আলপিন, পাউরুটি, চাবি, কফি, কাকাতুয়া, কেরানি, গরাদ, গাঁদা, গীর্জা, জানালা, গোলাপ, আলকাতরা, আচার, আলমারি, আয়া, বোমা, বোতাম, বালতি, বন্দর, বাসন, মিস্ত্রি, নিলাম, লোনা, পেঁপে, পিস্তল, পাউরুটি, পেরেক, ক্রুশ, পাদ্রি, যিশু, পেয়ারা, কামরাঙা, কপি, তোয়ালা, গুদাম, তামাক, মস্করা, পাচার, বাতাবি, সাবান, টুপি, সালসা, বারান্দা, ফিতা, মাসুল, আতা, ফিরিঙ্গী, বোতল, গামলা, পাদরি, পিরিচ, পেরেক, পেয়ালে, বেহালা, বর্গা, সাবু ইংরেজি ইত্যাদি [শতাধিক বা তার বেশি পর্তুগিজ শব্দ রয়েছে বাংলা ভাষায়।]
ফারসি শব্দ	কার্তুজ, কুপন, ডিপো, রেস্তোরাঁ, ক্যাফে, বুর্জোয়া, মাদাম, ব্যালে, গ্যারেজ, এলিট, মেনু, বুফে, পিজা, সেমিজ, বিস্কুট, আঁশ, জাহাজ, খোরাকি, আঁতাত, ম্যাটিনি, রেনেসাঁ, দিনেমার ইত্যাদি।
ওলন্দাজ শব্দ	ইস্কাপন, টেক্কা, তুরুপ, রুইতন, হরতন।
হিন্দি শব্দ	বার্তা, পুরি, পানি, টহল, বাচ্চা, চানাচুর, মিঠাই, কাহিনী, খানাপিনা, সাচ্চা, দাদা, নানা ইত্যাদি।
গুজরাটি শব্দ	খদ্দর, হরতাল, জয়ন্তি।
সিংহলি শব্দ	সিভর, বেরিবেরি।
পাঞ্জাবি শব্দ	চাহিদা, শিখ।
ইতালিয়ান শব্দ	সনেট, মাফিয়া, ম্যাজেন্টা।
মেক্সিকান শব্দ	চকলেট।
দক্ষিণ আফ্রিকান শব্দ	জেব্রা
পেরুর শব্দ	কুইনাইন
জার্মান শব্দ	নাৎসি, কিন্ডারগার্টেন
তামিল শব্দ	চুরট
তুর্কি শব্দ	উজবুক, উদি, উর্দু, কঞ্চি, কাবু, কুর্নিশ,

CamScanner

	কুলি, কোর্মা, খাঁ, খান, চকমক, চিক, চোগা, চারু, চাকর, ঝকমক, ঠাকুর, তক্‌মা, বেগম, তালাশ, তুর্ক, বাবা, বাবুর্চি, মোগল, লাশ, সওগাত ইত্যাদি।
চীনা শব্দ	চা, চিনি, লিচু, এলাচি, লবি, সিন্ধুর ইত্যাদি।
বর্মি শব্দ	কিয়াং, লুঙ্গি, ফুঙ্গি, ঘুঘুনি, লামা, জামা ইত্যাদি।
জাপানি শব্দ	রিকশা, হারিকরি, প্যাগোডা, সাম্পান, জুডো, হাসনাহেনা ইত্যাদি।
গ্রিক শব্দ	দাম, কেন্দ্র, সুরঙ্গ ইত্যাদি।

বাংলা ভাষায় ব্যবহৃত মিশ্র শব্দ

আইনজীবী-ফারসি + তৎসম	খ্রিস্টাব্দ-তদ্ভব + তৎসম
বেটাইম-ফারসি + ইংরেজি	ডাক্তারখানা-ইংরেজি + ফারসি
রাজাবাদশা-তৎসম + ফারসি	পকেটমার-ইংরেজি + বাংলা
হাটবাজার-বাংলা + ফারসি	কালিকলম-বাংলা + আরবি
হেডমৌলভী-ইংরেজি+ফারসি	মাস্টারমশাই-ইংরেজি + তদ্ভব
হেডপন্ডিত-ইংরেজি+ তৎসম	চৌহদ্দি-ফারসি + আরবি

বিপরীত শব্দ

মূলশব্দ	বিপরীত শব্দ	মূলশব্দ	বিপরীত শব্দ
হাল	সাবেক	ঐশ্বর্য	দারিদ্র্য
তাপ	শৈত্য	গ্রাম্য	শহুরে
হর্ষ	বিষাদ	জন্ম	মৃত্যু
সুলভ	দুর্লভ	সম্প্রসারণ	সংকোচন
সহিষ্ণু	অসহিষ্ণু	সংশ্লেষণ	বিশ্লেষণ
মসৃন	বন্ধুর	সজীব	নির্জীব
অনাবিল	আবিল	শ্রীযুক্ত	শ্রীহীন
ঔদ্ধত্য	বিনয়	আদিষ্ট	নিষিদ্ধ
অনুগ্রহ	নিগ্রহ	পন্ডিত	মুর্খ
সংশয়	প্রত্যয়	ইতর	ভদ্র
কোমল	কঠিন/কর্কশ	আসামী	ফরিয়াদী
জ্ঞানী	মূর্খ	গতি	স্থিতি
উৎকর্ষ	অপকর্ষ	মনীষা	নির্বোধ
অনুরক্ত	বিরক্ত	চতুর	নির্বোধ
অর্পণ	গ্রহণ	আগম	নির্গম/লোপ
আগমন	নির্গমন	আস্থা	অনাস্থা
আস্তিক	নাস্তিক	ঐক্য	বিভেদ
আকর্ষণ	বিকর্ষণ	আপন	পর

মূলশব্দ	বিপরীত শব্দ	মূলশব্দ	বিপরীত শব্দ
স্বচ্ছ	অস্বচ্ছ	বরখাস্ত	বহাল
স্থির	অস্থির, গতি	প্রফুল্ল	ম্লান
মুখ্য	গৌণ	মৃদু	প্রবল
মিত্র	শত্রু	লৌকিক	অলৌকিক
ব্যক্ত	গুপ্ত	কাপুরুষ	বীরপুরুষ
তস্কর	সাধু	আবির্ভূত	তিরোহিত
আরোহন	অবতরন	উজান	ভাটি
আর্দ্র	শুষ্ক	নবীন	প্রবীন
বিনীত	গর্বিত	অটবী	বন
প্রসন্ন	বিষণ্ন	ক্ষীয়মান	বর্ধমান
যোজক	বিয়োজক	অমৃত	গরল
প্রশস্ত	সংকীর্ণ	তিমির	আলো
সংক্ষিপ্ত	বিস্তৃত	মুক্ত	বদ্ধ
স্থাবর	জঙ্গম	চপল	গম্ভীর
উত্তপ্ত	শীতল	অর্বাচীন	প্রাচীন
নন্দিত	বিষণ্ন	বিশ্রী	সুন্দর
অলীক	সত্য	নির্মল	পঙ্কিল
সুরভী	পুতি	প্রভাত	সন্ধ্যা
অগ্র	পশ্চাৎ	গরিষ্ঠ	লঘিষ্ঠ
অজ্ঞ	বিজ্ঞ	তারুণ্য	বার্ধক্য
ইতিবাচক	নেতিবাচক	গোপন	প্রকাশ
উদ্ধত	বিনীত/নম্র	বীর	বীরাঙ্গনা
উগ্র	নম্র/সৌম্য	জোয়ার	ভাটা
উত্তাপ	শৈত্য	উদ্যম	বিরাম

সমার্থক বা প্রতিশব্দ

সূর্য	দিবাকর, রবি, দিনকর, বিভাকর, প্রভাকর, সবিতা, অর্ক, তপন, আদিত্য, ভাস্কর, ভানু, মার্তন্ড, অংশমালী, কিরণমালী
আকাশ	আসমান, গগণ, ছায়ালোক, দ্যূলোক, নভোমন্ডল, অন্তরীক্ষ, অম্বর, ব্যোম।
চন্দ্র	চাঁদ, সুধাকর, শশী, হিমকর, নিশাপতি, শশধর, নিশাকর, নিশাপতি, ইন্দ্র, সুধাংশু, শশাংক, শিতাংশু, কুমুদিনীনাথ, দ্বিজরাজ, সোম, মৃগাংক, সুধাকর, বিধু, চন্দ্রমা, হিমাংশু।
চক্ষু	আঁখি, চোখ, অক্ষি, দর্শন, দৃষ্টি, নয়ন, লোচন, নেত্র

পদ্ম	কমল, পংকজ, শতদল, নলিনী, সরোবর, অরবিন্দ, উৎপল, রাজীব, সরোজ।
গৃহ	ঘর, ধাম, আবাস, আলয়, নিলয়, ভবন, বাড়ি, নিকেতন, আশ্রয়, কক্ষ, বাসস্থান, নিবাস।
কূল	তট, কিনারা, তীর, সৈকত, ধার, পাড়।
কপাল	ললাট, ভাল, ভাগ্য, নিয়তি, অদৃষ্ট, অলিক।
জল	পানি, জীবন, পয়ঃ, তোয়, উদক, সলিল, বারি, নীর, অম্বু, অপ।
পৃথিবী	ধরা, জগৎ, ভুবন, বিশ্ব, ভূমন্ডল, ভূ, বসুন্ধরা, ধরনী, মহী, দুনিয়া, ভূলোক, বসুধা, বসুমতি, উর্বি, মেদিনী, ধরিত্রী, পৃথি, ক্ষিতি।
অগ্নি	আগুন, অনল, পাবক, শিখা, সর্বভূক, দহন, হুতাশন, বহ্নি, জাতবেদা, হুতাশ, কৃশানু।
কলহ	ঝগড়া, দ্বন্দ্ব, বিবাদ, বিরোধ।
বাতাস	বায়ু, বাত, অনিল, হাওয়া, পবন, সমীর, সমীরন।
মাতা	জননী, মা, প্রসূতি, গর্ভধারিনী, আম্মা, জনয়িত্রী।
অন্ধকার	আঁধার, তিমির, আন্ধার, তমসা, তম, তমিস্র, শর্বর।
ইচ্ছা	বাসনা, কামনা, সাধ, অভিলাষ, আকাংখা, অভিপ্রায়, লালসা, আগ্রহ, স্পৃহা, লিপ্সা, মনোরথ।
যুদ্ধ	সংগ্রাম, সমর, বিগ্রহ, রণ।
মৃত্যু	ইন্তেকাল, মরন, বিনাশ, পরলোক-গমন, চিরবিদায়, নিধন, নাশ, নিপাত, অন্ত, দেহত্যাগ।
নদী	স্রোতস্বিনী, স্রোতস্বতী, নির্ঝরিনী, তটিনী, তরঙ্গিনী, প্রবাহিনী, গাঙ, শৈবালিনী, কল্লোলিনী, সরিৎ।
আনন্দ	হর্ষ, পুলক, খুশি, সুখ, আহ্লাদ, বিকাশ, স্ফিতি, স্ফুরন, আমোদ, উল্লাস, উচ্ছ্বাস।
বন্ধু	সখা, মিত্র, বান্ধব, সুহৃদ।
ভ্রমর	মধুকর, ষটপদ, মধুপ, ভোমরা, মৌমাছি, মধুলেহ, অলি
বন	জঙ্গল, অরন্য, কানন, অটবী, বিপিন, কান্তার, বিজন, গহন।
পর্বত	অচল, অদ্রি, গিরি, পাহাড়, ভূধর, শৈল, ভূভৃৎ, নগ, মহীধর, ক্ষিতিধর।
বিদ্যুৎ	তড়িৎ, চপলা, সৌদামিনি, বিজলী, দামিনী, ক্ষণপ্রভা।
কথা	ভাষা, বাণী, উক্তি, বচন, বাক্য।
সমুদ্র	অর্নব, জলধি, জলনিধি, পারাবার, বারিধি, রত্নাকর, সাগর, সিন্ধু, দীর্ঘিকা, প্রণালী, গাঙ, উদধি, পয়োধি, রত্নাকার।
রাত্রি	শর্বরী, নিশা, নিশীথিনী, বিভাবরী, রজনী, যামিনী, ত্রিযামা, নিশি।
ঢেউ	উর্মি, তরঙ্গ, লহরী, বীচি।
পাথর	অশ্ম, পাষাণ, মনি।
ইতি	অবসান, শেষ, বিরাম।
খড়্গ	অসি, কৃপাণ, তরবারি, তলোয়ার।
কোকিল	পরভৃত, পিক, কাকপুষ্ট, পরপুষ্ট, কলকণ্ঠ, বসন্তদূত, অন্যপুষ্ট।

বানান শুদ্ধিকরণ

অশুদ্ধ বানান	শুদ্ধ বানান	অশুদ্ধ বানান	শুদ্ধ বানান
সমীচিন	সমীচীন	কল্যান	কল্যাণ
মুমুর্ষু	মুমূর্ষু	গুন	গুণ
প্রসংশা	প্রশংসা	দুর্ণাম	দুর্নাম
পুরস্কার	পুরস্কার	দধিচী	দধীচি
ধ্বংশ	ধ্বংস	তৃহায়ন	ত্রিহায়ণ
মরিচিকা	মরীচিকা	ঘরনি	ঘরণি
মুহূর্ত	মুহূর্ত	চান্দসীক	ছান্দসিক
ময়ুর	ময়ূর	সদ্যজাত	সদ্যোজাত
রুপায়ন	রূপায়ন	নিরহংকারি	নিরহংকারী
নিপিড়িত	নিপীড়িত	বাল্মিকি	বাল্মীকি
ভবিষৎবানী	ভবিষ্যৎবানী	দুষন	দূষণ
শারিরীক	শারীরিক	শিরোচ্ছেদ	শিরশ্ছেদ
পাষান	পাষাণ	উতপাদ	উৎপাত
বীভিষিকা	বিভীষিকা	শ্রাদ্ধাঞ্জলি	শ্রদ্ধাঞ্জলি
শশীভূষণ	শশিভূষণ	পিপিলিকা	পিপীলিকা
নিরীক্ষন	নিরীক্ষণ	নীশিথিনী	নিশীথিনী
সায়ত্ব শাসন	স্বায়ত্ব শাসন	গৃহিনী	গৃহিণী
দর্শণ	দর্শন	ক্ষিতিশ	ক্ষিতশি
অনুকূল	অনুকূল	উন্মেশ	উন্মেষ
পিপিলিকা	পিপীলিকা	সুধিগন	সুধীগণ
সান্তনা	সান্ত্বনা	শরীসৃপ	সরীসৃপ
নিরিহ	নিরীহ	অনুজ	অনূজ
ন্যুনধিক	ন্যূনাধিক	দুষ্প্য	দুষ্প্রাপ্য
উন্মিলিত	উন্মীলিত	একান্নতি	একান্নবর্তী
কৃষিজিবি	কৃষিজীবী	ভাগ্যরথী	ভাগীরথি
দুরীভুত	দূরীভূত	আদ্যাক্ষর	আদ্যক্ষর
তেজস্ক্রীয়তা	তেজস্ক্রিয়তা	ইন্দ্রজালিক	ঐন্দ্রজালিক

CamScanner

অশুদ্ধ বানান	শুদ্ধ বানান	অশুদ্ধ বানান	শুদ্ধ বানান
নিরীক্ষন	নিরীক্ষণ	মুহুর্মুহু	মুহুর্মুহু
শুশ্রুষা	শুশ্রূষা	ইন্দ্রীয়	ইন্দ্রিয়
সুদন	সূদণ	সর্বাঙ্গীন	সর্বাঙ্গীণ
আদ্যাক্ষর	আদ্যক্ষর	মনোহারিনি	মনোহারিণী
অনুসুয়া	অনুসূয়া	সমবিব্যাহারে	সমভিব্যাহারে
প্রতিদ্বান্দ্বি	প্রতিদ্বন্দ্বী	ব্যাতিত	ব্যতীত
গগন	গগণ	দ্বন্দ	দ্বন্দ্ব

বাক্য শুদ্ধিকরণ

অশুদ্ধ ঃ আশা করি তুমি আরোগ্য হইয়াছে।
শুদ্ধ ঃ আশা করি তুমি আরোগ্য লাভ করিয়াছে।
অশুদ্ধ ঃ তিনি তোমার বিরুদ্ধে সাক্ষী দিলেন।
শুদ্ধ ঃ তিনি তোমার বিরুদ্ধে সাক্ষ্য দিলেন।
অশুদ্ধ ঃ সকল সুধীমন্ডলী উপস্থিত আছেন।
শুদ্ধ ঃ সুধীমন্ডলী উপস্থিত আছেন।
অশুদ্ধ ঃ মাতাহীন শিশুর কি দুঃখ।
শুদ্ধ ঃ মাতৃহীন শিশুর কি দুঃখ।
অশুদ্ধ ঃ তাহার সৌজন্যবোধ আমাকে অভিভূত করেছে।
শুদ্ধ ঃ তার সৌজন্যতাবোধ আমাকে অভিভূত করেছে।
অশুদ্ধ ঃ আমি সন্তোষ হইলাম।
শুদ্ধ ঃ আমি সন্তুষ্ট হলাম।
অশুদ্ধ ঃ আজকাল বিদ্ধান মেয়ের অভাব নেই।
শুদ্ধ ঃ আজ কাল বিদুষী মেয়ের অভাব নেই।
অশুদ্ধ ঃ ক্ষমা একটি মহান গুন।
শুদ্ধ ঃ ক্ষমা একটি মহৎ গুন।
অশুদ্ধ ঃ ছেলেটি ভয়ানক মেধাবী।
শুদ্ধ ঃ ছেলেটি অত্যন্ত মেধাবী।
অশুদ্ধ ঃ বাংলাদেশ একটি উন্নতশীল দেশ।
শুদ্ধ ঃ বাংলাদেশ একটি উন্নয়নশীল দেশ।
অশুদ্ধ ঃ তুমি নির্দোষী নও।
শুদ্ধ ঃ তুমি নির্দোষ নও।
অশুদ্ধ ঃ সকল সভ্যগন এখানে উপস্থিত ছিলেন।
শুদ্ধ ঃ সভ্যগণ এখানে উপস্থিত ছিলেন।
অশুদ্ধ ঃ চন্দ্র উদয় হল।
শুদ্ধ ঃ চন্দ্র উদিত হল।
অশুদ্ধ ঃ ঐক্যতাই বল।
শুদ্ধ ঃ একতাই বল।
অশুদ্ধ ঃ এতে আশ্চর্য হলাম।
শুদ্ধ ঃ এতে আশ্চর্যান্বিত হলাম।
অশুদ্ধ ঃ একটা গোপন কথা বলি।
শুদ্ধ ঃ একটা গোপনীয় কথা বলি।
অশুদ্ধ ঃ এ ব্যক্তি সকলের মাঝে বয়স্ক।
শুদ্ধ ঃ এ ব্যক্তি সকলের মাঝে বয়োজ্যেষ্ঠ।
অশুদ্ধ ঃ এ কাজে তার হস্ত পাকা।
শুদ্ধ ঃ এ কাজে তার হাত পাকা।
অশুদ্ধ ঃ ইতো পূর্বে তার সংবাদ পাইনি।
শুদ্ধ ঃ ইতঃপূর্বে তার সংবাদ পাইনি।
অশুদ্ধ ঃ এই পুস্তকের আবশ্যক আমার নাই।
শুদ্ধ ঃ এই পুস্তকের আবশ্যকতা আমার নাই।
অশুদ্ধ ঃ প্রধান শিক্ষিকা সভায় সভাপতিত্ব করেন।
শুদ্ধ ঃ প্রধান শিক্ষিকা সভায় সভানেত্রীত্ব করেন।
অশুদ্ধ ঃ তার এখন সংকট অবস্থা।
শুদ্ধ ঃ তার এখন সংকটাপন্ন অবস্থা।
অশুদ্ধ ঃ নুরজাহান পরম সুন্দরী ছিলেন।
শুদ্ধ ঃ নুরজাহান পরমা সুন্দরী ছিলেন।
অশুদ্ধ ঃ আমার কথাই প্রমাণ হল।
শুদ্ধ ঃ আমার কথাই প্রমাণিত হল।
অশুদ্ধ ঃ তোমার সাথে আমার একটি গোপন পরামর্শ আছে।
শুদ্ধ ঃ তোমার সঙ্গে আমার একটি গোপনীয় পরামর্শ আছে।
অশুদ্ধ ঃ আমি বড় অপমান হইয়াছি।
শুদ্ধ ঃ আমি বড় অপমানিত হইয়াছি।
অশুদ্ধ ঃ ইহা প্রমান হইয়াছে।
শুদ্ধ ঃ ইহা প্রমাণিত হইয়াছে।
অশুদ্ধ ঃ দারিদ্রতা বাংলাদেশের প্রধান সমস্যা।
শুদ্ধ ঃ দরিদ্রতা বাংলাদেশের প্রধান সমস্যা।
অশুদ্ধ ঃ সে তার শিক্ষকের একান্ত বাধ্যগত ছাত্র।
শুদ্ধ ঃ সে তার শিক্ষকের একান্ত বাধ্য ছাত্র।
অশুদ্ধ ঃ তিনি শীঘ্রই আরোগ্য হইবেন।
শুদ্ধ ঃ তিনি শীঘ্রই আরোগ্য লাভ করবেন।
অশুদ্ধ ঃ সমস্ত ছাত্রগণই পড়াশোনায় অমনোযোগী নহে।
শুদ্ধ ঃ সমস্ত ছাত্র পড়াশোনায় অমনোযোগী নহে।
অশুদ্ধ ঃ অধিকাংশ লোককে স্বাক্ষরতা করা আমাদের উদ্দেশ্য।
শুদ্ধ ঃ অধিকাংশ লোককে স্বাক্ষর করা আমাদের উদ্দেশ্য।
অশুদ্ধ ঃ ব্যাধিই সংক্রমক, স্বাস্থ্য নয়।
শুদ্ধ ঃ ব্যাধিই সংক্রামক, স্বাস্থ্য নয়।
অশুদ্ধ ঃ প্রথম সাক্ষী মিথ্যা সাক্ষী দিয়েছেন।
শুদ্ধ ঃ প্রথম সাক্ষী মিথ্যা সাক্ষ্য দিয়েছেন।

সন্ধি-বিচ্ছেদ

মূলশব্দ	সন্ধি বিচ্ছেদ	মূলশব্দ	সন্ধি বিচ্ছেদ
বৃহস্পতি	বৃহৎ + পতি	নিজন্ত	নিচ্ + অন্ত
বনস্পতি	বন + পতি	স্বচ্ছ	সে + অচ্ছ
মনীষা	মনস্ + ঈষা	তন্বী	তনু + ঈ
পবন	পো + অন	নিরাময়	নির + আময়
গীতাঞ্জলি	গীত + অঞ্জলি	যদ্যপি	যদি+অপি
জনৈক	জন + এক	নিষ্পাপ	নিঃ + পাপ
ততোধিক	ততঃ + অধিক	মাধ্যমিক	মাধ্যম + ষ্ণিক
নীরব	নিঃ + রব	বগাদার	বগা + দার
নীরস	নিঃ + রস	অর্ধশন	অর্ধ + এশন
অতএব	অতঃ + এব	মাননীয়	মনি + অনীয়
প্রাতঃকাল	প্রাতঃ + কাল	পর্যালোচনা	পরি + আলোচনা
পিত্রালয়	পিতৃ + আলয়	উল্লাস	উৎ + লাস
মহৈশ্বর্য	মহা + ঐশ্বর্য	প্রত্যেক	প্রতি + এক
পদ্ধতি	পদ + হতি	পরোপকার	পর + উপকার
সঞ্চয়	সম্ + চয়	যথার্থ	যথা + অর্থ
উদ্যোগ	উৎ + যোগ	পরিচ্ছেদ	পরি + ছেদ
সচ্চরিত্র	সৎ + চরিত্র	পরিচ্ছন্ন	পরি + ছন্ন
সচ্চিন্তা	সৎ + চিন্তা	সংস্কৃতি	সম + কৃতি
উচ্ছ্বাস	উৎ + শ্বাস	গবাক্ষ	গো + অক্ষ
অহরহ	অহঃ + অহ	অন্যান্য	অন্য + অন্য
সংগত	সম্ + গত	দুস্থ	দুঃ + স্থ
যাচ্ছেতাই	যা + ইচ্ছা + তাই	উদ্ধত	উৎ + হত
সংঘ	সম্ + ঘ	রাজ্ঞী	রাজ + নী
অহংকার	অহম্ + কার	সংবাদ	সম্ + বাদ
সংখ্যা	সম্ + খ্যা	সিংহাসন	সিংহ + আসন
সংলাপ	সম্ + লাপ	দুচ্চার	দুৎ + চার
মহেন্দ্র	মহা + ইন্দ্র	তপোবন	তপঃ + বন
দৈনিক	দিন + এক	ছেলেমি	ছেলে + আমি
বজ্জাত	বদ + জাত	সুদর্শন	সম + দর্শন
নিষ্ঠা	নিঃ + ঠা	দিগন্ত	দিক + অন্ত
কিংবা	কিম্ + বা	মনঃকষ্ট	মনঃ + কষ্ট
ষষ্ঠ	ষষ্ + থ	উন্নয়ন	উৎ + নয়ন
কৃষ্টি	কৃষ + তি	দুর্যোগ	দুঃ + যোগ
বিচ্ছেদ	বি + ছেদ	অপর্যাপ্ত	অপঃ + আপ্ত
সিংহ	সিন্ + হ	কিন্তু	কিম্ + তু
চলচ্চিত্র	চলৎ + চিত্র	অভ্যাস	অভি + আস

মূলশব্দ	সন্ধি বিচ্ছেদ	মূলশব্দ	সন্ধি বিচ্ছেদ
সম্মান	সম্ + মান	তস্কর	তৎ+ কর
সম্রাট	সম্ + রাট	ভূর্ধ্ব	ভূ + উর্ধ্ব
যজ্ঞ	যজ্ + ন	লবণ	লো + অন
মনোহর	মনঃ + হর	প্রাণান্ত	প্রাণ + অন্ত
শিরচ্ছেদ	শিরঃ + ছেদ	বিপজ্জনক	বিপদ + জনক
ইতস্তত	ইতঃ + তত	নিষ্ফল	নিঃ + ফল
পুনরায়	পুনঃ + আয়	শীতার্ত	শীত + ঋত
দুর্যোগ	দুঃ + যোগ	তৃষ্ণার্ত	তৃষ্ণা + ঋত
মনোযোগ	মনঃ + যোগ	উদ্ধার	উৎ + হার
পুরস্কার	পুরঃ + কার	ক্ষুৎপিপাসা	ক্ষুধা + পিপাসা
তিরস্কার	তিরঃ + কার	অপেক্ষা	অপ + ঈক্ষা
আবিষ্কার	আবিঃ + কার	অরণ্য	অরণ + য
ষোড়শ	ষট্ + দশ	দুর্দান্ত	দুঃ + দন্ত
গবাক্ষ	গো + অক্ষ	অন্বেষণ	অনু + এষণ
আশ্চর্য	আ + চর্য	প্রৌঢ়	প্র +উঢ়
ষড়ঋতু	ষট্ + ঋতু	সংসার	সম্+সার
নাবিক	নৌ+ইক	মনস্তাপ	মনঃ+তাপ
দুশ্চরিত্র	দুঃ+চরিত্র	চিরুনি	চির+উনি
অত্যন্ত	অতি+অন্ত	জমানো	জমা+আনো
অধোগতি	অধঃ+গতি	ধার	ধারি+অ
মোড়ক	মুড়+অক	বৈঠক	বৈঠ+ক
কাঁদুনি	কাঁদ+উনি	দংশন	দম্+শন
সঙ্গীত	সম্+গীত	উন্নত	উৎ+নত
প্রাতরাশ	প্রাতঃ+আশ	একত্রিত	একত্র + ইত
তথৈবচ	তথা + এবচ	প্রিয়ংবদা	প্রিয়ম + বদা
শতাব্দী	শত + অব্দী	বনৌষধি	বন + ওষধি
আবিষ্কৃত	আবিঃ + কৃত	নায়ক	নৈ + অক
পর্যন্ত	পরিঃ + অন্ত	গায়ক	গৈ + অক
নির্ভয়	নিঃ + ভয়	নয়ন	নে + অন
হিমাচল	হিম + অচল	বৃষ্টি	বৃষ্ + তি
শুভেচ্ছা	শুভ + ইচ্ছা	নিষ্ঠুর	নিঃ + ঠুর
পরীক্ষা	পরি + ঈক্ষা	নির্জল	নিঃ + জল
ইত্যাদি	ইতি + আদি	দ্যুলোক	দিব্ + লোক
রবীন্দ্র	রবি + ইন্দ্র	পাগলামি	পাগল + আমি
ভবন	ভো + অন	ক্ষুধার্ত	ক্ষুধা + ঋর্ত
রত্নাকর	রত্ন + আকর	গবেষণা	গো + এষণা

CamScanner

নিপাতনে সিদ্ধ সন্ধি ঃ যেসব ক্ষেত্রে সন্ধি নিয়মানুসারে হয় না তাকে নিপাতনে সিদ্ধ সন্ধি বলে।

নিপাতনে সিদ্ধ স্বরসন্ধিঃ

মূলশব্দ	সন্ধি বিচ্ছেদ	মূলশব্দ	সন্ধি বিচ্ছেদ
অন্যান্য	অন্য + অন্য	অক্ষৌহিণী	অক্ষ + উহিনী
কুলটা	কুল + অটা	গবাক্ষ	গো + অক্ষ
গবেন্দ্র	গো + ইন্দ্র	গবেশ্বর	গো + ঈশ্বর
পৌঢ়	প্র + উঢ়	মার্তন্ড	মার্ত + অন্ড
বিম্বোষ্ঠ	বিম্ব + ওষ্ঠ	রক্তোষ্ঠ	রক্ত + ওষ্ঠ
শারঙ্গ	শার + অঙ্গ	শুদ্ধোধন	শুদ্ধ + ওদন
সীমান্ত	সীমন্ + অত	স্বৈর	স্ব + ঈর

নিপাতনে সিদ্ধ ব্যঞ্জনসন্ধিঃ

মূলশব্দ	সন্ধি বিচ্ছেদ	মূলশব্দ	সন্ধি বিচ্ছেদ
আশ্চর্য	আ + চর্য	একাদশ	এক্ + দশ
গোস্পদ	গো + পদ	তস্কর	তৎ + কর
দ্যুলোক	দিব্ + লোক	পরস্পর	পর + পর
পতঞ্জলি	পতৎ + অঞ্জলি	বনস্পতি	বন + পতি
বৃহস্পতি	বৃহৎ + পতি	মণীষা	মনস্ + ঈষা
ষোড়শ	ষট্ + দশ		

নিপাতনে সিদ্ধ বিসর্গ সন্ধিঃ

মূলশব্দ	সন্ধি বিচ্ছেদ	মূলশব্দ	সন্ধি বিচ্ছেদ
অহরহ	অহঃ + রহ	অহর্নিশ	অহঃ + নিশ
আস্পদ	আঃ + পদ	প্রাতঃকাল	প্রাতঃ + কাল
বাচস্পতি	বাচঃ + পতি	ভাস্কর	ভাঃ + কর
মনঃকষ্ট	মনঃ + কষ্ট	শিরঃপীড়া	শিরঃ + পীড়া
হরিচন্দ্র	হরিঃ + চন্দ্র		

বিশেষ নিয়মে সাধিত ব্যঞ্জন সন্ধিঃ

মূলশব্দ	সন্ধি বিচ্ছেদ	মূলশব্দ	সন্ধি বিচ্ছেদ
উত্থান	উৎ + স্থান	উত্থাপন	উৎ + স্থাপন
পরিস্কার	পরি + কার	পরিস্কৃত	পরি + কৃত
সংস্কার	সম + কার	সংস্কৃতি	সম + কৃতি

কারক ও বিভক্তি

- কর্তৃকারক ঃ কে দিয়ে প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায় তাই কর্তৃকারক।
- কর্ম কারক ঃ কি/কাকে দিয়ে প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায় তাই কর্মকারক।
- করন কারক ঃ করন শব্দটির অর্থ যন্ত্র, সহায়ক বা উপায়। কিসে/কিসের সাহায্যে/কার সাহায্যে দিয়ে প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায় তাই করন কারক।
- সম্প্রদান কারক ঃ যদি স্বত্ব ত্যাগ করে কোন কিছু দান করা হয় তাই সম্প্রদান কারক।
- অপাদান কারক ঃ কোথা থেকে/কি হতে/কিসের হতে দিয়ে প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায় তাই অপাদান কারক।

বিচ্যুত ঃ গাছ থেকে পাতা পড়ে, মেঘ থেকে বৃষ্টি পড়ে, সাদা মেঘে বৃষ্টি হয় না।

গৃহীত ঃ শুক্তি থেকে মুক্তো মেলে, দুধ থেকে দই হয়।

জাত ঃ জমি থেকে ফসল পাই, খেজুর রসে গুড় হয়, টাকায় টাকা হয়।

বিরত ঃ পাপে বিরত হও

আরম্ভ ঃ সোমবার থেকে পরীক্ষা শুরু

দুরীভুত ঃ দেশ থেকে পঙ্কপাল চলে গেছে

রক্ষিত ঃ বিপদ থেকে বাঁচাও

ভীত ঃ বাঘকে ভয় পায় না কে?

স্থান ত্যাগ ঃ গাড়ি স্টেশন ছাড়ে।

- অধিকরন কারক ঃ কোথায়/কিসে/কখন দিয়ে প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায় তা অধিকরন কারক অথবা স্থান, কাল, পাত্র ও সময় বুঝালে।

অধিকরনের প্রকারভেদ ঃ

১. কালাধিরকণ, ২. আধারাধিকরণ, ৩. ভাবাধিকরণ

ভাবাধিকরণ ঃ যদি কোনো ক্রিয়াবচক বিশেষ্য অন্য ক্রিয়ার কোনো রুপ ভাবের অভিব্যক্তি প্রকাশ করে। যেমন ঃ সূর্যোদয়ে অন্ধকার দূরীভুত হয়, আলোয় আঁধার কাটে, কান্নায় শোক কমে।

বিভক্তি নির্ণয়ের সহজ উপায়

বিভক্তি	একবচন	বহুবচন
প্রথমা বা শূন্য	০/অ	রা/এরা
দ্বিতীয়া	কে, রে	দের, দিগকে
তৃতীয়া	দ্বারা, দিয়া, কর্তৃক	দিগের দ্বারা, দের দ্বারা
চতুর্থী	কে, রে	দের, দিগকে
পঞ্চমী	হতে, থেকে, চেয়ে	দিগ হতে, দের হতে
ষষ্ঠী	র, এর	দিগের, দের
৭মী	এ, য়, তে	দিগে, দিগেতে

কর্তা কারক

- আরিফ বই পড়ে - কর্তৃকারকে শূন্য
- বাঁশি বাজে – কর্তায় শূন্য
- বাজনা বাজে – কর্তায় শূন্য
- পুলিশ চোর ধরেছে – কর্তায় শূন্য
- তোমার যাওয়া উচিত – কর্তায় ৬ষ্ঠী
- ভাইয়ে ভাইয়ে বেশ মিল - কর্তায় ৭মী
- বুলবুলিতে ধান খেয়েছে – কর্তায় ৭মী
- রতনে রতন চেনে – কর্তায় ৭মী
- দশে মিলে কাজ করি – কর্তায় ৭মী
- ঘোড়ায় গাড়ি টানে – কর্তায় ৭মী
- বাঘে-মহিষে এক ঘাটে পানি খায় – কর্তায় ৭মী
- লোকে বলে – কর্তায় ৭মী
- চোর পালালে বুদ্ধি বাড়ে – কর্তায় ৭মী
- টাকায় বাঘের দুধ মিলে – কর্তায় ৭মী
- টাকায় কিনা হয় – কর্তায় ৭মী

কর্ম কারক

- কপোল ভাসিয়া গেল নয়নের জলে - কর্মে শুন্য
- ডাক্তার ডাক - কর্মকারকে শুন্য
- কাননে কুসুম কলি সকলি ফুটিল – কর্মে শূন্য
- জল পড়ে পাতা নড়ে – কর্মে শূন্য
- এমন ছেলে আর দেখিনি - কর্মে শুন্য
- শুক্রবার স্কুল বন্ধ - কর্মে শূন্য
- আমার গানের মালা আমি করব কারে দান - কর্মে শুন্য
- আমি বই পড়ি - কর্মে ১মা
- আমাদের একটি গল্প বলুন - কর্মে ৬ষ্ঠী
- কি সাহসে ওখানে গেলে - কর্মে ৭মী
- এ সুতার কাপড় হয় না – কর্মে ৭মী
- গুনহীনে ত্যাগ কর – কর্মে ৭মী
- আমার গানের মালা আমি করব কারে দান - কর্মে ৭মী

করণ কারক

- অহংকার পতনের মুল - করনে শুন্য
- ছোট মুখে বড় কথা মানায় না – করনে শূন্য
- অহংকার পতনের মুল - করনে শূন্য
- কালির দাগ দাও - করনে ৬ষ্ঠী
- হাতের কাজ দেখাও - করনে ৬ষ্ঠী
- হাতের তৈরী জিনিস – করনে ৬ষ্ঠী
- তিনি চোখে দেখেন না - করনে ৭মী
- ধর্মের কল বাতাসে নড়ে – করনে ৭মী
- বড় হও নিজের চেষ্টায় – করনে ৭মী
- নৌকায় নদী পার হলাম - করনে সপ্তমী
- টাকায় অসাধ্য সাধ্য হয় - করনে ৭মী
- আমার সোনার ধানে গিয়াছে ভরি – করনে ৭মী
- এ কলমে ভাল লেখা হয় না – করনে ৭মী

সম্প্রদান কারক

- মৃতজনে দেহ প্রাণ – সম্প্রদানে ৭মী
- গৃহহীনে গৃহ দাও – সম্প্রদানে ৭মী
- দুঃখীকে দয়া কর – সম্প্রদানে ৪র্থী
- দরিদ্রকে ধন দাও – সম্প্রদানে ৪র্থী
- দীনে দয়া কর – সম্প্রদানে ৭মী
- ভিখারীকে সাহায্য কর – সম্প্রদানে ৪র্থী
- ভিক্ষুককে ভিক্ষা দাও – সম্প্রদানে ৪র্থী
- সৎপাত্রে কন্যা দান কর – সম্প্রদানে ৭মী
- দিব তোমা শ্রদ্ধাভক্তি – সম্প্রদানে ৪র্থী
- অন্ধজনে দেহ আলো – সম্প্রদানে ৭মী
- সমিতিতে চাদা দাও – সম্প্রদানে ৭মী

অপাদান কারক

- এ সন্তান হতে দুঃখ দূর হবে না – অপদানে শূন্য
- গাড়ী ঢাকা ছাড়ল – অপদানে শূন্য
- গাড়ী স্টেশন ছাড়ল – অপদানে শূন্য
- পরের দিন উৎসব – অপদানে শূন্য
- গাড়ী স্টেশন ছাড়ল - অপাদানে শুন্য
- এই বনে বাঘের ভয় নাই – অপদানে ৬ষ্ঠী
- তিলে তৈল হয় – অপদানে ৭মী
- এই বনে বাঘের ভয় নাই - অপাদানে ৬ষ্ঠী
- যেখানে বাঘের ভয় সেখানে রাত হয় - অপাদানে ৬ষ্ঠী
- যেখানে বাঘের ভয় সেখানে রাত হয় – অপদানে ৬ষ্ঠী
- পরীক্ষা আসলে চোখে জল ঝরে – অপদানে ৭মী
- পরাজয়ে ডরে না বরি – অপদানে ৭মী
- আমি কি ডরাই শখী ভিখারী রাঘবে – অপদানে ৭মী
- কত ধানে কত চাল তা আমি জানি – অপদানে ৭মী
- সব ঋনুকে মুক্ত পাওয়া যায় না – অপদানে ৭মী
- পাপে বিরত হও - অপাদানে ৭মী
- বিপদে আমি না যেন করি ভয় – অপদানে ৭মী
- পরাজয়ে ডরে না বীর - অপাদানে ৭মী
- ধন হইতে সুখ হয় না - অপদানে ৭মী
- ছাদে পানি পড়ে – অপাদানে ৭মী

CamScanner

অধিকরণ কারক

- নীল আকাশের নিচে আমি রাস্তা চলেছি একা - অধিকরনে শূন্য
- তিনি চট্টগ্রাম যাচ্ছেন – অধিকরণে শূন্য
- এ বছর ভাল ফসল হয়েছে – অধিকরণে শূন্য
- বাড়ী ঘুরে আস - অধিকরনে ১মা
- আজকে নগদ কালকে ধার - অধিকরনে ২য়া
- নদীর মাছ সুস্বাদ - অধিকরনে ৬ষ্ঠী
- এই নদীর মাছ বড় – অধিকরণে ৬ষ্ঠী
- পড়াশোনায় মন দাও - অধিকরনে ৭মী
- তিনি শুক্রবারে আসবেন – অধিকরণে ৭মী
- নদীতে মাছ আছে – অধিকরণে ৭মী
- বনে বাঘ থাকে – অধিকরণে ৭মী
- বসন্তে কোকিল ডাকে – অধিকরণে ৭মী
- এ বাড়ীতে কেউ নেই – অধিকরণে ৭মী
- গাছে কাঁঠাল গোঁফে তেল – অধিকরণে ৭মী
- কান্নায় শোক কমে – ভাবাধিকরনে ৭মী
- সে অংকে খুব কাঁচা - অধিকরনে ৭মী
- প্রভাতে উঠিল রবি লোহিত বরন - অধিকরনে ৭মী
- বাড়ী থেকে নদী দেখা যায় - অধিকরনে ৭মী
- শিশুগন দেয় মন নিজ নিজ পাঠে - অধিকরনে ৭মী
- গোয়ালে গরু আছে - অধিকরনে ৭মী
- আষাঢ়ে বৃষ্টি নামে - অধিকরনে ৭মী

সমাস

- সমাস ভাষাকে – সংক্ষেপ করে।
- সমাস সাধারনত - ৬ প্রকার (দ্বন্দ্ব, কর্মধারয়, তৎপুরুষ, দ্বিগু, অব্যয়ীভাব, বহুব্রীহি)।
- সমাস ব্যাকরণের যে অংশে আলোচ্য বিষয় – রুপতত্ত্ব।
- সমাস নিষ্পন্ন পদটির নাম - সমস্ত পদ।
- যে সমাসের ব্যাসবাক্য হয় না - নিত্য সমাসের।
- যে কয়টি শব্দ মিলে সমাস হয় তাদের প্রত্যেকটিকে - ব্যাসবাক্য বলে।
- যে সমাসে পূর্বপদের বিভক্তির লোপ হয় না তাকে বলে - অলুক সমাস।
- সমাসের সাথে কিছুটা মিল আছে - সন্ধির।
- প্রত্যক্ষ কোন বস্তুর সাথে পরোক্ষ কোন বস্তুর তুলনা করলে প্রত্যক্ষ বস্তুটিকে বলা হয় - উপমেয়।
- উপমেয় পদের সাথে উপমানের যে সমাস হয় তাকে বলে - উপমিত।
- যে যে পদে সমাস হয় তাদের প্রত্যেকটির নাম - সমস্যমান পদ।
- পূর্বপদে উপসর্গ বসে যে সমাস হয় তাকে বলে - প্রাদি সমাস।
- সমাসযুক্ত পদের প্রথম অংশকে বলা হয় - পূর্বপদ।
- সমাসযুক্ত পদের পরবর্তী অংশকে বলা হয় - উত্তরপদ বা পরপদ।
- সমস্তপদকে ভেঙ্গে যে বাক্যাংশ করা হয় তার নাম - সমাসবাক্য/ ব্যাসবাক্য/বিগ্রহবাক্য।
- পূর্বপদ প্রধান সমাস - অব্যয়ীভাব
- উভয়পদ প্রধান সমাস - দ্বন্দ্ব
- কোন পদই প্রাধান্য পায় না - বহুব্রীহি।
- যদি উপমান ও উপমেয়ের মধ্যে অভিন্নতা কল্পনা করা হয় তখন তাকে বলে - রুপক কর্মধারয় সমাস।
- সমাহার অর্থে সংখ্যাবাচক শব্দের সঙ্গে বিশেষ্য পদের যে সমাস হয় - দ্বিগু।
- বিশেষণের সাথে বিশেষ্যের যে সমাস হয় তাকে বলে - কর্মধারয় সমাস।

প্রদত্ত শব্দ	ব্যাসবাক্য	সমাসের নাম
অসাধ্য	নয় সাধ্য	নঞ তৎপুরুষ
অকাল	ন কাল	"
অনাদর	ন আদর	"
অজানা	ন জানা	"
অজ্ঞান	ন জ্ঞান	"
অভাব	ন ভাব	"
অনাচার	ন চার	"
বেয়াদব	ন আদব	"
আগাছা	নয় গাছা	"
অকৃতজ্ঞ	ন কৃতজ্ঞ	"
অভদ্র	নয় ভদ্র	"
বেসরকারী	নয় সরকারী	"
অনেক	নয় এক	"
অকাতর	ন কাতর	"
অনাবৃষ্টি	ন বৃষ্টি	নঞ তৎপুরুষ
অনুচিত	ন উচিত	"
আপাদমস্তক	পা হতে মাথা পর্যন্ত	অব্যয়ী ভাব
আকণ্ঠ	কণ্ঠ পর্যন্ত	"
আমরন	মরণ পর্যন্ত	"
আসমুদ্র	সমুদ্র পর্যন্ত	"
উপশহর	শহরের সদৃশ	"
উপকূল	কূলের সমীপে	"
উপভাষা	ভাষার সদৃশ	"
উপদ্বীপ	দ্বীপের সদৃশ	"

প্রদত্ত শব্দ	ব্যাসবাক্য	সমাসের নাম
উপনদী	নদীর সদৃশ	অব্যয়ী ভাব
উপকথা	কথার সদৃশ	"
প্রতিজন	জন জন	"
প্রতিদিন	দিন দিন	"
প্রত্যহ	অহ অহ	"
নিরামিষ	আমিষের অভাব	"
উপজেলা	জেলার সদৃশ	"
উপকণ্ঠ	কণ্ঠের সমীপে	"
গরমিল	মিলের অভাব	"
প্রতিগৃহে	গৃহে গৃহে	"
বেকার	কারের অভাব	"
বেহায়া	হায়ার অভাব	"
অল্প বুদ্ধি	অল্প বুদ্ধি যার	বহুব্রীহি
আশীবিষ	আশীতে বিষ যার	"
এক ঘরে	এক ঘরে থাকে যে	"
একচোখা	একদিকে চোখ যার	"
কোকিলকণ্ঠী	কোকিলের ন্যায় কণ্ঠ যার	"
খোশমেজাজ	খোশ মেজাজ যার	"
দশানন	দশ আনন যার	"
নীল কণ্ঠী	নীল কণ্ঠ যার	"
নদীমাতৃক	নদী মাতা যার	"
মহাত্মা	মহান আত্মা যার	"
সতীর্থ	সমান তীর্থ যার	"
সহোদর	সমান উদর যার	"
সস্ত্রীক	স্ত্রীর সাথে বর্তমান	"
বিড়াল চোখ	বিড়ালের মত চোখ যার	"
আরমন	মরন পর্যন্ত	"
আটচালা	আট চালা বিশিষ্ট যে ঘর	বহুব্রীহি
অল্প বয়সী	অল্প বয়স যার	"
সর্বশ্রেষ্ঠ	সবার মধ্যে শ্রেষ্ঠ যে	"
সুবর্ন	সু বর্ন যার	"
আয়কর	আয়ের উপর কর	"
টকমিষ্ঠি	টক ও মিষ্টি	দ্বন্দ্ব
টাকা-পয়সা	টাকা ও পয়সা	"
তাল মাতাল	তাল ও মাতাল	"
ছেলেমেয়ে	ছেলে ও মেয়ে	"
জমাখরচ	জমা ও খরচ	"

প্রদত্ত শব্দ	ব্যাসবাক্য	সমাসের নাম
দম্পতি	জায়া ও পতি	দ্বন্দ্ব
রাজাবাদশা	রাজা ও বাদশা	"
লেখা পড়া	লেখা ও পড়া	"
নয়ছয়	নয় ও ছয়	"
ঘর বাড়ি	ঘর ও বাড়ি	"
আমরা	সে, তুমি ও আমি	"
যাতায়ত	যাওয়া ও আসা	"
ত্রিফলা	তিন ফলের সমাহার	"
শতাব্দী	শত অব্দের সমাহার	"
সেতার	তিন তারের সমাহার	"
ষড়ঋতু	ছয় ঋতুর সমাহার	দ্বিগু
সাতসমুদ্র	সাত সমুদ্রের সমাহার	"
চৌরাস্তা	চার রাস্তার সমাহার	"
ত্রিকাল	তিন কালের সমাহার	"
ত্রিভুবন	তিন ভুবনের সমাহার	"
ত্রিজগৎ	তিন জগতের সমাহার	"
পঞ্চ নদ	পঞ্চনদের সমাহার	"
পঞ্চবটী	পঞ্চবটের সমাহার	"
চৌমাথা	চার মাথার সমাহার	"
সপ্তাহ	সপ্ত অহের সমাহার	"
আলুভাজা	ভাজা যে আলু	কর্মধারায়
উড়োজাহাজ	উড়ে যে জাহাজ	"
কাঁচকলা	কাঁচা যে কলা	"
কাপুরুষ	কু যে পুরুষ	"
কাঁচাপাকা	খানিক কাঁচা খানিক পাকা	"
কাচামিঠা	যা কাঁচা তাই মিঠা	"
মহানবী	মহান যে নবী	"
লাটসাহেব	যিনি লাট তিনিই সাহেব	কর্মধারায়
প্রতিবাদ	প্রতি যে বাদ	"
ফুলশার্ট	ফুল যে শার্ট	"
বীরপুরুষ	বীর যে পুরুষ	"
মহারাজা	মহান যে রাজা	"
একাদশ	একের অধিক দশ	"
মহা পুরুষ	মহান যে পুরুষ	"
ঈগল পাখি	ঈগল নামের যে পাখি	"
রাজর্ষি	যিনি রাজা তিনিই ঋষি	"
গজমূর্খ	গজের ন্যায় মূর্খ	"

CamScanner

প্রদত্ত শব্দ	ব্যাসবাক্য	সমাসের নাম
কানাকানি	কানে কানে যে কথা	ব্যতিহার বহুব্রীহি
গালাগালি	গলায় গলায় যে ভাব	"
চুলাচুলি	চুলে চুলে যে যুদ্ধ	"
ঠেলাঠেলি	ঠেলায় ঠেলায় যে কাজ	"
হাসাহাসি	হাসতে হাসতে যে কাজ	"
হাতাহাতি	হাতে হাতে যে লড়াই	"
লাঠালাঠি	লাঠিতে লাঠিতে যে যুদ্ধ	"
ঘরজামাই	ঘরে আশ্রিত জামাই	মধ্যপদলোপী কর্মধারায়
ঘিভাত	ঘি মাখা ভাত	"
চালকুমড়া	চালে ধরে যে কুমড়া	"
জীবনবীমা	জীবনের জন্য বীমা	"
পলান্ন	পল মিশ্রিত অন্ন	"
বৌভাত	বৌ পরিবেশন করা ভাত	"
হাত ঘড়ি	হাতে পরার ঘড়ি	"
হাত পাখা	হাতে চালিত পাখা	"
সিংহাসন	সিংহ চিহ্নিত আসন	"
মৌমাছি	মধু সঞ্চয়ী যে মাছি	"
হাটুজল	হাটু পরিমান জল	"
পুরুষ সিংহ	পুরুষ সিংহের ন্যায়	উপমিত কর্মধারায়
মুখচন্দ্র	মুখ চন্দ্রের ন্যায়	"
পদ্মচরন	চরন পদ্মের ন্যায়	"
করপল্লব	কর পল্লবের ন্যায়	"
চরণকমল	চরণ কমলের ন্যায়	"
নরসিংহ	নর সিংহের ন্যায়	"
ফুল কুমারী	কুমারী ফুলের ন্যায়	"
ফুলবাবু	বাবু ফুলের ন্যায়	"
চাঁদবদন	বদন চাঁদের ন্যায়	"
বিদ্যাধন	বিদ্যা রূপন ধন	রূপক কর্মধারায়
মনমাঝি	মন রূপ মাঝি	"
বিষাদসিন্ধু	বিষাদ রূপ সিন্ধ	"
শোকানল	শোক রূপ অনল	"
পরাণ পাখি	পরাণ রূপ পাখি	"
আনন্দ সাগর	আনন্দ রূপ সাগর	"
সংসার সাগর	সংসার রূপ সাগর	"
ক্রোধানল	ক্রোধ রূপ নল	"
তুষার ধবল	তুষারের ন্যায় ধবল	উপমান কর্মধারায়
তুষার শুভ্র	তুষারের ন্যায় শুভ্র	"

প্রদত্ত শব্দ	ব্যাসবাক্য	সমাসের নাম
মিশকালো	মিশের মত কাল	উপমান কর্মধারায়
কমলাক্ষ	কমলের ন্যায় অক্ষ	"
দেশান্তর	অন্য দেশ	নিত্যসমাস
গ্রামান্তর	অন্য গ্রাম	"
যুগান্তর	অন্য যুগ	"
লোকটি	একটি লোক	"
গৃহান্তর	অন্য গৃহ	"
কলাবেচা	কলাকে বেচা	২য়া তৎপুরুষ
চির সুখী	চিরকাল ব্যাপীয়া সুখ	ষষ্ঠী তৎপুরুষ
অর্ধমৃত	অর্ধ রূপে মৃত	"
ক্ষনস্থায়ী	ক্ষণকাল ব্যাপীয় স্থায়ী	"
সংখ্যাতীত	সংখ্যাকে অতীত	"
শিক্ষামন্ত্রী	শিক্ষার মন্ত্রী	"
রাজধানী	রাজার ধানী	"
রাজ কুমার	রাজার কুমার	"
রাজপথ	পথের রাজা	"
রাজপুত্র	রাজার পুত্র	"
ফুলবাগান	ফুলের বাগান	"
প্রশ্নকর্তা	প্রশ্নের কর্তা	"
জনপথ	জনগনের পথ	"
গণতন্ত্র	গনের তন্ত্র	"
চাবাগান	চায়ের বাগান	"
গালভরা	গালে ভরা	৭মী তৎপুরুষ
গাছপাকা	গাছে পাকা	"
বনবাস	বনে বাস	"
ভোজনবিলাসী	ভোজনে বিলাসী	"
মনমরা	মনে মরা যে	"
ঋনমুক্ত	ঋন হতে মুক্ত	৫মী তৎপুরুষ
গদিচ্যুত	গদি হতে চ্যুত	"
পদচ্যুত	পদ হতে চ্যুত	"
দল ছুট	দল হতে ছুট	"
জেলমুক্ত	জেল হতে মুক্ত	"
আগাগোড়া	আগা হতে গোড়া	"
মনগড়া	মন দ্বারা গড়া	৩য় তৎপুরুষ
মধুমাখা	মধু দ্বারা মাখা	"
কাঁচি ছাটা	কাঁচি দ্বারা ছাটা	"

এক কথায় প্রকাশ/বাক্য সংকোচন

অ

অগ্রে যে গমন করে – অগ্রগামী।
অকালের ফুল – অকাল কুসুম।
অনু সংক্রান্ত যা – আণবিক।
অণুকে দেখা যায় যার দ্বারা – অণুবীক্ষণ।
অতর্কিত অবস্থায় আক্রমণকারী – আততায়ী।
অতি আসন্ন – প্রত্যাসন্ন।
অতি গুণবান পুত্রের জননী – রত্নগর্ভা।
অতি দীর্ঘ নয় – নাতিদীর্ঘ।
অতি বিকট হাসি – অট্টহাসি।
অতি মূল্য যার – মহার্ঘ্য, অমূল্য।
অতিশয় ধনশালী ব্যক্তি – ধনকুবের।
অতিথির আপ্যায়ন – আতিথ্য।
অতি উন্নত মতি যার – মহামতি।
অতি কষ্টে যা নিবারণ করা যায় – দুর্নিবার।
অতীত কাহিনী – ইতিহাস।
অতীত, বর্তমান, ভবিষ্যৎ যিনি জানতে পারে – ত্রিকালদর্শী।
অধিক উক্তি – অত্যুক্তি।
অধিক বয়স যার – বয়োবৃদ্ধ।
অন্ত নেই যার – অনন্ত।
অন্বেষণ করার ইচ্ছা – অন্বেষা।
অর্থ হীন উক্তি – প্রলাপ।
অর্ধেক রাজী – নিমরাজী।
অগভীর সতর্ক নিদ্রা – কাকনিদ্রা।
অল্প কথা বলে যে – মিতভাষী।
অল্পক্ষণের জন্য – ক্ষণিক।
অল্পেই ভাঙে যা – ক্ষণভঙ্গুর।
আশ্ব, হস্তী, রথ ও পদাতিক – চতুরঙ্গ।
অশ্বের ডাক – হ্রেষা।
অকালে জাত কুষ্মাণ্ড – অকাল কুষ্মাণ্ড।
অকালে যে পেকে গেছে – অকালপক্ব।
অগ্রসর হয়ে অভ্যর্থনা – প্রত্যুদ্গমন।
অগ্রে দান গ্রহণ করে যে – অগ্রদানী।
অগ্রে বর্তমান থাকে যে – অগ্রবর্তী।
অর্থ নাই যার – নিরর্থক।
অনায়াসে লাভ করা যায় এমন – অনায়াসলভ্য।
অন্য ভাষায় রূপান্তর – অনুবাদ।
অভ্র লেহন করে যে – অভ্রংলেহী।
অশ্বে আরোহণ করে যে ব্যক্তি বা সৈনিক – অশ্বারোহী।
অশ্রুর দ্বারা সিক্ত – অশ্রুসিক্ত।
অস্ত্রের দ্বারা উপচার – অস্ত্রোপাচার।
অসম সাহস যার – অসমসাহসিক।
অস্থায়ীভাবে বাস করার মত স্থান – বাসা।
অহঙ্কার করে যে – অহঙ্কারী।
অনাবৃত দেহে রৌদ্র স্নান – সূর্যস্নান।
অনুকরণ করার ইচ্ছা – অনুচিকীর্ষা।
অনুসরণ করে যে – অনুসারী।
অনুকরণে ইচ্ছুক – অনুচিকীর্ষু।
অনুসন্ধান করার ইচ্ছা – অনুসন্ধিৎসা
অনেকের মধ্যে এক – অন্যতম।
অপকার করার ইচ্ছা –অপচিকীর্ষা।
অপঘাতে মৃত্যু – অপমৃত্যু।
অপরের দুঃখে যে দুঃখিত হয় – দরদী।
অবলীলার সঙ্গে – সাবলীল।
অবশ্যই যা হবে – অবশ্যম্ভাবী।
অরিকে দমন করে যে – অরিন্দম।
অলঙ্কারের শব্দ - শিঞ্জন।
অসৎপথে গমন করে যে – উন্মার্গগামী।
অসূয়া নেই এমন নারী – অনসূয়া।
অক্ষির সম্মুখে – পত্যক্ষ।
অক্ষীর সমীপে – সমক্ষ।
অগ্রপশ্চাৎ না ভেবে কাজ করে করে – অবিমৃশ্যকারী।
অগ্রপশ্চাৎ বিবেচনা করে না যে – অবিবেচক।
অগ্রে গণনার যোগ্য – অগ্রগণ্য।
অগ্রে জন্ম যার – অগ্রজ।
অত্যন্ত প্রফুল্ল – উৎফুল্ল।
অধ্যাপনা করেন যিনি – অধ্যাপক।
অন্ত নেই যার – অনন্ত।
অন্ত্য যে ইষ্টি – অন্ত্যেষ্টি।
অন্তর্গত অপ যার – অন্তরীপ।
অন্তরে অবস্থান করেন যিনি – অন্তর্যামী।
অন্য উপায় নেই যার – অনন্যোপায়।
অন্য কাল – কালান্তর।
অন্য কারো প্রতি আসক্ত হয় না যে নারী – অনন্যা।
অন্য কোনো কর্ম নেই যার – অনন্যকর্মা।
অন্য গতি না থাকায় – অগত্যা।
অন্য গৃহ – গৃহান্তর।
অন্য দিকে মন নেই যার – অনন্যমনা।
অন্য দেশ – দেশান্তর।

অন্য বিষয়ে বা দিকে মন যার – অন্যমনস্ক।
অন্য ভাষায় রূপান্তরিত – অনূদিত।
অন্য যুগ – যুগান্তর।
অনুগতের ভাব – আনুগত্য।

আ

আদব কায়দা জানে না যে – আদরণীয়।
আদি নেই যার – অনাদি।
আনন্দের সঙ্গে বর্তমান – সানন্দ।
আপনার বর্ণ লুকায় যে – বর্ণচোরা।
আবক্ষ জলে নেমে স্নান – আবগাহন।
আবেগ জনিত কণ্ঠস্বর – গদগদ।
আমৃত্যু যুদ্ধ করে যে – সংশপ্তক।
আরাধনার যোগ্য যিনি – আরাধ্য।
আরোগ্য হওয়া কঠিন এমন – দুরারোগ্য।
আলস্য নেই যার – নিরালস।
আশীতে বিষ যার – আশীবিষ।
আয় অনুসারে ব্যয় করে যে – মিতব্যয়ী।
আয়নায় প্রতিফলিত রূপ – প্রতিবিম্ব।
আড়ম্বরের সঙ্গে বর্তমান - সাড়ম্বর।
আড়ালে থেকে অন্যের কথা শোনা - আড়িপাতা।
আশ্রয় নেই যার – নিরাশ্রয়।
আহ্বান করা হয়েছে যাকে – আহূত।
আকাশের মত রঙ – আকাশী (নীল)।
আকাশে গমন করে যা – বিহগ, বিহঙ্গ।
আত্ম বিষয়কেই সর্বস্ব বলে মনে করে - আত্মসর্বস্ব।
আদরের সাথে – সাদরে।
আদি হতে অন্ত পর্যন্ত – আদ্যন্ত, আদ্যোপান্ত।
আপনাকে যে ভুলে থাকে – আপনভোলা, আত্মভোলা।
আপনাকে যে হত্যা করে – আত্মঘাতী।
আসমানের মত রঙ – আসমানী।
আকারের সঙ্গে বিদ্যমান – সাকার।
আকাশ ও পৃথিবী - ক্রন্দসী।
আগমনের কোন তিথি নেই যার – অতিথি।
আগুনের ফুলকি – স্ফুলিঙ্গ।
আগে যা চিন্তা করা হয়নি – অচিন্তিতপূর্ব।
আকাশে উড়ে বেড়ায় যে – খেচর।
আমিষের অভাব – নিরামিষ।
আজন্ম শত্রু – জাতশত্রু।
আট প্রহর পরার মতো - আটপৌরে।
আস মাসে জন্ম যার – আটাশে।

ই

ইহলোকের পরবর্তী লোক – পরলোক।
ইহার তুল্য বা সদৃশ – ঈদৃশ।
ইচ্ছামত কাজ বা আচরণ যে করে – স্বেচ্ছাচারী।
ইচ্ছার অনুরূপ বা অধীন – ঐচ্ছিক।
ইন্দ্রকে জয় করেছে যে – ইন্দ্রজিৎ।
ইতঃস্তত ভ্রমণ – বিচরণ।
ইতঃস্তত গমনশালী – ভ্রাম্যমাণ।
ইতিপূর্বে দণ্ডিত ব্যক্তি – দাগী।
ইতিহাস জানেন যিনি – ঐতিহাসিক।
ইরাবতে জাত – ঐরাবত।
ইন্দ্রিয়কে জয় করেছেন যিনি – জিতেন্দ্রিয়।
ইষ্টকে অতিক্রম না করে – যথেষ্ট।

ঈ

ঈষৎ পাংশুবর্ণ – কয়রা।
ঈষৎ পাণ্ডুবর্ণ – ধূসর।
ঈষৎ পীতবর্ণ – পীতাভ।
ঈশ্বরে যার বিশ্বস নেই – নাস্তিক।
ঈশ্বরে যার বিশ্বাস আছে – আস্তিক।
ঈষৎ রক্তবর্ণ – আরক্ত।
ঈষৎ বক্র – বঙ্কিম।
ঈষৎ আমিষ্য গন্ধবিশিষ্ট – আঁষটে।
ঈষৎ রুগ্ন – রোগাটে।

উ

উপস্থিত আছে যা – বর্তমান।
উপাধি আছে যার – উপাধিক।
উপস্থিত বুদ্ধি আছে যার – প্রত্যুৎপন্নমতি।
উভয় তীর আছে যার – পারাবার।
উভয় হাত যার সমান চলে – সব্যসাচী।
উপায় নেই যার – নিরুপায়।
উড়ন্ত পাখির ঝাঁক – বলাকা।
উৎসবের নিমিত্ত নির্মিত গৃহ – মণ্ডপ।
উচ্চ হাস্যকারী – অট্টহাসক।
উর্বর নয় যা – অনুর্বর।
উল্লেখ করা হয় না যা – উহ্য।
উল্লেখ নেই অথচ যার অস্তিত্ব স্বীকার করা হয় – উহ্য।
উচিৎ নয় যা – অনুচিত।
উপকার করার ইচ্ছা – উপচিকীর্ষা।
উপকার স্বীকার করে না যে – অকৃতজ্ঞ।
উপকারীর অপকার করে যে – কৃতঘ্ন।

উপমা নেই যে নারীর – নিরুপমা।
উদিত হয়নি যা – অনুদিত।
উদিত হচ্ছে এমন – উদীয়মান।
উপন্যাস রচয়িতা – ঔপন্যাসিক।
উপনিষদ সম্বন্ধীয় – ঔপনিষদ।
উপমা নেই যার – নিরুপমা/অনুপম।
উপযুক্ত বয়স হয়েছে যার – সাবালক।
উন্নত নয় যা – অনুন্নত।

উ

উর্ধ্ব বাহু যার – উদ্বাহু।
উর্ধ্ব মুখে সাঁতার – চিৎসাঁতার।
উর্ণ নাভিতে যার – উর্ণনাভ।
উর্ধ্ব থেকে নেমে আসা – অবতরণ।
উর্ধ্ব দিকে গতি যার – উর্ধ্বগতি।
উর্ধ্ব দিকে বিচরণ করে যে – উর্ধ্বচারী।

ঋ

ঋণ দেয় যে – উত্তমর্ণ।
ঋণগ্রস্ত অবস্থা – ঋণিতা।
ঋণ শোধে অসমর্থ যে – দেউলিয়া।
ঋণ গ্রহণ করে যে – অধমর্ণ।
ঋষি সম্বন্ধীয় – আর্য।

এ

একটুতেই যে ক্রুদ্ধ হয় – বদরাগী, রগচটা।
এক গোত্র যার – সগোত্র।
এক থেকে আরম্ভ করে – একাদিক্রমে।
একই কর্মের সঙ্গী – সহকর্মী।
একই অর্থের শব্দ - প্রতিশব্দ।
একান্ত অনুগত – নেওটা।
একস্থান থেকে অন্যস্থানে ঘুরে বেড়ায় যে – যাযাবর।
এক সঙ্গে বসবাস – সহবাস।
এত মতের ভাব – ঐকমত্য
এক যুগের সারা, অন্য যুগের শুরু – যুগসন্ধি।
একবার সন্তান প্রসব করেন যিনি – কাকবন্ধ্যা।
একবার শুনলেই যার মনে থাকে – শ্রুতিধর।
একবস্তুকে অন্য বস্তু মনে করা – মতিভ্রম।
এক দিনের পথ – মঞ্জিল।
এক পাড়ার লোক – পড়শি।
একতান বিশিষ্ট স্বর – ঐকতান।
এক জন্ম থেকে অন্য জন্ম – জন্মজন্মান্তর।
এইমাত্র যে স্নান করেছে – সদ্যোস্নাত।
একদিকে গোঁ যার – একগুঁয়ে।
একত্র আগত – সমাগত।
একা একা কথা বলা – স্বগতোক্তি।
এখনও যার শত্রু জন্মায়নি – অজাতশত্রু।
একের পরিবর্তে অন্য – বিকল্প।
একই সময়ে বর্তমান – সমসাময়িক।
একই সঙ্গে – যুগপৎ।
একই মায়ের পুত্র – সহোদর।
এসেছেন যিনি অথচ অপরিচিত – আগন্তুক।
এলো কেশ যে নারীর – এলোকেশী।
এখন ভস্মে পরিণত হয়েছে – ভস্মীভূত।
এখন বশে এসেছে – বশীভূত।
এক বিষয়ে যার চিত্ত নিবিষ্ট – একাগ্রচিত্ত।
একই কালে বর্তমান – সমকালীন।
একই গুরুর শিষ্য – সতীর্থ।
একই ধারায় বয়ে চলেছে যা – ধারাবাহিক।
একই পথের পথিক – হামরাহী।
একই বিষয়ে নিবিষ্ট চিত্ত যার – একাগ্রচিত্ত।

ঐ

ঐক্যের অভাব – অনৈক্য।
ঐশ্বর্যের অধিকারী যিনি – ঐশ্বর্যবান।
ঐতিহাসিক কালের পূর্ববর্তী – প্রাগৈতিহাসিক।

ও

ওপরের দিকে নিবদ্ধ দৃষ্টি – উদ্ধদৃষ্টি।
ওজন পরিমাপক – তুলাদণ্ড।
ঔষধি থেকে জাত – ঔষধ।
ঔষধ সংযোগে রক্ষিত মৃতদেহ – মমি।
ঔষধের দোকান – ঔষধালয়।

ক

কন্যার পুত্র – দৌহিত্র।
কর্ণ পর্যন্ত – আকর্ণ।
কণ্ঠ পর্যন্ত –আকণ্ঠ।
করার যোগ্য – করণীয়।
কর দিতে হয় না যে জমির – নিষ্কর।
কোথাও উঁচু কোথাও নিচু – বন্ধুর।
ক্রমাগত দুলছে এমন – দোদুল্যমান।
ক্রমশ নিচু – নাবাল।
কর্মে চারণ করে যে – কর্মচারী।
কল্যাণ কামনায় উচ্চারণ – আশীর্বাদ।
কষ্ট সহ্য করতে পারে যে – কষ্টসহিষ্ণু

CamScanner

কষ্টে নিবারণ করা যায় যা – দুর্নিবার।
কাঁচের তৈরি ঘর – শিশমহল।
কূলের যোগ্য – অনুকূল।
কোথাও হতে ভয় নেই যায় – অকুতোভয়।
কষ্টে উচ্চারণ করতে হয় যা – দুরুচ্চার্য।
কখনো মৃত্যু হয় না যার – অমর।
কচি ঘাসে ঢাকা জমি – শাদ্বল।
কথায় পটু – বাগীশ।
কথায় কথায় যে কাঁদে – ছিচকাঁদুনে।
কথা যে বলতে পারে না – অবলা।
কথায় যা প্রকাশ করা যায় না – অনির্বচনীয়।
কনুই থেকে কবজি পর্যন্ত – রত্নী।
কিছু নেই যার – নিঃস্ব।
কুবেরের ধন রক্ষক – যক্ষ।
কুৎসিত আকার যার – কদাকার।
কুম্ভ করে যে – কুম্ভকার।
কৃষি মাতা যে দেশের – কৃষিমাতৃক।
কৃষি যার জীবিকা – কৃষিজীবী।
কৃত্রিম জলাশয় – পুষ্করিণী।
কৃষ্ণপক্ষের শেষ তিথি – অমাবস্যা
কমুদশোভিত পুষ্করিণী – কৌমুদিনী।
কেবল এক বিষয়ে চিত্ত যার – একাগ্রচিত্ত।
কেবল তাই – তন্মাত্র।
কোকিলের ডাক – কুহু।
কোনো উপকারে আসে না যে গাছ – আগাছা।
কোন কিছু থেকেই যে ভীত নয় – অকুতোভয়।
কোনো কিছু পাবার ইচ্ছা – লিপ্সা।
কোনো কিছুর চারদিকে আবর্তন – প্রদক্ষিণ।
কোন বিষয়ে নতুন পথ নির্দেশ করে যে – পথিকৃৎ।
কাতর না হয়ে – অকাতরে।
কোথাও নত কোথাও উন্নত – নতোন্নত।
কর্মে অতিশয় দক্ষ – কর্মঠ।
কর্মে অতিশয় কুশল – কর্মকুশল।
কর্মে যার ক্লান্তি নেই – অক্লান্তকর্মী।
কামনা দূর হয়েছে যার – বীতকাম।
ক্রমশই বর্ধিত হচ্ছে যা – ক্রমবর্ধমান।
কি করতে হবে তা যে বুঝতে পারে না – কিংকর্তব্যবিমূঢ়।
কেউ জানতে না পারে এই রূপ ভাবে – অজ্ঞাতসারে।
ক্রমকে বজায় রেখে – যথাক্রমে, ক্রমান্বয়ে।
ক্রমে এসেছে – ক্রমাগত।
ক্ষণস্থায়ী প্রভা যার – ক্ষণপ্রভা।
ক্ষণে ক্ষণে যার খেয়াল বদলায় – খামখেয়ালী।
ক্ষয়প্রাপ্ত হচ্ছে যা – ক্ষীয়মান।
ক্ষমা পাওয়ার যোগ্য – ক্ষমার্হ।
ক্ষুদ্র নাটক – নাটিকা।

খ

খাজনা আদায় করে যে – খাজাঞ্চি।
খুব শীত নয় খুব গরমও নয় – নাতিশীতোষ্ণ।
খাওয়ার উপযুক্ত –খাদ্য।
খেয়া পার করে যে – পাটনী।
খোশ (আনন্দে পূর্ণ) মেজাজ যার – খোশমেজাজী।
খাওয়ার ইচ্ছা – ক্ষুধা।
খাওয়ার জন্য যে খরচ – খাই খরচ।
খেলায় দক্ষ যিনি – খোলোয়াড়।
খ্যাতি আছে যার – খ্যাতিমান।

গ

গমন করতে পারে যে – জঙ্গম।
গমন করে না যে – নগ।
গলায় গলায় যে ভাব – গলাগলি।
গ্রন্থাদির টীকা – দীপিকা।
গ্রন্থের সংকলন ও পরিমার্জক – সম্পাদক।
গিরির ঈশ – গিরিশ।
গিরিরাজের কন্যা – গিরিজা।
গুরুগৃহে বাস করে যে – অন্তেবাসী।
গুরুর পত্নী – গুর্বী।
গুরুর ভাব – গরিমা।
গৃহের প্রধান প্রবেশদ্বার – দেড়লি।
গোচরে নয় যা – অগোচরে।
গোপন করতে ইচ্ছুক – জুগুপ্সু
গোপনে অবস্থান – অজ্ঞাতবাস।
গোপনে সংবাদ সংগ্রহকারী – গুপ্তচর।
গরুর পা থেকে ধূলো ওড়ে যখন – গোধূলি।
গরুর মুখের মতো মুখ – গোমুখ।
গোয়ালার মেয়ে – গোপী।
গৌরবের সঙ্গে বর্তমান - সগৌরবে।
গ্রীবা যার সুন্দর – সুগ্রীব।
গোলাপের মতো রঙ যার – গোলাপী।
গজের মুখের মত মুখ যার – গজানন।
গণনার যোগ্য নয় যা – নগণ্য।
গবাদি পশুর পাল – বাথান।

গভীর জ্ঞান - প্রজ্ঞা।
গভীর রাত্রি – নিশীথ।

ঘ

ঘৃণার যোগ্য – ঘৃণ্য, ঘৃণার্হ।
ঘরে পালিত যে জামাই – ঘরজামাই।
ঘটনার বিবরণ দান – প্রতিবেদন।
ঘরের অভাব যার – হা-ঘরে।
ঘরের দিকে মুখ যার – ঘরমুখো।
ঘাম ঝরে পড়েছে এমন – গলদঘর্ম।
ঘুমাচ্ছে এমন – ঘুমন্ত।
ঘুরছে যা – ঘূর্ণায়মান।
ঘোড়া রাখার জায়গা – আস্তাবল।
ঘর নেই যার – হা-ঘর।

চ

চক্ষু লজ্জা নেই যার – চশমখোর।
চক্ষুর নিমেষকাল – পলক।
চর্বিত খাদ্যের পুনরায় চর্বণ – জাবর।
চার রাস্তার মিলনস্থল – চৌরাস্তা।
চার পা বিশিষ্ট – চৌপায়া।
চামড়ার কাজ বৃত্তি যার – চর্মকার।
চৌত্রিশ অক্ষরের স্তব – চৌতিশা।
চোখের জল – অশ্রু।
চোখ সুন্দর যে নারীর – সুনয়না।
চট করে মেজাজ খারাপ করেন যিনি – বদমেজাজী।
চতুর্দশপদী কবিতা – সনেট।
চতুর্দিকে প্রচার – সম্প্রচার।
চলছে এমন ছবি – চলচ্চিত্র।
চুষে খেতে হয় এমন – চোষ্য।
চিরকাল মনে রাখার যোগ্য –চিরস্মরণীয়।
চাঁদের মতন – চাঁদপানা।
চর্বণ করে খাওয়া যায় যা – চর্ব্য।
চিরস্থায়ী নয় যা – নশ্বর।
চিরকালব্যাপী স্থায়ী – চিরস্থায়ী।
চিবিয়ে খেতে হয় যা – চর্ব্য।
চক্ষুর সম্মুখে – প্রত্যক্ষ।
চক্ষুর আড়ালে – পরোক্ষ।
চন্দ্র চূড়াতে যার – চন্দ্রচূড়।

ছ

ছয় মাস অন্তর – ষান্মাসিক।
ছল করে কান্না – মায়াকান্না।
ছিন্ন বস্ত্র – চীর।
ছেদনের যোগ্য – ছেদ্য।
ছোট গীতি কবিতা – গীতিকা।
ছেলে ধরে যে – ছেলেধরা।
ছায়া প্রধান তরু – ছায়াতরু।

জ

জন্ম থেকে অন্ধ – জন্মান্ধ।
জঙ্গলে বা বনে উৎপন্ন – বাদাড়ে।
জয় সূচক উৎসব – জয়ন্তী।
জয়লাভ করার ইচ্ছা – জিগীষা।
জয় করা কঠিন এমন – দুর্জয়।
জ্বলজ্বল করছে এমন – জাজ্বল্যমান।
জ্বলন্ত ধূমের পুচ্ছযুক্ত জ্যোতিষ্ক – ধুমকেতু।
জানার ইচ্ছা – জিজ্ঞাসা।
জানু পর্যন্ত লম্বিত – আজানুলম্বিত।
জাতি থেকে ভ্রষ্ট – জাতিভ্রষ্ট।
জানা যায় না যা – অজ্ঞেয়।
জানা উচিৎ – জ্ঞাতব্য।
জায়া ও পতি – দম্পতি।
জীবনধারণের উপায় – জীবিকা।
জীবন থেকেও মৃতের মতো – জীবন্মৃত।
জনবহুল স্থান – জনাকীর্ণ।
রব শুনে এসেছেন যিনি – রবাহুত।
জটা আছে যার –জটাধর।
জলেও চরে স্থলেও চলে – উভচর।
জলে জন্ম যার – জলজ।
জলে চরে যে – জলচর।
জমির জরিপকারী সরকারি কর্মচারী – কানুনগো।
জমির পরিমাপ – জরিপ।
জানতে ইচ্ছুক – জিজ্ঞাসু।
জানবার ইচ্ছা – জিজ্ঞাসা।
জন্ম নেই যার – অজ।
জল পানের জন্য দেয় অর্থ – জলপানি।

ঝ

ঝিনুকের গর্ভজাত রত্ন – মুক্তা।
ঝন ঝন শব্দ – ঝঙ্কার, ঝনৎকার।

ট

টকটকে লাল – কাস্তা।
টাকা ধার দেয়ার কাজ – মহাজনী।
টাকাকড়ি ও সম্পদ – ধনদৌলত।

CamScanner

টোল পড়েনি এমন – নিটোল।
ঠ
ঠাণ্ডা ও গরম – শীতোষ্ণ।
ঠাণ্ডায় পীড়িত – শীতার্ত।
ঠিক বিপরীত দিকে অবস্থিত – প্রতীপ
ড
ডিঙি বাইবার দাঁড় – বৈঠা।
ডিম ফোটাবার জন্য তাপ – তা।
ডিম্বাশয়ের মধ্যে প্রাণকোষ – ডিম্বাণু।
ডুব দিয়ে আনে যে – ডুবুরী।
ডাক বহন করে যে – ডাকহরকরা।
ডালিমের কুঁড়ি – আনারকলি
ঢ
ঢিপির মতো – ঢ্যাপসা।
ঢাকায় প্রস্তুত – ঢাকাই।
ঢাক বাজায় যে – ঢাকী।
ত
তুমি ও সে – তোমরা।
তবলায় দক্ষ বা নিপুণ – তবলচি।
তপস্যার নিমিত্ত বন – তপোবন।
তীর নিক্ষেপে ওস্তাদ – তীরন্দাজ।
তিন পদের সমাহার – ত্রিপদী।
তার মতো – তাদৃশ।
তালের সমতাহীন/অভাব – বেতাল।
তালু থেকে উচ্চারিত – তালব্য।
তর্কের সঙ্গে বর্তমান – সতর্ক।
তর্কশাস্ত্রে পটু – তার্কিক।
তুরায় গমন করে যে – তুরগ।
তিন ভাগের এক ভাগ – তেহাই।
তিন বেণীর সমাহার – ত্রিবেণী।
তিন ফলের সমাহার – ত্রিফলা।
তিন নয়ন (লোচন) যার – ত্রিনয়ন।
তুচ্ছ জ্ঞানে অবহেলা – তাচ্ছিল্য।
তেলে যা ভাজা হয় – তেলেভাজা।
তিন মোহনার মিলন যেখানে – তেমোহনা।
তুলা দ্বারা তৈরি – তুলোট।
থ
থেমে থেমে চলার ভঙ্গি – ঠমক।
থই পাওয়া যায় না যেখানে – অথৈ।
থাবার আঘাত – থাপ্পড়।

দ
দ্বীপের সদৃশ – উপদ্বীপ।
দীর্ঘকাল ব্যাপী চর্চা – অনুশীলন।
দীনের ভাব – দৈন্য।
দিবসের শেষভাগ – অপরাহ্ণ।
দিবসের মধ্যভাগ – মধ্যাহ্ন।
দিবসের প্রথমভাগ – পূর্বাহ্ণ।
দিনে একবার মাত্র আহার করেন যিনি – একাহারী।
দুষ্ট আচার যার – দুরাচার।
দশরথের পুত্র – দাশরথি।
দশ আনন বা মুখ যার – দশানন।
দমের অভাব – বেদম।
দমন করা যায় না যাকে – অদম্য।
দাঁতে বিষ যার – আশিবিষ।
দার পরিগ্রহ করেননি যিনি – অকৃতদার।
দানের বিপরীত – প্রতিদান।
দান করার যোগ্য – দেয়।
দান করা হয় যা – দাতব্য।
দ্রব হয়েছে যা – দ্রবীভূত।
দর্শনশাস্ত্র জানেন যিনি – দার্শনিক।
দায় আছে যার – সদয়।
দুই পর্বতের মধ্যবর্তী নিম্নভূমি – উপত্যকা।
দুই দিকে অপ (জল) যার – দ্বীপ।
দুগ্ধ হতে পোষ্য লাভ করে যে – দুগ্ধপোষ্য।
দুষ্কর যেখানে গমন করা – দুর্গম।
দুঃখজনক ঘটনা – দুর্ঘটনা।
দুবার বলা – দ্বিরুক্তি।
দুই সময়ের মিলনের মুহূর্ত – সন্ধিক্ষণ।
দুই রথীর যুদ্ধ – দ্বৈরথ।
দুইবার জন্ম যার – দ্বিজ।
দূরকে দেখাবার যন্ত্র – দূরবীন।
দূরের ঘটনা দেখা যায় যাতে – দূরদর্শন।
দর্শন করতে ইচ্ছুক – দিদৃক্ষু।
দেখার ইচ্ছা – দিদৃক্ষা।
দেখার যোগ্য – দ্রষ্টব্য।
দৈনন্দিন জীবনের লিখিত বিবরণ – রোজনামচা।
দেহে, মনে ও কথায় – কায়মনোবাক্যে।
দেশের প্রতি প্রেম আছে যার – দেশপ্রেমিক।
দান করেন যিনি – দাতা।
দিন ও রাত্রিব্যাপী – দিবারাত্রি।

দিনের আলো ও রাত্রির অন্ধকারের সন্ধিক্ষণ – গোধূলী।
দমন করা কষ্টকর যাকে – দুর্দমনীয়।
দূর ভবিষ্যৎ ভেবে দেখে না যে – অদূরদর্শী।
ধ
ধন জয় করেন যিনি – ধনঞ্জয়।
ধর্মই আত্মা যার – ধর্মাত্মা।
ধনু দ্বারা যুদ্ধে নিপুন যিনি – ধনুর্ধর।
ধনুকের শব্দ – টংকার।
ধী শক্তির অধিকারী – ধীমান।
ধীরে যে গমন করে – ধীরগামী, মন্দগামী।
ধ্যানের যোগ্য – ধ্যেয়।
ধ্যানে যিনি মগ্ন – ধ্যানস্থ।
ধারা ধরে যা চলে – ধারাবাহিক।
ধানের মতো যার রং – ধানী।
ধান থেকে উৎপন্ন – ধেনো।
ধর্মের প্রতি নিষ্ঠাবান – ধর্মিষ্ঠ।
ধূলায় পরিণত – ধূলিসাৎ।
ধূলার মতো রঙ যার – পাংশুল।
ধোঁয়ার মতো অস্পষ্ট – ধোঁয়াটে।
ধৈর্য অবলম্বন – সবুর।
ন
নূপুরের ধ্বনি – নিক্কণ।
নাটকের পাত্রপাত্রী – কুশীলব।
নাই শোক যার – অশোক।
নাই মূল যার – নির্মূল।
নাই মল যার – নির্মল।
নাই মমতা যার – নির্মম।
নব প্রসূতা গাভী – ধেনু।
নদীর বালুকাময় তট – সৈকত।
নদী মাতা যে দেশের – নদীমাতৃক।
নতুনত্বে বিরোধী – রক্ষণশীল।
নতুন সূর্য – নবারুণ।
নতুন আরম্ভ – মহরৎ।
নতুন অন্নের উৎসব – নবান্ন।
নগরের উপকণ্ঠে – উপনগর।
নয় বাধ্য – অবাধ্য।
নয় প্রিয় – অপ্রিয়।
নয় অতিদীর্ঘ – নাতিদীর্ঘ।
নমস্কারের যোগ্য – নমস্য।
নাই ফল যার – নিষ্ফল।

নাই পক্ষ যার – নিরপেক্ষ।
নাই কর্ম যার – নিষ্কর্মা
নাই ঈমান যার – বেঈমান।
নাই আশা যার – নিরাশা।
নাই আবরণ যার – দিগম্বর।
নাই আনন্দ যার – নিরানন্দ।
নাই রাজা যে দেশে – অরাজক।
নাসিকা থেকে উচ্চারিত – নাসিক্য।
নারীর লীলায়িত নৃত্য – লাস্য।
ন্যাকার ভাব – ন্যাকামি।
ন্যায় বিচার – ইনসাফ।
ন্যায্য অধিকার – হক।
নৌকা চালায় যে – নাবিক।
নৌ বা নৌকা চলাচলের যোগ্য – নাব্য।
নেশার দ্রব্য – মাদক।
নৃত্যকলার উদ্ভাবক – নটরাজ।
ন্যায় শাস্ত্র জানেন যিনি – নৈয়ায়িক।
নিকৃষ্ট ব্যক্তি – অর্জন।
নিজেই পতি নির্বাচন করে যে – স্বয়ংবরা।
নিজেকে পণ্ডিত মনে করে যে – পণ্ডিতম্মন্য।
নিন্দা করার ইচ্ছা – জুগুপ্সা
নিত্য আনন্দ যার – নিত্যানন্দ।
নিজেদের পরিচালিত শাসন – স্বায়ত্তশাসন।
নিজেকে হীন মনে করে যে – হীনমন্য।
নিজেকে হত্যা করে যে – আত্মঘাতী।
নিজেকে সামলাতে পারে না যে – অসংযমী।
নিমন্ত্রণ না করা সত্ত্বেও যিনি উপস্থিত - অনাহূত।
নতুন বিবাহিত স্ত্রী – নবোঢ়া।
নেই রদ (দাঁত) যার – নীরদ।
প
পাঁজরের হাড় কম যার – উনপাঁজুরে।
পরে জন্মেছে যে – অনুজ।
পরিমিত ব্যয় করে যে – মিতব্যয়ী।
পরিমিত কথা বলে যে – মিতভাষী।
পরিমাণ মতো খায় যে – মিতাহারী।
পরাজিত করা যায় না এমন – অপরাজেয়।
পরস্পরের মধ্যে প্রীতি – সম্প্রীতি।
পঞ্চবর্ষের সমাহার – পঞ্চবটী।
পঞ্চ নদী যেখানে – পঞ্চনদ, পাঞ্জাব।
পঞ্চ আনন যার – পঞ্চানন।

CamScanner

পঁচিশ বছর পূর্তির জন্য যে উৎসব – রজতজয়ন্তী।
পড়ার উপযুক্ত – পাঠ্য।
পয় আছে যার – পয়মন্ত।
পশুকে হত্যা করে যে – কসাই।
পশ্চাতে গমন করে যে – অনুগামী।
পথিকের আহারাদি করার গৃহ – পান্থশালা
পথ দিয়ে পায়ে হেঁটে চলে যে – পথিক।
পথ চলার খরচ – পাথেয়।
পট আঁকেন যিনি – পটুয়া।
পঙ্‌ক্তিতে বসার অযোগ্য – অপাঙ্‌ক্তেয়।
পত্নী বিগত যার – বিপত্নীক।
পঞ্চাশ বছর পূর্তির জন্য যে অনুষ্ঠান – সুবর্ণজয়ন্তী।
পদ্মের মতো সুন্দর চোখ যার – কমলাক্ষ।
প্রতিনিধি স্থানীয় ব্যক্তি – মুখপাত্র।
প্রত্যেক মুহূর্ত – প্রতিক্ষণ।
প্রত্যহ যা করতে হয় – প্রত্যাহিক।
প্রকৃত অবস্থায় থাকে যা – প্রকৃতিস্থ।
প্রকৃষ্ট ঘটনার বিবরণ – প্রতিবেদন।
প্রকাশিত কিছুর জন্য অপেক্ষা – প্রতীক্ষা।
প্রভাতের প্রথম তারা – শুকতারা।
প্রবেশার্থে দেয়া অর্থ বা টিকিট – প্রবেশিকা।
প্রবেশ ইচ্ছুক – বিবিক্ষু।
প্রবেশ করার ইচ্ছা – বিবিক্ষা।
প্রথম থেকে শেষ পর্যন্ত – আদ্যন্ত।
প্রতিরোধ করা যায় না – অপ্রতিরোধ্য।
প্রতিবিধান করার ইচ্ছা – প্রতিবিধিৎসা।
প্রতিবিধান করতে ইচ্ছুক – প্রতিবিধিৎসু।
পাঁচরমক জিনিস আছে যাতে – পাঁচমিশালী।
প্রাক্কালে ছিল যা – প্রাক্তন।
পানের যোগ্য – পেয়।
পান করার ইচ্ছা – পিপাসা।
পা থেকে মাথা পর্যন্ত – আপাদমস্তক।
পাখির পাখার শব্দ – ঝটপট।
পাখির ডানা – পক্ষ, পাখা।
পাখির ডাক – কূজন।
পাঠ সমাপনান্তে ছাত্রছাত্রীদের মিলন – সমাবর্তন।
পাহাড়ের নিম্নমুখী পথ – উৎরাই।
পাহাড়ের উপরকার সমতলভূমি – গিরিতট।
পালকি বহন করে যারা – বেহারা।
পাণ্ডুর পুত্র – পাণ্ডব।
প্রাপ্তি স্বীকার পত্র – রাসদ।
প্রায় নেই বললেই চলে – বিরল।
প্রায় রাজি – নিমরাজি।
পিতার পিতামহ – প্রপিতামহ।
প্রিয় কথা বলে যে নারী – প্রিয়ংবদা।
পূজার উপকরণ – অর্ঘ্য।
পুনঃ পুনঃ রোদন করে যে – রোরুদ্যমান।
পোষণের যোগ্য – পোষ্য।
পেতে ইচ্ছে করছে যে বস্তু – ঈপ্সিত।
পেতে ইচ্ছে হয় যা – কাম্য।
পেতে ইচ্ছুক – ঈপ্সু।
পেতে ইচ্ছা – ঈপ্সা।
পৃথিবী ও পার্থিব সবকিছুর জ্ঞান – ভূয়োদর্শন।
পা ধুইবার জল – পাদ্য।
পিতার ভ্রাতা – পিতৃব্য।
প্রতিকার করার ইচ্ছা – প্রতিচিকীর্ষা।
প্রতিকার করতে ইচ্ছুক – প্রতিচিকীর্ষু।
পূজা পাওয়ার যোগ্য – পূজার্হ।
পূর্ণিমার চাঁদ – রাকা, পূর্ণচন্দ্র, পূর্ণেন্দু।
পুরাণ সম্বন্ধীয় বিষয় – পৌরাণিক।
পূর্ব হতে – আনুপূর্বিক।
পূর্বে ছিল এখন নেই – ভূতপূর্ব।
পূর্বে যা ঘটেনি – অভূতপূর্ব।
পুনঃ পুনঃ দীপ্তি পাচ্ছে যা – দেদীপ্যমান।
পূর্বে যা দেখা যায়নি – অদৃষ্টপূর্ব।
পূর্বে সুপ্ত পরে উত্থিত – সুপ্তোত্থিত।

ফ

ফিকা কমলা রঙ – বাসন্তী।
ফল পাকলে যে গাছ মরে যায় – ওষধি।
ফাল্গুন মাসের পূর্ণিমা – ফাল্গুনী।
ফিটফাট গোছের তরুণ যুবক – ফটিকচাঁদ।
ফৌজদারী উচ্চ আদালত – দায়রা।
ফেলে দেয়ার যোগ্য – ফেলনা।
ফেনা সহ বর্তমান – সফেন।
ফুলের মধু – মকরন্দ।
ফুলের গন্ধে সুবাসিত – ফুলেল।
ফুল দিয়ে সাজিয়ে রাখা হয় যে পাত্র – ফুলদানি।
ফুল তোলা মসলিন শাড়ি – জামদানি।
ফুরোয় না যা – অফুরন্ত।
ফুটছে এমন – ফুটন্ত।

ব

বয়সের তুল্য – বয়স্য।
বয়সে সবার ছোট – কনিষ্ঠ।
বস্ত্র কিংবা পত্রের শব্দ – মর্মর।
বর্ষের শেষে আয়-ব্যয়ের প্রতিবেদন – সালতামামি।
বক্রভাবে গমন করে যে – ভুজগ, ভুজঙ্গ।
বর্ণনা করা যায় না যা – অবর্ণনীয়।
বর্ণ চুরি করে যে – বর্ণচোরা।
বন্যা যা ভাসিয়ে আনে – বানভাসি।
বর্তমান ও অতীতের হিসাব – হস্তবুদ।
বকের মতো কপট ধার্মিক – বকধার্মিক।
বছরে দু বার ফসল ফলে যে জমিতে – দোফসলী।
বাইরে আদবকায়দায় দক্ষ অথচ ফাঁকিবাজ – লেফাফাদুরস্ত।
বালকত্ব কাটেনি যার – নাবালক।
বর্তমান দিনের চালচলন – হালচাল।
বয়স্ক লোকের ভাব – জ্যাঠামি।
ব্যবসার দ্রব্যাদি – বেসাতি।
বদ মেজাজ যার – বদমেজাজী।
বহুর মধ্যে একটি – অন্যতম।
বহু প্রচলিত উক্তি – প্রবচন।
বহু ছিদ্র যুক্ত – ঝাঁঝরা।
বনে প্রতিপলিত – বুনো।
বনের অগ্নি – দাবানল।
বপন করা হয়েছে – উপ্ত।
বরফের মতো সাদা – তুষারধবল।
বরণের যোগ্য যিনি – বরেণ্য।
বসে আছে যে – আসীন।
বলা হয়েছে যা – উক্ত।
বাস্তু হতে উৎখাত হয়েছে যে – উদ্বাস্তু।
বালুকাময় ভূমি – বেলাভূমি।
বাসস্থান না জেনে থাকা – অজ্ঞাতবাস।
বালক, বৃদ্ধ ও বণিতা সবাই – আবালবৃদ্ধবনিতা।
বার মাসের কাহিনী – বারমাস্যা।
বাতাসে উড়ে যায় এমন – উদ্বায়ী
বাড়ছে যা - বাড়ন্ত।
বাড়ির সম্মুখভাগ – সদর।
বাক্যের দ্বারা কৃত কলহ – বচসা
বাঘের চামড়া – কৃত্তি।
বাঘের ডাক – হুংকার।
বর্ণমালার ক্রম রক্ষা করে – বর্ণানুক্রমিক।
বাণিজ্যের স্থান – বন্দর।
ব্যাকরণ জানেন যিনি – বৈয়াকরণ।
বিপরীত ভাব – বৈপরীত্য।
ব্যাঙের ডাকের শব্দ – মকমকি।
বিদ্যা আছে যার – বিদ্বান।
বাগদত্তা হয়ে যে নারীর বিয়ে অন্য পুরুষের সঙ্গে হয় – অন্যপূর্বা।
বিভিন্ন দিক জয় করেছেন যিনি – দিগ্বিজয়ী।
বিড়ালের মতো অক্ষি যার – বিড়ালাক্ষী।
বিশেষভাবে মুগ্ধ – বিমুগ্ধ।
বিশেষ খ্যাতি আছে যার – বিখ্যাত।
বিশেষভাবে দর্শন – বীক্ষণ।
বিড়ালের ডাক – জিবন।
বিবাদ করছে এমন – বিবদমান।
বেনারসে তৈরি – বেনারসী।
বিদেশে থাকে যে – প্রবাসী।
বুকে হেঁটে চলে যে – উরগ।
বৃক্ষাদির নতুন কচি শাখা বা পাতা – কিশলয়।
বৃষ্টির জল – শীকর।
বেশি কথা বলে যে – বাচাল।
বেলাকে অতিক্রান্ত – উদ্বেল।
বেদের বচন – বেদবাক্য।
বেতন নেয়া হয় না যাতে – অবৈতনিক।
বেদ সম্বন্ধীয় – বৈদিক।
বনে বাস করে যে – বনবাসী।
বরণ করার যোগ্য – বরণীয়।
বহুর মধ্যে প্রধান – শ্রেষ্ঠ।
বয়সের তুল্য – সমবয়সী।
বহু গৃহ হতে ভিক্ষা সংগ্রহক – মাধুকর।
বিচার করে কাজ করে না যে – অবিমৃষ্যকারী।
বিশ্ববাসীর জন্য হিত/বিশ্বজনের নিমিত্তে হিত – বিশ্বজনীন।
বিধিকে অতিক্রম না করে – যথাবিধি।
বিনয় যার স্বভাব – বিনীত।
বিনয়ের সঙ্গে বর্তমান – সবিনয়।
বিশ্বকে জয় করেছে যে – বিশ্বজিৎ।
বিশ্বাস করার যোগ্য – বিশ্বাস।
বিপরীত কল্পনা – বিকল্প।
বিনাশ নেই যার – অবিনশ্বর।
বীণা পাণিতে যার – বীণাপাণি।
বীণার শব্দ – ঝংকার, নিক্কণ।
বৃহৎ অরণ্য – অরণ্যানী।

CamScanner

বুদ্ধের উপাসক – বৌদ্ধ।
বুদ্ধি হত হয়েছে যার – হতবুদ্ধি।
বীর সন্তান প্রসব করে যে – বীরপ্রসূ।

ভ

ভক্ষণের ইচ্ছুক – বুভুক্ষু।
ভয় পাওয়া যায় যা থেকে – ভীম।
ভূ-গর্ভস্থ পথ – সুড়ঙ্গ।
ভূ-কেন্দ্রের দিকে জড় পদার্থের আকর্ষণ – অভিকর্ষ।
ভীরু যে পুরুষ – কাপুরুষ।
ভিক্ষার অভাব – দুর্ভিক্ষ।
ভ্রাতাদের পরস্পর প্রীতি – সৌভ্রাত্র।
ভাগ্য হত হয়েছে যার – হতভাগ্য।
ভাগ্য পরীক্ষার খেলা – লটারি।
ভালো-মন্দ ন্যায়-অন্যায় বিচার জ্ঞান – বিবেক।
ভাবা যায় না যা – অভাবনীয়।
ভ্রমরের শব্দ – গুঞ্জন।
ভূগোল সম্বন্ধীয় – ভৌগোলিক।
ভবিষ্যৎ কি হবে দেখে যে – অপরিণামদর্শী।
ভস্মে পরিণত হয়েছে যা – ভস্মীভূত।
ভেতরে প্রবেশ – সন্নিবেশ।
ভবিষ্যতে হবে এমন – ভাবী।
ভাত যাদের প্রধান খাদ্য – ভেতো।
ভাগ করে যে - ভাজক।
ভাতের অভাব – হা-ভাত।
ভাতের অভাব আছে যার – হা-ভাতে।
ভদ্রসুলভ আচরণ – সৌজন্য।
ভয় নেই যার – নির্ভীক।
ভরণের যোগ্য – ভৃত্য।
ভবিষ্যতে যা ঘটবে – ভবিতব্য।
ভবিষ্যৎ চিন্তা করে কাজ করে যে – দূরদর্শী।
ভক্ষণের ইচ্ছা – বুভুক্ষা।
ভোগ যন্ত্রণা থেকে নিষ্কৃতি লাভ – নির্বাণ।

ম

মধুর গন্ধ যুক্ত – সুগন্ধি।
মধু পান করে যে – মধুপ।
মনকে মন্থর করে যে – মন্মথ।
মল্লে মল্লে যে যুদ্ধ – মল্লযুদ্ধ, কুস্তি।
মরতে বসেছে যে – মুমূর্ষু।
মাটিতে গড়াগড়ি দিচ্ছে এমন – উপাবৃত্ত।
মাছের মতো অক্ষি যার – মীনাক্ষী।
মস্তকের আচ্ছাদন – মাথাল।
মহৎ যে বীর – মহাবীর।
মহাকব্যের অধ্যায় – সর্গ।
ময়ূরের কণ্ঠের রঙ যার – ময়ূরকণ্ঠী।
ময়ূরের ডাক – কেকা।
মাটি দিয়ে শিল্পকর্ম করে যে – মৃৎশিল্পী।
মনের ভাব – মানসিক।
মনে মনে করা অঙ্ক – মানসাঙ্ক।
মনে জন্মে যা – মনোজ।
মনুষ্য জাতির কল্যাণ – লোকহিত।
মন হরণ করে যা – মনোহর।
মম উপলব্ধি করে যা – মরমী।
মর্মস্পর্শ করে যা – মর্মস্পর্শী।
মাতা বৎসা যার – মাতৃবৎসল।
মানব হতে ইতর – মানবেতর।
মূল রোগের আনুষঙ্গিক অন্য রোগ – উপসর্গ।
মুষ্টি দ্বারা পরিমাপযোগ্য – মুষ্টিমেয়।
মূলের সঙ্গে বর্তমান – সমূল।
মৃগ চলাচলের রাস্তা – মার্গ।
মৃগের ন্যায় নয়ন যে নারীর – মৃগনয়না।
মৃত দেহের সৎকার – সদগতি।
মুগ্ধ করে যে নারী – মোহিনী।
মুসলমান সমাজের বিবাহ বিচ্ছেদ – তালাক।
মন্ত্রীর সদৃশ – উপমন্ত্রী।
মাথা পেতে নেয়ার যোগ্য – শিরোধার্য।
মুক্তি পেতে ইচ্ছুক – মুমুক্ষু, মুক্তিকামী।
মূর্তির ন্যায় যা – প্রতিমূর্তি।
মৃত্তিকার দ্বরা নির্মিত – মৃন্ময়।
মিথ্যা ধারণা – ভ্রান্তি।
মিতার অভাব – মিতালী।
মেঘের ডাক – মন্দ্র।
মেঘের ন্যায় শ্যাম – ঘনশ্যাম।
মরার মতো – মৃতবৎ।
মরণ পর্যন্ত/মৃত্যু পর্যন্ত – আমরণ, আমৃত্যু।

য

যা ঘটবেই – অবশ্যম্ভাবী, ভবিতব্য।
যা গলে যায় – দ্রব।
যা গতিশীল – জঙ্গম।
যা কাজের অযোগ্য – অকেজো।
যা ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে – বর্ধিষ্ণু।

যা ক্রমাগত ক্ষয় পাচ্ছে – ক্ষয়িষ্ণু।
যদু বংশে জন্ম যার – যাদব।
যথা বিহিত শ্রদ্ধা নিবেদন – অভিবাদন।
যত দিন জীবন ততদিন – যাবজ্জীবন।
যা অতিক্রম করা যায় না – অনতিক্রম্য।
যা অনায়াসে বুঝতে পারা যায় – বোধগম্য।
যা অধিক উষ্ণ বা অধিক শীতল নয় – নাতিশীতোষ্ণ।
যা চলছে – চলমান, চলন্ত।যা একটুও ভাঙেনি – অটুট।
যা উচ্চারণ করা যায় না – অনুচ্চার্য।
যা উদিত হচ্ছে – উদীয়মান।
যা আগে হয়নি – অভূতপূর্ব।
যা আইনের চেখে নিষিদ্ধ – বেআইনি।
যা অর্জন করা হয়েছে – অর্জিত।
যা অস্বীকার করা যায় না – অনস্বীকার্য।
যা অনুকরণ করা যায় না – অননুকরণীয়।
যা চিবিয়ে খেতে হয় – চর্ব্য।
যা ধূম উদগীরণ করছে – ধূমায়মান।
যা দেহে সম্পর্কিত – দৈহিক।
যা দীর্ঘকাল ধরে চলে আসছে – চিরন্তন।
যা চেটে খেতে হয় – লেহ্য।
যা চুষে খেতে হয় – চোষ্য।
যা পশুর উপযুক্ত – পাশবিক।
যা প্রকাশ পেয়েছে – প্রকাশিত।
যা প্রকাশিত হবে – প্রকাশ্য।
যা পান করলে কখনো মৃত্যু হয় না – অমৃত।
যা পানের যোগ্য নয় – অপেয়।
যা পিশাচের উপযুক্ত – পৈশাচিক।
যা পুনঃ পুনঃ জ্বলছে – জাজ্বল্যমান।
যা পুষ্টি দান করে – পুষ্টিকর।
যা পূর্বে ছিল এখন নেই – ভূতপূর্ব।
যা পূর্বে কখনো হয়নি – অভূতপূর্ব।
যা বোধগম্য করা দুঃসাধ্য – দুর্বোধ্য।
যা মনকে মুগ্ধ করে – মনোমুগ্ধকর।
যা মঞ্জুর হয়নি – নামঞ্জুর।
যা হৃদয়ে গমন করে – হৃদয়ঙ্গম।
যা হৃদয় বিদীর্ণ করে – হৃদয়বিদারক।
যা হতে পারে না – অসম্ভব।
যা সামান্য নয় – অসামান্য।
যা সহজে লঙ্ঘন করা যায় না – দুর্লঙ্ঘ্য
যা সহজে লাভ করা যায় না – দুর্লভ।
যা সহজে জয় করা যায় না – অজেয়।
যা সকলের কল্যাণের জন্য রচিত – সর্বজনীন।
যা শুধুমাত্র কথায় প্রকাশ করা হয় – মৌখিক।
যা লোকে বিদিত হয় না – অলৌকিক।
যা মাথা পেতে নেয়ার যোগ্য – শিরোধার্য।
যার ঈশ্বরে বিশ্বাস আছে – আস্তিক।
যার ঈশ্বরে বিশ্বাস নেই – নাস্তিক।
যার ঈমান নেই – বেঈমান।
যার অন্য বা দ্বিতীয় নেই – অনন্য, অদ্বিতীয়
যার অন্য গতি নেই – অনন্যগতি।
যাতে জল ধারণ করে – জলধি।
যাতে কোনো নাম উল্লেখ থাকে না – বেনামী
যাতে একটি মাত্র তান – ঐকতান।
যাকে পরাভূত করা যায় না – অপরাজেয়।
যাকে শাসন করা কঠিন – দুঃশাসন।
যাকে পোষণ করতে হয় –পোষ্য।
যাকে পালন করা হয়েছে – পালিত।
যাকে চেনা যায় না – অচিন।
যার স্বামী বিদেশে থাকে – প্রোষিতভর্তৃকা।
যার স্বভাবিক বিকাশ ব্যাহত – প্রতিবন্ধী।
যার ভাতের অভাব আছে – হা-ভাতে।
যার বাস জ্ঞাত নয় – অজ্ঞাতবাস।
যা বচনে বা ভাষায় প্রকাশ করা যায় না – অনির্বচনীয়।
যা বপন করা হয়েছে – উপ্ত।
যা বলা হয়েছে – উক্ত।
যা বলা হয়নি – অনুক্ত।
যা বলতে হবে – বক্তব্য।
যা বহুকাল ধরে প্রচলিত – সনাতন।
যা বহু কষ্টে লাভ করা যায় – দুর্লভ।
যার নাশ আছে – নশ্বর।
যার নাম লিখিত আছে – নামাঙ্কিত।
যার দ্বারা লেখা যায় – লেখনী।
যার দাড়ি জন্মায়নি – অজাতশ্মশ্রু।
যার কাজ গাধার মতো – হাঁদা।
যার কুলশীল জানা যায়নি – অজ্ঞাতকুলশীল।
যার লজ্জা শরম নেই – বেশরম।
যার শত্রু জন্মায়নি – অজাতশত্রু।
যার সব কিছু চুরি হয়ে গিয়েছে – হৃতসর্বস্ব।
যার সংখ্যা হয় না – অসংখ্য।
যার সংস্কার করা হয়েছে – সংস্কৃত।

CamScanner

যার আগমনের কোন তিথি নেই – অতিথি।
যার আহারে সংযম আছে – মিতহারী।
যার বোল নেই – অবলা।
যার চেখের পলক পড়ে না – অপলক।
যার চিত্ত এক বিষয়ে নিবিষ্ট – একাগ্রচিত্ত।
যার পিঠ বেঁকে গিয়েছে – ন্যূজ।
যার বিনাশ হয়নি – অবিনশ্বর।
যার বিনাশ নাই – অবিনাশী।
যার স্ত্রী বিদেশে থাকে – প্রোষিতপত্নীক।
যার দুটি অর্থ হয় – দ্ব্যর্থক।
যার মৃত্যুকাল উপস্থিত – মুমূর্ষু।
যার স্পৃহা দূর হয়েছে – বীতস্পৃহ।
যার কোনো কিছু চাওয়ার নেই – অকিঞ্চন।
যার কোনো নজির নেই – বেনজির।
যা বিলুপ্ত হচ্ছে – বিলীয়মান।
যা স্থানান্তর করা যায় – অস্থাবর।
যা স্থানান্তর করা যায় না – স্থাবর।
যা বচনের অতীত – অনির্বচনীয়।
যা জয় করা হয়েছে – বিজিত।
যা গ্রহণ করার যোগ্য – গ্রাহ্য।
যা অদূর ভবিষ্যতে হবার কোনো আশা নেই – সুদূরপরাহত।
যারা মূর্তি পূজা করে – পৌত্তলিক
যার কোনো কিছুতে ভয় নেই – অকুতোভয়।
যার পিতা ও মাতা নেই – অনাথ।
যার জন্ম নেই – অজ।
যিনি বহু দেখেছেন – বহুদর্শী।
যিনি ব্যাকরণ জানেন – বৈয়াকরণ।
যিনি উপন্যাস লেখেন – ঔপন্যাসিক।
যিনি অনেক দেখেছেন – ভূয়োদর্শী
যিনি গবেষণা করেন – গবেষক।
যিনি পথ দেখিয়ে চলেন – পথপ্রদর্শক।
যিনি বক্তৃতায় পটু – বাগ্মী।
যিনি স্মৃতিশাস্ত্র ভালো বোঝেন – স্মার্ত।
যিনি ভূত, ভবিষৎ ও বর্তমান কালের বৃত্তান্ত জানেন – ত্রিকালজ্ঞ।
যিনি বাক্যে অতি দক্ষ – বাচস্পতি।
যিনি বাঘের চামড়া পরিধান করেন – কৃত্তিবাস।
যিনি নিজেকে হীন মনে করেন – হীনমন্য।
যিনি বিদ্যা লাভ করেছেন – কৃতবিদ্যা।
যিনি বিধান প্রদান করেন – বিধাতা।
যিনি যুদ্ধে স্থির থাকেন – যুধিষ্ঠির।

যার ঘরের অভাব আছে – হাঘরে।
যার চক্ষুলজ্জা নেই – চশমখোর।
যার জন্য কোন কর দিতে হয় না – নিষ্কর।
যার তল স্পর্শ করা যায় না – অতলস্পর্শ।
যার পত্নী বিগত হয়েছে – বিপত্নীক।
যার বর্ণ পরিচয় হয়নি – নিরক্ষর।
যার ভর্তা (স্বামী) বিগত হয়েছে – মৃতভর্তৃকা।
যার মধ্যভাগ নিচু – অবতল।
যার মধ্যে রহস্য থাকে – রহস্যময়।
যার যশ আছে – যশস্বী
যার বসরোধ আছে – রসিক।
যুদ্ধে ব্যবহৃত ঢাক – দামামা।
যুদ্ধে পরাস্ত করা যায় না যে ভূমিকে – অযোধ্যা।
যুদ্ধ হতে পলায়ন করে না যে সৈন্য – সংশপ্তক।
যুদ্ধ সম্বন্ধীয় – সামরিক।
যে অপরিচিত ব্যক্তি হঠাৎ এসেছে – আগন্তুক।
যে অবস্থায় মানুষ দুঃখ পায় – কৈবল্য।
যে আচার বা প্রথা অতিক্রম করেছে – অত্যাচারী।
যে আশা ফলবতী হবার নয় – দূরাশা।
যে উপকারীর উপকার স্বীকার করে – কৃতজ্ঞ।
যে উপকারীর উপকার স্বীকার করে না – কৃতঘ্ন।
যে গাছে ফুল হয় না ফল হয় – বনস্পতি।
যে কারো পরোয়া করে না – বেপরোয়া।
যে কাজের অযোগ্য – অকেজো।
যে কর্মের অযোগ্য – অকর্মণ্য।
যে কর্ম প্রতিদিন করা হয় – নিত্যকর্ম।
যে কর দেয় – করদ।
যে কথা তীরের মতো মর্মভেদী – বাক্যবাণ।
যে কটু কথা বলে – দুর্বাক।
যে উদ্দেশ্যহীনভাবে ঘুরে বেড়ায় – ভবঘুরে।
যে কষ্ট সইতে পারে – কষ্টসহিষ্ণু।
যে আদব কায়দা জানে না – বেয়াদব।
যে নারী অন্যের নিন্দা করে না – অনসূয়া।
যে নারীর অনেক গরু আছে – গোমতী।
যে ধরলে আর ছাড়ে না – নাছোড়বান্দা।
যে দার পরিগ্রহ করেনি – অকৃতদার।
যে দণ্ডের দ্বারা ভূমি খনন করে – বরাহ।
যে তরু ভক্তের বাসনা পূর্ণ করে – কল্পতরু।
যে জন্মগ্রহণ করেছে – জাতক।
যে জলে ডুবে যাচ্ছে – নিমজ্জমান।

যে জমিতে কোনো ফসল হয় না – উষর।
যে নারীর স্বামী পুত্র আছে – বীরা।
যে নারীর সন্তান হয় না – বন্ধ্যা।
যে নারী পূর্বে অপরের স্ত্রী ছিল – অন্যপূর্বা।
যে নারী সবসময় হাস্যমুখী – সুস্মিতা।
যে নারী সূর্যকে দেখেনি – অসূর্যস্পশ্যা।
যে নারী স্বামীর প্রতি অনুরক্ত – পতিব্রতা।
যে নারীর কথায় কোনো সংকোচ নেই – প্রগলভা।
যে নারীর চোখ সুন্দর – সুনয়না।
যে বিষয় ভীতি উৎপাদন করে – বিভীষিকা।
যে ব্যক্তি গুণীর আদর করে – গুণগ্রাহী।
যে বাস্তু হারিয়েছে – বাস্তুহারা।
যে বার্তা নিয়ে গমন করে – দূত।
যে বালির নিচে চোরা গহ্বর থাকে – চোরাবালি।
যে বা যা দাঁড়িয়ে আছে – দণ্ডায়মান।
যে হিসাব করে ব্যয় করে না – অমিতব্যয়ী।
যে হাতে কলমে কাজ করে দক্ষতা লাভ করেছে – করিতকর্মা।
যে স্ত্রীর বশীভূত – স্ত্রৈণ।
যে স্বল্পকাল জীবিত থাকে – স্বল্পায়ু।
যে সহজেই ভয় পায় – ভীতু।
যে সহজে সকলের কথা বিশ্বস করে – কানপাতলা।
যে সরোবরে প্রচুর পদ্ম জন্মে – পদ্মাকর।
যা লাফিয়ে চলে – প্লবগ।
যা শুয়ে আছে – শায়িত।
যা মনে জন্মেছে – মনজ।
যে ভূমি উর্বর নয় – অনুর্বর।
যে মেঘে প্রচুর বৃষ্টি হয় – সংবর্ত।
যে মেঘের মতো গর্জন করে – মেঘনাদ।
যে মেয়ের তুলনা হয় না – অনন্যা।
যে মেয়ের বিয়ে হয়নি –অনূঢ়া।
যে যন্ত্রের সাহায্যে দিকনির্ণয় করা যায় – কম্পাস।
যে যানে মহাকাশে গমন করে – মহাকাশযান।
যে যাত্রায় কেউ গমন করলে আর ফেরে না – অগস্ত্যযাত্রা।
যে রক্ত শোষণ করে – রক্তচোষা।
যে রাজা ঋষির মতো জীবনযাপন করে – রাজর্ষি।
যেখানে মৃত জীবজন্তু ফেলা হয় – ভাগাড়।
যা অবশ্যই ঘটবে – অবশ্যম্ভাবী।
যা অধ্যয়ন করা হয়েছে – অধীত।
যা আঘাত পায় নাই – অনাহত।
যা আঘাত দ্বারা সহজে ভাঙে না – ঘাতসহ।

যা হেমন্তকালে জন্মে – হৈমন্তিক।
যা আশা করা যায় তার অধিক – আশাতীত।
যা উড়ে যাচ্ছে – উড্ডীয়মান।
যা বর্ণনা করা যায় না – অবর্ণনীয়।
যা ডুবে যাচ্ছে – ডুবন্ত।
যা দমন করা যায় না – অদম্য।
যা দেখা যায় না – অদৃশ্য।
যা নিয়ত পরিবর্তিত হচ্ছে – পরিবর্তনশীল।
যা পরলোক সম্বন্ধীয় – পারলৌকিক।
যা পরিমাণ করা যায় না – অপরিমেয়।
যা প্রশংসার যোগ্য – প্রশংসনীয়।
যা বিনা আয়াসে লাভ করা যায় – অনায়াসলভ্য।
যা বিনা যত্নে উৎপন্ন করা হয়েছে – অযত্নসম্ভূত।
যা বিনা যত্নে লাভ করা হয়েছে – অযত্নলব্ধ।
যা ভেদ করা দুঃসাধ্য – দুর্ভেদ্য।
যা ভস্ম হয়েছে – ভস্মীভূত।
যা মাটি ভেদ করে উঠে – উদ্ভিদ।
যা মর্মকে স্পর্শ করে – মর্মস্পর্শী।
যা মরার মতো – মৃতবৎ।
যে নারীর (বিধবা) পুনরায় বিয়ে হয়েছে – পুনর্ভূ।
যে নারীর মুখ চন্দ্রের মতো সুন্দর – চন্দ্রমুখী।
যে নারীর রূপ আছে – রূপসী।
যে নারীর হাসি শুচি – শুচিস্মিতা।
যে নারীর স্বামী বর্তমান – সধবা।
যে পথ দিয়ে বায়ু চলাচল করে – বাতায়ন।
যে প্রাণী বুকে ভর দিয়ে চলে – সরীসৃপ।
যে পাখি বৃষ্টির জল ছাড়া অন্য জল পান করে না – চাতক।
যে পালায়ন করে আত্মগোপন করেছে – ফেরারী।
যে পরকে আশ্রয় করে বাঁচে – পরজীবী।
যে পথের দুধারে গাছ থাকে – বীথি।
যে ভাগ্য গণগা করে – দৈবজ্ঞ।
যা যুক্তি সঙ্গত নয় অযৌক্তিক।
যা লঙ্ঘন করা উচিৎ নয় – অলঙ্ঘনীয়।
যা শিরে ধারণ করার যোগ্য – শিরোধার্য।
যা সহজে ভেঙে যায় – ভঙ্গুর।
যা সাধারণত দেখা যায় না – অসাধারণ।
যা সহজে পরিপাক করতে পারা যায় না – গুরুপাক, দুষ্পাচ্য।
যা সম্পন্ন করতে অনেক অপব্যয় হয় – ব্যয়বহুল।
যা সারাদিন ব্যবহার করা হয় – আটপৌরে।
যার আকার কুৎসিত – কদাকার।

CamScanner

যার উপস্থিত বুদ্ধি আছে – প্রত্যুৎপন্নমতি।
যে দিনে একবার আহার করে – একাহারী।
যে নারী স্বয়ং পতি বরণ করে – স্বয়ংবরা।
যে পুরুষ বিবাহ করেছে – কৃতদার।
যে বাস্তু হতে উৎখাত হয়েছে – উদ্বাস্তু।
যে বন হিংস্র জন্তুতে পরিপূর্ণ – শ্বাপদসঙ্কুল।
যে বা যা প্রবীণ বা প্রাচীন নয় – অর্বাচীন।
যে (ভাই) অগ্রে জন্মগ্রহণ করেছে – অগ্রজ।
যে (ভাই) পরে জন্মগ্রহণ করেছে – অনুজ।
যার বাসস্থান নাই – অনিকেত/অনিকেতন।
যে রমণীর সুন্দর কেশ আছে – সুকেশা, সুকেশিনী।
যে রোগ নির্ণয়ে হাতড়িয়ে মরে – হাতুড়ে।
যে সকল বস্তু ভক্ষণ করে – সর্বভুক।
যে স্তন্য পান করে – স্তন্যপায়ী।
যার গন্ধ নেই – নির্গন্ধ, গন্ধহীন।
যার জায়া যুবতী – যুবজানি।
যার প্রভা ক্ষণকাল স্থায়ী হয় – ক্ষণপ্রভা।
যার রোগ নেই – নীরোগ।
যার লজ্জা নেই – নির্লজ্জ, বেহায়া।
যার সর্বস্ব চুরি গিয়েছে – হৃতসর্বস্ব।
যার নিজের বলতে কিছু নেই – নিঃস্ব।
যারা এক মাতার গর্ভে জন্মেছে – সহোদর।
যা পূর্বে শোনা যায়নি – অশ্রুতিপূর্ব।
যিনি সৃষ্টি করেন – স্রষ্টা।
যে অপরের পৃষ্ঠপোষকতা করে – পৃষ্ঠপোষক।
যে কোনো বিষয়ে স্পৃহা হারিয়েছে – বীতস্পৃহ।
যে গাঁজার নেশা করে – গেঁজেল।
যে তৃণাদি খেয়ে জীবন ধারণ করে – তৃণভুক।

র

রাত্রি শেষের ম্লান জ্যোৎস্না – কালজ্যোৎস্না।
রঘু বংশে জন্ম যার – রাঘব।
রস আস্বাদন করা হয় যার দ্বারা – রসনা।
রস বোধ আছে যার – রসিক।
রসের কথা – রসিকতা।
রঙ্গ পরিহাসে নিপুণা নারী – রঙ্গিলা।
রঙ্গমঞ্চে দর্শনীয় চিত্রপট – দৃশ্যপট।
রাজনৈতিক চুক্তি – সন্ধি।
রাজপথে যে ডাকাতি করে – রাহাজানি।
রাত্রির শেষভাগ – কালনিশা।
রাত্রি ও দিবসের সন্ধিক্ষণ – প্রত্যুষ।
রাতের শিশির – শবনম।
রাজীবের (পদ্মের) মতো লোচন যার – রাজীবলোচন।
রেশম ও পশমের দ্বারা প্রস্তুত – মখমল।
রীতিকে অতিক্রম না করে – যথারীতি।
রূপের যোগ্য – অনুরূপ।
রূপে যাকে ধরা যায় না – অরূপ।
রোগ ভীতিকে জয় করে যে – ভেষজ।
রোধের বিপরীত – প্রতিরোধ।
রোহিত মৎস্য – রুই
রব শুনে যারা এসেছে – রবাহূত।
রস আছে যাতে – রসাল।
রস আছে যার – রসিক।

ল

লক্ষ্য করার যোগ্য – লক্ষ্যণীয়।
লাভের ইচ্ছা – লিপ্সা।
লাফিয়ে চলে যা – প্লবগ।
লিখিত খসড়া – পাণ্ডুলিপি।
লাঠি খেলায় পটু – লাঠিয়াল।

শ

শবদাহাদির চরম সংস্কার – অন্ত্যেষ্টি।
শত অব্দের সমাহার – শতাব্দী।
শত পাপড়ি যুক্ত ফুল – শতদল।
শতবর্ষ পূর্তির জন্য অনুষ্ঠান – শতবার্ষিকী।
শত ভাগে বিভক্ত – শতধা।
শরণ করার যোগ্য যিনি – শরেণ্য।
শরৎকালে সম্পর্কিত – শারদ।
শঙ্কার সাথে বর্তমান – সশঙ্ক।
শাসন করা যায় যাকে – শিষ্য।
শিবের বাদ্যযন্ত্র – ডমরু।
শিক্ষা করছে যে – শিক্ষানবিশ।
শুনলেই যার মনে থাকে – শ্রুতিধর।
শোনবার যোগ্য – শ্রাব্য।
শক্তির উপাসনা করে যে – শাক্ত।
শুভ কামনা করে যে – শুভাকাঙ্ক্ষী।
শুভক্ষণে জন্ম যার – ক্ষণজন্মা।
শ্রদ্ধার সঙ্গে দেয় – শ্রাদ্ধ।
শুষ্ক পত্রের ধ্বনি – মর্মর।
শৃঙ্খলা মানে না যে – উচ্ছৃঙ্খল।
শ্বেত বর্ণ গাভী – ধবলা।
শৈশব হতে – আশৈশব।

শোভন হৃদয় যার – সুহৃদ।
শক্তি বা শক্তিকে অতিক্রম না করে – যথাশক্তি।
শত্রুকে পীড়া দেয় যে – পরন্তপ।
শত্রুকে হনন করে যে – শত্রুঘ্ন।

ষ

ষাট বছর পূর্তির অনুষ্ঠান – হীরকজয়ন্তী
ষোল বছর বয়স যে মেয়ের – ষোড়শী।

স

সকল পদার্থ ভক্ষণ করে যে - সর্বভুক।
সমান উদর যাদের – সহোদর বা সোদর।
সমান গোত্র যার – সগোত্র।
সবার অজ্ঞাতে লুকানো ধন – গুপ্তধন।
সব সময় হরিৎ যে কান্তার – চিরহরিৎ।
সব কিছু সহ্য করে যে – সর্বংসহা।
সব কিছু জানে যে – সবজান্তা, সর্বজ্ঞ।
সকলের চেয়ে ভালো – সর্বোত্তম।
সব কিছু খায় যে – সর্বভুক।
সঙ্গে চরে যে – সহচর।
সংস্কার বিহীন ব্যক্তি – ব্রাত্য।
সংসদের সদস্য – সাংসদ।
সৎকুলে জাত – কুলীন।
সরোবরে জন্ম যার – সরোজ।
সরকারি সাহায্য – অনুদান।
সম্পূর্ণ বিপরীত – বিপ্রতীপ।
সম্পূর্ণ নতুন – অভিনব।
সন্ধি করতে ইচ্ছুক – সন্ধিৎসু।
সম্মুখের কুঞ্চিত কেশ – অলক।
সম্রাট বা রাজাদের বিবরণ – শাহানামা।
সর্বজনের কল্যাণে – সর্বজনীন।
সার নেই যার মধ্যে – অন্তঃসারশূন্য।
সাপ খেলানো বৃত্তি যার – সাপুড়ে।
স্বর্ণকারের মজুরি – বানি।
সুন্দর আকৃতি এমন – সুদর্শন।
স্বামীর সঙ্গে মৃত্যুবরণ – সহমরণ।
স্ত্রীর সঙ্গে বর্তমান – সস্ত্রীক।
সুহৃদের ভাব – সৌহার্দ্য।
সুন্দর প্রভা যার – সুপ্রভা।
সুন্দর মুখ যে নারীর – সুমুখী।
সুন্দর গন্ধযুক্ত – সুগন্ধ।
সুখের অভাব – অসুখ।
সভায় সদস্য – সভ্য।
সর্বভূমির অধীশ্বর – সার্বভৌম।
সরোবরে জন্মায় যা – সরোজ।
সাধ্যকে না ছাড়িয়ে – যথাসাধ্য।
সূর্যের পুত্র – সৌরি।
সকলের মধ্যে গুরু – গরিষ্ঠ।
সোমের পুত্র – সৌম্য।
স্পৃহা দূর হয়েছে যার – বিগতস্পৃহ, বীতস্পৃহ।
স্পৃহা নেই যার – নিস্পৃহ।
স্থান থেকে স্থানান্তরে যায় যে – যাযাবর।
সাত বা তিন তারের সমাহার – সেতার।
সময়ের পক্ষে সমীচীন – যুগোপযোগী।
সুরের ধ্বনি – তান।
সমান বয়স যাদের – সমসাময়িক।
সমুদ্র হতে হিমালয় পর্যন্ত – আসমুদ্রহিমাচল।
সহজে যা পরিপাক হয় না – দুষ্পচ্য।
সিংহের ধ্বনি – নাদ।
স্বয়ং যে হয়েছে – স্বয়ম্ভূ।

হ

হস্তী, অশ্ব, রথ ও পদাতিকের সমাহার – চতুরঙ্গ।
হত্যা করার ইচ্ছা – জিঘাংসা।
হরিণের চামড়া – অজিন।
হরেকরকম কণ্ঠস্বর সহ বলে যে – হরবোলা।
হর্ষের সঙ্গে বর্তমান –সহর্ষ।
হস্তী আরোগী সৈন্যদল – গজানীক।
হয়তো হতে পারে – সম্ভব্য।
হাতের চতুর্থ আঙুলি – অনামিকা।
হাস্যরসাত্মক নাটক – প্রহসন।
হিত সাধন করে যে – হিতকর।
হিংসার ভাব – হিংস্রতা।
হিসাব জ্ঞান নেই যার – বেহিসেবী।
হৃদয়ের পক্ষে প্রীতিকর – হৃদ্য।
হাতির বাসস্থান – পিলখানা।
হাতির ডাক – বৃংহিত।
হাতি ধরা ফাঁদ – খেদা।
হাটের মতো গণ্ডগোল – হট্টগোল।
হাটে ক্রয়-বিক্রয় করে যে – হাটুরে।

CamScanner

বাগধারা

অ

অ আ ক খ (প্রাথমিক জ্ঞান) - তুমি তো দেখি বিজ্ঞানের অ আ ক খ জানো না, এ প্রকল্প করবে কেমনে?

অথৈ জল (ভীষণ বিপদ) – উপার্জনক্ষম ছেলেটার মৃত্যুতে পিতা অথৈ জলে পড়লেন।

অকাল কুষ্মাণ্ড (অপদার্থ, অকেজো) – অকাল কুষ্মাণ্ড ছেলেটার ওপর এ কাজের দায়িত্ব দেওয়া ঠিক হবে না।

অর্ধচন্দ্র (গলা ধাক্কা) – শয়তানটাকে অর্ধচন্দ্র দিয়ে বিদায় কর।

অন্ধকারে ঢিল মারা (আন্দাজে কাজ করা) – অন্ধকারে ঢিল মেরে সব কাজ সঠিকভাবে করা যায় না।

অদৃষ্টের পরিহাস (ভাগ্যের নিষ্ঠুরতা) – অদৃষ্টের পরিহাসে অনেক সময় রাজাও ভিখারী হয়ে যায়।

অহি নুকুল সম্বন্ধ (ভীষণ শত্রুতা) – দু'ভাইয়ের মধ্যে এখন অহি নুকুল সম্বন্ধ দাঁড়িয়েছে।

অন্ধকার দেখা (দিশেহারা হয়ে পড়া) – এ বিপদে আমি যে সব অন্ধকারে দেখছি।

অক্কা পাওয়া (মারা যাওয়া) – বছর খানেক অসুখে ভুগে গত রাত্রে রহিম সাহেব অক্কা পেয়েছেন।

অন্ধের যষ্টি/অন্ধের নড়ি (একমাত্র অবলম্বন) – বৃদ্ধ বাবার অন্ধের যষ্টি/অন্ধের নড়ি ছেলেটিও আজ অকালে প্রাণ হারালো।

অরণ্যে রোদন (নিষ্ফল আবেদন) – তার কাছে সাহায্য চাওয়া অরণ্যে রোদন মাত্র।

অল্প বিদ্যা ভয়ংকারী (অল্প বিদ্যার গর্ব) – অল্পবিদ্যা ভয়ংকরী বলেই অর্বাচীন শরীফ মিয়া শিক্ষকের সমালোচনা করে।

অগাধ জলের মাছ (অত্যন্ত কৌশলী) – দেখতে সাদাসিধে হলেও আসলে সে একজন অগাধ জলের মাছ।

অমাবস্যার চাঁদ (অদর্শনীয়) – তুমি যে একেবারে অমাবস্যার চাঁদ হয়ে উঠলে, আজকাল তোমাকে দেখিই না।

অগ্নি পরীক্ষা (চরম পরীক্ষা) – আমরা বাঙালি জাতি ১৯৭১ সালের অগ্নি পরীক্ষায় জয়লাভ করেছি।

অকুল পাথার (মহাবিপদ) – এই অকুল পাথারে তুমিই আমার একমাত্র ভরসা।

অন্ন মারা (জীবিকা বন্ধ করা) – দরিদ্র্যের অন্ন মেরে নিজের ভুঁড়ি বাড়ানো ঠিক না।

অন্ন ধ্বংস করা (অপচয়) – কাজ না করে বসে বসে অন্ন ধ্বংস কর না।

অগ্নি শর্মা (খুবই রাগান্বিত) - ছেলেটির বেয়াদবি দেখে বাবা রেগে অগ্নিশর্মা হলেন।

অগস্ত্য যাত্রা (শেষ বিদায়) - ভক্তদেরকে শোক সাগরে ভাসিয়ে মহানায়ক অগস্ত্য যাত্রা করলেন।

অনুরোধে ঢেকি গেলা (অনুরোধে দুরূহ কাজ সম্পন্ন করতে সম্মতি জ্ঞাপন) - বন্ধুত্ব রক্ষা করতে গিয়ে অনেক সময় অনুরোধে ঢেকি গিলতে হয়।

অনধিকার চর্চা (সীমার বাইরে পদক্ষেপ) - আমি ব্যবসায়ী মানুষ, সাহিত্যের আলোচনা আমার জন্য অনধিকার চর্চা।

অকাল বোধন (অসময়ে আবির্ভাব): তোমার অকালবোধনে আমি বিরক্ত হয়েছে।

অষ্টরম্ভা (ফাঁকি) - ভালোভাবে পড়াশুনা না করলে পরীক্ষায় তোমার সব অষ্টরম্ভা ধরা পড়বে।

আ

আকাশের চাঁদ হাতে পাওয়া (দুর্লভ বস্তু প্রাপ্তি) – হারানো মেয়েকে ফিরে পেয়ে মা-বাবা যেন আকাশের চাঁদ হাতে পেলেন।

আঁতে ঘা (প্রাণে আঘাত) – এমন আঁতে ঘা দিয়ে কথা বললে সবারই রাগ হয়।

আদিখ্যেতা (ন্যাকামি) – দু'বেলা যার ভাত জোটে না বিরিয়ানিতে তার অরুচি, আদিখ্যেতা কার কাকে বলে।

আঁকু পাঁকু করা (ছটপট করা) – ছেলের জন্য বরাবরই বার-মায়ের মনটা আঁকু পাঁকু করে।

আগডুম বাগডুম (অর্থহীন কথা) – ওসব আগডুম বাগডুম না বলে আসল কথায় মনযোগ দাও।

আকাশ কুসুম (অসম্ভব কল্পনা) – বসে বসে আকাশ কুসুম না ভেবে ভাল কাজ করতে শিখ।

আক্কেল সেলামী (বোকামির শাস্তি) – বিনা টিকিটে রেল ভ্রমণ করতে গিয়ে তাকে আক্কেল সেলামী দিতে হলো।

আক্কেল গুড়ুম (বুদ্ধিলোপ) – সেদিনের ছেলে রহিম, সে তোমার সামনে সিগারেট ধরাল, দেখে তো আমার আক্কেল গুড়ুম।

আঁধার ঘরের মানিক (প্রিয়বস্তু) – বহুদিন পর ছেলেকে কাছে পেয়ে মা-বাবা যেন আঁধার ঘরের মানিক পেয়েছে।

আদার বেপারী (সামান্য বিষয়ে ব্যস্ত ব্যক্তি) – করিম সাহেব সবসময় আদার বেপারী হয়ে জাহাজের খবর নেয়।

আমড়া কাঠের ঢেঁকি (অপদার্থ) – রহিমের মত আমড়া কাঠের ঢেকি আর কেউ নেই।

আষাঢ়ে গল্প (খোশ গল্প) – এমন বৃষ্টির দিনে আষাঢ়ে গল্প ছাড়া আসর জমা সম্ভব না।

আদা জল খেয়ে লাগা (কোমর বেঁধে লাগা) – গতবছর পরীক্ষায় ফেল করে মেয়েটি এবার আদা জল খেয়ে লেগেছে।

আলালের ঘরে দুলাল (ধনীর সযত্নে লালিত সন্তান/অতি আদরের) – তার মতো আলালের ঘরের দুলালকে দিয়ে এ কাজ সম্ভব নয়।

আঠারো মাসে বছর (দীর্ঘসূত্রতা) – তুমি কুঁড়ে মেয়ে, তোমার আঠারো মাসে বছর, তোমার দ্বারা এ কাজ হবে না।

আকাশ পাতাল (প্রচুর ব্যবধান) – ধনী ও দরিদ্রের মধ্যে আকাশ পাতাল প্রভেদ।

আদায় কাঁচ কলায় (শত্রুতা) – রহিমের সঙ্গে করিমের আদায় কাঁচকলায় সম্পর্ক, তারা একে অপরের দুশমন।

আকাশ ভেঙে পড়া (ভীষণ বিপদে পড়া) – মায়ের মৃত্যুর খবর শুনে ছেলেটির মাথায় আকাশ ভেঙে পড়ল।

আমতা আমতা করা (ইতস্তত করা) – আমতা আমতা না করে স্পষ্ট কথায় তোমার নিজের দোষ স্বীকার কর।

আট কপালে (হতভাগ্য) - ছেলে-মেয়েগুলো এতিম, আট কপালে।

আকাশে তোলা (অতিরিক্ত প্রশংসা করা) – আমাদের সমাজের চাটুকাররা ধনী ব্যক্তিদের কথায় কথায় আকাশে তোলে।

আঙ্গুল ফুলে কলা গাছ (হঠাৎ বড়লোক হওয়া) - আঙ্গুল ফুলে কলাগাছ হলেও ধরাকে সরা জ্ঞান করতে নেই।

আপন ঢাক আপনি বাজানো (নিজের প্রশংসা নিজে করা): আজকাল আপন ঢাক আপনি বাজাতে হয়।

আকাশ ধরা (বৃষ্টি বন্ধ হওয়া) - এতক্ষণে আকাশ ধরেছে, এবার বাড়ি যাই।

ই, ঈ

ইতর বিশেষ (পার্থক্য) – তার মেয়ে দুটি রূপে ও গুণে প্রায় সমান, ইতর বিশেষ আছে বলে মনে হয় না।

ইঁদুর কপালে (মন্দ ভাগ্য) – ছেলেগুলো ইঁদুর কপালে বলেইতো একে একে পরিবারের সবাইকে হারালো।

ইঁচড়ে পাকা (অকালপক্ব) – ইঁচড়ে পাকা ছেলেদের সঙ্গে সর্বদা এড়িয়ে চলা উচিত।

ঈদের চাঁদ (বহু প্রত্যাশিত বস্তু) – হারানো ছেলেকে ফিরে পেয়ে পিতা-মাতা যেন ঈদের চাঁদ হাতে পেলেন।

ইলশে গুঁড়ি (গুড়ি গুড়ি বৃষ্টি): আজ সকাল থেকে ইলশে গুড়ি পড়ছে।

উ, ঊ

উঠে পড়ে লাগা (প্রাণপণ চেষ্টা করা) – গ্রামের দুষ্ট ছেলেটাকে তাড়ানোর জন্য সবাই উঠে পড়ে লেগে গেল।

উড়ো চিঠি (বেনামী পত্র) – ডাকাতরা জমিদার বাড়িতে উড়ো চিঠি দিয়ে ডাকাতি করার চেষ্টা করেছিল।

উদোর পিন্ডি বুধোর ঘাড়ে (একজনের দোষ অন্যজনের ঘাড়ে চাপানো) – মালিকের টাকা চুরির ব্যাপারে ছেলেকে বাঁচানোর জন্য গিন্নি উদোর পিন্ডি বুধোর ঘাড়ে চাপানোর চেষ্টা চালাচ্ছে।

উত্তম মধ্যম (প্রহার) – গ্রামের লোকেরা ডাকাতটিকে ধরে কিছু উত্তম মধ্যম দিয়ে ছেড়ে দিল।

উড়নচন্ডী (অমিতব্যয়ী) – উড়নচন্ডী হয়ে বাপের হোটেলে আর খাওয়ার চেষ্টা কর না।

উভয় সংকট (দু'দিকে বিপদ) – একদিকে সত্য অন্যদিকে আপনজনের শাস্তি, এ যেন আমার উভয় সংকট।

উড়ে এসে জুড়ে বসা (অবাঞ্ছিতভাবে এসে সর্বেসর্বা হওয়া) – জীবনে কখনো সংসারের খোঁজ নেয়নি, এখন বাবার চাকরির টাকা দেখে সংসারে উড়ে এসে জুড়ে বসার চেষ্টা করছে।

উলুবনে মুক্তা ছড়ানো (অযোগ্য স্থানে মূল্যবান দ্রব্য রাখা) – তাকে দেশের অচলাবস্থার কথা বলা আর উলুবনে মুক্তা ছড়ানো একই কথার সামিল।

উনিশ বিশ (সামান্য পার্থক্য) – চেহারায় যথেষ্ট অমিল থাকলেও মেধার দিকে রুমি-সুমি উনিশ বিশ হবে।

উনপাঁজুরে (দুর্বল) – তার মতো উনপাঁজুরে লোক দিয়ে এ কাজ কখনও হবে না।

এ, ও

এক কথার মানুষ (দৃঢ় সংকল্প) – সাজু বরাবরই এক কথার মানুষ – ওর কথায় ও কাজে গরমিল হয় না।

এক ক্ষুরে মাথা মুড়ানো (একই মতে বিশ্বাসী) – দু'জনের আচার-আচরণ দেখছি একই রকম, তোমরা কি একই ক্ষুরে মাথা মুড়িয়েছ নাকি?

এলাহি কাণ্ড (খুব বড় রকমের) – কি হে ফরিদ, তোমাদের বাড়িতে এত হৈচৈ কিসের? মনে হচ্ছে এলাহী কাণ্ড।

এক চোখা (পক্ষপাতদুষ্ট) – গ্রামের গণ্যমান্য ব্যক্তিদের একচোখা বিচারের জন্যই আজ মেয়েটি গৃহহারা হয়েছে।

এক ঢিলে দুই পাখি মারা (এক প্রচেষ্টায় দুই উদ্দেশ্য সাধন করা) – বেড়াতে এসে হ্রদ দেখাও হল বিকালের ব্যায়ামও হলো, এ যেন এক ঢিলে দুই পাখি মারা।

এসপার ওসপার (মীমাংসা) – তালবাহানা না করে বিষয়টির এসপার ওসপার করে ফেলাই ভাল।

এক মাঘে শীত যায় না (পুনরায় বিপদ ঘটার সম্ভাবনা) – আমার ১০০০ টাকা নিয়ে সে পালিয়েছে, দেখা যাক একমাঘে শীত যায় কি না?

এলোপাতাড়ি (বিশৃঙ্খলা) – এলোপাতাড়ি গুলি ছুঁড়ে শত্রু পক্ষের কোন ক্ষতি করতে পারবে না।

CamScanner

একাদশে বৃহস্পতি (সৌভাগ্যের বিষয়) – এখন রহিমের একাদশে বৃহস্পতি, ধূলোমুঠোও সোনামুঠো হচ্ছে।

ওষুধ পড়া (ঠিকমতো কাজ হওয়া) – ঠিকমতো ওষুধ পড়েছে বলেই আমানের দুষ্টামি কমেছে।

ওজন বুঝে চলা (অবস্থা বুঝে চলা) – যিনি জীবনে ওজন বুঝে চলে সেই সফল হয়।

ওঁত পাতা (সুযোগের অপেক্ষায়) – গ্রামের ডাকাত ধরার জন্য পুলিশ ওঁত পেতে বসে আছে।

ক

.....

কূপমণ্ডুক (সীমাবদ্ধ জ্ঞানসম্পন্ন) – তোমার মত কূপমণ্ডুক লোক দিয়ে এক কাজ হবে না।

কানকাটা (বেহায়া, নির্লজ্জ) – তুমি তো একটা কানকাটা লোক, গতকাল তাড়িয়ে দেয়া সত্ত্বেও আজ আবার এসেছ।

কেষ্ট-বিষ্টু (বিশিষ্ট ব্যক্তি) – রসুলপুরের আমিরুল ইসলাম সাহেব আজকাল রাজনীতি করে বেশ কেষ্ট-বিষ্টু হয়ে উঠেছেন।

কংস মামা (শত্রুভাবাপন্ন নিকট আত্মীয়) – কংস মামাই যে কোনো দিন তোমার মহাক্ষতি করতে পারে।

কাক ভূষণ্ডী (দীর্ঘায়ু ব্যক্তি) – রহিমের মত কাক ভূষণ্ডী লোক এ গ্রামে আর কেউ নেই।

কাষ্ঠ হাসি (আন্তরিকতাশূণ্য নকল হাসি) – তাকে দেখা মাত্রই আমির কাষ্ঠ হাসি হেসে চলে গেলেন।

কথায় চিড়ে ভিজে না (ফাঁকা আওয়াজে কাজ হয় না) – লোকের উপকার করতে গেলে শুধু কথায় চিড়ে ভিজে না কাজ দেখাতে হয়।

কলুর বলদ (নির্বিকারে পরিশ্রম করা) – কলুর বলদের মতো শুধু খেটেই গেলে চলবে না, জীবনে উন্নতিও করতে হবে।

কুঁড়ের বাদশা (ভয়ানক কুঁড়ো) – তুমি দেখছি একটা কুঁড়ের বাদশা, শুধু খাও আর গল্প কর।

কান পাতলা (যে সব কথাই বিশ্বাস করে) – তার মতো কান পাতলা লোকের সাথে সংসার করা বড় মুশকিল।

কৈ মাছের প্রাণ (যা সহজে মরে না) – কৈ মাছের প্রাণ না হলে একমাস না খেয়ে লোকটি কিভাবে বেঁচে আছে?

কাঁচা পয়সা (নগদ প্রচুর উপার্জন) – ব্যবসায়ীদের কাঁচা পয়সার সাথে পাল্লা দেয়া আমাদের সাজে না।

কাঁচা ঘুম (হালকা ঘুম) – দুপুরের খাবারের পর সবারই কাছা ঘুম দেয়া উচিত।

কেতা দুরস্ত (পরিপাটি) – ওহে বাপু শুধু কেতা দুরস্ত হলেই চলবে না, কিছু বিদ্যারও প্রয়োজন আছে।

কাঁটা দিয়ে কাঁটা তোলা (শত্রু দিয়ে শত্রু বিনাশ করা) – সে আমার বিরুদ্ধে গিয়ে কিছুই করতে পারবে না, তার মেয়েকে পিছে লাগিয়েছি, কাঁটা দিয়ে কাঁটা তুলতে জানি।

কত ধানে কত চাল (অভিজ্ঞতা অর্জন) – পরের টাকায় নবাবী না করে নিজে রোজগার কর, তখন বুঝবে কত ধানে কত চাল।

কথার কথা (প্রসঙ্গগত যা বলা হয়) – যা বলেছে তা কথার কথা মাত্র, কী ঘটে, কে জানে?

কেটে পড়া (সরে যাওয়া/পালানো) – পকেটমার আমার পকেটের টাকাগুলো নিয়ে দ্রুত কেটে পড়ল।

কড়ায় গণ্ডায় (সম্পূর্ণ/পুরোপরি) – সে কড়ায় গণ্ডায় তার কাছ থেকে সকল পাওনা বুঝে নিল।

কাঁঠালের আমসত্ত্ব (অসম্ভব বস্তু) – ঐ হাড়কিপটের কাছ থেকে দান পাওয়া আর কাঠালের আমসত্ত্ব একই কথা।

কাঠের পুতুল (নির্জীব, অসার) – রাজা কাঠের পুতুলের মতো সিংহাসনে বসেছিলেন, প্রধানমন্ত্রীই দেশ শাসন করতেন।

কুল কাঠের আগুন (তীব্র জ্বালা) – তার কথার খোঁচায় আমার সারা দেহে কুল কাঠের আগুন জ্বলছে।

কেচোঁ খুড়তে সাপ (সামান্য থেকে অসামান্য পরিস্থিতি) – ব্যাপারটা নিয়ে বেশি নাড়াচাড়া করনা, তাহলে কেঁচো খুঁড়তে সাপ বের হয়ে আসবে।

কেউ কেটা (সামান্য) – ওর সঙ্গে পাল্লা দিতে যেও না, ও একজন কেউ কেটা লোক নয়।

কেঁচে গণ্ডুষ (পুনরায় আরম্ভ) – আবার কেঁচো গণ্ডুষ করতে হবে দেখছি, সবটাই ভুল হয়েছে।

কাচা হাত (অদক্ষ/অপক্ক) - লোকটির লেখা ভালো নয়, দেখেই মনে হয় কাচা হাতের লেখা।

কান কথা (গোপন কথা) - বন্ধু-বান্ধবের মজলিসে কান কথা আমি শুনতে চাই না।

কড়ার ভিখারি (দীন) - তোমার মতো কড়ার ভিখারির কাছে দয়া প্রত্যাশা করি না।

কপাল ফেরা (অবস্থার উন্নতি হওয়া) - ছেলেটি বিদেশ যাওয়ায় তার পরিবারে কপাল ফিরেছে।

কান খাড়া করা (সতর্ক হওয়া) -- রাস্তাঘাটে কান খাড়া করে চলতে হয়, তা না হলে বিপদ হয়।

কাছা ঢিলা (অসাবধান) - কাছা ঢিলা ব্যক্তিকে কোন বড় রকমের দায়িত্ব দিতে নেই।

কাগুজে বাঘ (মিথ্যা জুজু): রাশিয়া মোটেই কাগুজে বাঘ নয়।

কালে ভদ্রে (কদাচিৎ): কালে-ভদ্রে দেখা সাক্ষাৎ হলে আন্তরিকতা জন্মাতে পারে না।

কুয়োর ব্যাঙ (সংকীর্ণমনা লোক): আলমের মতো কুয়োর ব্যাঙ আর দেখিনি।

কলির সন্ধ্যা (কষ্টের সূচনা): একমাত্র রোজগারী পুত্রকে হারিয়ে বৃদ্ধার কলির সন্ধ্যার সূচনা হলো।

কলকাঠি নাড়া (গোপনে কু পরামর্শ দেওয়া): যারা কলকাঠি নাড়ে তারা কখনও মানুষের ভালো করতে পারে না।

কিস্তিমাত (সফলতা লাভ): সবচেয়ে বড় পুরস্করটা পেয়ে সে একবোরে কিস্তিমাত করেছে।

খ

.....

খুঁটে খাওয়া (উপযুক্ত হয়ে অন্ন সংস্থান করা) – কিছুদিন আগেও আয়শার দুর্দিন ছিল, এখন আল্লাহর বিশেষ রহমতে তারা দু'বেলা দু'মুঠো খুঁটে খেতে শিখেছে।

খোদার খাসি (হৃষ্টপুষ্ট) – বসে বসে বাবার অন্ন খেয়ে শরীরটা একেবারে খোদা খাসি বানিয়েছো।

খাল কেটে কুমির আনা (স্বীয় দোষে বিপদে পড়া) - আরিফকে স্থান দিয়ে আমি যেন খাল কেটে কুমির এনেছি, ওর জন্য আমাকে বিপদে পড়তে হলো।

খয়ের খাঁ (চাটুকার) - তুমিতো চৌধুরী পরিবারের খয়ের খাঁ।

খন্ড প্রলয় (তুমুল কান্ড/ভীষণ ব্যাপার) - গতকাল কবির ও আবিরের মধ্যে একটা খন্ডপ্রলয় বেধে গিয়েছিল।

খেজুরে আলাপ (অকাজের কথা): খেজুরে আলাপ বাদ দিয়ে আসল কথা বল।

গ

.....

গড্ডলিকা প্রবাহ (অন্ধ অনুকরণ) - গড্ডালিকা প্রবাহে গা না ভাসিয়ে উন্নতির পথে চল।

গণেশ উল্টানো (উঠে যাওয়া, ফেল মারা) - অসৎ কর্মচারীদের চুরির ফলে তার দোকানটির গণেশ উল্টিয়েছে।

গরিবের ঘোড়া রোগ (অবস্থার অতিরিক্ত অন্যায় ইচ্ছা) - দু'বেলা ভাত জোটে না সে কিনতে চায় গাড়ী, এ যেন গরিবের ঘোড়া রোগ।

গভীর জলের মাছ (অতি চালাক) – রফিকুল ইসলাম সাহেবের সাথে পাল্লা দেয়া এত সহজ নয়, তিনি গভীর জলের মাছ।

গাছে কাঁঠাল গোঁফে তেল (প্রাপ্তির আগেই আয়োজন) - তোমার চাকরি হলে আমাদের খাওয়াবে, এ গাছে কাঁঠাল গোঁফে তেল ছাড়া আর কিছুই না।

গা ঢাকা দেওয়া (আত্মগোপন) – লোকটি ঘটনার পর গা ঢাকা দিয়েছে, পুলিশ তাকে হন্যে হয়ে খুজছে।

গাছে তুলে মই কাড়া (সাহায্যের আশা দিয়ে সাহায্য না করা) - আমাকে এগিয়ে দিয়ে সরে পড়েছ, একেই বলে গাছে তুলে দিয়ে মই কাড়া।

গায়ে ফুঁ দিয়ে বেড়ানো (কোনো দায়িত্ব গ্রহণ না করা) - গায়ে ফুঁ দিয়ে বেড়ালে সংসার ঠিকমত চালাতে পারবে না তো।

গোকুলের ষাঁড় (নিষ্কর্ম) – এ পাড়ার ছেলেগুলো গোকুলের ষাঁড়, এদের দ্বারা এ সমাজের কোনো উন্নতি হবে না।

গোল্লায় যাওয়া (নষ্ট হওয়া, অধঃপাতে যাওয়া) - অল্প বয়সে বাবা-মাকে হারানোর পরে ছেলেটি গোল্লায় গেল।

গোবর গণেশ (অকর্মণ্য) - বড়লোকের ছেলেরা বাবা-মার আদরে অনেকেই গোবর গণেশ হয়।

গোঁফ খেজুরে (নিতান্ত অলস) – গোঁফ খেঁজুরে লোক দিয়ে কোনো কাজই হয় না।

গোড়ায় গলদ (শুরুতে ভুল) - অংক মিলবে কেমন করে, তোমার তো গোড়াতেই গলদ।

গৌরচন্দ্রিকা (ভূমিকা) – আর গৌরচন্দ্রিকা না করে আসল কাজের মনযোগ দাও।

গুড়ে বালি (আশায় নিরাশ হওয়া) - তুমি ভাবছ আমি তোমাকে টাকা দিব, সে গুড়ে বালি।

গোবরে পদ্মফুল (নিচ বংশে মহৎ ব্যক্তি) – নিরক্ষর পিতা-মাতার মেধাবী পুত্র, ও যে গোবরে পদ্মফুল।

গাছ পাথর (হিসাব নিকাশ) – আমরা সেকেলে, আমাদের বয়সের কি গাছপাথর আছে।

গদাই লস্করি চাল (অতি ধীর গতি/আলসেমি) - ওহে বাবু তাড়াতাড়ি হাত চালাও, অমন গদাই লস্করী চালে কাজ করলে সব পণ্ড হবে।

গলগ্রহ (পরের বোঝাস্বরুপ থাকা) - সিরাজের মামা তাদের পরিবারে গলগ্রহ হয়ে বেচে আছে।

গোয়ার গোবিন্দ (নির্বোধ অথচ হঠকারী) - গোঁয়ার গোবিন্দের মতো কাজ করলে ঠকতে হয়।

গৌরী সেনের টাকা (বেহিসেবি অর্থ): গৌরী সেনের টাকা দু'হাতে খরচ করেও শেষ করা যায় না।

ঘ

.....

ঘর ভাঙানো (সংসার বিনষ্ট করা) - তোমার মতো ঘর ভাঙানো বৌ আর দেখি নি।

ঘাটের মরা (অতি বৃদ্ধ) - টাকার জন্য বাবা-মা মেয়েকে ঘাটের মরার হাতে তুলে দিল।

CamScanner

ঘোড়া রোগ (সাধ্যের অতিরিক্ত সাধ) - মাসে এক হাজার টাকা মাইনে পেয়ে গাড়ি কিনতে চাও; তোমার দেখি ঘোড়া রোগ হয়েছে।

ঘোড়া ডিঙিয়ে ঘাস খাওয়া (মধ্যবর্তীকে অতিক্রম করে কাজ করা) - বড় বাবুকে না জানিয়ে বড় সাহেবকে বলা ঘোড়া ডিঙিয়ে ঘাস খাওয়ার মতো।

ঘোড়ার ঘাস কাটা (অকাজে সময় নষ্ট করা) - ঘোড়ার ঘাস না কেটে আসল কাজের সময় দাও।

ঘোড়ার ডিম (অবাস্তব) - ভাল করে লেখাপড়া না করলে পরীক্ষায় ঘোড়ার ডিম পাবে।

ঘুঘু চরানো (সর্বনাশ করা) - খারাপ লোকের সঙ্গে কখনও বন্ধুত্ব করবে না, সে তোমার ঘুঘু চরিয়ে ছাড়বে।

ঘাড় ভাঙ্গা (জবরদস্তি করে আদায় করা) - মানুষের ঘাড় ভেঙ্গে সবসময় ভোট আদায় করা যায় না।

ঘাড়ে ভূত চাপা (দুর্বুদ্ধি হওয়া) - এ কাজ তুমি করলে কীভাবে, তোমার ঘাড়ে ভূত চেপেছে নাকি?

ঘাম দিয়ে জ্বর ছাড়া (বিপদ থেকে উদ্ধার লাভ): জলিল অনেক চেষ্টার ফলে ঘাম দিয়ে জ্বর ছাড়লো।

চ

.....

চক্ষুদান করা (চুরি করা) - কোন ব্যক্তি তার কলমটার চক্ষু দান করল?

চাঁদের হাট (আনন্দের প্রাচুর্য) - ধনে জনে রহিম সাহেবের সংসার যেন চাঁদের হাট।

চিনির বলদ (ভারবাহী কিন্তু ফল লাভের অংশীদার নয়)- সংসারে চিনির বলদের মতো খেটে মরছি, কিছুই পাচ্ছি না।

চোখের বালি (চক্ষুশূল) - সতীনের ঘরের ছেলেটি তার চোখের বালি।

চোখের পর্দা (লজ্জা) - তোমার চোখের পর্দা নেই বলেই এমন কাজ করেছ।

চোখ কপালে তোলা (বিস্মিত হওয়া) - এমন অদ্ভুত বাঁশিওয়ালাকে দেখে মেয়রের চোখ কপালে উঠল।

চোখের মণি (প্রিয়) - ছেলেটি বৃদ্ধ পিতা-মাতার চোখের মণি।

চোখে সরষে ফুল দেখা (অত্যন্ত বিপন্নবোধ করা) - গরিব পিতা-মাতার ছেলে চাকরি না পেয়ে চোখে সরষে ফুল দেখছে।

চোরাবালি (প্রচ্ছন্ন আকর্ষণ) - লোভের চোরাবালিতে পড়ে লোকটির কি পরিণতিই না হলো।

চামচিকের লাথি (নগণ্য ব্যক্তির কটূক্তি) - ক্ষমতা চলে গেলে চামচিকের লাথিও সহ্য করতে হয়।

চিনির পুতুল (শ্রমকাতর) - তোমার মতো এমন চিনির পুতুলকে দিয়ে আমার এ কাজ চালানো বড়ই মুশকিল।

চুঁনোপুটি (নগণ্য) - এত বড় গানের আসরটি আলীর মতো চুঁনোপুটি শিল্পীই মাতিয়ে দিল।

চিনে/ছিনে জোঁক (নাছোড়বান্দা) - রুহুল সামান্য কয়টি টাকার জন্য চিনে জোঁকের মতো সারাদিন তার পিছু লেগে রয়েছে।

চুল পাকানো (অভিজ্ঞতাসম্পন্ন) – এ বিষয়ে জামান সাহেব চুল পাকানো লোক, তাতে কোন সন্দেহ নেই।

ছ

.....

ছ কড়া ন কড়া (সস্তা দর) - নিলামের মাল, তাই ছ'কড়া ন'কড়ায় খুব সহজেই বিক্রি হয়ে গেল।

ছা পোষা (অত্যন্ত গরিব) - আমার মতো ছা পোষা লোকের কোনো পথ থাকতে নেই।

ছিনিমিনি খেলা (নষ্ট করা) - পরের টাকায় ছিনিমিনি খেলার অভ্যাস ছেড়ে দাও।

ছেলের হাতের মোয়া (সহজলভ্য বস্তু) - এ ছেলের হাতের মোয়া নয় যে চাইলেই পাবে।

ছাই চাপা আগুন (সুপ্ত তেজস্বিতা) - রনি যে একদিন ছাই চাপা আগুন হয়ে বেরোবে, তা কি কেউ বুঝতে পেরেছিল?

ছক্কাপাঞ্জা করা (বড় বড় কথা বলা) – তার মত লোকের ছক্কাপাঞ্জা বিবরণে কারো আস্থা নেই।

ছাঁদনাতলা (বিবাহের মণ্ডপ) - রহিম যাই করুক না কেনো, আসলে সে ছাঁদনাতলায় যাচ্ছে না।

জ, ঝ

.....

জগদ্দল পাথর (কঠিন চিন্তা) – মেয়ের বিয়ের ভাবনাটিই যেন দরিদ্র কৃষকের জগদ্দল পাথরের মতো বুকে চেপে আছে, কবে যে সুরাহা হবে তা কে জানে?

জগাখিচুড়ি পাকানো (গোলমাল বাধানো) - বিষয়টি জগাখিচুড়ি পাকিয়ে সে সরে পড়ল।

জিলাপির প্যাঁচ (কুটিলতা) - জিলাপির প্যাঁচ সম্পন্ন লোকটিকে সবকিছু খুলে বলো না।

জলে কুমির ডাঙায় বাঘ (উভয় সঙ্কট) - ভাইয়ে ভাইয়ে ঝগড়ায় মায়ের অবস্থা জলে কুমির ডাঙায় বাঘ কারও পক্ষে কোনো কথা বলার উপায় নেই।

জাল গোটানো (কাজ শেষ করে যাবার জন্য আয়োজন করা) - সারাদিন অনেক কাজ করেছি, এবার জাল গোটানোর পালা।

জবরজং (জমকালো কিন্তু বেমানান) – জবরজং পোশাকে তোমাকে একটুও মানায়নি।

জোড়ের পায়রা (ঘনিষ্ঠ বন্ধু) - দুজন যেন জোড়ের পায়রা, সব সময় একসাতে ঘুরে বেড়ায়।

ঝাঁকের কৈ (এক দলভুক্ত) - পাড়ার সন্ত্রাসী ছেলেগুলোই হলো ঝাঁকের কৈ, তাকে পুলিশ ধরলেই সব ধরা পড়বে।

ঝিকে মেরে বউকে বোঝানো (একজনকে শাস্তি দিয়ে অন্য জনকে শেখানো) - অপরাধ করেছে বড় ভাই আর মারধর করলে ছোট ভাইকে, বলি ঝিকে মেরে বউকে শেখাতে চাও নাকি?

ঝোপ বুঝে কোপ মারা (সুযোগ মত কাজ করা) - ঝোপ বুঝে কোপ মারতে পেরেছে বলেই সে কৃতকার্য হয়েছে।

ট, ঠ

.....

টাকার গরম (ধনের অহংকার) - টাকার গরমে আতাউর সাহেবের মাটিতে পা পড়ে না।

টেক্কা দেওয়া (প্রতিযোগিতা করা) - বর্তমান যুগে মেয়েরাই ছেলেদের সঙ্গে বেশি টেক্কা দিচ্ছে।

টইটুম্বুর (ভরপুর) - বর্ষাকালে নদী, খাল, বিল, ক্ষেত সবকিছু পানিতে টইটুম্বুর হয়ে থাকে।

টনক নড়া (চৈতন্যোদয় হওয়া/সচেতন হওয়া) - কারখানার শ্রমিকদের দল বেঁধে আন্দোলনের ফলেই মালিকের টনক নড়েছে।

টাকার কুমির (ধনী ব্যক্তি) - গাজী সাহেব টাকার কুমীর, কিন্তু কৃপণের একেবারে হাড্ডি।

টায়ে টায়ে (কোনো মতে) - টায়ে টায়ে আমি সংসার চালাচ্ছি।

টোপ ফেলা (সুকৌশলে সুযোগের জন্য চেষ্টা): আলম সাহেব নির্বাচনে জেতার জন্য টোপ ফেললেন।

ঠাঁট বজায় রাখা (অভাব চাপা রাখা) - অভাবে পড়লেও তিনি ঠাঁট বজায় রেখে চলেছেন।

ঠোঁট কাটা (স্পষ্ট বক্তা) - আচ্ছা, ঠোঁট কাটা লোক তো তুমি, তার মুখের উপর অতগুলো কথা বলে ফেললে।

ঠেলার নাম বাবাজি (চাপে পড়ে কাবু) - শেষ পর্যন্ত করিমের কাছ থেকে টাকা আদায় হলো, আসলে ঠেলার নাম বাবাজি।

ঠেলা দিয়ে গঙ্গায় ফেলা (জোর করে কাজ করানো): করিম অলস, তাকে ঠেলা দিয়ে গঙ্গায় ফেলতে হয়।

ড

.....

ডুবে ডুবে জল খাওয়া (গোপনে কাজ করা) - ছেলেটিকে ভালই জানতাম; কিন্তু সে যে এমন ডুবে ডুবে জল খায় তা কে জানতো?

ডান হাত (প্রধান সহযোগী) - মন্টু মাঝি কিন্তু চোরাকারবারদের ডান হাত বলেই আমরা শুনেছি।

ডাক ছেড়ে কাঁদা (সশব্দে ক্রন্দন) - ছেলের পরীক্ষার ফল দেখে এখন আমার ডাক ছেড়ে কাঁদতে ইচ্ছে করছে।

ডুব মারা (অদৃশ্য হওয়া) - সেই যে বিয়ের পর ডুব মারলে আর দেখা দিলে না।

ডান হাতের ব্যাপার (খাওয়া, আহার) - একটু অপেক্ষা কর ভাই, আমি চট করে ডান হাতের ব্যাপারটা সেরে নেই।

ডুমুরের ফুল (দুর্লভ বস্তু) - তুমি তো দেখছি একেবারে ডুমুরের ফুল হয়ে গেছো।

ঢ

.....

ঢাক পেটানো (প্রচার করা) - বর্তমান সমাজে নিজের ঢাক নিজে না পিটালে কোথাও মূল্য পাওয়া যায় না।

ঢাকের কাঠি (মোসাহেব, চাটুকার) - সমাজের ধনী লোকের ঢাকের কাঠি অনেকেই হতে চায়।

ঢাকের বাঁয়া (অপ্রয়োজনীয়) - আমি কি একেবারেই ঢাকের বাঁয়া, তোমাদের সঙ্গে যেতে পারব না?

ঢেঁকির কুমির (অপদার্থ) - বাড়িতে বসে বসে খেয়ে আর ঘুমিয়ে তুমি দেখছি ঢেঁকির কুমির হয়েছ।

ঢাক ঢাক গুড় গুড় (গোপন রাখার চেষ্টা) - কোর্টে সাক্ষ্য দেবো তো ঢাক ঢাক গুড় গুড় করতে পারবো না, সত্য কথা বলব।

ত

.....

তৈলের মাথায় তৈল দেওয়া (যার আছে তাকে আরও দেওয়া) - এই দুনিয়ার সবাই তৈলের মাথায় তৈল দেয়, গরীব লোকদের কেউ নেই।

তাসের ঘর (ক্ষণস্থায়ী) - এ সংসার তাসের ঘর; কী নিয়ে আমরা এখানে বড়াই করি।

তামার বিষ (অর্থের কুপ্রভাব) - হঠাৎ বড়লোক কিনা, তাই তামার বিষে বিবেকহীন হয়ে পড়েছে।

তিলকে তাল করা (বাড়িয়ে বলা) - ওর স্বভাবই হলো তিলকে তাল করা, ওর কথায় কোনো গুরুত্ব দেওয়া ঠিক হবে না।

তাক লাগানো (অবাক করে দেওয়া) - সংসারের সমস্ত কাজ-কর্ম করেও আমানের পরীক্ষার ফল দেখে সবারই তাক লেগে গেছে।

তুলসী বনের বাঘ (ভণ্ড) - দেখতে তোমাকে সোজা মনে হলেও আসলে তুমি একজন তুলসী বনের বাঘ।

তুষের আগুন (দীর্ঘস্থায়ী ও দুঃসহ যন্ত্রণা) - স্বাধীনতার যুদ্ধে ছেলেকে হারিয়ে বাবা-মায়ের মন তুষের আগুনে জ্বলছে।

তীর্থের কাক (প্রতীক্ষারত) - সে তীর্থের কাকের মতো হা করে বসেছিল।

তাল পাতার সেপাই (ক্ষণজীবী) – করিমের মত তালপাতার সেপাই দিয়ে এ কাজ হবে না।

CamScanner

তালকানা (ভালোমন্দ বোধহীন) - তালকানা লোকদের নিয়ে চলা মুশকিল।

ত্রিশঙ্কু অবস্থা (অনিশ্চিত অবস্থা): পড়াশোনা শেষ, চাকরী না পেয়ে এখন ত্রিশঙ্কু দশায় আছি।

থ

.....

থ বনে যাওয়া (স্তম্ভিত হওয়া) - তোমার কাণ্ড দেখে আমি তো থ বনে গেলাম।

থই থই করা (পরিপূর্ণ করা) - বর্ষার অবিরাম বর্ষণে নদী-নালায় পানিতে থই থই করছে।

দ

.....

দা-কুমড়া (ভীষণ শত্রুতা) - ভাইয়ে ভাইয়ে দা-কুমড়ো সম্বন্ধ! বল কি বাপু?

দায় সারা (যেমন-তেমন) - বাড়ি মেরামতে তোমার এমন দায়-সারা কাজ আমার মনঃপুত হলো না।

দহরম মহরম (ঘনিষ্ঠ সম্পর্ক) - দু'জনের মধ্যে দহরম মহরম দেখছি, বন্ধুত্ব টিকলেই হয়।

দু মুখো সাপ (দু জনকে দু রকম কথা বলে পরস্পরের মধ্যে শত্রুতা সৃষ্টিকারী) - লোকটা দু'মুখো সাপ; তার সামনে কোনো কথা বলা ঠিক হবে না।

দুধের মাছি (সু সময়ের বন্ধু) - অর্থই সব, অর্থ থাকলে কি আর দুধের মাছির অভাব হয়?

দক্ষযজ্ঞ (বিরাট সমারোহ) – খান সাহেবের বাড়িতে বিয়ের হৈ চৈ পড়েছে, যেন দক্ষযজ্ঞ ব্যাপার।

দিবা স্বপ্ন (অলীক কল্পনা) – দিবা স্বপ্ন না দেখে ভালো কাজে মনযোগ দাও।

দুধে ভাতে থাকা (সুখে থাকা): আমাদের দেশের সন্তানেরা যেন থাকে দুধে ভাতে।

অ

.....

ধরাকে সরা জ্ঞান করা (সকলকে তুচ্ছ ভাবা) - কালোবাজারের কাঁচা পয়সা হাতে পেয়ে সে এখন সকলকেই ধরাকে সরা জ্ঞান করছে।

ধর্মের ষাঁড় (অকর্মণ্য) - লেখাপড়া ছেড়ে দিয়ে রুহুল এখন ধর্মের ষাঁড় হয়ে ঘুরে বেড়াচ্ছে।

ধর্মের কল (সত্য) - ধর্মের কল বাতাসে নড়ে।

ধরি মাছ না ছুঁই পানি (কৌশলে কার্যোদ্ধার) - ধরি মাছ না ছুঁই পানি গোছের কাজ হেড মাস্টার সাহেবের অপছন্দ, কেননা তিনি খাঁটি মানুষ।

ধামাধরা (তোষামুদে) - সভায় যারা উপস্থিত ছিলেন তাদের অধিকাংশই সেক্রেটারির ধামাধরা লোক।

ধর্মপুত্র যুধিষ্ঠির (ধার্মিক) – ধর্ম পালন করেই রহিম সাহেব ধর্মপুত্র যুধিষ্ঠির হয়েছেন।

ধর্মের ঢাক আপনি বাজে (পাপ গোপন না থাকা): দারোগা সাহেবের ঘুষ খাওয়ার কথা প্রকাশ পেলে সবাই বলাবলি করতে লাগল যে ধর্মের ঢাক আপনি বাজে।

ন

.....

ননীর পুতুল (শ্রমবিমুখ) -- আহা রোদের আঁচ সয় না, যেন ননীর পুতুল।

নয় ছয় (অপচয়) - এতগুলো টাকা দু'দিনেই ছেলেটি নয় ছয় করে উড়িয়ে দিল।

নাড়ীর টান (গভীর ও আন্তরিক মমত্ববোধ) – নাড়ির টানেই রহিম সাহেব দেশে ফিরে এসেছেন।

নেই আকড়া (একগুয়ে) - তোমার মত নেই আকড়া লোকের সঙ্গে তর্ক করতে যাওয়াই ঝকমারি।

নথ নাড়া (অহংকার করা): চাকুরি পেয়ে ছেলেটি নথ নাড়ে চলছে।

প

.....

পটল তোলা (মারা যাওয়া) - এভাবে মূলধন অপচয় করলে শীঘ্রই ব্যবসায়ে পটল তুলতে হবে।

পালের গোদা (দলপতি) - পালের গোদাকে পুলিশ ধরতে পারেনি, অন্যদের হাতে হাতকড়া পড়েছে।

পাকা ধানে মই দেয়া (অনিষ্ট করা) - আমি কি তোমার পাকা ধানে মই দিয়েছি যে, আমার ক্ষতি করার জন্যে উঠে পড়ে লেগেছো?

পুঁটি মাছের প্রাণ (যা সহজে মরে যায়) - এমন পুঁটি মাছের প্রাণ নিয়ে এত বড় গুরুত্বপূর্ণ কাজ কীভাবে করবে?

পুকুর চুরি (বড় রকমের চুরি) - প্রশাসন শিথিল হলেই কর্মচারীরা পুকুর চুরি করতে সাহস পায়।

পোয়াবারো (অতিরিক্ত সৌভাগ্য) - ধনীর একমাত্র আদরের দুলালীকে বিয়ে করে রফিকের এখন পোয়াবারো।

পায়াভারি (অহঙ্কার) - পরীক্ষায় প্রথম হয়ে চৈত্রীর পায়াভারী হয়েছে। সে এখন কারও সাথে ভালভাবে কথাই বলে না।

পরের ধনে পোদ্দারি (অন্যের অর্থের যথেচ্ছ ব্যয়) - পরের ধনে পোদ্দারি আর কত দিন করবে, এখন নিজের পায়ে দাঁড়াও।

পঞ্চমুখ হওয়া (অতিশয় প্রশংসা করা) – করিমের লেখা দেখে শিক্ষক পঞ্চমুখ না করে পারলেন না।

পত্রপাঠ (অবিলম্বে): পত্রপাঠ বাড়িতে চলে আসবে।

ফ

.....

ফপর দালালি (অতিরিক্ত চালবাজি) - সবখানে ফপর দালালি চলে না, জায়গা বুঝে কাজ করতে হয়।

ফুলবাবু (বিলাসী) - ঘরে নেই চাল, অথচ ফুলবাবু সেজে ঘুরে বেড়াচ্ছে।

ফতো নবাব (সম্বলহীন বড়লোক) - করিম বেপারী এখন ফতো নবাব।

ফোড়ন দেওয়া (টিপ্পনি কাটা) - ঝগড়া-ঝাটি তো ওদের ভাইয়ে ভাইয়ে, তার মধ্যে ফোড়ন দেয়া অনুচিত।

ব

.....

বালির বাঁধ (অস্থায়ী বস্তু) - সংসার জীবনে সুখ-দুঃখ ঠিক যেন বালির বাধের মত।

ব্যাঙের আধুলি (সামান্য ধন বা সম্পদ) - এ ব্যাঙের আধুলি দিয়ে তুমি জীবনে কিছু করতে পারবে না।

ব্যাঙের সর্দি (অসম্ভব ঘটনা) - দাগি চোরকে দেখাও জেলের ভয়, ব্যাঙের আবার সর্দি।

বিষবৃক্ষ (অনাচারের উৎস) - দেশ থেকে সন্ত্রাসের বিষবৃক্ষ তুলে ফেলতে হবে।

বক ধার্মিক/বিড়াল তপস্বী (ভন্ড সাধু) - রহিমের মত বক ধার্মিক এ গ্রামে দ্বিতীয় আর কেই নেই।

বাঁ হাতের ব্যাপার (ঘুষ গ্রহণ) - তার কাছে এ ধরনের কাজ করা যেন বা হাতের ব্যাপার।

বাঘের দুধ/চোখ (দুঃসাধ্য বস্তু) - এ দুনিয়ায় টাকা হলে বাঘের দুধও পাওয়া যায়।

বিসমিল্লায় গলদ (গোড়ায় গলদ) - অঙ্ক তোমার মিলবে কেমন করে, বিসমিল্লায় যে গলদ করে বসে আছ।

বুদ্ধির ঢেকি (নিরেট মুর্খ) - তোমার মতো বুদ্ধির ঢেকি ছেলে দিয়ে কোন কাজ হবে না।

বসন্তের কোকিল (সুসময়ের বন্ধু) - টাকা পয়সা হলে বসন্তের কোকিলের অভাব হয় না।

বিনা মেঘে বজ্রপাত (হঠাৎ বিপদ): পিতার মৃত্যু সংবাদ আমার কাছে বিনা মেঘে বজ্রপাতের মতোই।

ভ

.....

ভালুক জ্বর (ক্ষণস্থায়ী জ্বর) – তোমার চিন্তা করার কোন কারণই নেই, এ তোমার ভালুকজ্বর ছাড়া আর কিছু নয়।

ভরা ডুবি (সর্বনাশ) - মামলায় হেরে গিয়ে তার ভরা ডুবি হয়েছে।

ভুতের বেগার (অযথা শ্রম) - সারা জীবন ভুতের বেগার খাটলাম, এখন দেখছি সবই বৃথা।

ভিজে বিড়াল (কপটচারী) - সে একজন ভিজা বিড়াল, বাইরে শান্ত ভিতরে কুট।

ভুষণ্ডির কাক (দীর্ঘজীবী) - করিম সাহেব এই গ্রামের মধ্যে একজন ভুষণ্ডির কাক।

ম

.....

মগের মুল্লুক (অরাজক দেশ) - দুর্নীতির কারনে বাংলাদেশ আজ মগের মুল্লুক এ পরিণত হয়েছে।

মুখ তুলে চাওয়া (সদয় হওয়া) – এতদিন আল্লাহ পাক তার প্রতি মুখ তুলে চেয়েছেন।

মাকাল ফল (অন্তঃসার শুন্য) – মাকাল ফল সম্পন্ন লোককে কেউ পছন্দ করে না।

ম্যাও ধলা (ধাক্কা সামলানো) – কাজটা তো অনেক ভালো, কিন্তু ম্যাও ধরবে কে?

মাথা গলানো (অনধিকার চর্চা) - রহিম ও করিমের পারিবারিক কলহে তোমার মাথা গলানো উচিত নয়।

মণিকাঞ্চন যোগ (উপযুক্ত মিলন) - দ্বিতীয় বিশ্বযুদ্ধে ইংল্যান্ডের সঙ্গে আমেরিকার মিতালী যেন মণিকাঞ্চন যোগ।

মন না মতি (অস্থির মানব মন) - মানব মন, তার তো পরিবর্তন ঘটতে পারে, কথায় বলে মন না মতি।

মুখে খই ফোটা (অনর্গল কথা বলা): ছেলেটির মুখে সব সময় খই ফোটে, এক বার কথা শুরু করলে থামতেই চাই না।

য

.....

যক্ষের ধন (কৃপণের কড়ি) – তার পিতার সম্পত্তিটি সে যক্ষের ধনের মতো আকড়ে ধরে রেখেছে।

র

.....

রাঘব বোয়াল (সর্বগ্রাসী ক্ষমতাবান ব্যক্তি) - সমাজপতিরা রাঘব বোয়াল হয়ে গরিবের সর্বনাশ করে।

রাবণের চিতা (চির অশান্তি) – রাবণের চিতা সম জ্বলিছে হৃদয়।

রাবণের গোষ্ঠী (যে পরিবারে অনেক লোক) – এ রাবণের গোষ্ঠীর খাবার জোগাড় করা কি এত সহজ কাজ?

রাশভারি (গম্ভীর প্রকৃতির) – আমাদের বড় সাহেব খুব রাশভারি লোক, তাঁর সাথে বুঝে সুঝে কথা বলো।

রাহুর দশা (দুঃসময়) – সুখের পায়রারা সব উড়ে গেছে! এখন আমার রাহুর দশা, তাই কেউ কাছে আসে না।

রুই-কাতলা (পদস্থ বা নেতৃস্থানীয় ব্যক্তি) – দেশের সুযোগ সুবিধা রুই কাতলারাই বেশি ভোগ করে।

CamScanner

ল

লেফাফা দুরস্ত (বাইরের ঠাট বজায় রেখে চলেন যিনি) – এই লেফাফা দুরস্ত লোকটিকে দেখে কি মনে হয়, ইনি কপর্দক শূন্য?

শ

শকুনি মামা (কুটিল ব্যক্তি) – তোমার মতো ঐমন শকুনি মামার মুখ দেখাও পাপ।

শাঁখের করাত (দুই দিকেই বিপদ) – সত্য কথা বললে বাবার ক্ষতি, মিথ্যা কথা বললে মায়ের ক্ষতি, আমার হয়েছে শাঁখের করাতের অবস্থা।

শাপে বর (অনিষ্টে ইষ্ট লাভ) – আমাকে ফেলে যাওয়ায় আমার রোজগার হলো হাজার টাকা, একেই বলে শাপে বর।

শিরে সংক্রান্তি (বিপদ মাথার ওপর) – আমার এখন শিরে সংক্রান্তি, আর তুমি এসেছ শিবের গান গাইতে।

শুয়ে শুয়ে লেজ নাড়া (আলস্যে সময় নষ্ট করা) – এভাবে শুয়ে শুয়ে লেজ না নাড়িয়ে কাজে মন দাও, নইলে পরে বিপদে পড়বে।

শরতের শিশির (সুসময়ের বন্ধু) – শরতের শিশির থেকে দূরে থাকাই ভালো।

শিবরাত্রির সলতে (একমাত্র জীবিত বংশধর) - চৌধুরী সাহেব তার শিবরাত্রির সলতেকে কখনও দূরে যেতে দেয় না।

ষ

ষোল আনা/কলা (পুরোপুরি) – গরিবের ঘরে মেয়ের বিয়ে দিয়ে করিম সাহেব ষোল আনাই/কলাই ভুল করেছেন।

ষোল কলায় পূর্ণ (সম্পূর্ণ) – ক্ষতি যা হবার তা ষোল কলায় পূর্ণ হয়েছে, এবার পথে বসতে হবে।

স

সবুরে মেওয়া ফলে (ধৈর্য্য সুফল মিলে) – বিয়ের ব্যাপারে এত তাড়াহুড়া করতে নেই, সবুরে মেওয়া ফলে কথাটা কি সহজেই ভুলে গেলে?

সাত খুন মাফ (অত্যধিক প্রশ্রয়) – যেভাবে ছেলের সাত খুন মাফ করছো তাতে একদিন তোমাকে আফসোস করতে হবে।

সাপে নেউলে (শত্রুতা ভাব) – দুই বন্ধুর মধ্যে এখন সাপে নেউলে সম্পর্ক চলছে।

সাত পাঁচ (বিবিধ) – সাত পাঁচ ভেবে লাভ নেই, কাজে মন দাও।

সাপের পাঁচ পা দেখা (অহঙ্কারী হওয়া) – কেরানী থেকে বড় সাহেব হয়ে সে এখন সাপের পাঁচ পা দেখেছ।

সোনায় সোহাগা (উপযুক্ত মিলন) – যেমন রূপসী কনে, তেমনি গুণী বর এ যেন সোনায় সোহাগা।

সাক্ষী গোপাল (নিষ্ক্রিয় দর্শক) – তোমাদের এ পারিবারিক কলহে আমার সাক্ষী গোপাল হওয়া ছাড়া আর উপায় নেই।

সস্তার তিন অবস্থা (কম দামের জিনিস ত্রুটিপুর্ন) – তার ল্যাপটপ কেনার দুই মাসের মধ্যেই খারাপ হয়ে গেল, সস্তার তিন অবস্থা যাকে বলে।

সোনার পাথর বাটি (অলীক বস্তু) – আমার সাধ্যে কুলোলে নিশ্চয় দেব, কিন্তু তুমি যদি এখন সোনার পাথর বাটি চাও তাহলে আমি অপারগ।

সবে ধন নীলমণি (একমাত্র অবলম্বন) – সবেধন নীলমণি ছেলেকে হারিয়ে করিম সাহেব শোকাতুর হয়েছেন।

স্বরসতীর বরপুত্র (সর্বাপেক্ষা বিদ্বান) – বিদ্যাসাগর সবার কাছে স্বরসতীর বরপুত্র হিসেবে পরিচিত।

হ

হাটে হাঁড়ি ভাঙা (গোপন কথা প্রকাশ করা) – খবরদার, আমার পিছু লেগো না, যদি লাগো তা হলে হাটে হাঁড়ি ভেঙ্গে দেব কিন্তু বলে দিচ্ছি।

হাত টান (চুরির অভ্যাস) – ছেলেটার একটু হাতটান আছে, ঘরের জিনিস সাবধানে রেখ।

হ য ব র ল (বিশৃঙ্খলা) – যা বলতে চাও তা পরিষ্কার করে বল, নইলে তোমার এ হ-য-ব-র-ল উক্তি কোনো কাজে লাগবে না।

হাড়ে হাড়ে চেনা (মর্মান্তিকভাবে চেনা) – রহিম মুন্সীকে সবাই না চিনলেও আমি তাকে হাড়ে হাড়ে চিনি।

হাতের পাঁচ (শেষ সম্বল) – বিপদের দিনে এ কটা টাকাই আমার হাতের পাঁচ।

হোমরা চোমরা (গণ্যমান্য ব্যক্তি) – জনাব রাজীব সাহেব অত্র এলাকার একজন হোমরা চোমরা হিসেবে পরিচিত।

হিতে বিপরীত (উল্টো ফল) – লোকটাকে শাস্তি দিলাম ভালো হওয়ার জন্য অথচ হিতে বিপরীত হয়ে গেল।

হাড় হাভাতে (হতভাগ্য) – একেবারে হাড় হাভাতে ছেলে, তাকে দিয়ে কিছুই হবে না।

হালে পানি পাওয়া (পাত্তা পাওয়া) – যতই চেষ্টা কর, হালে পানি পাবে না।

হাতে কলমে (বাস্তব বা প্রায়োগিক শিক্ষা) – মেয়েটা লেখাপড়া বেশি না করলেও হাতে কলমে বেশ কাজ শিখেছে।

হাত পাতা (সাহায্য চাওয়া, ভিক্ষা চাওয়া) – রহিম সাহেবের সবসময় মানুষের কাছে হাত পাতে।

হেস্ত নেস্ত (মীমাংসা) – এ বিরোধের একটা হেস্তনেস্ত না করলে বিপদ আরও বাড়বে।

হাড়হদ্দ (নাড়ী নক্ষত্র) – দুই দিনের ছেলে আসলাম, আমারই ওপর চোখ রাঙায়, আমি ওর হাড়হদ্দ জানি।

হাত ভারি (কৃপণ) - রহিম সাহেবের প্রচুর ধন সম্পদ থাকার পরও তার হাত ভারি রয়ে গেছে।

হাতির পাঁচ পা দেখা (দুঃসাহসী হওয়া): আমার ছেলে তুমি, তুমি আমাকে মান না, হাতির পাঁচ পা দেখেছ।

পত্র লিখন

১. একটি ভয়াবহ দুর্ঘটনা সম্পর্কে আপনার প্রিয় বন্ধুকে একটি চিঠি লিখুন।

চৌদ্দগ্রাম, কুমিল্লা
১২.০৯.২০২১

প্রিয় রিতা

আমার প্রীতি ও শুভেচ্ছা নিও। আশা করি ভালো আছো। কিছুদিন আগে একটি ভয়াবহ দুর্ঘটনায় পড়েছিলাম। আল্লাহর রহমতে অল্পের জন্য রক্ষা পেয়েছি। তোমাকে এখন সেই ঘটনাই বলব। সেদিন আমরা পরিবারের সবাই মিলে কক্সবাজারের সাফারি পার্কে বেড়াতে গিয়েছিলাম। অনেক আনন্দ করে বাড়ি ফিরছি। এমন সময় হঠাৎ করে পিছন থেকে একটি ট্রাক জোড়ে ধাক্কা দেয়। এতে আমাদের বাস গতি হারিয়ে একটি ব্রীজের দেয়ালে আঘাত খেয়ে থেমে যায়। আল্লাহর রহমত যে বাসটি নীচে খাঁদে পড়েনি। আমরা সামান্য আহত হলেও ওই বাসের দুই জন যাত্রী মারা যায় আর বেশ কয়েকজন গুরুতর আহত হয়। সেদিনের সেই দৃশ্য আমি কোনোদিন ভুলবনা। আজ আর নয়। তোমার আব্বু আম্মুকে আমার সালাম দিও এবং আমাদের জন্য দোয়া করতে বলবে।

ইতি
অপু

	ডাকটিকিট
প্রেরক	প্রাপক
অপু	রিতা
চৌদ্দগ্রাম	বাঞ্ছারামপুর
কুমিল্লা	বি.বাড়িয়া

২. একুশের বইমেলা সম্পর্কে প্রবাসী বন্ধুকে একটি চিঠি লিখুন।

মিরপুর, কুষ্টিয়া
৩০.০৯.২০২১

প্রিয় আবির

পত্রের শুরুতেই রইল হৃদয় নিংড়ানো শুভেচ্ছা ও ভালোবাসা। আশা করছি বাড়িতে সবাইকে নিয়ে ভালোই আছো। কয়েকদিন আগে তোমার একটি চিঠি পেয়েছি। চিঠিতে তুমি এ বছরের বই মেলা সম্পর্কে জানতে চেয়েছ। ভাষা শহিদ এবং আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের প্রতি শ্রদ্ধা রেখে প্রতি বছর বাংলা একাডেমি প্রাঙ্গনে আয়োজন করা হয় বইমেলার। বাংলা একাডেমি প্রাঙ্গনে ধুমপান, রাজনৈতিক হই হুল্লা, বিদেশী বইয়ের আমদানি, খাবার স্টল ইত্যাদি সম্পূর্ণ নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে। আইন শৃঙ্খলার ব্যাপারেও যে ভূমিকা রাখা হয়েছে তাও প্রশংসার দাবিদার। সর্বোপরি বই মেলাকে এখন আদর্শ বই মেলাই মনে হয়। এসব নিয়মনীতির জন্যে ক্রেতা ও দর্শকের সংখ্যা যেমন বৃদ্ধি পেয়েছে, তেমনি বইও বিক্রি হচ্ছে আগের তুলনায় কয়েকগুণ বেশি। বাংলা একাডেমি আয়োজিত একমাস ব্যাপী এই বইমেলার প্রথম দিন থেকেই নেমেছিল জনতার ঢল। অগণিত মানুষের পদচারণায় মুখর হয়ে ওঠে মেলার সুবিশাল অঙ্গন। পরিণত হয় লেখক প্রকাশক পাঠকের মিলনমেলায়। মেলায় এবার নতুন পুরাতন প্রকাশিত বইয়ের সংখ্যা ছিল সবচেয়ে বেশি এবং বিক্রিও বেশি। জ্ঞানীগুণী ছোট বড় সব লেখকেরই উপস্থিতি লক্ষ্য করা গেছে। অন্যান্য বছরের তুলনায় দ্বিগুণ বই বিক্রি করতে পেরে মেলায় অংশগ্রহণকারী প্রকাশকগণ বেশ খুশি। বই ছাড়াও বাংলা একাডেমি, পহেলা ফেব্রুয়ারি থেকে একটানা একুশ দিন আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের যে আয়োজন করে থাকে তাও আমাদের জ্ঞান বিকাশে প্রভূত সাহায্য করে। তবে এবারের আয়োজন ছিল বেশ বৈচিত্র্যপূর্ণ। সে যাই হোক মানুষের জ্ঞান পিপাসা যতই বাড়বে বই মেলার মাহাত্ম ততই বাড়বে। বিকাশ ঘটবে এ দেশের শিল্প, সাহিত্য ও সংস্কৃতির। আমি শীঘ্রই তোমার জন্য কিছু বই সংগ্রহ করে পাঠিয়ে দিবো। আজ আর নয়।ভালো থেকো। তোমার আব্বু-আম্মুকে আমার সালাম দিও আর ছোটদের আদর দিও।

ইতি
আনারুল

	ডাকটিকিট
প্রেরক	প্রাপক
আনারুল	আবির
মিরপুর	রুপগঞ্জ
কুষ্টিয়া	নারায়ণগঞ্জ।

CamScanner

৩. মর্মান্তিক সড়ক দুর্ঘটনা সম্পর্কে বন্ধুকে একটি চিঠি লিখুন।

আড়াইহাজার
নারায়ণগঞ্জ
৩০.০৭.২০২০

প্রিয় আনিস

প্রথমেই আমার অনেক প্রীতি ও শুভেচ্ছা নিও। আশা করি তুমি অনেক ভালো আছো। আমার অবস্থা খুব একটা ভালোনা। মনটা খুবই বিষন্ন। দুদিন আগে আমার চোখের সামনে একটি মর্মান্তিক সড়ক দুর্ঘটনা ঘটেছে যার বিভৎস্য দৃশ্য বার বার চোখের সামনে ভেসে উঠছে। সে ঘটনার কথাই এখন তোমাকে বলব। সেদিন কয়েক বন্ধু মিলে আমরা আমাদের এক বন্ধুকে দেখতে বারডেম হাসপাতালে গিয়েছিলাম। চলে আসার সময় রাস্তা পার হওয়ার জন্য দাঁড়িয়ে আছি, ঠিক তখন আমাদের পাশ দিয়ে একটি যাত্রীবাহী বাস সাঁ করে দ্রুত ছুটে গেল। সঙ্গে সঙ্গে একটি আর্তচিৎকার শুনতে পেলাম। অনেক লোক জড়ো হল। ভীড় ঠেলে কাছে গিয়ে দেখি রাস্তার উপরে একটি রক্তাক্ত দেহ পড়ে আছে। তখনও ফিনকি দিয়ে রক্ত বের হচ্ছে। সবাই শুধু দেখছে যেন তামাশা। আমি আর থাকতে পারলাম না, লোকটিকে নিয়ে দ্রুত হাসপাতালে গেলাম। সেখানে কর্তব্যরত ডাক্তার আপ্রাণ চেষ্টা করেও রোগীকে বাঁচাতে পারল না। পরে জানলাম ঘাতক বাসটিকে আটক করা হয়েছে কিন্তু ড্রাইভার পালিয়ে গেছে। আমার মনের অবস্থা যে কেমন, তোমাকে লিখে বোঝাতে পারবনা। বর্তমানে সড়ক দুর্ঘটনা আশংকাজনক হারে বৃদ্ধি পাচ্ছে। যাহোক, তুমি রাস্তাঘাটে সাবধানে চলবে,তাড়াহুড়ো করবেনা। কেননা সময়ের চেয়ে জীবনের মূল্য অনেক বেশি। আজ আর না। দোয়া করো। বাড়ির বড়দের আমার সালাম আর ছোটদের স্নেহ দিও।

ইতি
আকরাম হোসেন

	ডাকটিকিট
প্রেরক	প্রাপক
আকরাম হোসেন	আনিস
আড়াইহাজার, নারায়ণগঞ্জ।	দুমকি, পটুয়াখালী।

৪. টাকা চেয়ে পিতার নিকট একটি পত্র লিখুন।

ফতুল্লা, নারায়ণগঞ্জ।
তারিখ ১২.০৪.২০২১

শ্রদ্ধেয় আব্বু

আমার সালাম নিও। আশা করি ভাল আছো।আমিও ভালো আছি। আব্বু, আগামি ১৬ মার্চ আমাদ্রে স্কুলে/বিদ্যালয়ে পিকনিক হবে। আমাদের প্রত্যেক ছাত্রকে দুইশো টাকা করে দিতে হবে। কিন্ত আমার কাছে এখন কোনো টাকা নেই। আব্বু, আমি পিকনিকে যেতে চাই। তাই যত তাড়াতাড়ি পার তুমি অবশ্যই টাকা পাঠাবে। বাসার সবাই কেমন আছে? আম্মুকে সালাম ও বাবুকে আমার আদর দিও। আমার জন্য দোয়া করো।

ইতি
মোঃ আবির হোসেন

	ডাকটিকিট
প্রেরক	প্রাপক
মোঃ আবির হোসেন	আকবর হোসেন
ফতুল্লা, নারায়ণগঞ্জ।	গলাচিপা, পটুয়াখালী।

৫. তোমার দেখা যে কোন একটা জায়গার বর্ণণা দিয়ে একটি পত্র লিখুন।

বন্দর, নারায়ণগঞ্জ
তারিখঃ ২৩.০৯.২০২০

প্রিয় রফিক

কেমন আছো? আমার প্রীতি ও শুভেচ্ছা নিও। আশা করি ভালো আছো। গতকাল আমাদের স্কুল থেকে শিক্ষা সফরে গাজীপুরের বঙ্গবন্ধু সাফারি পার্কে নিয়ে গিয়েছিল। জায়গাটি এত সুন্দর যে তোমাকে বললে তোমারও অনেক ভালো লাগবে। স্কুলের সবাই বাসে করে সকাল ৭:৩০ মিনিটে আনন্দ করতে করতে দশটার সময় সাফারি পার্কে গিয়ে উপস্থিত হলাম। চারিদিকে সবুজ গাছপালা, কয়েকটা ছোট বড় ঝিল, আর সেই ঝিলে আছে অনেক হাঁস। কি সুন্দর করে তারা পানিতে খেলা করে! এরপর আমরা গেলাম বিভিন্ন রকমের ম্যাকাও পাখির ঘরে। তারপর প্রজাপতির সংগ্রহশালায়। কতো রকমের যে প্রজাপতি আছে, না দেখলে

আমি জানতামই না। এই পার্কে বন্য প্রাণিকে খাঁচায় বন্দি করে রাখা হয়না। প্রাণিরা নিজেদের স্বাধীন মতো ঘুরে বেড়ায়। পার্কের বিশেষ বাসে চড়ে সেইসব প্রাণীদের দেখেছি। আরো দেখেছি প্রাণিদের নিদর্শন নিয়ে বানানো জাদুঘর। সবশেষে হাতির পিঠে চড়লাম। ভয় আর আনন্দ মিলে খুব ভালো লাগলো। এরপর দুপুরের খাওয়া শেষে আনন্দ করেই ফিরে এলাম। এটা আমার এক অন্য রকম শিক্ষা সফর, যার অভিজ্ঞতা তোমায় লিখে শেষ করতে পারব না। তুমি বেড়াতে আসলে তোমাকে নিয়েও সেসব দেখিয়ে আনব। আজ আর নয়। তোমার আব্বু আম্মুকে আমার সালাম দিও এবং আমাদের জন্য দোয়া করতে বলবে।

ইতি
কামরুল

	ডাকটিকিট
প্রেরক	প্রাপক
মোঃ কামরুল	রফিক
বন্দর, নারায়ণগঞ্জ।	বাউফল, পটুয়াখালী।

৬. বন্ধুর মা মারা যাওয়ায় তার সান্ত্বনা দিয়ে একটি পত্র লিখুন।

বিরামপুর, দিনাজপুর
তারিখঃ ২৩.০৪.২০২০

প্রিয় নয়ন

আমার ভালোবাসা ও আন্তরিক সমবেদনা রইল। গতকাল তোমার চিঠি পেয়ে তোমার মায়ের মৃত্যুর কথা জানতে পারলাম। জেনে খুবই কষ্ট পেলাম। নয়ন, তোমাকে সান্ত্বনা দেওয়ার ভাষা আমার জানা নেই। মনের দিক থেকে তোমাকে অনেক শক্ত হতে হবে। তোমাকে খালাম্মার স্বপ্ন পূরণের জন্য কাজ করে যেতে হবে। খালাম্মা আমাকে অনেক ভালোবাসতেন আর তিনি আমাকেও তার ছেলের মতো দেখতেন। আমার অনেক কষ্ট হচ্ছে। বলার কিছুই নাই। খালাম্মার আত্মার শান্তির জন্য সবসময় দোয়া করি। আরও দোয়া করি আল্লাহ যেন তাঁকে বেহেশত নসিব করেন এবং তোমাকে এই কষ্ট বহনের শক্তি দেন। নয়ন, দোয়া করছি তোমার আম্মা জান্নাতবাসী হোক। আল্লাহ তোমাকেও ধৈর্য ধরার শক্তি দান করুক। তোমাদের বাড়ির সবাইকে আমার সালাম ও সমবেদনা জানিও।

ইতি
সোনিয়া

	ডাকটিকিট
প্রেরক	প্রাপক
সোনিয়া	নয়ন
বিরামপুর, দিনাজপুর	নাচোল, চাপাইনবাবগঞ্জ

৭. তোমার দেখা কম্পিউটার/বিজ্ঞান মেলার বর্ণনা দিয়ে বন্ধুকে একটি পত্র লিখুন।

মঠবাড়িয়া, পিরোজপুর
তারিখঃ ০৬.০৯.২০১৮

প্রিয় মাবিয়া

আমার অনেক অনেক প্রীতি ও শুভেচ্ছা নিও। গতকাল তোমার একটি চিঠি পেয়েছি। চিঠিতে তুমি জানতে চেয়েছ কিছুদিন আগে যে বিজ্ঞান মেলা হয়েছিলো আমি সেখানে গিয়েছিলাম কিনা। হ্যা, আমি বিজ্ঞান মেলা দেখতে গিয়েছিলাম। এমনিতেই বিজ্ঞানের নতুন নতুন আবিষ্কার আমাকে ভীষণ শিহরিত করে আর যেখানে আমার কলেজ অংশগ্রহণ করেছে সেখানে কি আমি আর না গিয়ে থাকতে পারি? তাই বুঝতেই পারছ এ মেলা আমার জন্য কতটা আনন্দের। সেই মেলার কথা জানাতেই আজ তোমার কাছে চিঠি লিখতে বসেছি। মেলার ভিতর প্রবেশ করেই দেখি সে এক বিশাল রমরমা অবস্থা। স্কুল এবং কলেজ নামে দুটো আলাদা বিভাগ খোলা হয়। আমি এতে অংশ না নিলেও আমার বন্ধুরা তিনটি দল হয়ে অংশ নেয়। প্রত্যেকটি দলই বর্তমান বাংলাদেশকে কিভাবে আরো উন্নত আর সমৃদ্ধশালী করা যায় অর্থাৎ ডিজিটাল বাংলাদেশ গড়ার বিষয় নিয়ে হাজির হয়। বিজ্ঞানের অল্পকিছু যন্ত্রপাতি নিয়ে তারা যে কলাকৌশল দেখিয়েছে, তা সত্যিই বিস্ময়কর। আমাদের বন্ধুরা যেসব আবিষ্কার নিয়ে উপস্থিত হয় তাহলো- সাশ্রয়ী মূল্যে রেফ্রিজারেটর তৈরি, উদ্ভিদ থেকে বিদ্যুৎ উৎপাদন ও ভূমিকম্পরোধে অ্যালার্ম তৈরি। অন্যান্য স্কুল কলেজ থেকেও ক্ষুদে বিজ্ঞানীরা অসাধারণ সব আবিষ্কার নিয়ে হাজির হয়। সেখানে ছিল স্বল্পব্যয়ে সেচব্যবস্থা, ইলেক্ট্রনিক মিউজিক ইত্যাদি বিজ্ঞান মেলাকে আকর্ষণীয় ও তথ্যবহুল করে তুলেছিল। এই মেলা দুইদিন ব্যাপী চলে। শেষ দিনে মাননীয় বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী মেলায় প্রধান অতিথি হয়ে উপস্থিত থেকে মেলা পরিদর্শন করেন। সব শেষে তিনি ক্ষুদে বিজ্ঞানীদের উদ্দেশ্যে নানা দিক নির্দেশনা দিয়ে

CamScanner

বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। এই মেলায় আমাদের কলেজ প্রথম ও তৃতীয় স্থান অধিকার করে এবং নটরডেম কলেজ দ্বিতীয় স্থান অধিকার করে। এই মেলার পর আমাদের ছাত্রছাত্রীদের মাঝে নতুন নতুন আবিষ্কার করার এক অভূতপূর্ব সাড়া পড়ে যায়। সত্যি বলতে কি, এ মেলা দেখে বিজ্ঞান জগত ও তার আবিষ্কার আমার জীবনে এনে দিয়েছে এক বিচিত্র অভিজ্ঞতা। যাক, আজ আর লিখবনা। তোমার চিঠির অপেক্ষায় থাকলাম। আজ আর নয়। আমি ভালো আছি, তোমার আব্বা-আম্মাকে আমার সালাম দিও।

ইতি
ববিতা

	ডাকটিকিট
প্রেরক ববিতা মঠবাড়িয়া, পরোজপুর	প্রাপক মাবিয়া মেহেন্দী গঞ্জ, বরিশাল

আবেদনপত্র

১. বাড়ীতে নতুন গ্যাস সংযোগ চেয়ে তিতাস গ্যাস কর্তৃপক্ষের নিকট একটি আবেদন পত্র লিখুন।

তারিখঃ ০৪.০১.২০১৯

ব্যবস্থাপক
তিতাস গ্যাস এন্ড ট্রান্সমিশন কোম্পানী লিঃ
রুপগঞ্জ, নারায়ণগঞ্জ।

বিষয়ঃ বাড়ীতে নতুন গ্যাস সংযোগ প্রদানের জন্য আবেদন।

প্রিয় মহোদয়
বিনীত নিবেদন এই যে, আমি রুপগঞ্জ উপজেলার কেন্দুয়া গ্রামের অধিবাসী। আমার বাড়ির আশে পাশের বাড়িগুলোতে গ্যাস লাইন সংযোগ প্রদান করা হয়েছে। আমার বাড়ীতেও গ্যাস লাইন সংযোগ করা প্রয়োজন। আমি নিয়মিত হোল্ডিং ট্যাক্সসহ অন্যান্য কর প্রদান করি।
অতএব জনাবের নিকট আমার আকুল আবেদন এই যে, আমার বাড়ীতে অতিসত্তর গ্যাস লাইন সংযোগ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হল।

নিবেদক
.....
(মোঃ আরমান হোসেন)
কেন্দুয়া, কাঞ্চন
রুপগঞ্জ, নারায়ণগঞ্জ।

২. বিশেষ প্রয়োজনে দুই দিনের ছুটি ও কর্মস্থল ত্যাগের আবেদন জানিয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে একটি আবেদন পত্র লিখুন।

তারিখঃ ১০.০১.২০১৯

উপজেলা কৃষি অফিসার
উপজেলা কৃষি অফিস
রুপগঞ্জ, নারায়ণগঞ্জ।

বিষয়ঃ নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন।

জনাব
সবিনয় নিবেদন এই যে, আমি অত্র কৃষি অফিসের একজন উপসহকারী কৃষি কর্মকর্তা। আগামী ১০.০২.২০১৯ তারিখে অগ্রণী ব্যাংক লিমিটের অফিসার (ক্যাশ) পদের নিয়োগ পরীক্ষা অনুষ্ঠিত হবে। আমি উক্ত পরীক্ষার একজন পরীক্ষার্থী। পরীক্ষায় অংশগ্রহণের জন্য আমাকে আমার নিজ জেলায় যেতে হবে। এজন্য ০৯.০২.২০১৯ থেকে ১০.০২.২০১৯ তারিখ পর্যন্ত মোট দুই দিনের ছুটি প্রার্থনা করছি।
অতএব, আপনার নিকট আবেদন এই যে, আমাকে উক্ত দুই দিনের ছুটি মঞ্জুর করে বাধিত করবেন।

নিবেদক

.....
(মোঃ আজমারুল হক)
উপসহকারী কৃষি কর্মকর্তা
উপজেলা কৃষি অফিস
রুপগঞ্জ, নারায়ণগঞ্জ।

৩. নৈমিত্তিক ছুটি চেয়ে আপনার অফিসের বস অর্থাৎ উপজেলা কৃষি অফিসারের কাছে একটি আবেদন পত্র লিখুন।

তারিখঃ ০২.০২.২০১৮

উপজেলা কৃষি অফিসার
উপজেলা কৃষি অফিস
রুপগঞ্জ, নারায়ণগঞ্জ।
বিষয়ঃ নৈমিত্তিক ছুটির জন্য আবেদন।

প্রিয় মহোদয়
সবিনয় নিবেদন এই যে, আমি অত্র প্রতিষ্ঠানের উপসহকারী কৃষি কর্মকর্তা। আগামী সপ্তাহে আমার ছোট বোনের শুভ বিবাহ অনুষ্ঠিত হতে যাচ্ছে। আমি আমার ছোট বোনের বিবাহ অনুষ্ঠানে উপস্থিত থেকে বড় ভাই হিসেবে বিবাহ অনুষ্ঠানটি সম্পন্ন করতে চাই। তাই উক্ত বিবাহ অনুষ্ঠানে উপস্থিত থাকা আমার একান্ত প্রয়োজন।
অতএব প্রার্থনা এই যে, উপরিউক্ত কারণ বিবেচনা করে আমাকে ২ (দুই) দিনের নৈমিত্তিক ছুটি মঞ্জুর করার ব্যাপারে আপনার সদয় মর্জি হয়।
নিবেদক
.....
(মোঃ মাইনুল হোসেন)
উপসহকারী কৃষি কর্মকর্তা
উপজেলা কৃষি অফিস
রুপগঞ্জ, নারায়ণগঞ্জ।

০২. শারীরিক অসুস্থতার জন্য ০১ (এক) দিনের ছুটি চেয়ে জেলা জজ বরাবর দরখাস্ত লিখুন।

উত্তরঃ
তারিখঃ ১০.০১.২০২৩

জেলা জজ
জেলা জজ আদালত
কুষ্টিয়া।

বিষয়ঃ একদিনের নৈমিত্তিক ছুটির জন্য আবেদন।

জনাব
সবিনয় নিবেদন এই যে, আমি নিম্ন স্বাক্ষরকারী আপনার অফিসের একজন অফিস সহায়ক হিসেবে কর্মরত আছি। আমি গত ০৮.০১.২০২২ তারিখে শারীরিক অসুস্থতার জন্য অফিসে আসতে পারিনি।
অতএব, আপনার নিকট আবেদন এই যে, আমাকে উক্ত এক দিনের নৈমিত্তিক ছুটি মঞ্জুর করে বাধিত করবেন।

নিবেদক

.....
(মোঃ আজমারুল হক)
অফিস সহায়ক
জেলা জজ আদালত, কুষ্টিয়া।

CamScanner

৪. মুক্তিযুদ্ধভিত্তিক পাঁচটি বইয়ের তালিকা দিয়ে সেগুলো প্রেরণের অনুরোধ জানিয়ে কোনো প্রকাশনা সংস্থায় একটি পত্র লিখুন।

তারিখ ঃ ০২.০৯.২০১৮

ব্যবস্থাপক
প্রফেসর'স প্রকাশন
৩৮, বাংলাবাজর, ঢাকা।

বিষয়ঃ মুক্তিযুদ্ধ ভিত্তিক বই পাঠানোর জন্য আবেদন।

জনাব
সালাম নিবেন। আশা করি ভাল আছেন। মুক্তিযুদ্ধ আমাদের অহংকার এবং স্পর্ধার প্রতিনাম। আপনাদের প্রকাশনী থেকে প্রকাশিত বিভিন্ন লেখকের মুক্তিযুদ্ধভিত্তিক বইগুলো গুনে ও মানে অনেক ভাল এবং ব্যতিক্রম বলে আমার বিশ্বাস। গুনে মানে ভাল এবং উন্নত মানের হওয়ায় একজন সচেতন নাগরিক হিসেবে নিম্নে উল্লেখিত বইগুলো ক্রয় করার আগ্রহ প্রকাশ করছি।
অনুগ্রহপুর্বক তালিকাবদ্ধ বইগুলো আমার ঠিকানায় ভিপি যোগে পাঠানোর অনুরোধ করছি। বইয়ের মুল্য বাবদ অগ্রিম ১০০০/- টাকা মানি অর্ডার করে পাঠালাম। বাকি টাকা বইগুলো পাওয়ার পর পরিশোধের নিশ্চয়তা দিচ্ছি।
নিবেদক
.....
(মোঃ আমির হোসেন)
গ্রামঃ রানীপুরা, ডাকঘরঃ কাঞ্চন
উপজেলাঃ রুপগঞ্জ, জেলা ঃ নারায়ণগঞ্জ।
বইয়ের তালিকাঃ
১. জাহান্নাম হতে বিদায়।
২. হাঙর নদী গ্রেনেড
৩. আমি বিজয় দেখেছি।

৫. অফিস সামগ্রী চেয়ে উর্ধ্বতন কর্মকর্তার নিকট একটি আবেদনপত্র লিখুন।

তারিখঃ ২১.০১.২০২০

সবিচ মহোদয়
বাংলাদেশ নির্বাচন কমিশন
আগারগাঁও, ঢাকা।
বিষয় ঃ প্রয়োজনীয় জিনিসপত্র ক্রয়ের ব্যবস্থা গ্রহণ প্রসংগে।

প্রিয় মহোদয়
সবিনয় নিবেদন এই যে, আমি নারায়ণগঞ্জ জেলার রুপগঞ্জ উপজেলার উপজেলা নির্বাচন কর্মকর্তা। আমার কার্যালয়ে কিছু জিনিসপত্রের অতীব জরুরী প্রয়োজন, তা আপনার অনুমতি সাপেক্ষে ক্রয়যোগ্য।
অতএব, মহোদয়ের সদয় অবগতির জন্য প্রয়োজনীয় জিনিসের একটি তালিকা সংযুক্তি হিসেবে দেয়া হলো। আশা করছি আপনি এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে বাধিত করবেন।

নিবেদক
.....
(মোঃ আবির হোসেন)
উপজেলা নির্বাচন কর্মকর্তা
রুপগঞ্জ উপজেলা, নারায়ণগঞ্জ।
সংযুক্তিঃ

১. কম্পিউটার	৪টি
২. প্রিন্টার	২টি
৩. ফটোকপি মেশিন	১টি
৪. সিলিং ফ্যান	২টি
৫. চেয়ার	৫টি
৬. টেবিল	৩টি

৬. স্থানীয় সরকার বিভাগে অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে নিয়োগ পাওয়ার জন্য যথাযথ কর্তৃপক্ষের নিকট একটি আবেদনপত্র লিখুন।

তারিখঃ ২৬.০৯.২০১৪

বরাবর
পরিচালক
স্থানীয় সরকার বিভাগ
স্থাণীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

বিষয়ঃ অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে চাকরীর জন্য আবেদন।

প্রিয় মহোদয়
যথাবিহীন সম্মানপুর্বক নিবেদন এই যে, গত ২০.০৬.২০১৪ তারিখে দৈনিক প্রথম আলো পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তির মাধ্যমে জানতে পারলাম যে আপনার অধীনে কিছু সংখ্যক অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে লোক নিয়োগ করা হবে। আমি উক্ত পদের একজন প্রার্থী হিসেবে আপনার সদয় অবগতির জন্য নিম্নে আমার প্রয়োজনীয় তথ্যাদি পেশ করলামঃ

নাম	ঃ মোঃ মহিদুল ইসলাম
পিতার নাম	ঃ মোঃ আকবর আলী
মাতার নাম	ঃ মোসাঃ আমিনা বেগম
জন্মতারিখ	ঃ ২০.১১.১৯৮৮
বর্তমান ঠিকানা	ঃ ১৩৫/সিদ্দিক বাজার, ঢাকা।
স্থায়ী ঠিকানা	ঃ গ্রাম ও ডাকঘরঃ আমুলিয়া, উপজেলাঃ বোয়ালিয়া, জেলাঃ ফরিদপুর।
বয়স	ঃ ২৬ বছর ৩ মাস ১০ দিন
ধর্ম	ঃ ইসলাম (সুন্নি)
জাতীয়তা	ঃ বাংলাদেশী (জন্মসুত্রে)

শিক্ষাগত যোগ্যতা ঃ

পরীক্ষার নাম	শাখা	ফলাফল	পাশের সন	বোর্ড/বিশ্ব
এসএসসি	বিজ্ঞান	জিপিএ ৪.৫	২০০৭	রাজশাহী
এইচএসসি	বিজ্ঞান	জিপিও ৪.৫	২০০৯	রাজশাহী
বিকম (অনার্স)	হিসাববিজ্ঞান	দ্বিতীয় শ্রেণী	২০১৪	জাতীয় বিশ্ব
এমএম	হিসাববিজ্ঞান	দ্বিতীয় শ্রেণী	২০১৫	জাতীয় বিশ্ব

এতএব, মহোদয়ের নিকট বিনীত প্রার্থনা, উপর্যুক্ত তথ্যাদির আলোকে আমাকে উক্ত পদে নিয়োগ প্রদান করা হলে আমি আমার কর্মদক্ষতার মাধ্যমে অত্র প্রতিষ্ঠানের সন্তুষ্টি অর্জনে সচেষ্ট হব।

নিবেদক
.....
(মোঃ মহিদুল ইসলাম)

সংযুক্তিঃ
১. সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র এবং মার্কশিটের সত্যায়িত কপি।
২. সদ্য তোলা পার্সপোট সাইজের ৩ কপি রঙ্গিন ছবি।
৩. ভোটার আইডি কার্ড।
৪. চারিত্রিক সনদপত্র।
৫. সকল প্রশংসাপত্রের সত্যায়িত ফটোকপি।

৭. কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক এর নিকট উপসহকারী কৃষি কর্মকর্তা পদে চাকুরি চেয়ে একটি আবেদনপত্র লিখুন।

তারিখঃ ২৬.০৯.২০১৪

বরাবর
মহাপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ী, ঢাকা।

বিষয়ঃ 'উপসহকারী কৃষি কর্মকর্তা' পদে নিয়োগের জন্য আবেদন।

প্রিয় মহোদয়
যথাবিহীত সম্মানপুর্বক নিবেদন এই যে, গত ২০.০৩.২০১৪ তারিখে দৈনিক প্রথম আলো পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তির মাধ্যমে জানতে পারলাম যে, আপনার অধীনে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপসহকারী কৃষি কর্মকর্তা পদে লোক নিয়োগ করা হবে। আমি উক্ত পদের একজন প্রার্থী হিসেবে আপনার সদয় অবগতির জন্য নিম্নে আমার প্রয়োজনীয় তথ্যাদি পেশ করলামঃ

নাম	ঃ মোঃ রফিকুল ইসলাম
পিতার নাম	ঃ মোঃ আমির আলী

CamScanner

মাতার নাম ঃ মোসাঃ সালমা বেগম
জন্ম তারিখ ঃ ২০.১১.১৯৮৮
বর্তমান ঠিকানা ঃ ১৩৫/সিদ্দিক বাজার, ঢাকা।
স্থায়ী ঠিকানা ঃ গ্রাম ও ডাকঘরঃ আমুলিয়া, উপজেলাঃ বোয়ালিয়া, জেলাঃ ফরিদপুর।
বয়স ঃ ২৬ বছর ৩ মাস ১০ দিন
ধর্ম ঃ ইসলাম (সুন্নি)
জাতীয়তা ঃ বাংলাদেশী (জন্মসুত্রে)
শিক্ষাগত যোগ্যতা ঃ

পরীক্ষার নাম	শাখা	ফলাফল	পাশের সন	বোর্ড/কৃষি কলেজ
এসএসসি	বিজ্ঞান	জিপিএ ৪.৫	২০১৫	রাজশাহী
কৃষি ডিপ্লোমা	কৃষি	জিপিও ৪.৫	২০১৯	ঢাকা এটিআই

অভিজ্ঞতা ঃ প্রযোজ্য নয়।
ব্যাংক ড্রাফট নম্বর ঃ ২০০৪৩/১৯, অগ্রণী ব্যাংক লিমিটেড, ডেমরা শাখা, নারায়ণগঞ্জ।

এতএব, মহোদয়ের নিকট বিনীত প্রার্থনা, উপর্যুক্ত তথ্যাদির আলোকে আমাকে উক্ত পদে নিয়োগ প্রদান করা হলে আমি আমার কর্মদক্ষতার মাধ্যমে অত্র প্রতিষ্ঠানের সন্তুষ্টি অর্জনে সচেষ্ট হব।
নিবেদক
.....
(মোঃ রফিকুল ইসলাম)

সংযুক্তিঃ
০১. সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
০২. প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
০৩. ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
০৪. ২(দুই) কপি সত্যায়িত পাসপোর্ট সাইজের ছবি।
০৫. ২০০ টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট।

৮. সদ্য নির্মিত ভবনে গ্যাস সংযোগ প্রদানের জন্য যথাযথ কর্তৃপক্ষ বরাবর একটি আবেদনপত্র লিখুন।

তারিখঃ ০৩.০৫.২০২০

নির্বাহী প্রকৌশলী
তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিঃ
ডেমরা, ঢাকা।

বিষয়ঃ নতুন গ্যাস সংযোগ প্রদানের আবেদন।

প্রিয় মহোদয়
সবিনয় নিবেদন এই যে, সম্প্রতি ডেমরা থানাধীন সারুলিয়া বাজারে আমাদের নিজস্ব জমিতে একটি তিনতলা ভবন নির্মাণ করা হয়েছে। কিন্তু বাড়ীতে গ্যাস সংযোগ না থাকায় আমরা সেখানে আবাসন শুরু করতে পারছি না। এ ব্যাপারে আপনাকে নিশ্চয়তা প্রদান করতেছি যে, বাড়ীটিতে গ্যাস সংযোগ দিলে কর্তৃপক্ষের নির্ধারিত সকল নিয়ম-কানুন মেনে চলব এবং প্রয়োজনীয় জামানত ও আনুষঙ্গিক ব্যয়ভার বহন করব। এতএব, মহোদয়ের নিকট আকুল আবেদন এই যে, অনতিবিলম্বে উক্ত ভবনটিতে গ্যাস সরবরাহের ব্যবস্থা করতে আপনার একান্ত মর্জি হয়।

নিবেদক
.....
(মোঃ আইনাল হোসেন)
সারুলিয়া, ডেমরা, ঢাকা।

৯. আপনার ছোট বোনের বিবাহ উপলক্ষে একটি আমন্ত্রন পত্র লিখুন।

জনাব
আগামী ২০ জানুয়ারী ২০২০, শুক্রবার বাদ জুমা আমার একমাত্র ছোট বোন মৌসুমী আক্তারের সঙ্গে নারায়ণগঞ্জ জেলার রুপগঞ্জ উপজেলা নিবাসী মোহাম্মদ আযহারুল আলমের পুত্র মোহাম্মদ আনোয়ারুল আলমের বিবাহ সুসম্পন্ন হবে।
অনুষ্ঠানে আপনার/আপনাদের সদয় উপস্থিতি ও দোয়া একান্তভাবে কামনা করছি।
নিবেদক
'ক'
বিয়ের অনুষ্ঠান ও প্রীতিভোজ
স্থান ঃ প্রিয়া কমিউনিটি সেন্টার, রুপগঞ্জ, নারায়ণগঞ্জ।
সময় ঃ দুপুর ২: ০০ টা
বরের আগম ঃ দুপুর ২.০১ মিনিট
আকদ ঃ দুপুর ২.০৫ মিনিট
প্রীতিভোজ ঃ দুপুর ২.৩০ মিনিট

১০. আপনার এলাকায় বাংলা নববর্ষ উদযাপন উপলক্ষে একটি আমন্ত্রন পত্র রচনা করুন।

সুধী
নতুন স্বপ্নের সুষমা ও নতুন আশা ও আশ্বাসের হাতছানি নিয়ে আসছে শুভ নববর্ষ ২০২৭। এ উপলক্ষে আগামী পহেলা বৈশাখ ২০২৭, ১২ই এপ্রিল ২০২০ শনিবার সকাল ১০.০০ টায় ধানমন্ডী হাইস্কুল মিলনায়তনে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।
অনুষ্ঠানে সবান্ধব উপস্থিত থাকার জন্য বিনীত অনুরোধ জানাচ্ছি।

বিনীত
এলাকাবাসীর পক্ষে
মোঃ আজমারুল হোসেন

অনুষ্ঠান স্থান ও সময়সুচী
স্থান ঃ ধানমন্ডি হাইস্কুল মিলনায়তন
তারিখ ঃ পহেলা বৈশাখ, ২০২৭
সময় ঃ সকাল ১০.০০ ঘটিকা

১১. আপনার একলাকায় একটি নলকূপ স্থাপনের অনুরোধ জানিয়ে স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের নিকট একটি আবেদন পত্র লিখুন।
তারিখঃ ০২.০২.২০১৯

চেয়ারম্যান
ভোলব ইউনিয়ন পরিষদ
রুপগঞ্জ, নারায়ণগঞ্জ।

বিষয়ঃ পানীয় জলের অভাব দুরীকরণে একটি গভীর নলকূপ স্থাপনের জন্য আবেদন।

জনাব
সবিনয় নিবেদন এই যে, ভোলাব ইউনিয়নের ৫নং ওয়ার্ডের বাসুন্দাপুর একটি ঘনবসতিপুর্ন ও নিম্ন আয়ের লোক অধ্যুষিত একটি এলাকা। এখানে পানীয় জলের তেমন কোন ব্যবস্থা নেই বললেই চলে। নলকুপের উপর নির্ভরশীল এলাকাটিতে যে কয়টি নলকুপ ছিল তা দীর্ঘদিন ধরে অকেজো হয়ে পড়ে আছে। এগুলোর সংস্কার প্রচেষ্টাও কোন কাজে লাগেনি। বিশুদ্ধ পানীয় জলের অভাবে এলাকায় প্রায়ই বিভিন্ন প্রকার রোগের প্রাদুর্ভাব দেখা দিচ্ছে। জনস্বাস্থ্যের খাতিরে এলাকার দুস্থ ও অসহায় মানুষের জন্য একটি গভীর নলকুপ স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা অত্যন্ত জরুরী।
এমতাবস্থায়, অত্র এলাকায় হতদরিদ্র মানুষের উপকারর্থে একটি গভীর নলকুপ স্থাপনের ব্যবস্থা গ্রহণ করার জন্য বিনীত অনুরোধ জানাচ্ছি।

নিবেদক
এলাকাবাসীর পক্ষে
.....
(মোঃ আকমল হোসাইন)
বাসুন্দাপুর, ভোলাব, রুপগঞ্জ
নারায়ণগঞ্জ।

১২. আলোকিত মানুষ গড়ার জন্য আপনার এলাকায় একটি পাঠাগার স্থাপনের জন্য জেলা প্রশাসকের নিকট একটি আবেদন লিখুন।
উত্তরঃ

তারিখঃ ২৩.০৯.২০২১

বরাবর
জেলা প্রশাসক
নারায়ণগঞ্জ।
বিষয়ঃ পাঠাগার স্থাপনের জন্য আর্থিক সাহায্যের আবেদন।

জনাব
বিনীত নিবেদন এই যে, আমরা আড়াইহাজার উপজেলাধীন দুগুরা গ্রামের অধিবাসী। এ গ্রামের লোকসংখ্যা প্রায় পাঁচ হাজার। গ্রামে শিক্ষিতের হার দ্রুত হারে বৃদ্ধি পাচ্ছে। এখানে একটি উচ্চ বিদ্যালয়, একটি প্রাথমিক বিদ্যালয়, একটি দাখিল মাদ্রাসা এবং একটি উচ্চ মাধ্যমিক বিদ্যালয় রয়েছে। কিন্তু দুঃখের বিষয় যে, জ্ঞান পিপাসু ছেলেমেয়েদেরকে জ্ঞানপিপাসা মিটানোর জন্য ছয় কিলোমিটার দুরবর্তী উপজেলা শহরে পাঠাগারে যেতে হয়। তাই এ গ্রামে একটি সাধারণ পাঠাগার স্থাপন একান্ত প্রয়োজন হয়ে পড়েছে। তাই এই গ্রামে একটি সাধারণ পাঠাগার স্থাপন করা একান্ত প্রয়োজন বলে অত্র গ্রামবাসী

CamScanner

মনে করে। ইতোপুর্বে এ ব্যাপারে বেশ কয়েকবার আবেদন করেও কোন ফল পাওয়া যায়নি।
এমতাবস্থায়, মহোদয়ের কাছে আকুল আবেদন, এই গ্রামে একটি পাঠাগার স্থাপনের জন্য প্রয়োজনীয় আর্থিক সাহায্য করে বাধিত করবেন।
নিবেদক
মোঃ আতিকুর রহমান
গ্রামবাসীর পক্ষে

১৩. আপনার এলাকায় বিদ্যুৎ বিভ্রাটের প্রতিকার প্রার্থনা করে যথাযথ কর্তৃপক্ষের নিকট একটি আবেদনপত্র লিখুন।

তারিখঃ ১২.০৯.২০২১

বরাবর
নির্বাহী প্রকৌশলী
বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
রুপগঞ্জ, নারায়ণগঞ্জ।

বিষয়ঃ বিদ্যুৎ বিভ্রাট প্রসংগে।

জনাব
বিনীত নিবেদন এই যে, আমরা রুপগঞ্জ উপজেলার কেন্দ্রয়া গ্রামের অধিবাসী। আমাদের গ্রামটি একটি বর্ধিষ্ণু ও জনবহুল গ্রাম। এ গ্রামে প্রায় ছয় হাজার লোক বাস করে। তিন বছর পুর্বে আমাদের এই গ্রামটি বিদ্যুতায়িত হয়। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় যে, বিদ্যুতায়নের পর থেকে এ পর্যন্ত বিদ্যুৎ বিভ্রাট এলাকার একটি নিত্য-নৈমিত্তিক ব্যাপার হয়ে দাড়িয়েছে। প্রতিদিন প্রায় ১০/১৫ বার বিদ্যুৎ চয়ে যায়। মাঝে মাঝে বিদ্যুৎ একেবারেই থাকে না। ফলে জনজীবন হয়ে উঠেছে দুর্বিষহ। নলকুপ এবং অন্যান্য কল-কারখানা বন্ধ হয়ে উৎপাদন ব্যাহত হচ্ছে। ছাত্র-ছাত্রীদের পড়াশুনারও দারুণ ব্যাঘাত ঘটছে। ইতোপুর্বে এ ব্যাপারে বেশ কয়েকবার অভিযোগ দাখিল করার পরও কোন সুরাহা হয়নি।
এমতাবস্থায়, মহোদয়ের নিকট আকুল আবেদন যে বিদ্যুৎ সরবরাহে আর যেন বিঘ্ন না ঘটে তার যথাযথ ব্যবস্থা গ্রহণে মর্জি হয়।

নিবেদক
মোঃ আজমারুল হক
গ্রামবাসীর পক্ষে

১৪. আপনার এলাকার একটি রাস্তা মেরামত/সংস্কারের লক্ষ্যে কর্তৃপক্ষে দৃষ্টি আকর্ষন করে সংবাদ পত্রে প্রকাশের জন্য একটি পত্রসহ প্রতিবেন রচনা করুন।

তারিখঃ ২৫.০৯.২০২১

বরাবর
সম্পাদক
দৈনিক প্রথম আলো
কারওয়ান বাজার, ঢাকা।

জনাব
আপনার বহুল প্রচারিত 'দৈনিক প্রথম আলো' পত্রিকায় এলাকাবাসীর পক্ষে আমার নিম্নলিখিত পত্রটি প্রকাশ করে অত্র এলাকাবাসীর দুর্দশা লাঘবে যথাযথ কর্তৃপক্ষে দৃষ্টি আকর্ষন করে অশেষ কৃতজ্ঞতাভাজন হবেন।
নিবেদন
মোঃ আব্দুর রহমান

রাস্তার সংস্কার চাই

নারায়ণগঞ্জ জেলার অন্তর্গত রুপগঞ্জ-আড়াইহাজার সড়কটি অত্র এলাকার একটি গুরুত্বপুর্ন সড়ক। জেলা শহরের সাথে সংযোগ স্থাপনকারী এ রাস্তা দিয়ে প্রতিদিন বাস, ট্রাক, বেবিটেক্সি ও রিক্সাসহ বিভিন্ন ধরনের যানবাহন ও হাজার হাজার লোক যাতায়ত করে। কিন্তু গত কয়েক বছর যাবত বন্যায় রাস্তাটির অবস্থা অত্যন্ত শোচনীয় হয়ে পড়ে। তাছাড়া এবারের বন্যায় রাস্তাটির স্থানে স্থানে ভাঙনের সৃষ্টি হয়ে যাতায়তের সম্পুর্ন অনুপযোগী হয়ে পড়েছে। কয়েক বছর পুর্বে রাস্তাটিতে ইট বসানো হয়েছিল এবং কিছু অংশ পাকা করা হয়েছিল। কিন্তু বহুদিন যাবৎ সংস্কার না হওয়ায় রাস্তাটি অকেজো হয়ে পড়েছে। অথচ এ রাস্তার পাশেই বাজার, হাসাপাতাল, স্কুল-কলেজসহ অনেকগুলো প্রতিষ্ঠান অবস্থিত। রাস্তাটির বিভিন্ন স্থানে এমনই গর্তের সৃষ্টি হয়েছে যে, কোনক্রমেই সেই রাস্তা দিয়ে চলাচল করা যায় না। তাই রাস্তাটির আশু সংস্কারের ব্যবস্থা না হলে যাতায়তে অত্র এলাকার জনগণের দুর্ভোগের সীমা থাকবে না।
এমতাবস্থায় সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট আকুল আবেদন এই যে, অনতিবিলম্বে উক্ত রাসআটির সংস্কার কাজ করে অত্র এলাকার জনগনের দুর্দশা লাঘবে আপনার একান্ত মর্জি হয়।

নিবেদক
মোঃ আব্দুর রহমান
এলাকাবাসীর পক্ষে

১৫. আপনার এলাকায় দ্রব্যমূল্যের উর্ধ্বগতি-জনজীবনে দুর্ভোগ বিষয়ে কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষন করে সংবাদ পত্রে প্রকাশের জন্য একটি পত্রসহ প্রতিবেদন রচনা করুন।

তারিখঃ ০১/০৪/২০১৫

সম্পাদক
দৈনিক ইত্তেফাক
আর কে মিশন রোড, ঢাকা-১২০৩।

জনাব
আপনার বহুল প্রচারিত 'দৈনিক প্রথম ইত্তেফাক' পত্রিকায় এলাকাবাসীর পক্ষে নিম্নলিখিত প্রতিবেদনটি প্রকাশ করে অত্র এলাকাবাসীর দুর্দশা লাঘবে যথাযথ কর্তৃপক্ষে দৃষ্টি আকর্ষন করে অশেষ কৃতজ্ঞতাভাজন হবেন।

নিবেদক
মোঃ হামিদুর রহমান

দ্রব্যমূল্যের উর্ধ্বগতি-জনজীবনে দুর্ভোগ

সম্প্রতি সাধারণের ব্যবহার্য নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদির স্বাভাবিক মূল্য বৃদ্ধিতে জনজীবনে নেমে এসেছে চরম দুর্ভোগ। বলা বাহুল্য বর্তমানে অধিকাংশ দ্রব্যের মূল্য ক্রেতা সাধারণের ক্রয় ক্ষমতার বাইরে। আকস্মিক ও অস্বাভাবিক এই মূল্য বৃদ্ধির কারণ বহু। যেমনঃ
১। এদেশে প্রায়ই দেখা যায় যে, মুনাফালোভী মজুতদাররা অধিক মুনাফা অর্জনের আশায় দ্রব্যের দাম বাড়িয়ে দেয়।
২। সরকারি কর্মচারীদের মহার্ঘ ভাতা বৃদ্ধি। দেশের একটি ক্ষুদ্রতম অংশ এরূপ ভাতা পেলেও এর ফলে ক্ষতির শিকার হয় সমাজের সাধারণ শ্রেণির বৃহত্তম অংশ।
৩। সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সুষ্ঠু নীতিমালার অভাবেও বাজারে দ্রব্যমূল্যের উর্ধ্বগতি পরিলক্ষিত হয়।
অথচ উপর্যুক্ত কারণগুলোর ব্যাপারে সুনির্দিষ্ট ও কার্যকরী পদক্ষেপ গ্রহণ এখনও সুদূর পরাহত। তাই অবিলম্বে এ অনাকাঙ্ক্ষিত মূল্যবৃদ্ধি জাতীয় সমস্যা হিসেবে চিহ্নিত করে এর প্রতিরোধকল্পে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা একান্ত আবশ্যক।
অপ্রত্যাশিত এরূপ মূল্য বৃদ্ধি এদেশে নতুন নয়। প্রতিদিন সকালে বাজারে ঢুকেই এদেশের মানুষ জানতে পারে মূল্যবৃদ্ধির খবর। কি কারণে এ বৃদ্ধি, তার খচর জানা এদেশে অসম্ভব। অথচ বিশ্বের যে কোনো দেশের ক্ষেত্রে এমন ঘটলে জনগণ তাৎক্ষণিকভাবে ক্ষুব্ধ হয়ে পড়ে। ফলে জনসাধারণের কাছে সরকারকে জবাবদিহি করতে হয়। অথচ এদেশে তা অকল্পনীয়। এখানে জনগণ যেন বিষয়টিকে থাগতভাবে মেনে নিয়েছে এবং সরকারও দায়মুক্ত। ফলে লাভের পাল্লা ভারী হচ্ছে কিছু অসাধু মুনাফাখোর ব্যবসায়ী শ্রেণী এবং প্রথাগতভাবে সরকারও নিজেকে দায়মুক্ত ভাবছে ও তা মেনে নিয়েছে। ফলে লাভের পাল্লা ভারী হচ্ছে কিছু অসাধু মানুফাখোর ব্যবসায়ী শ্রেণি ও দূর্নীতিপরায়ণ কর্মচারীদের। তাছাড়া অনুন্নত দেশের মূল্যমান হ্রাস পাচ্ছে। উৎপাদিত পণ্য বিশ্ববাজারে প্রতিযোগিতায় হার মানছে। আর নীতিজ্ঞানহীন বিবেকশূন্য সম্প্রদায় এসব সমস্যার ঘোলা পানিতে মাছ শিকারে তৎপর। তারা কখনো কৃত্রিম সংকট সৃষ্টি করছে, কখনো বা চোরাকারবারের মাধ্যমে সেই কৃত্রিম সঙ্কটের শূন্যতা পূর্ণ করছে। এভাবেই দেশি মুদ্রা ও পণ্য এ দুটি পথেই মার খাচ্ছে। পাশাপাশি জনসাধারণের ক্রয় ক্ষমতাও হ্রাস পাচ্ছে। এরই প্রেক্ষিতে দ্রুত কার্যকর ব্যবস্থা গ্রহণ জরুরি। কেননা, গড়পড়তা আয়ের সঙ্গে সামঞ্জস্যশীল একটি বাজার ব্যবস্থা যে কোন দেশের সরকারের কাছে তার জনগণের প্রাণের দাবি।
নিবেদক
নিরালা এলাকাবাসীর পক্ষে
মোঃ হামিদুর রহমান
রংপুর।

১৬. দাতব্য চিকিৎসালয় স্থাপনের প্রয়োজনীতা উল্লেখ করে কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষনের জন্য সংবাদ পত্রে একটি পত্র লিখুন।

তারিখ ঃ ০৫/০৪/২০১৯

সম্পাদক
দৈনিক ভোরের কাগজ
বাংলামটর, ঢাকা।

CamScanner

জনাব,
আপনার বহুল প্রচারিত স্বনামধন্য 'দৈনিক ভোরের কাগজ' পত্রিকায় আমার নিম্নলিখিত পত্রটি চিঠিপত্র কলামে ছাপালে চিরকৃতজ্ঞ থাকব।

নিবেদক
মোঃ আক্তারুল হক
শ্যামগর, সাতক্ষীরা।

দাতব্য চিকিৎসালয় চাই

সাতক্ষীরা জেলার শ্রীনগর একটি জনবহুল ও প্রসিদ্ধ গ্রাম। প্রায় ৯০০০ অধিবাসী অধ্যুষিত এ গ্রামটিতে শিক্ষার হার প্রায় ৮৩%। গ্রামের অধিকাংশই চাকরিজীবী এবং বড় ব্যবসায়ী। এ গ্রামে ১টি ডিগ্রী কলেজ, ৫টি উচ্চ বিদ্যালয়, ৭টি প্রাথমিক বিদ্যালয়, ২টি মাদ্রাসা, ৩টি সরকারি ব্যাংকসহ পাঁচটি ব্যাংক আছে। এ গ্রামটি অর্থনৈতিকভাবে সমৃদ্ধ অথচ পরিতাপের বিষয় এই যে "সবার জন্য স্বাস্থ্য" এ শ্লোগান কে সামনে রেখে বাংলাদেশ সরকার কাজ করে গেলেও এ গ্রামে ভালো ডাক্তার বা চিকিৎসার কোনো সুব্যবস্থা নেই। এ গ্রামের মানুষদের সামান্য চিকিৎসার প্রয়োজনে প্রায় ৩০ কিঃমিঃ দূরে জেলা সদরে যেতে হয়। ফলে গরিব জনসাধারণ বাধ্য হয়ে হাতুড়ে ডাক্তারদের শরণাপন্ন হচ্ছে এবং তাদের ভুল চিকিৎসার ফলে বিভিন্নভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। এ ব্যাপারটি যথাযথ কর্তৃপক্ষের কাছে বেশ কয়েকবার জানানো হলেও তাতে কোনো সাড়া পাওয়া যায়নি।

বিনীত
মোঃ আক্তারুল হক
শ্যামগর, সাতক্ষীরা।

১৭. আপনার এলাকায় বন্যার্তদের জন্য সাহায্যের জন্য কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষনের জন্য সংবাদ পত্রে একটি পত্র লিখুন।

তারিখঃ ৩০.০৮.২০১৯

সম্পাদক
দৈনিক ইনকিলাব
আর কে মিশন রোড,ঢাকা।

জনাব
আপনার বহুল প্রচারিত স্বনামধন্য 'দৈনিক ইনকিলাব' পত্রিকায় আমার নিম্নলিখিত পত্রটি চিঠিপত্র কলামে ছাপালে চিরকৃতজ্ঞ থাকব।

নিবেদক
আশিক আহমেদ
শিবচর, মাদারীপুর।

বন্যার্তদের জন্য সাহায্যের আবেদন

মাদারীপুর জেলার শিবচর থানার অন্তর্গত বরপাড়া একটি জনবহুল গ্রাম। প্রতিবারের মতো এবারও এই গ্রামটি সর্বনাশা বন্যার মরণ ছোবল থেকে রক্ষা পায়নি। এবারের বন্যা স্মরণকালের ইতিহাসে সবচেয়ে ভয়াবহ বন্যা। খরস্রোতা গোমতি নদীর বাঁধ ভেঙ্গে এবং অবিরাম বৃষ্টির ফলে সম্পূর্ণ থানা আজ বন্যাকবলিত। অনেক কাঁচা ঘরবাড়ি প্লাবনের জলের তোড়ে ডুবে গেছে, ভেঙ্গেগেছে ঘর-বাড়ি। ভেসে গেছে অসহায় মানুষ, গরু-বাছুর এবং সোনার ফসল। হাজার হাজার মানুষ পানিবন্দি মানবেতর জীবনযাপন করছে। বিশুদ্ধ খাবার পানির অভাবে দেখা দিয়েছে কলেরা, টাইফয়েড, আমাশয় ইত্যাদি ব্যাধি। ত্রাণ মন্ত্রণালয়সহ সরকারি ও বেসরকারি উদ্যোগে অবলিম্বে খাদ্য, পানীয়জল এবং চিকিৎসার সুব্যবস্থা না করলে দুর্গতদের রক্ষা করা অসম্ভব। অতএব, অত্র গ্রামের জনজীবনের বিপর্যস্ত অবস্থা বিবেচনা করে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সুদৃষ্টি প্রার্থনা করছি।

নিবেদক
এলাকাবাসীর পক্ষে
আশিক আহমেদ
শিবচর, মাদারীপুর।

১৮.আপনার এলাকায় ডেঙ্গু রোগের বাহক এডিস মশা নিধনের আহ্বান জানিতে কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণের জন্য সংবাদ প্রকাশের উপযোগী একটি পত্র লিখুন।

তারিখ ঃ ০৫/০৪/২০২০

সম্পাদক
দৈনিক ভোরের কাগজ
বাংলামটর, ঢাকা।

জনাব,
আপনার বহুল প্রচারিত স্বনামধন্য 'দৈনিক ভোরের কাগজ' পত্রিকায় আমার নিম্নলিখিত পত্রটি চিঠিপত্র কলামে ছাপালে চিরকৃতজ্ঞ থাকব।

নিবেদক
মোঃ সামসুল হক
ধানমন্ডি, ঢাকা

এডিস মশার উপদ্রব থেকে পরিত্রাণ চাই

ঢাকা শহরের ধানমন্ডি একটি ঘনবসতিপুর্ন এলাকা। এখানে বহুলোকের বসবাস, তদুপরি এখানে অনেক গুরুত্বপুর্ন প্রতিষ্ঠান অবস্থিত। কিন্তু সন্ধ্যার পর এখানে মশার উপদ্রবে মানুষ অতিষ্ঠ হয়ে ওঠে। বিশেষ করে ডেঙ্গু জ্বরের জীবাণু বহনকারী এডিস মশার প্রকোপে জনজীবন বিপন্ন হয়ে পড়েছে। গত মাসে এ মশার কামড়ে ডেঙ্গুজ্বরে আক্রান্ত হয়েছে শতাধিক মানুষ। কয়েক জনের মৃত্যুও ঘটেছে। তাই মানুষ এখন আতঙ্কিত। মানুষের মনে ডেঙ্গুজ্বরে আক্রান্ত হওয়ার এক অজানা ভয়। তাই এলাকার স্বাভাবিক জীবনযাত্রা ডেঙ্গু আতঙ্কে স্থরিব হয়ে পড়েছে। স্বাস্থ্য মন্ত্রণালয় কড়া নির্দেশ দিলেও দায়িত্ব পালনকারীরা করছে গাফিলতি। মাঝে মধ্যে ওষুধ ছিটাইয়ে কত্যব্য শেষ করছে সিটি কর্পোরেশন। অথচ প্রথমেই দরকার এডিস মশার উৎপত্তিস্থল পরিস্কার করা, যেমন-মজা পুকুর, মরা খাল, আবর্জনার স্তুপ, নর্দমা ইত্যাদি। এছাড়া ফুলের টব, অব্যবহৃত কৌটা, ড্রাম, নারকেলের মালা, ভাঙা হাঁড়ি-পাতল, গাড়ির টায়ার ইত্যাদিতে জমে থাকা পানিতে এডিস মশা ডিম পাড়ে। তাই সরকারী উদ্যোগে মশার এসব উৎপত্তিস্থল পরিস্কার করতে হবে এবং যাতে নতুনভাবে মশা জন্মাতে না পারে তার ব্যবস্থা করতে হবে।
এমতাবস্থায়, এডিস মশার আক্রমণ থেকে অত্র এলাকার জনসাধারণকে বাঁচানোর জন্য সিটি কর্পোরেশনসহ স্বাস্থ্য মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

১৯. আপনার এলাকায় বিশুদ্ধ পানির অভাব সম্পর্কে দৈনিক পত্রিকায় প্রকাশের জন্য সংবাদপত্রের সম্পাদকের নিকট একটি পত্র রচনা করুন।

তারিখ ঃ ০৫/০৪/২০২১

সম্পাদক
দৈনিক ভোরের কাগজ
বাংলামটর, ঢাকা।
জনাব,
আপনার বহুল প্রচারিত স্বনামধন্য 'দৈনিক ভোরের কাগজ' পত্রিকায় আমার নিম্নলিখিত পত্রটি চিঠিপত্র কলামে ছাপালে চিরকৃতজ্ঞ থাকব।

নিবেদক
মোঃ আকবর হোসেন
বিরামপুর, দিনাজপুর।

বিশুদ্ধ পানীয় জলের ব্যবস্থা চাই

দিনাজপুর জেলার বিরামপুর উপজেলার হরিহরপুর একটি জনবহুল গ্রাম। গ্রামের মানুষের প্রয়োজনের তুলনায় এখানে নলকূপের ব্যবস্থা নিতান্ত কম বলে গ্রামবাসীরা বিশুদ্ধ পানীয় জলের অভাবে দারুন কষ্টে দিনাতিপাত করছে। অধিকন্তু অতি সম্প্রতি তিনটি নলকূপের মধ্যে দুটি নলকূপ অকেজো হয়ে যাওয়ায় গ্রামবাসীদের দুর্গতির অন্ত নেই। গ্রামের পুকুরগুলোতে কচুরিপানা ও ময়লা আবর্জনায় পরিপুর্ন। এমনকি শুষ্ক মৌসুমে এগুলো শুকিয়ে যায়। তখন প্রাণ বাঁচানো মানুষের কষ্টকর হয়ে দাঁড়ায়। কেননা, পানির অপর নাম জীবন। ফলে বিশুদ্ধ পানির অভাবে পুকুর ও নদী-নালা থেকে সংগৃহীত দুষিত পানি পান করার ফলে প্রতি বছরই টাইফয়েড, কলেরা, আমাশয় ইত্যাদি মারাত্মক রোগে আক্রান্ত হয়ে এ গ্রামের বহুলোক অকালে মৃত্যু হচ্ছে। এ ব্যাপারে ইউনিয়ন পরিষদের দৃষ্টি আকর্ষণ করে বারবার ব্যর্থ হয়েছি।
এমতাবস্থায়, সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট আমাদের আকুল আবেদন এই যে, অনতিবিলম্বে উক্ত গ্রামে অন্তত তিনটি নলকূপ স্থাপন এবং পুরোনোগুলো মেরামত করে জন জীবনে শান্তি ও স্বস্তি ফিরিয়ে আনতে মর্জি হয়।

CamScanner

২০. মাদকাসক্তির কুফল সম্পর্কে সতর্ক করে সংবাদপত্রে প্রকাশের জন্য একটি চিঠি লিখুন।

সম্পাদক
দৈনিক ইনকিলাব
আর কে মিশন রোড,ঢাকা।

জনাব
আপনার বহুল প্রচারিত স্বনামধন্য 'দৈনিক ইনকিলাব' পত্রিকায় আমার নিম্নলিখিত পত্রটি চিঠিপত্র কলামে ছাপালে চিরকৃতজ্ঞ থাকব।

নিবেদক
আবির আহমেদ
কালাই, জয়পুরহাট।

মাদকমুক্ত সুস্থ জীবন চাই

বিশ্ব আজ মাদকদ্রব্যের ভয়াল ছোবলে দিশেহারা। এর প্রভাবে শিক্ষা, সভ্যতা, সংস্কৃতি ও প্রগতির চাকা যেন থমকে দাড়িয়ে গেছে। মাদকদ্রব্যের নীল দংশনে বর্তমান যুব সমাজ নিস্তেজ হয়ে পড়েছে। তাই মানব সভ্যতার চলমান ধারাকে গতিশীল রাখতে হলে এর ভয়াবহ পরিণাম সম্পর্কে সবাইকে সচেতন হতে হবে। মাদকাশক্তির কুপ্রভাব আমাদের সমাজ জীবনকে নানাভাবে বিষিয়ে তুলছে। মাদকদ্রব্য ব্যবহারকারীদের বেশির ভাগই চুরি, ডাকাতি, ছিনতাই, খুন, ধর্ষন ইত্যাদি অপরাধমুলক কর্মকান্ডে লিপ্ত হচ্ছে। এর ফলে আমাদের আর্থ-সামাজি তথা সামগ্রিম কর্মকান্ড ব্যবহত হচ্ছে। কোমলমতি ছাত্ররা আজ কলমের পরিবর্তে হাতে তুলে নিচ্ছে বিভিন্ন মাদকদ্রব্য। ফলে অকালে তারা বিদায় নিচ্ছে এ সুন্দর পৃথিবী থেকে। মাদকদ্রব্যের মধ্যে সবচেয়ে প্রাচীন হলো আফিম। আর আফিম থেকেই বিশেষ প্রক্রিয়ায় উৎপন্ন হয় সর্বনাশা হেরোইন। বাংলাদেশে হেরোইন আজ সব মাদককে ছাড়িয়ে গেছে। বস্তির ঝুপড়ি ঘরে নিরাপদে চলছে হেরোইনের পুরিয়া বিক্রির মহড়া। দেদারসে এই বিষ গ্রহণ করছে যুবসমাজ। এছাড়া ফেনসিডিল, গাজা, প্যাথেড্রিন ইত্যাদি মাদকও গ্রহণ করছে যুবসমাজ। ফলে তারা হারিয়ে ফেলছে স্বাভাবিক বোধ-বিশ্বাস। নেশা মাত্রই মানুষের স্নায়ুকে দুর্বল করে দেয়, নিঃশেষ করে দেয় শরীরের রোগ প্রতিরোধ ক্ষমতা। ক্রমশ ভোতা হয়ে আসে ওদের মেধা-মনন ও প্রজ্ঞা চেতনা। এদের ক্ষিধে নেই, ঘুম নেই, সময়ের বোধ নেই। এরা অস্বাভাবিক, এরা জীবিত থেকেও মৃত। একটি দেশের আগামী নেতৃত্বকে সমুলে ধ্বংস করার এ এক গভীর আন্তর্জাতিক ষড়যন্ত্র।

এমতাবস্থায় দেশ ও জাতিকে এই দুরারোগ্য মরণব্যাধি নেশার হাত থেকে রক্ষা করতে হলে সরকারী ও বেসরকারী প্রচেষ্টায় ব্যাপক জনমত গড়ে তুলতে হবে। মাদক নিয়ন্ত্রণ অধিদপ্তরের অধীনে একটি স্বতন্ত্র সেল গঠন করতে হবে। মাদকদ্রব্য বিক্রেতাদের আস্তানাসমূহে যৌথ অভিযান চালাতে হবে এবং তাদেরকে সমুলে উৎখাত করতে হবে। আর এজন্য চাই সর্বস্তরের জনগণের প্রত্যক্ষ ও পরোক্ষা সহযোগিতা এবং সমন্বিত উদ্যোগ।

২১. আপনার এলাকায় যানজট নিরসনকল্পে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষনপূর্বক সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি পত্র লিখুন।

সম্পাদক
দৈনিক ইনকিলাব
আর কে মিশন রোড,ঢাকা।

জনাব
আপনার বহুল প্রচারিত স্বনামধন্য 'দৈনিক ইনকিলাব' পত্রিকায় আমার নিম্নলিখিত পত্রটি চিঠিপত্র কলামে ছাপালে চিরকৃতজ্ঞ থাকব।

নিবেদক
আনসার আলী
গ্রীনরোড, ঢাকা

ঢাকা শহরে যানজটের নিরসন চাই

রাজধানী ঢাকা দেশের প্রাণকেন্দ্র। নানা কাজে প্রতিদিন লক্ষ লক্ষ মানুষ এ শহরের রাজপথ দিয়ে চলাফেরা করে। তাদের চলাফেরার প্রধান যানবাহন হলো রিক্সা ও নানা প্রকার মোটর গাড়ি। মানুষ ও যানবাহনের তুলনায় এ শহরের রাস্তা-ঘাট খুবই সংকীর্ণ। তাই বর্তমানে এ শহরের যানজট একটি নিত্য নৈমিত্তিক ব্যাপার হয়ে দাড়িয়েছে। শহরের ব্যস্ততম এলকা বিশেষ করে মহাখালী রেলগেইট, ফার্মগেইট, শাহবাগ, মগবাজার মোড়, মৌচাক মোড়, নবাবপুর, নর্থ সাউথ রোড, ইসলামপুর, সায়েদাবাদ,

মতিঝিল ও গুলিস্তান এলাকায় প্রতিনিয়ত যানজট লেগেই থাকে। যানজটের কারণে লক্ষ লক্ষ যাত্রী ও পথচারীকে প্রতিদিন অসহনীয় দুর্ভোগ পোহাতে হয়। সাধারণ যাত্রী থেকে শুরু করে সর্বস্তরের জনগণকে ঘন্টার পর ঘন্টা সময় অপচয় হয়। যনজটের কারণে অফিসগামী লোকজন যথাসময়ে অফিসে উপস্থিত হতে পারে না, মুমূর্ষু রোগীকে যথাসময়ে হাসপাতালে ভর্তি করা সম্ভব হয় না, পরীক্ষার্থী ছাত্র-ছাত্রীরা ঠিক সময়ে তাদের পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হতে পারে না। এভাবে প্রতিদিন হাজার হাজার মানুষ তাদের অতি জরুরী প্রয়োজন থেকে বঞ্চিত হচ্ছে। এতে একদিকে যেমন মুল্যবান সময় ও সামাজিক পরিবেশ নষ্ট হচ্ছে, তেমনি অন্যদিকে আর্থিক ক্ষতিও হচ্ছে। কিন্তু এ অবস্থা নিরসনে প্রয়োজনীয় কোনো উদ্যোগ লক্ষ করা যাচ্ছে না।

এমতাবস্থায় রাজধানী ঢাকা শহরের যানজট নিসরণের আশু ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষন কামনা করছি।

২২. আপনার ছোট বোনের বিবাহ উপলক্ষে একটি আমন্ত্রন পত্র লিখুন।

জনাব
আগামী ২০ জানুয়ারী ২০২০, শুক্রবার বাদ জুমা আমার একমাত্র ছোট বোন মৌসুমী আক্তারের সঙ্গে নারায়ণগঞ্জ জেলার রুপগঞ্জ উপজেলা নিবাসী মোহাম্মদ আযহারুল আলমের পুত্র মোহাম্মদ আনোয়ারুল আলমের বিবাহ সুসম্পন্ন হবে।

অনুষ্ঠানে আপনার/আপনাদের সদয় উপস্থিতি ও দোয়া একান্তভাবে কামনা করছি।

নিবেদক
'ক'

বিয়ের অনুষ্ঠান ও প্রীতিভোজ

স্থান	ঃ প্রিয়া কমিউনিটি সেন্টার, রুপগঞ্জ, নারায়ণগঞ্জ।
ময়	ঃ দুপুর ২: ০০ টা
রের আগম	ঃ দুপুর ২.০১ মিনিট
াকদ	ঃ দুপুর ২.০৫ মিনিট
ীতিভোজ	ঃ দুপুর ২.৩০ মিনিট

৩. আপনার এলাকায় বাংলা নববর্ষ উদযাপন উপলক্ষে একটি আমন্ত্রনপত্র রচনা করুন।

সুধী
নতুন স্বপ্নের সুষমা ও নতুন আশা ও আশ্বাসের হাতছানি নিয়ে আসছে শুভ নববর্ষ ২০২৭। এ উপলক্ষে আগামী পহেলা বৈশাখ ২০২৭, ১২ই এপ্রিল ২০২০ শনিবার সকাল ১০.০০ টায় ধানমন্ডী হাইস্কুল মিলনায়তনে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

অনুষ্ঠানে সবান্ধব উপস্থিত থাকার জন্য বিনীত অনুরোধ জানাচ্ছি।

বিনীত
এলাকাবাসীর পক্ষে
মোঃ আজমারুল হোসেন

অনুষ্ঠান স্থান ও সময়সুচী

স্থান	ঃ ধানমন্ডি হাইস্কুল মিলনায়তন
তারিখ	ঃ পহেলা বৈশাখ, ২০২৭
সময়	ঃ সকাল ১০.০০ ঘটিকা

CamScanner

ভাব-সম্প্রসারণ

চরিত্র মানুষের অমূল্য সম্পদ

চরিত্র মানব জীবনের সর্বোৎকৃষ্ট গুণাবলির মধ্যে অন্যতম একটি। মানব জীবনের ভূষণ হিসেবে এটি কাজ করে। কথায় আছে, সম্পদ হারালে কোনো ক্ষতি হয় না, স্বাস্থ্য হারালে কিছুটা ক্ষতি হয় কিন্তু চরিত্র হারালে সব কিছুই খোয়া যায়। চরিত্রের মৌলিক উপাদান গুলো হলো সততা, প্রেম, পরোপকারিতা, সত্যনিষ্ঠা, দায়িত্ববোধ, শৃঙ্খলা এবং কর্তব্য পরায়ণতা হলো। তাই বিখ্যাত ইংরেজ লেখক স্যামুয়্যাল স্মাইলস তাঁর "Character" নিবন্ধে বলেছেন "The crown and glory of life is character." বস্তুত চরিত্র শ্রেষ্ঠ সম্পদ! নামমাত্র নৈতিকতা বা ন্যায়নিষ্ঠাই চরিত্র নয়। চরিত্রের মধ্যে সমন্বয় ঘটবে মানুষের যাবতীয় গুণাবলি ও আদর্শের। এসব সদগুণ তাকে চরিত্র শক্তিতে বলীয়ান করে তোলে। স্পর্শ-মণির ছোঁয়ায় লোহা যেমন সোনায় পরিণত হয়, তেমনি সচ্চরিত্র মানুষের পশুবৃত্তি ঘুচিয়ে দেয়। সে হয়ে ওঠে বিবেকের কাছে কলুষমুক্ত, পরোপকারী, নির্লোভ, ন্যায়, সত্য ও সুন্দরের সেবক। কিন্তু চরিত্র শক্তিতে বলীয়ান না হলে মানুষ সহজেই অপকর্মে লিপ্ত হয় নৈতিক অধঃপতন ও মূল্যবোধের অবক্ষয় ঘটে। ফলে জ্ঞান-বিজ্ঞানে উন্নত হলেও সে জাতির জীবন হয়ে ওঠে কলঙ্কিত। চরিত্রহীন লোককে কেউ পছন্দ করে না, সমাজে এদের কোনো মূল্য নেই। এরা সমাজের কোনো উপকারে আসে না, বরং ক্ষতি করে। এ জন্য সবাই তাদের এড়িয়ে চলে। চরিত্র দোষেই তাদের স্থান হয় পশুস্তরে। পক্ষান্তরে চরিত্রবান লোক কেবল জীবনে মহত্ত্বই অর্জন করেন না, মৃত্যুর পরও তারা স্মরণীয় বরণীয় হয়ে থাকেন। সচ্চরিত্র বলে তারা সমাজ ও জাতীয় জীবনের অগ্রগতি ও উন্নতির পথে আলোক বর্তিকার মতো কাজ করেন। তার উৎকৃষ্ট উদাহরণ হলো পৃথিবীর সকল ধর্মগুরু ও মনীষীগণ। বস্তুত মানুষ মহৎ, গৌরবান্বিত মর্যাদার অধিকারী হয় সচ্চরিত্রের কারণেই। তা না হলে তার স্থান হয় নিম্নস্তরে। অর্থ, স্বাস্থ্য, বিদ্যা একটি মানুষকে পরিপূর্ণ মানুষ করতে পারে না। পরিপূর্ণ মানুষ হতে হলে তাকে সচ্চরিত্রবান হতে হয়। এজন্য প্রতিটি মানুষের সচ্চরিত্র ভালো মানস গঠনের সহায়ক আর ভালো মানস ভালো সমাজ ও জাতি গঠনের সহায়ক। জাতির উন্নতির অন্তরায় হচ্ছে চরিত্রহীন জনগোষ্ঠী।

গ্রন্থগত বিদ্যা আর পর হস্তে ধন নহে বিদ্যা নহে ধন হলে প্রয়োজন

এমমাত্র গ্রন্থই হচ্ছে মানুষের জ্ঞানের ধারক ও বাহক। মানুষ তার জ্ঞানের পরিধি বিস্তৃত করে এবং বুদ্ধিবৃত্তির বিকাশ ঘটায় গ্রন্থ পাঠের মাধ্যমে। মানুষ সেই বিদ্যাকে কাজে লাগায় নিজের ও অন্যের প্রয়োজনে। মানুষ জগৎকে উদ্ভাসিত করতে পারে বিদ্যার আলোকে। শাশ্বত সত্য-সুন্দরের পথ নির্দেশ করে। কিন্তু বিদ্যা যদি কেবল গ্রন্থগতই হয় তবে তা কোনো কাজেই লাগে না। গ্রন্থগত বা পুঁথিগত বিদ্যা মানুষকে যথার্থ জ্ঞানী করে তুলতে পারে না। বিদ্যাকে জীবনের উপযোগী করে তোলার মধ্যেই এর যথার্থ উদ্দেশ্য নিহিত। কাজেই তত্ত্বীয় জ্ঞান অর্জনের সঙ্গে সঙ্গে ব্যবহারিক জ্ঞানও থাকা দরকার। বিদ্যা অর্জন করে তাকে কাজে লাগাতে হবে। কেবল মুখস্থ করে লেখাপড়া করলে তা প্রয়োজন মতো ব্যবহার করা যায় না। ব্যবহারিক জীবনে যে জ্ঞান কোনো কাজে আসে না সে জ্ঞান দ্বারা যেমন নিজেরও কোনো উপকার হয় না তেমনি জগতেরও কোনো কল্যাণসাধন হয় না। প্রকৃতপক্ষে সেই বিদ্যার কোনো মূল্য নেই যে বিদ্যা প্রয়োজনের সময় কাজে আসে না। তেমনি মানুষের জীবনে ধন-সম্পদেরও প্রয়োজনীয়তা রয়েছে। কঠোর পরিশ্রমের মাধ্যমে এই ধন-সম্পদ অর্জন করতে হয়। পরের ধন-সম্পদকে নিজের মনে করা কিংবা নিজের ধন-সম্পদ অন্যের কাছে জমা রেখে নিজের বলে হিসাব করা চরম বোকামি। কারণ অন্যের নিকট জমা রাখা ধন-সম্পত্তি প্রয়োজনের সময় কাজে লাগানো সম্ভব হয় না। সুতরাং বিদ্যাকে যেমন সুন্দর ও সার্থক জীবনের জন্যে আত্মস্থ করতে হবে, ঠিক তেমনি ধন-সম্পদ অন্যের কাছে অহেতুক গচ্ছিত না রেখে নিজের আয়ত্তে রাখতে হবে। যাতে বৃহত্তর মানবকল্যাণে তা কাজে লাগানো যায় তথা দেশ ও দশের মঙ্গলে ব্যবহার করা যায়।

অন্যায় যে করে আর অন্যায় যে সহে, তব ঘৃণা যেন তারে তৃণসম দহে।

মানুষ অনুশাসন এবং ন্যায়-নীতির মানদন্ড গড়ে তুলেছে সামাজিক শৃঙ্খলা রক্ষার জন্য এবং সুন্দর সমাজ গড়ার জন্য। কিন্তু কিছু মানুষ রয়েছে যারা অন্যায় ও অবৈধ কর্মতৎপরতায় লিপ্ত হয় এসব ন্যায়-নীতি অমান্য করে। এরা সমাজের চোখে অন্যায়কারী এবং আইনের চোখে

অপরাধী হিসাবে বিবেচিত। আবার যারা অন্যায়ের প্রতিবিধান বা বিরুদ্ধাচরণ করে না বরং শৈথিল্যের সাথে তা মেনে নেয়, সূক্ষ্ম বিচারে তারাও অপরাধী। কারণ অন্যায়ের বিচার না করলে তা প্রতিনিয়ত বাড়তে থাকে। মানব জীবণে ক্ষমা একটি মহৎ গুণ। এ হিসাবে অপরাধীকে ক্ষমার দৃষ্টিতে দেখা যেতে পারে। আপাতদৃষ্টিতে এমনটি মনে হলেও মনে রাখা দরকার যে, ক্ষমারও নির্দিষ্ট সীমা থাকতে হবে। অন্যথায় সামাজে অন্যায় বেড়ে গিয়ে তা বসবাসের অযোগ্য হয়ে পড়বে। বিবেকবান মানুষ হিসাবে অন্যায়ের প্রতিবাদ করার চেতনার অধিকারী হলেও অনেক সময় মানুষ নানা কারণে দিনের পর দিন অন্যায়কে সহ্য করে। সরাসরি অন্যায় না হলেও এটি অন্যায়কে সহযোগিতা করার নামান্তর। অনেকে নীরবে অন্যায়কে সহ্য করে চলে বিপদের ঝুকির কারণে। আর তাই আজ আমাদের সমাজে অপরাধীদের দৌরাত্ম্য দিন দিন বেড়েই চলছে এসব প্রবণতার কারণে। সুতরাং এই কথা বলা যায় যে, অন্যায়কারী এবং অন্যায় সহ্যকারী উভয়ই সম অপরাধে অপরাধী।

জন্ম হউক যথা তথা, কর্ম হউক ভালো

আশরাফুল মাখলুখাত বা সৃষ্টির সেরা জীব হিসেবে মানুষকে সৃষ্টি করা হয়েছে। মানুষ কর্মের শ্রেষ্ঠত্বের দ্বারা তার এই শ্রেষ্ঠত্ব অর্জন করেছে জন্মের শ্রেষ্ঠত্বের মধ্য দিয়ে নয়। জন্মের ব্যাপারে মানুষের নিজের কোনো হাত নেই। ধনী বা দরিদ্র, উঁচু বা নিচু পরিবারে তার জন্ম হওয়াটা তার ইচ্ছার ওপর নির্ভর করে না। তবুও মানুষকে বংশ বা ধর্মের ভিত্তিতে মূল্যায়ন করা হয়। যা ন্যায়সঙ্গত নয়। কারণ সমাজের নিচু তলায় জন্মগ্রহণ করেও অনেকে কর্মের মাধ্যমে অনেক বড় হতে পারেন। অতি সাধারণ পরিবারে জন্মগ্রহণ করেও অসাধারণ ব্যক্তিত্বের অধিকারী হয়েছেন মানব সমাজের ইতিহাসে তার বহু প্রমাণ আছে। উদাহরণ স্বরূপ বলা যায় আমেরিকার আব্রাহাম লিংকন, জর্জ ওয়াশিংটন, ভারতের এ.পি.জে আবুল কালাম আজাদ, ফ্রান্সের নেপোলিয়ান বোনাপার্ট, প্রমুখ ব্যক্তিদের কথা। পদ্মফুলের সৌন্দর্যই বড়। পঙ্কে জন্মেছে বলে তাকে ছোট করে দেখার সুযোগ নেই। নিচুকুলে জন্মগ্রহণ করলেই যে নিচু হতে হবে এমন কোনো নিয়ম নেই। তার কৃতকর্মই তাকে উঁচু নিচুর পরিচয় করিয়ে দেয়। মানুষ সততা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করছে কি না সেটাই বিবেচ্য বিষয় সে যেখানেই জন্মগ্রহণ করুক বা যে কাজই করুক না কেনো সেটা বিবেচ্য বিষয় নয়। প্রাতিষ্ঠানিক শিক্ষা, বংশগৌরবই মানুষের যথার্থ পরিচয় নয়। তাই জন্ম কোথায় হলো এ বিষয়টা একেবারে অযৌক্তিক ও অবান্তর। সুতরাং বলা যায়, মানুষের আসল পরিচয় বহন করে তার মহৎ কর্মই মাধ্যমেই, জন্মের মাধ্যমে নয়।

পুষ্প আপনার জন্য ফুটে না, পরের জন্য তোমার হৃদয় কুসুমকে প্রস্ফুটিত করিও।

সৃষ্টির সেরা জীব হিসেবে মানুষ পরিচিত। এ পৃথিবীর সব কিছুই মানুষের জন্য সৃষ্টি হয়েছে। প্রকৃতির একটি অবিচ্ছেদ্য অংশ হচ্ছে ফুল। ফুলের সৌন্দর্য ও সৌরভ সকলকে মোহিত করে। আর ফুল তার জীবনকে সার্থক করে তোলে সেই সৌন্দর্য ও সৌরভ অপরের মাঝে বিলিয়ে দেওয়ার মাধ্যমে। আর এর বিনিময়ে সে কোনো প্রতিদান চায় না। মানুষের চারিত্রিক মাধুর্যও হওয়া উচিত ফুলের মতোই সুন্দর, পবিত্র ও নির্মল। জগতের মহৎ, সাধু ও জ্ঞানী ব্যক্তিরা অন্যের মঙ্গলে নিজের জীবন অবলীলায় উৎসর্গ করেছেন। তাঁরা ফুলের মতোই নিজের সর্বস্ব মানব কল্যাণে বিলিয়ে দিয়ে তৃপ্তি লাভ করেন। মানুষের কল্যাণের জন্যে তারা জীবনের প্রতিটি মুহূর্ত কাজ করে থাকেন। বস্তুত নিজেকে নিয়ে ব্যস্ত থাকা জীবনের সার্থকতা নয়। মানুষ শুধু ভোগ-বিলাস ও নিজ স্বার্থ রক্ষার জন্যই জন্ম নেয়নি। সে তার জ্ঞান ও ক্ষমতার দ্বারা অপরের সাহায্যার্থে এগিয়ে আসতে পারে। প্রতিটি মানুষ যদি পরের কল্যাণ সাধন ও আনন্দ দানের জন্য কাজ করে তাহলে সমাজ সুন্দর ও সার্থক হয়ে উঠবে। যেদিন আমরা ফুলকে আদর্শ ভেবে পরের কল্যাণে জীবনকে বিলিয়ে দিতে পারবো সেদিনই আমাদের সমাজ জীবনে দুঃখ, যন্ত্রণা, বৈষম্যের অবসান ঘটবে। মানুষের জীবন কল্যাণময় ও আনন্দঘন হয়ে উঠবে। সেই ব্যক্তি দেশ ও জাতির জন্য অভিশাপস্বরূপ যে ব্যক্তি আত্মকেন্দ্রিক এবং নিজের স্বার্থের জন্য যেকোনো অপকর্ম করতে দ্বিধাবোধ করে না। সে জন্যে বলা যায় মানবজীবন সার্থক হয়ে উঠে তখনই, যখন মানুষ নিজেকে পুষ্পের মতো বিকশিত করে এবং নিজ যোগ্যতা ও ক্ষমতা অনুযায়ী কল্যাণকর কাজের মাধ্যমে নিজেকে নিয়োজিত করে। তাই ব্যক্তি স্বার্থের কথা চিন্তা না করে সবার কথা ভাবতে হবে। মানুষের জীবন তখনই পুষ্পের মতো সুন্দর ও সৌরভময় হবে যখন নিজের জীবন পরার্থে উৎসর্গ করতে পারবে।

CamScanner

দুর্জন বিদ্যান হলেও পরিত্যাজ্য

মানব জীবনে মহামুল্যবান একটি সম্পদ হলো বিদ্য। কিন্তু তার চেয়েও মুল্যবান হচ্ছে চরিত্র। চরিত্রহীন ব্যক্তি পশুর সমান। লোকসমাজে সেই সব ব্যক্তির কোনো সম্মান নেই যারা বিদ্যান হওয়া স্বত্ত্বেও চরিত্রহীন। সবাই তাকে ঘৃণা করে। কেউ তার সাথে উঠা-বসা, খাওয়া-দাওয়া করতে চায় না। যে তার সাথে চলাফেরা করে সেও চরিত্রহীন হয়ে পড়ে। তাই কেউ তার সাহচর্য কামনা করে না। কথিত আছে, সাপের মাথায় নাকি মহামুল্যবান মণি থাকে। এই মণি কেউ পেলে সে অনেক টাকা পয়সার অধিকারী হতে পারে। কিন্তু কোনো লোকই এই মণি পাওয়ার জন্য সাপের সাহচর্য চায় না। কেননা সাপ বিষধর, তার দংশনে শুধু জ্বালা আর যন্ত্রণা, অবশেষে মৃত্যু। ঠিক তেমনি জীবনের প্রতিটি ক্ষেত্রে এইসব চরিত্রহীন বিদ্যান ব্যক্তিদের সর্বদাই ঘৃণিত ও নিন্দনীয় হতে হয়। তখন অনেক সাধনা করে যে বিদ্যা অর্জন করা হয়, তা মুল্যহীন হয়ে পড়ে। জীবন বিষময় হয়ে ওঠে। অতএব দুর্জন বিদ্যান হলেও তার সংস্পর্শ আমাদের এড়িয়ে চলতে হবে।

স্বদেশের উপকারে নেই যার মন, কে বলে মানুষ তারে, পশু সেই জন?

সৈয়দ ইসমাইল হোসেন সিরাজী ছিলেন একজন বিখ্যাত-সাহিত্যিক। তিনি বলেছেন একজন মানুষ নানা গুণের অধিকারী হতে পারে, কিন্তু সে যদি দেশের কোনো কল্যাণ না করে থাকে, তাহলে প্রকৃত প্রস্তাবে সে নরাধম, ঘৃণিত, বর্বর। দেশের প্রতি দৃষ্টিভঙ্গি ও কর্মকান্ড দ্বারাই মানুষের প্রকৃত পরিচয় নির্ধারিত হয়। ইসলাম ধর্মে উল্লেখ করা হয়েছে দেশপ্রেম ঈমানের অঙ্গ। সনাতন হিন্দু ধর্মে বলা হয়েছে জন্মভূমি স্বর্গস্বরূপ, মাতৃস্থানীয়; তাকে রক্ষা করা সবার একান্ত কর্তব্য। মানুষ ও পশুর মধ্যে কিছু মৌলিক পার্থক্য রয়েছে। পশুর কাজ খাদ্য ও বাসস্থানের জন্য আস্তানার চিন্তা করা এবং এর জন্য ক্ষেত্রবিশেষে অন্যান্য পশুর সাথে লড়াই করা। একটি পশু এবং সেই মানুষের মধ্যে কোনো পার্থক্য নেই, যে মানুষ কেবল বৈষয়িক নানা কর্মকান্ডের সঙ্গে জড়িত থেকে নিজের সুখ ও স্বার্থের প্রচেষ্টা করে জীবন পার করে, দেশের কল্যাণে নিজেকে মনোনিবেশ করে না, দেশ ও দেশের জন্য কিছু করে না। কারণ পশুর কর্মকান্ড ও তার কর্মকান্ডের মধ্যে কোনো পার্থক্য নেই। প্রকৃত মানুষ তারাই যাদের মধ্যে দেশ প্রেম রয়েছে। যারা শ্রম দিয়ে, অর্থ দিয়ে দেশ ও জাতির নিরন্তর সেবা করে যাচ্ছে তারাই শ্রেষ্ঠ মানুষ। দেশপ্রেমিকেরা কখনো মাথা নত করে না। তাই তো প্যালেস্টাইনের এক কবি বলেছেন স্বদেশের মাটি স্পর্শ করার সময় ছাড়া আমার শির আর কখনো নত হয় না। স্বদেশের মঙ্গল ও কল্যাণের দিকে যার কোনো দৃষ্টি নেই, কেবল নিজের স্বার্থের জন্য, নিজের সুবিধা প্রাপ্তির জন্য যে তৎপর, বিবেকহীন পশুর সাথে তার কোনো পার্থক্যই নেই। আমাদের মহান স্বাধীনতা যুদ্ধের ইতিহাসে এর উদাহরণ আছে। স্বাধীনতা যুদ্ধের সময় একদল নরপশুর আবির্ভাব ঘটেছিল, যারা আমাদের স্বাধীনতার বিরোধী শক্তি রূপে কাজ করেছে। নিজেদের স্বার্থের জন্য যারা দেশের স্বাধীনতাকে পর্যন্ত অস্বীকার করেছে তারা আসলে পশুর চেয়েও অধম। ইংরেজি সাহিত্যিক বায়রন এর মতে যে তার দেশকে ভালোবাসতে পারে না, সে কিছুই ভালোবাসতে পারে না। সেই ব্যক্তি দেশ ও সমাজের জন্য কলঙ্ক হয়ে বেঁচে থাকে যে ব্যক্তি সমাজকে ও দেশকে উন্নয়নের দিকে অগ্রসর করতে চেষ্টা না করে

প্রাণ থাকিলেই প্রাণী হয়, কিন্তু মন না থাকিলে মানুষ হয় না।

মহান সৃষ্টিকর্তা পৃথিবীর সকল প্রাণীকে সৃষ্টি করেছেন। তিনি আশরাফুল মাখলুকাত বা সৃষ্টির শ্রেষ্ঠ জীব হিসেবে মানুষ সৃষ্টি করেছেন। মানুষের প্রাণ ছাড়াও মন ও বুদ্ধিমত্তা থাকার কারণে মানুষকে শ্রেষ্ঠত্ব দান করা হয়েছে। গাছপালা, পশুপাখি ও অন্যান্য প্রাণীর শুধু প্রাণ আছে। তারা খাদ্য সংগ্রহ করে, বেড়ে উঠে, পূর্ণতা লাভ করে ও বংশবিস্তার করে। এতে তাদের কোনো কৃতিত্ব নেই। বুদ্ধি সম্পন্ন হওয়া স্বত্বেও অনেক প্রাণীর মন নেই। তারা ভালো-মন্দ, ন্যায়-অন্যায়ের পার্থক্য করতে পারে না। কিন্তু মানুষ পৃথিবীতে জন্মগ্রহণ করে পশুপাখির মতো জীবনধারণ করলে প্রকৃত মানুষ হতে পারে না। মানুষ মনুষ্যত্ব নামক মহৎ গুণাবলি অর্জন করতে পারে মানব মনের বিকাশের মাধ্যমে। মানুষ বিবেকবোধের অধিকারী কারণ মানুষের মন ও হৃদয় আছে। ভালো-মন্দ, ন্যায়-অন্যায়ের বিচার করতে পারে। মনের সৎ চিন্তা, আবেগ ও প্রেম জীবনকে পূর্ণতা দেয়। মনের শক্তির জোরেই মানুষ বিজ্ঞান, সভ্যতা ও সংস্কৃতি সৃষ্টি করেছে। জলে, স্থলে, অন্তরীক্ষে উড়িয়েছে বিজয় পতাকা। মননশক্তি

ও মনুষ্যত্ব অর্জনের মাধ্যমেই মানুষ সকল প্রাণীর উপর স্থান পেয়েছে। এই মনুষ্যত্ব অর্জন করার প্রধান শর্ত হলো মনকে অহিংস, নির্লোভ, সংযমী ও মঙ্গলকামী করে তুলতে হয়। এজন্য মানুষকে অনেক প্রচেষ্টা, জ্ঞানসাধনা ও ত্যাগ স্বীকার করতে হয়। মানুষকে পশুত্ব থেকে মুক্তি দিতে পারে কেবল মানবিক গুণাবলি।একজন সত্যিকারের মানুষ অসহায়কে সাহায্য করে, সহানুভূতি দেখায়। দেশ, জাতি ও মানুষের কল্যাণে নিজেকে উৎসর্গ করে। একজন আদর্শ মানুষের নিম্নোক্ত গুণাবলি থাকা বাঞ্ছনীয়। যেমন: সততা, সত্যবাদিতা, ন্যায়নিষ্ঠা ও বিবেকবোধ প্রভৃতি।

দ্বার বন্ধ করে দিয়ে ভ্রমটারে রুখি সত্য বলে, "আমি তবে কোথা দিয়ে ঢুকি?"

একজন মানুষের জীবনে সত্যের সন্ধান একান্ত কাম্য। কিন্তু এ সত্য অন্বেষণের কাজটি মোটেই সহজসাধ্য নয়। দিন-রাত যেমন এক সাথে গাঁথা, ভাল-মন্দ, সত্য-মিথ্যা তেমনি একই সাথে গাঁথা। মন্দ ছাড়া ভালো অর্থহীন, মিথ্যা ছাড়া সত্য অর্থহীন। সমাজে এমন অনেক হাজারও মানুষ লক্ষ্য করা যায় যারা, কুপথে চলে যাবার ভয়ে জীবনের পথে বের হতে চান না। তারা তাদের চারপাশে সব দ্বার রুদ্ধ করে দিয়ে শুধু সত্যের চর্চা করতে চান। কিন্তু সত্য কখনও কারও জীবনে নিজে নিজে ধরা দেয় না। সে কখনো সত্যের মূল্য বুঝে না, যে মানুষ মিথ্যাকে চেনে না, মন্দকে চেনে না। সে ভালোর মর্ম অনুধাবন করতে পারে না। সাতাঁর শিখতে হলে যেমন পানিতে নামতে হয়, তেমন জীবনে সত্য ও সুন্দরের বিকাশ ঘটাতে চাইলে সত্য-মিথ্যা, ভাল-মন্দ প্রভৃতি অভিজ্ঞতার পথে জীবনকে চালিত করতে হয়। ভালো-মন্দ, সত্য-মিথ্যা, সুন্দর-অসুন্দর, পাপ-পুণ্য সব পাশাপাশি বিচরণ করবে সেটাই স্বাভবিক। যে মিথ্যার কুহক থেকে সত্যকে টেনে বের করে আনবে সেই তো প্রকৃত মানুষ। সে জন্যে জীবনে বাস্তব অভিজ্ঞতার দরকার। মন্দের রূদর্য যার অজানা, ভালোর সৌন্দর্য উপলব্ধি করা তার পক্ষে মোটেই সম্ভব না। বাস্তবের সাথে তার জীবনের কোনো সংযোগই ঘটে না, যে কুহকের ভয়ে জীবন দ্বার রুদ্ধ করে রাখে। সুতরাং তার পক্ষে কখনই সত্য দিয়ে জীবন সুসজ্জিত করা সম্ভব নয়। তাই সত্যকে পেতে গেলে মিথ্যার অভিজ্ঞতা প্রয়োজন।

এ জগতে হায় সেই বেশি চায় আছে যার ভুরি ভুরি রাজার হস্ত করে সমস্ত কাঙালের ধন চুরি।

মানুষের জীবনে বেঁচে থাকার তাগিদে অর্থের প্রয়োজন। কিন্তু সমাজের এমন এক শ্রেণির মানুষ যারা যাবতীয় অর্থসম্পদ নিজেদের কুক্ষীগত করতে সদা সচেষ্ট থাকে। এই বিত্তবান শ্রেণির লোকেরা নিজেদের অঢেল ধন-সম্পত্তি থাকা সত্ত্বেও সম্পদের লোভ ত্যাগ করতে পারে না। তাদের এই বিকৃত লোভের শিকার হয় দরিদ্র ও অসহায় মানুষেরা। আর এই ধারা প্রচলিত হয়ে আসছে প্রাচীনকাল থেকেই। জমিদাররা যেমন বিপুল সম্পদের মালিক হয়েও সামান্য খাজনার জন্য দরিদ্র প্রজার সহায়-সম্বলটুকু কেড়ে নিতে কুণ্ঠিতবোধ করতো না, তেমনি বর্তমানেও ক্ষমতা পিপাসু একটা শ্রেণি নিজেদের জন্য একের পর এক সম্পদের ইমারত গড়ে তুলছে। আর এই সম্পদ আহরণের নেশায় মত্ত হয়ে তারা নিজেদের মানবতাকে বিসর্জন দিতে দ্বিধা করে না। তারা সমাজের দরিদ্র শ্রেণির মানুষদের অধিকারবঞ্চিত করে নিজেদের সম্পদের পাহাড় বানিয়ে চলে ক্রমাগত। কেননা তাদের আরো সম্পদ, আরো ভোগ-বিলাসিতার প্রয়োজন। বিত্তবানদের এই ধরণের বিকৃত অর্থলিপ্সার কোনো সীমা নেই বরং দিনে দিনে তাদের লালসা বাড়তেই থাকে। অঢেল সম্পদের মালিক হয়েও, আরো পাওয়ার ইচ্ছা তাদেরকে অমানুষে পরিণত করে। নিজেদের সম্পদ আরো বাড়িয়ে তোলার নেশায় তারা ন্যায়-অন্যায়, ভালো-মন্দ, সাদা-কালো কোনো কিছুই বাছ-বিচার করে দেখে না। কেউ তিনবেলা খেয়ে-পরে বেঁচে থাকতে পারলেই খুশি, আবার কেউ হাজার কোটি টাকার মালিক হয়ে সন্তুষ্ট থাকতে পারে না; আরো সম্পদের অভাবে সে কাতর। আরো সম্পদশালী হতে গিয়ে তারা সুদ, ঘুষ, চুরির মতো নানারকম দুর্নীতির আশ্রয় নেয়। এমনকী অর্থলিপ্সায় কাতর এই বিত্তবান লোকগুলো গরিবের মুখের অন্ন, মাথা গোঁজার নিরাপদ আশ্রয়, ন্যূনতম শিক্ষা প্রভৃতি মৌলিক অধিকারগুলো হরণ করে নিজেদের সম্পদের পাহাড় আকাশচুম্বী করে তোলে। আর ঠিক এভাবেই সমাজে ধনী-দরিদ্র বৈষম্য দিন দিন বেড়েই চলেছে। দরিদ্রের সর্বস্ব কেড়ে নিয়ে ধনীরা হয় আরো ধনী, অন্যদিকে যারা দরিদ্র তারা আরো বেশি দরিদ্র হয়ে পড়ে। জীবনধারণের জন্য যে পরিমাণ অর্থের প্রয়োজন তা যোগান না দিতে পেরে তারাবস্তির ঘুপচি ঘরে, অনাহারে-অর্ধাহারে মানবেতর জীবনযাপন করতে বাধ্য হয়।

CamScanner

তুমি অধম, তাই বলিয়া আমি উত্তম হইব না কেন?

মানুষ সৃষ্টির সেরা জীব হিসেবে তার স্বাতন্ত্র্য বজায় রেখে চলে। আর এজন্য সে যাবতীয় অন্যায় কাজ থেকে নিজেকে বাঁচিয়ে রাখে, পাশাপাশি মানবতার কল্যাণে কাজ করে। সমাজে মানুষ তার কর্মের কারণে দুই ভাগে বিভক্ত। উত্তম এবং অধম। উত্তম সর্বদাই মানব কল্যাণে নিয়োজিত। যাবতীয় ভালো এবং জনহিতকর কাজ সে সম্পাদন করে থাকে। অপরদিকে অধম কখনোই মানবকল্যাণে নিয়োজিত হয় না। মানবধর্ম ভুলে সে আপন কাজে ব্যস্ত হয়। সমাজ-সংসার তাদের কাছ থেকে কিছুই পায় না। কোনো সমাজেই সে অনুকরণীয় হতে পারে না। সৃষ্টির সেরা জীব হিসেবে আমাদের রয়েছে ভাল-মন্দ নির্ণয়ের ক্ষমতা বিবেকবোধ এবং চিন্তার ক্ষমতা। যে তার স্বাভাবিক জ্ঞান-বুদ্ধি দিয়ে ভাল-মন্দের বিচার না করে খারাপ কাজে লিপ্ত হয় সে সমাজে অধম হিসেবে বিবেচিত হয়। উত্তম স্বভাবের মানুষ সমাজের অন্য মানুষদের উত্তম হওয়ার প্রেরণা যোগায়। দুনিয়ার সর্বত্রই উত্তম মানুষগণ শ্রদ্ধা এবং ভালোবাসার সাথে স্মরণীয়। অন্যদিকে অধম কোনো সমাজেই সমাদৃত নয়। একজন মানুষ সমাজে তার অবস্থান সৃষ্টি করে জ্ঞান, বুদ্ধি, চিন্তাশীল মনের প্রখরতা দিয়ে। অধম সব সময়ই অকল্যাণকর কাজে রত। উত্তম এবং অধমের মধ্যে পার্থক্য গড়ে দেয় তাদের কাজ, চিন্তার বহিঃপ্রকাশ। আর সেজন্যই উত্তম সর্বদা অধমের চেয়ে আলাদা। সে কখনোই অন্যের সাথে নিজের তুলনা করে না। উত্তম তাই অধম থেকে নিজেকে ভিন্নভাবে উপস্থাপন করে এবং সমাজে দৃষ্টান্ত হয়ে থাকে। মূলত প্রবল ইচ্ছাশক্তি থাকলে মানুষ শত অধমের সঙ্গে থেকেও উত্তম মানুষ তথা ভালো মানুষ হিসেবে বিবেচিত হতে পারে।

পাপকে ঘৃণা কর, পাপীকে নয়।

সৃষ্টিকর্তা মানুষকে আশরাফুল মাখলুকাত বা সৃষ্টির সেরা জীব হিসেবে সৃষ্টি করেছে। সে স্বীয় মেধা-মনন, বিবেক-বুদ্ধির গুণেই শ্রেষ্ঠত্ব লাভ করেছে। কোনো মানুষই অপরাধী হয়ে পৃথিবীতে আসে না। প্রতিটি মানুষই নিষ্পাপ অবস্থায় জন্মগ্রহণ করে। জন্মের পর বিরূপ পরিবেশ, নেতিবাচক পারিপার্শ্বিকতার প্রভাবে অনেক সময় তার বিবেক-বুদ্ধি, ন্যায়-অন্যায়, বিচারবোধ অনিয়ন্ত্রিত হয়ে পড়ে। সে তখন পাপাচারে লিপ্ত হয়ে পড়ে। মানুষের এই পাপ কার্যে লিপ্ত হওয়ার পেছনে মুখ্যত সে নিজে দায়ী নয়। তাই পাপকার্য ঘৃণিত ও বর্জনীয় হলেও পাপীকে বর্জন করা উচিত নয়। বরং তাকে কলুষতামুক্ত জীবনে ফিরে আসার সুযোগ দেয়া অন্য সকল মানুষেরই দায়িত্ব এবং কর্তব্য। পাপ এক ধরণের ব্যাধি। মানুষ রোগ-ব্যাধিকে ঘৃণা করলেও রোগাক্রান্ত মানুষকে ঘৃণা করে বর্জন করতে পারে না। পাপ ময়লা-আবর্জনা স্বরূপ। ময়লা-আবর্জনা ধারণকারী ডাস্টবিনকে কেউ সযত্নে ঘরে তুলে রাখে না। পাপরূপী আবর্জনাকে ধারণ করলেও মানুষ কিন্তু ডাস্টবিন নয়। ডাস্টবিন জন্ম থেকেই ডাস্টবিন। আর মানুষ জন্ম থেকেই মানুষ। আবর্জনা পরিষ্কার করলেও ডাস্টবিন গ্রহণীয় নয়। কিন্তু মানুষ পাপমুক্ত হলে সভ্যসমাজে সাদরে গ্রহণীয়। দিনের পর দিন অপরাধ করলেও মহান স্রষ্টা তাঁর প্রিয় সৃষ্টি মানুষকে ঘৃণায় ছুঁড়ে ফেলেন না। পর্যাপ্ত সুযোগ ও সময় দান করেন আত্মশুদ্ধি অর্জনের মাধ্যমে সুস্থ-সুন্দর জীবনে ফিরে আসার জন্য। ভয়ঙ্কর অপরাধীকেও দেখা যায় অনুতপ্ত হয়ে আইনের কাছে আত্মসমর্পণ করতে । ইতিহাসে এরূপ বহু নজির আছে। বস্তুত পাপী বড় অসহায়, দুঃখী। সে আরও অপরাধপ্রবণ হয়ে পড়তে পারে যদি তাকে ঘৃণায় দূরে ঠেলে দেওয়া হয়। সে গভীর অন্ধকারে চিরতরে হারিয়ে যেতে পারে যদি সে আলোকিত জীবনে ফিরে আসার সুযোগ না পায়।

কীর্তিমানের মৃত্যু নাই

মানুষ মরণশীল অর্থাৎ পৃথিবীতে জন্মগ্রহণ করলে প্রত্যেকেই অবশ্যই মৃত্যুর স্বাদ গ্রহণ করতে হবে। আর পৃথিবীর সাথে মানুষের চির বিচ্ছেদ ঘটে মৃত্যুর মাধ্যমেই। কিন্তু কিছু কিছু ব্যক্তি তাদের অমর কীর্তির জন্য মৃত্যুর পরও বেঁচে থাকেন মানুষের মধ্যে। মহানবী হযরত মুহাম্মদ (সঃ), ভগবান শ্রীকৃষ্ণ, যীশু খ্রিষ্ট, গৌতম বুদ্ধ এঁরা সকলেই মানুষ হিসেবে জন্মগ্রহণ করে এক সময় মৃত্যুবরণ করেছেন কিন্তু তাঁরা আজও আমাদের মাঝে বেঁচে আছেন তাঁদের মহান কীর্তির জন্য। সক্রেটিস, এরিস্টটল নেই, রয়েছে তাঁদের দর্শন; শেক্সপিয়র, রবীন্দ্রনাথ নেই, রয়ে গেছে তাঁদের কাব্য। নিউটন, আইনস্টাইন চলে গেছেন, রেখে গেছেন তাঁদের বৈজ্ঞানিক তত্ত্ব ও মতবাদ, যা আধুনিক বিজ্ঞানের চালিকাশক্তি রূপে আজও ব্যবহৃত হচ্ছে; পিকাসো, ভিঞ্চি আজ আর নেই আজও অম্লান আছে তাঁদের চিত্রকর্ম; বিটোফেন, মোজার্ট নেই, রয়েছে তাঁদের সুরসৃষ্টি। এভাবেই মানুষ বেঁচে থাকে তাদের মহান কর্মের মাধ্যমে। কীর্তিমান

মানুষের মৃত্যু হয় না, পৃথিবীতে তাঁরা কৃতকর্মের মহিমায় লাভ করেন অমরত্ব। জগৎ এবং জীবনের জন্য কল্যাণকর কাজ করে পৃথিবীতে বেঁচে থাকেন, তাঁদের অম্লান কীর্তিই তাঁদেরকে বাঁচিয়ে রাখে পৃথিবীর মানুষের হৃদয়ে, মননে। ক্ষণস্থায়ী জীবনে যে ব্যক্তি জীবনকে উৎসর্গ করেন মানবকল্যাণে, নিজেকে নিয়োজিত করে মহৎকর্মে, গৌরবময় কীর্তির স্বাক্ষর রেখে জীবনকে মহিমান্বিত করে তুলতে পারেন, যদিও তাঁর দেহের বিনাশ সাধন হয়, তবুও তাঁর স্বকীয় সত্তা থাকে মৃত্যুহীন। তার গৌরবময় কীর্তিই তাঁকে যুগ থেকে যুগান্তরে, দেশ থেকে দেশান্তরে বাঁচিয়ে রাখে।

কাঁটা হেরি ক্ষান্ত কেন কমল তুলিতে, দুঃখ বিনা সুখ লাভ হয় কি মহীতে?

পদ্মকে তুলতে গিয়ে কাঁটার ভয় করলে চলবে না। কাঁটার ভয়ে বা কাঁটার আঘাতে যদি কেউ পদ্ম তুলতে না যায়, তাহলে তার পক্ষে পদ্ম আহরণ সম্ভব হবে না। তেমনি দুঃখকে বাদ দিয়ে জীবনে সুখের আশা করা যায় না। একটিকে চাইতে গেলে অপরটিকে মেনে নিতে হয়। ভাল-মন্দ, সুখ-দুঃখ জয়-পরাজয় ইত্যাদি নিয়েই আমাদের জীবন। একটি অপরটির পরিপূরক হিসেবে কাজ করে। দুঃখকে বাদ দিলে জীবনে সুখের অস্তিত্ব বিলীন হয়ে যায়। দুঃখের মধ্য দিয়েই জীবনে সুখের আস্বাদ লাভ করা যায়। দুঃখের ভয়ে যে তার নিজ কর্ম থেকে বিরত থাকে তার পক্ষে সুখ লাভ করা সম্ভব নয়। সফলতার পথ কন্টকাকীর্ণ। এই কাঁটার ভয়ে যে সেই পথে হাঁটে না সে কখনো সফল হয় না। দুঃখ-যন্ত্রণা, পরিশ্রম, ত্যাগ-তিতিক্ষার মধ্য দিয়েই মানুষ তার গন্তব্যে পৌঁছায়। আর যারা দুঃখ-যন্ত্রণা, ক্লান্তির ভয়ে ভীত হয় তারা সহজেই ঝরে পড়ে সাফল্যের পথ থেকে। তাই সকল প্রতিকূলতাকে বরণ করেই মানুষকে সামনের দিকে অগ্রসর হতে হবে। পৃথিবীতে যাঁরা বড় হয়েছেন, সাধনায় সিদ্ধি লাভ করেছেন তাঁরা সবাই সাধনার দ্বারা দুঃখ-কষ্ট, বাধা-বিঘ্নকে অতিক্রম করেই হয়েছেন। পরাজয়ের গ্লানি, পরিশ্রমের কষ্টকে জয় করার মাধ্যমেই সফলতা অর্জন করা সম্ভব। রবীন্দ্রনাথ ঠাকুর যথার্থই বলেছেন ব্যর্থতাই মানুষের জীবনের প্রথম সাফল্য।

সুশিক্ষিত লোক মাত্রই স্বশিক্ষিত

প্রাতিষ্ঠানিক শিক্ষা এবং বাস্তব জীবনের প্রেক্ষাপটে প্রকৃতি থেকে অর্জিত শিক্ষা এ দু'য়ের মধ্যে পার্থক্য রয়েছে। বিদ্যালয়ের শিক্ষা মূলত পরীক্ষা পাশের শিক্ষা, জীবিকার্জনের শিক্ষা। সীমাবদ্ধতার মধ্য দিয়ে এ শিক্ষা শেষ হয়ে যায়। কিন্তু বাস্তব ক্ষেত্রে শিক্ষার কোনো সীমা-পরিসীমা নেই। তাই স্কুল কলেজের শিক্ষাকে প্রকৃত অর্থে সুশিক্ষা বলা যায় না। সুশিক্ষার অর্থ স্বশিক্ষা। স্কুল-কলেজের শিক্ষার পাশাপাশি স্বচেষ্টায় স্বতঃস্ফূর্তভাবে জ্ঞানান্বেষণ সুশিক্ষার পর্যায়ে পড়ে। সুশিক্ষায় শিক্ষিত ব্যক্তি হবেন কুসংস্কারমুক্ত, তার চিন্তা হবে সুদূরপ্রসারী, বৈজ্ঞানিক ও মুক্তবুদ্ধির আলোকে উদ্ভাসিত। এমন অনেক ডিগ্রিধারী লোক আছেন যাদের শিক্ষার সঙ্গে বাস্তব জীবনচর্চার কোনো সামঞ্জস্য ঘটেনা। প্রাতিষ্ঠানিক শিক্ষা মানুষের বাহ্যিক অবয়ব তৈরি করতে পারলেও তার অন্তর্দৃষ্টিকে প্রসারিত করতে পারে না। মূলত শিক্ষার প্রধান উদ্দেশ্য জ্ঞানশক্তি অর্জন করা। শিক্ষা সম্পূর্ণভাবে অর্জন সাপেক্ষ। প্রাতিষ্ঠানিক শিক্ষায় জ্ঞানচর্চা ও জ্ঞান আহরণের পথ অনেক সময় সুগম হলেও তাতে পূর্ণতা আসে না। স্বশিক্ষায় অর্জিত জ্ঞান ছাড়া মানুষের অন্তর্দৃষ্টি প্রসারিত হয় না। স্বশিক্ষা মানুষকে সুদৃঢ় প্রসারী জ্ঞানদান করে। তখন তিনি বিজ্ঞানমনস্ক যুক্তিবাদী দৃষ্টিভঙ্গির অধিকারী হয়ে উঠেন, পরিশীলিত রুচিবোধে হয়ে উঠেন উদার ও নম্র স্বভাবের। বস্তুত প্রকৃত শিক্ষার ক্ষেত্রে প্রতিষ্ঠান মুখ্য নয়। পৃথিবীতে অনেক স্বশিক্ষিত ব্যক্তি ছিলেন, যারা প্রাতিষ্ঠানিক ডিগ্রি ছাড়াই মুক্ত চিন্তা ও জ্ঞান দিয়ে মানবতার উপকার করে গেছেন। এ প্রসঙ্গে সক্রেটিস, পেন্ডটো, এরিস্টটল, রবীন্দ্রনাথ ও কাজী নজরুল ইসলামের কথা আমরা উল্লেখ করতে পারি। স্বচেষ্টায় স্বতঃস্ফূর্তভাবে এঁরা জ্ঞান রাজ্যে বিচরণ করেছেন। তাই বলা যায় যারা প্রকৃত অর্থেই শিক্ষিত আর জ্ঞানী তারা সকলেই স্বশিক্ষায় শিক্ষিত।

শৈবাল দীঘিরে বলে উচ্চ করি শির, লিখে রেখো এক ফোঁটা দিলেম শিশির।

মহৎ মানুষ হিংসা, দীনতা, হীনতা ও স্বার্থপরতা থেকে নিজেকে দূরে রাখেন। উদার, মানব প্রেমিক এসব মানুষ সর্বদা সকল মানুষের মঙ্গল চিন্তা করেন। তাদের জ্ঞান-প্রজ্ঞা ও কর্ম দিয়ে দেশ ও জাতির কল্যাণসাধন করেন। তারা কখনো আপন গৌরবের কথা, উপকারের কথা অন্যের কাছে

CamScanner

গর্ব করে প্রচার করেন না। সমাজের মানুষকে তারা বটবৃক্ষ হয়ে আগলে রাখেন। তারা নিঃস্বার্থভাবে অপরের জন্য কাজ করে যান। বিপরীতে আমাদের সমাজে কিছু হীন, স্বার্থপর মানুষ আছে যারা সর্বক্ষণ নিজেকে নিয়ে ব্যস্ত থাকে। অন্যের উপকারের কথা স্বীকার করতে চায় না। বরং কখনো যদি উপকারীর সামান্যতম উপকার করতে পারে, তবে তা অতিরঞ্জিত করে প্রচার করে। তারা কখনোই বুঝতে চেষ্টা করে না যে তারা কতটা ক্ষুদ্রমনা। এই অকৃতজ্ঞতাবোধের পরিচয় পাওয়া যায় শৈবালের জীবনে। শৈবালের জন্ম দিঘীর জলে, দিঘীর জলেই তার অবস্থান। দিঘী তাকে পরম মমতায় তার জলে স্থান দেয়। সেই জলেই শৈবালের বেড়ে ওঠা। শৈবালের উচিত দিঘীর প্রতি কৃতজ্ঞ হওয়া। কিন্তু তা না করে মিথ্যে বাহাদুরি দেখায়। কেননা, শৈবালের ডগায় রাতের শিশির বিন্দু জমে। এক সময় তা দীঘির জলে পড়ে। অকৃতজ্ঞ শৈবাল তখন অহংকার করে এই বলে যে, সে দীঘিকে এক ফোঁটা পানি দিয়েছে। তার এই এক ফোঁটা পানি নিতান্তই তুচ্ছ যা দীঘির তেমন কোনো উপকারে আসে না। বরং এতে শৈবালের হীনমন্যতার পরিচয় পাওয়া যায়। আমাদের সমাজের অকৃতজ্ঞ মানুষগুলোও শৈবালের মতোই।

আত্মশক্তি অর্জনই শিক্ষার উদ্দেশ্য

শিক্ষা মানুষকে আলোকিত করে। আত্মশক্তি অর্থাৎ মানুষের নিজের যোগ্যতা ও সামর্থ্যকে বাড়ানোই শিক্ষার মূল উদ্দেশ্য। আত্মশক্তি মানুষের মাঝে সুপ্ত অবস্থায় থাকে বলে অনেক ক্ষেত্রেই মানুষ নিজের শক্তিকে বুঝতে পারে না। শিক্ষা সেই সুপ্ত শক্তিকে জাগিয়ে তুলতে সাহায্য করে। জগতে নিজের অবস্থানকে মজবুত করে ধরে রাখতে শিক্ষার প্রয়োজন। তাই শিক্ষাকে সারা বিশ্বে একটা নির্দিষ্ট ধাপ পর্যন্ত বাধ্যতামূলক করা হয়েছে। শিক্ষা মানুষের মৌলিক অধিকার। কারণ জ্ঞানীগুণীরা জানেন শিক্ষা গ্রহণ না করে কেউ সফল হতে পারে না। আর যারা অশিক্ষিত, শিক্ষা গ্রহণ করে না তারা নিজেদের শক্তিকে বিকশিত করতে পারে না। তবে শুধুমাত্র পুঁথিগত শিক্ষা মানুষকে সফল করতে পারে না। এমন শিক্ষা অর্জন করতে হবে যা মানুষের যোগ্যতা ও সামর্থ্যকে বাড়িয়ে তোলে এবং প্রতিকূল পরিবেশের সাথে খাপ খাওয়াতে সাহায্য করে। আত্মশক্তি মানুষকে স্বনির্ভর হতে শেখায়, মানুষকে যোগ্য করে গড়ে তোলে এবং দৃঢ় মনোবলের অধিকারী করে। আত্মশক্তি আত্মবিশ্বাসেরই প্রতিরূপ। তাই প্রথাগত শিক্ষায় শিক্ষিত না হয়ে সুপ্ত প্রতিভাকে জাগিয়ে তুলতে পারে এমন শিক্ষা অর্জন করতে হবে। জীবনে সফল হতে হলে অনেক দুঃখ-কষ্ট সহ্য করতে হয়, অনেক বাধা অতিক্রম করতে হয়। নিজের যোগ্যতা না থাকলে কেউ এতসব প্রতিকূলতা মোকাবেলা করতে পারে না। আর এই যোগ্যতা অর্জিত হয় শিক্ষা গ্রহণের মাধ্যমে। এছাড়া মানুষের ভুল-ত্রুটি সংশোধনের পথ দেখায় শিক্ষা। তবে যে শিক্ষা আত্মবিশ্বাসকে বাড়াতে পারে না সে শিক্ষা প্রকৃত শিক্ষা নয়। কারণ শিক্ষার মূল উদ্দেশ্যই হচ্ছে মানুষের সামর্থ্য ও যোগ্যতাকে বাড়ানো। আত্মশক্তি না থাকলে মানুষ পরনির্ভরশীল, পরমুখাপেক্ষী হয়ে যায়। যা কারো কাছেই পছন্দনীয় নয়। তাই শিক্ষা গ্রহণ করে আত্মনির্ভর হয়ে নিজেকে দেশ ও সমাজের যোগ্য হিসেবে গড়ে তোলা সম্ভব।

নহে আশরাফ যার আছে শুধু বংশ পরিচয়

সেই আশরাফ জীবন যাহার পুণ্য কর্মময়

মানুষের যশ, গৌরব, সম্মান, প্রতিপত্তি সবই নির্ভর করে কর্মের ওপর, জন্মের ওপর নয়। সামন্তবাদী সমাজব্যবস্থায় আশরাফ ও আতরাফ-এ দুই শ্রেণির মধ্যে সামাজিক বৈষম্য থাকলেও আধুনিক সভ্যতায় তা একেবারে অর্থহীন। বর্তমান সমাজব্যবস্থায় বংশ পরিচয়ের ভূমিকা গৌণ। এখানে কর্মময় জীবনের অবদানই মুখ্য ভূমিকা পালন করে। পদ্মফুলের সৌন্দর্যই বড়। পঙ্কে জন্মেছে বলে তাকে ছোট করে দেখার কোনো অবকাশ নেই। মানুষের জন্মের ব্যাপারে নিজের কোনো হাত থাকে না। নিচু কুলে জন্মগ্রহণ করে জগতে এমন অনেক মানুষ আছেন যারা নিজ মহৎ কর্মের মাধ্যমে বিশ্বের বুকে চির স্মরণীয় হয়ে আছেন। আমেরিকার জর্জ ওয়াশিংটন, আব্রাহাম লিংকন, ফ্রান্সের নেপোলিয়ান বোনাপার্ট, ভারতের এ. পি. জে আবুল কালাম আজাদ প্রমুখ ব্যক্তিবর্গ দরিদ্র পরিবারে জন্মগ্রহণ করেও নিজ কৃতকর্মের দ্বারা বিশ্বে আজও চিরস্মরণীয় হয়ে আছেন। অর্থাৎ পৃথিবীতে কর্মের মাধ্যমেই মানুষের প্রকৃত বিচার হয়। নিচুকুলে জন্মগ্রহণ করে যে নিচু হতে হবে এমন কোনো নিয়ম নেই। তার কৃতকর্মই তাকে পরিচয় করিয়ে দেয় বিশ্বের দরবারে। মহৎ কার্যাবলির মাধ্যমে সে সবার কাছে প্রশংসা অর্জন করতে সক্ষম হয়। তার মহৎ গুণাবলীর

জন্যই সে প্রশংসিত হয় যুগ যুগ ধরে। তখন তার জন্ম কোথায় হলো দেখা হয় না, তার কর্মই মুখ্য ভূমিকা পালন করে। আবার প্রাতিষ্ঠানিক শিক্ষা, বংশ গৌরব বা ধর্ম মানুষকে যথার্থ পরিচয় দিতে পারে না। তার কৃতকর্ম ভালো না হলে সকলেই তাকে ঘৃণার চোখে দেখে। পৃথিবীতে এমন অনেক উদাহরণ মেলে যারা উঁচু বংশে জন্মগ্রহণ করেও বিভিন্ন পাপকর্মের কারণে সমাজে বারবার ধিকৃত হয়েছেন। সাধারণ মানুষের শ্রদ্ধা ও ভালোবাসা থেকে বঞ্চিত হয়েছেন। তাই মানুষের উচিত বংশ গৌরবের বড়াই না করে আপন কর্মের মাধ্যমে নিজেকে সাফল্যের সর্বোচ্চ চূড়ায় প্রতিষ্ঠিত করা। এতেই জীবনের সার্থকতা নিহিত।

কোথায় স্বর্গ কোথায় নরক কে বলে তা বহুদূর, মানুষের মাঝে স্বর্গ-নরক মানুষেতে সুরাসুর।

মানুষ পার্থিব জগতের বাইরেও মৃত্যুর পরে এক নতুন জগৎ কল্পনা করে। যা স্বর্গ ও নরকের সমন্বয়ে গঠিত। ধর্মীয় চিন্তা থেকে মানুষ পাপ-পুণ্য, ন্যায়-অন্যায়ের হিসাব করে থাকে। আর এই অনুভূতি থেকেই স্বর্গ ও নরক লাভের কথা ভাবে। নরক একটি ভয়ংকর জায়গা যেখানে শাস্তি দেয়া হয়। আর স্বর্গ হচ্ছে অনাবিল সুখ-শান্তির জায়গা। মানুষ পৃথিবীতে কৃতকর্ম অনুসারে স্বর্গ ও নরকে জায়গা করে নিবে। যারা ভালো কাজ করবে তারা স্বর্গে বাস করবে। আর যারা খারাপ কাজ করবে তারা নরকে বাস করবে। মূলত এই স্বর্গ-নরক আর কিছুই নয়, এটা মানুষের কর্মফলের উপর নির্ভর করে। মানুষের প্রতিদিনকার কাজের মাঝেই স্বর্গ-নরক বিরাজমান। লোভ-লালসা, ঝগড়া-বিবাদ, হিংসা মানুষকে পশুতে পরিণত করে। ফলে সে ন্যায় অন্যায়ের সীমারেখা ভুলে যায়। নিজেকে নানা রকম খারাপ কাজে জড়িয়ে ফেলে। আর এসব কারণেই সমাজে বিশৃঙ্খলা তৈরি হয়। পৃথিবীতে নেমে আসে এক নরক যন্ত্রণা। এ সকল যন্ত্রণা থেকে মুক্তি পেতে মানুষকে অন্যায় ছেড়ে ন্যায়ের পথে আসতে হবে। মানুষে মানুষে ভ্রাতৃত্ব, ভালোবাসা, সৌহার্দ্য গড়ে তুলতে হবে। একে অন্যের বিপদে সাহায্যের হাত বাড়িয়ে দিতে হবে। অন্যের কল্যাণ সাধনের জন্য সর্বদা চেষ্টা করতে হবে। এমন কোনো কাজ করা যাবে না যাতে অন্যের ক্ষতি হয়। সকলে যদি সৎ ও ন্যায়ের পথ অবলম্বন করে, তাহলেই কেবল এ পৃথিবীতে স্বর্গীয় সুখ লাভ করা সম্ভব।

অর্থই অনর্থের মূল

সুখে স্বাচ্ছন্দ্যে জীবনধারণের জন্য মানুষ অর্থের ওপর নির্ভর করে। অর্থ আমৃত্যু মানুষের প্রয়োজন মেটায় বলে অর্থ ছাড়া জীবনকে অনেকেই অর্থহীন মনে করে। মানুষের প্রতিপত্তি সম্মান বর্তমান সমাজে অর্থ দ্বারা নির্ণয় করা হয়। তাই মানুষের অর্থ অর্জনের চেষ্টার কমতি নেই। অর্থ যেমন মানুষের সকল সুখ-শান্তি, মর্যাদা, প্রতিপত্তি সবকিছুর মূলে কাজ করে তেমনি হানাহানি, প্রতিহিংসা, অশান্তি তথা সমস্ত অপকর্মের মূলেও কাজ করে। অর্থের লোভেই মানুষ নীতিবর্জিত হয়ে খারাপ কাজে লিপ্ত হয়। অর্থের কারণেই আপনজনের ভালোবাসাহীনতা, স্বামী-স্ত্রীর সম্পর্ক ছেদ, বন্ধুতে বন্ধুতে বিচ্ছেদ, জাতি-জাতিতে হানাহানি ও যুদ্ধ-বিগ্রহের সৃষ্টি হয়। জগতের যাবতীয় অনাসৃষ্টি, অঘটন, বিশৃঙ্খলা সবকিছুর মূলে রয়েছে অর্থ। অর্থ এমন এক উপাদান যার নেশায় মানুষ নিকৃষ্ট থেকে নিকৃষ্টতম কাজ করতে দ্বিধাবোধ করে না। অর্থ নেশায় চিন্তা-চেতনা, আচার-ব্যবহার, কাজকর্ম সবকিছুই অর্থমুখী হয়ে ওঠে। অর্থের জন্য মানুষ মানুষকে হত্যা করতেও কুণ্ঠাবোধ করে না। অর্থ এমন এক জিনিস যার মোহে পড়ে মানুষ নীতি, চরিত্র, বিবেক বিসর্জন দেয়। অর্থের অযাচিত বা অপব্যবহার ধ্বংসই ডেকে আনে, অর্থ হয়ে উঠে সকল অশান্তির উৎস। অর্থের প্রতি মাত্রাতিরিক্ত আসক্তি মানুষকে পশুত্বের মোড়কে আবৃত করে। সে পরিবার, সমাজ ও রাষ্ট্রের সামগ্রিক স্বার্থকে বাদ দিয়ে নিজ উদ্দেশ্য চরিতার্থ করার জন্য মরিয়া হয়ে উঠে। জগতের সকল অপকর্মের পেছনেই অর্থনৈতিক স্বার্থ সংশ্লিষ্ট বিষয় জড়িত। অর্থই মানুষকে কুপথের দিকে ধাবিত করে।

বন্যেরা বনে সুন্দর, শিশুরা মাতৃক্রোড়ে

প্রত্যেক প্রাণীই একটি নির্দিষ্ট পরিবেশে জন্ম গ্রহণ করে। সেই পরিবেশেই সে ধীরে ধীরে বেড়ে ওঠে। আপন পরিবেশের সাথে তার এক ধরণের সম্পর্ক গড়ে উঠে সেখানেই তাকে সবচেয়ে ভালো মানায়। প্রতিটি প্রাণীই আপন পরিবেশ ছাড়া চলতে পারে না। বন্য প্রাণীর জন্য সুন্দর স্থান হলো বনভূমি। বন্য প্রাণীরা মানুষের সাথে বসবাস করতে পারবে না। নিজস্ব পরিবেশই তাদের সুখ দিতে পারে। বনের পাখিদের বৈশিষ্ট্য হলো আকাশে উড়ে বেড়ানো। সেই পাখিকে দামী খাঁচায় ভরে রাখলেও সে আনন্দ পাবে না। আবার শিশুদের জন্য মায়ের কোলই হলো

CamScanner

উপযুক্ত স্থান। মায়ের কোল ছাড়া অন্য কারো কোলে রাখলে সে তৃপ্তি পায় না। লিওনার্দো দ্যা ভিঞ্চি, পাবলো পিকাসো প্রমুখ বিখ্যাত শিল্পীরা তাদের শিল্পকর্মে শিশুকে মায়ের কোলেই স্থান দিয়েছেন। কৃষকদের জন্য উপযুক্ত স্থান গ্রাম। জমিতে ফসল ফলানোই তাদের কাজ। শহর তাদের কাছে খাপছাড়া মনে হবে। জলের পরিবেশেই মাছের বৃদ্ধি, জল থেকে ডাঙ্গায় তুললে মাছ মরে যায়। এভাবে পৃথিবীর প্রতিটি প্রাণীই নিজস্ব বাসস্থান ব্যতীত স্বাধীনভাবে চলতে পারে না। পৃথিবীকে সুন্দরভাবে টিকিয়ে রাখতে হলে প্রতিটি প্রাণীর আপন আপন পরিবেশের প্রতি গুরুত্ব দিতে হবে। কারণ পরিবেশের বিভিন্ন উপাদান এবং প্রতিটি প্রাণী পরিপূরক হিসেবে কাজ করে।

ভোগে সুখ নাই, ত্যাগেই প্রকৃত সুখ

জীবনে ভোগ ও লালসার কোনো পরিতৃপ্তি নেই। মানুষ যতই ধন-সম্পদ ভোগ করে তার ভোগের লালসা ততই বর্ধিত হতে থাকে। ফলে অপরিমিত ভোগের ব্যবস্থাও তার কাছে অতি সামান্য বলে মনে হয় এবং অন্তরের দিক থেকে সে খুব দরিদ্র হয়ে পড়ে। শেষ পর্যন্ত লাভের অতৃপ্ত দর্শন তাকে এমনভাবে জর্জরিত করে ফেলে যে, তার সুখ-সম্পদ যত অধিকই হোক, এটা তার কাছে পর্যাপ্ত বলে মনে হয় না। আরও অধিক পাওয়ার আকাঙ্খা তার অন্তরে একটি দুঃখানুভূতি জাগিয়ে তোলে। যা আছে তা ভোগে আনন্দ লাভ করতে তখন তার অবসর থাকে না। পক্ষান্তরে প্রত্যেক মানুষেরই রয়েছে সমাজ ও দেশের প্রতি বিরাট দায়িত্ব ও কর্তব্য। আমাদের অন্তরে এক অনির্বচনীয় সুখ ও শান্তির ধারা বয়ে যায় যদি তাদের বিপদে এগিয়ে আসতে পারি এবং তাদের পাশে থেকে সেবা করতে পারি। এটা মানুষকে সকল দুঃখ ভুলিয়ে দিয়ে তার কাছে বেহেশতি সুখের সওগাত তুলে ধরে। অতএব ভোগে সুখ লাভ করা যায় না। নিজেকে প্রতিনিয়ত পরার্থে নিয়োগ করে রাখলেই প্রকৃত সুখ লাভ করা যায়।

গতিই জীবন, স্থিতিতে মৃত্যু

এ বিশ্বজগত স্থিতিশীল নয়। অনন্তকাল ধরে এটি তার আপন নিয়মে চলছে। যেদিন এর ব্যত্যয় ঘটবে সেদিন মহাপ্রলয় সংগঠিত হবে। এ বিশ্বজগতের মতো মানুষের জীবনও চলমান। এই চলমান জীবনে বেঁচে থাকতে হলে মানুষকে প্রতি পদে পদে সংগ্রাম করতে হয়। কঠোর পরিশ্রম ও সংগ্রাম মানুষকে সাফল্যের স্বর্ণ শিখরে পৌঁছে দেয়। নদী যখন বয়ে চলে তখন তার বুকে ময়লা আবর্জনা জমে না। কিন্তু যদি নদীর গতি রোধ করা হয় তাহলে নদীটি ছোট হয়ে যেতে থাকে। এবং এক সময় এটি বিলীন হয়ে যায়। বিবর্তনবাদের জনক বিজ্ঞানী চার্লস ডারউইন বলেছেন প্রকৃতির জগতে যে অধিকতর যোগ্য সেই টিকে থাকবে।' অর্থাৎ সকল বাধা বিপত্তিকে পেছনে ফেলে সামনের দিকে যারা এগিয়ে যেতে পারে তারাই প্রকৃত পরিশ্রমী। তাদের হাতেই রয়েছে সাফল্যের চাবিকাঠি। আর যারা অলস, কর্মহীন তারা জড় পদার্থের মতো। এরা সমাজ সভ্যতার কোনো উপকারতো করেই না বরং গতিশীল জীবনকে ব্যাহত করে। কর্মহীন জীবন মৃত্যুরই নামান্তর। সুতরাং গতিশীলতা ছাড়া মানবজীবন যথার্থ পরিচয় বহন করে না। গতিশীলতাই মানুষের সকল কর্মকে সফল করে তোলে। মৃত্যু অবধি মানুষ এই গতিশীলতাকে পুঁজি করে জীবন পরিচালনা করে এবং সাফল্য লাভ করে।

শিক্ষাই জাতির মেরুদন্ড

মানুষের সমুন্নত দেহ গঠনের মূলে রয়েছে মেরুদন্ড মানবদেহের অঙ্গ-প্রত্যঙ্গগুলোর মধ্যে মেরুদন্ডর ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। মেরুদন্ডহীন মানুষ চলৎশক্তিহীন, দাঁড়াতে-বসতে অক্ষম। তাই মেরুদন্ডহীন মানুষের জীবন অর্থহীন ও গণ্ডানিময়। একটি জাতি যখন অন্যান্য জাতির সাথে সমানভাবে দাঁড়াতে না পারে বা চলতে না পারে তখন সেই জাতির উন্নতির পথ থেমে পড়ে। হালবিহীন নৌকা যেমন তীরে পৌঁছাতে পারে না তেমনি শিক্ষা ছাড়া কোনো জাতি উন্নত হতে পারে না। শিক্ষা এবং উন্নয়ন পরস্পর পরস্পরের সঙ্গে নিবিড়ভাবে সম্পর্কিত। কোনো জাতির উন্নয়নের পূর্বশর্ত হচ্ছে শিক্ষা। উন্নয়ন কোনো প্রাকৃতিক ব্যাপার নয়, স্বয়ংক্রিয় কোনো ব্যাপারও নয়, তা সরাসরি শিক্ষার সঙ্গে সম্পর্কযুক্ত। যে জাতি যত-শিক্ষিত সে জাতি তত উন্নত। সর্বোত্তম শিক্ষা মানুষের মস্তিষ্কবৃত্তিকে সজাগ

করার পাশাপাশি হৃদয়বৃত্তিকেও জাগ্রত করে। শুধু মস্তিষ্কবৃত্তি জাগ্রত হলে কোনো জাতি হয়তো কেবল প্রযুক্তিগত উৎকর্ষ সাধন করতে পারে, অর্থনৈতিকভাবে সমৃদ্ধ হতে পারে। কিন্তু কোনো জাতির হৃদয়বৃত্তি জাগ্রত না হলে সে জাতির সার্বিক উন্নয়ন সাধন হয় না। প্রকৃত শিক্ষা মানুষকে মানুষের স্তরে উন্নীত করে। আর মানুষ যখন প্রকৃত মানুষের স্তরে উন্নীত হয়, তখন তাদের চূড়ান্ত উন্নয়ন সম্পন্ন হওয়ার পথে কোনো বাধা থাকে না। শিক্ষা হচ্ছে সেই শক্তি যে শক্তিতে বলীয়ান হয়ে মানুষ সমাজ ও জাতির প্রভূত উন্নতি সাধন করতে পারে। মনীষী ড. মুহম্মদ শহীদুল্লাহ বলেছেন 'শিক্ষাই হচ্ছে মানুষের শক্তি।' এই শক্তিবলে বলীয়ান হয়ে একটি জাতি পরিপূর্ণ জাতি হিসেবে আত্মপ্রকাশ করে। শিক্ষার মাধ্যমে সংস্কারমুক্ত হয়ে একটি জাতি সমস্ত প্রতিকূলতাকে অতিক্রম করে উন্নতির চরম শিখরে আরোহণ করতে পারে। অন্য সকল উন্নত জাতির পাশাপাশি মাথা তুলে দাঁড়াতে পারে।

ঘুমিয়ে আছে শিশুর পিতা সব শিশুরই অন্তরে

আজকের শিশুরাই আগামী দিনের ডাক্তার, কবি, সাহিত্যিক, প্রকৌশলী,বৈজ্ঞানিক, সাংবাদিক প্রভৃতি। আজকের দিনে যারা শিশু তারাই হবে আগামী দিনের জাতির পথ প্রদর্শক। তারা বড় হয়ে জাতীয় উন্নয়নে অবদান রাখবে। তাদের সুনাম দেশ ছাড়িয়ে আন্তর্জাতিক পর্যায়ে ছড়িয়ে পড়বে। প্রতিটি শিশুর মধ্যে লুকিয়ে আছে সুপ্ত প্রতিভা। তাকে খুঁজে বের করে কাজে লাগাতে হবে। পৃথিবীর মহামানব ও মনীষীদের জীবন লক্ষ করলে দেখা যায় যে, তারা শিশুকাল থেকেই নানা বিষয়ে আগ্রহী ও প্রতিভাবান ছিলেন। হযরত মুহাম্মদ (সঃ), রবীন্দ্রনাথ ঠাকুর, কাজী নজরুল ইসলাম, নিউটন, আইনস্টাইন, আব্রাহাম লিংকন প্রমুখের মধ্যে শিশুকাল হতেই সম্ভাবনার বীজ দেখা দিয়েছিল। শিশুরা উপযুক্ত পরিবেশ পেলে বিশ্বকে নতুন করে গড়ে তুলতে পারে। ইংরেজ কবি ওয়ার্ডস ওয়ার্থ বলেছেন 'শিশুরাই জাতির পিতা'। কাজেই শিশুরা যদি উপযুক্ত শিক্ষা অর্জন করতে পারে তাহলেই দেশের মঙ্গল, জাতির উন্নতি। কিন্তু দুঃখজনক হলেও সত্য যে, আমাদের দেশের অধিকাংশ ছেলেমেয়েই শিক্ষার উপযুক্ত পরিবেশ থেকে বঞ্চিত হচ্ছে। আমাদের দেশের অনেক শিশু অবহেলা-অনাদরে, অশিক্ষা-কুশিক্ষা এবং অপুষ্টিসহ নানা সমস্যায় জর্জরিত। আবার অনেক শিশু জীবন পরিচালনার তাগিদে জড়িয়ে পড়ছে শিশু শ্রমে। শিশুরা নানাভাবে তাদের মৌলিক অধিকার থেকে বঞ্চিত হচ্ছে। অথচ এই শিশুরাই আগামী দিনের নেতৃত্ব দিবে। শুধুমাত্র শিশুর স্বার্থের জন্যই নয় বরং দেশের উন্নতি ও জাতির কল্যাণের জন্যই শিশু বিকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ একান্ত জরুরী।

যে সহে, সে রহে

জীবনে চলার পথ অত্যান্ত জটিল ও কঠিন। নানা রকম বাধা-বিপত্তি, গ্লানি, হতাশা, দুঃখ-শোক, ভয়, দারিদ্র্য প্রভৃতি বিরুদ্ধ শক্তি এসে বারবার মানুষের চলার পথে বাঁধা হয়ে দাঁড়ায়। এসব প্রতিকূলতার বিরুদ্ধে প্রতিনিয়ত সংগ্রাম করে মানুষকে এ পৃথিবীতে টিকে থাকতে হয়। আর পদে পদে এসব প্রতিবন্ধকতার সাথে লড়তে মানুষের মধ্যে সবার আগে যে মহৎ গুণটির থাকা প্রয়োজন সেটি হলো সহনশীলতা। পৃথিবীর ইতিহাসে যারা চির স্মরণীয় হয়ে আছে তাদের দিকে লক্ষ্য করলে দেখা যায়, তাদের জীবনের অন্যতম মূলমন্ত্র ছিল সহিষ্ণুতা তথা সহনশীলতা। যুগে যুগে মহামানবেরা সাধারণ মানুষদের কল্যাণের পথে দেখিয়েছেন তাদের অসীম ধৈর্য শক্তির গুণে। এ পথে চলতে গিয়ে তাদের বিভিন্ন সময় বিভিন্নরকম অত্যাচারের সম্মুখীন হতে হয়েছে। কিন্তু কোনো অবস্থাতেই তারা অসহিষ্ণুতার পরিচয় দেননি। মুহাম্মদ (স.) কিংবা যিশু খ্রীষ্টের জীবন সহনশীলতার অসামান্য নিদর্শন। কেবল মহামানবদের জীবন নয় বরং সাধারণ মানুষের জীবনেও পদে পদে আছে নৈরাশ্যের বেদনা, পরাজয়ের গ্লানি, ব্যর্থতার ক্লান্তি, বিপদের আশঙ্কা। এসবের বিরুদ্ধে প্রতি মুহূর্তে সংগ্রাম করে মানুষকে এ বিশ্ব সংসারে তার অবস্থান তৈরি করে নিতে হয়। আর ধৈর্য তথা সহনশীলতা হচ্ছে এই সংগ্রামের মূল পাথেয় বা শক্তি। সহনশীল ব্যক্তি পরাজয়, ব্যর্থতা, হতাশা, ক্লান্তি, ভয় প্রভৃতির কাছে কখনোই মাথা নত করে না। উপরন্তু এসবের বিরুদ্ধে ধৈর্য সহকারে সংগ্রাম করে সফলতার পথে এগিয়ে যায়। কেননা সে জানে অধৈর্য্য হলে এই প্রতিকূল শক্তিগুলোর বিরুদ্ধে সফলতা অর্জন করা সম্ভব হবে না। মানুষ কঠিন বাস্তবতার সাথে প্রতিদ্বন্দ্বিতা করে সাফল্যের পথে অগ্রসর হতে সক্ষম হয় একমাত্র সহনশীলতার গুণেই। সহনশীলতা বা ধৈর্যের গুণেই স্কটল্যান্ডের রাজা রবার্ট ব্রুস বারবার যুদ্ধে পরাজিত হয়েও মাকড়সার জাল বোনা দেখে যুদ্ধ জয়ের স্বপ্ন দেখেন এমনকি যুদ্ধে জয়লাভও করেন। তাই ব্যর্থতাকে ভয় না পেয়ে বরং সহিষ্ণুতাকে ধারণ করে আত্মপ্রত্যয় নিয়ে সামনের দিকে এগিয়ে যেতে হবে।

CamScanner

লোভে পাপ, পাপে মৃত্যু

মানুষের মধ্যে পার্থিব জগতে কোনো কিছু অর্জনের জন্য যে, দুর্দমনীয় বাসনার সৃষ্টি হয় তার নামই লোভ। মানব জীবনে সবচেয়ে ক্ষতিকর এক রিপু হলো লোভ। মানুষ বাহ্যিক জ্ঞান শূন্য হয়ে পড়ে এই লোভের দ্বারা প্রভাবিত হওয়ার ফলে। তখন ভাল-মন্দের বিচার-বিবেচনা জ্ঞান থাকে না। মানুষের মতো মনুষ্যত্ববোধ অন্য পশু পাখির মধ্যে নেই। লোভ মানুষের সেই মনুষ্যত্বকে বিনষ্ট করে দেয়। আর মনুষ্যত্বহীন মানুষের পশুর মতো বিচার, বুদ্ধি, বিবেক লোপ পায়। লোভ এমনই এক তাড়না যা মানুষকে পশুতে রূপান্তরিত করে। মানুষ পাপ পুণ্যের কথা ভুলে যায় লোভের কারণেই।এর ফলে সে ভালো-মন্দ, পাপ-পুন্য কিছুই বুঝে উঠতে পারে না। ধীরে ধীরে সে এগিয়ে যায় পাপের পথে, ধ্বংসের পথে। লোভী ব্যক্তি যে শুধু নিজের ক্ষতি করে তাই নয়। সে নিজের সাথে সাথে সমাজেরও ক্ষতি করে। অপরদিকে লোভহীন মানুষ পাপ থেকে দূরে থাকে। স্বাভাবিক ও সুন্দর জীবনযাপন করে। এমন নির্মল সুন্দর জীবন পাওয়া লোভী মানুষের পক্ষে কখনই সম্ভব হয় না। মানুষ মূলত গর্হিত কাজে লিপ্ত হয় লোভের তাড়নায়। এসকল নীতি বিবর্জিত কাজ পাপ কাজ বলে বিবেচিত হয়। এর ফলে সৃষ্টিকর্তা মানুষের প্রতি চরম অসন্তুষ্ট হন। আর মানুষের মানবিকতার আত্মিক মৃত্যু ঘটেএই নীতি বিবর্জিত পাপ কাজের কারনেই।

ইচ্ছা থাকলে উপায় হয়

মানুষের জীবন কর্মময়। আর এই কর্মময় জীবনে উৎসাহ-উদ্দীপনা আর প্রবল আগ্রহই কর্মশক্তির মুল হিসেবে কাজ করে। অসাধ্যকে সাধন করতে আগ্রহের সঙ্গে নিষ্ঠর প্রয়োজন। ইচ্ছাশক্তি মানুষকে সব বাধা অতিক্রম করতে সাহায্য করে। প্রতিদিনই আমাদের কোনো না কোনো কাজ করতে হয়। পৃথিবীতে বিনা বাধায় কানো কাজই করা যায় না। প্রত্যেক কাজেই কিছু না কিছু বাধা-বিপত্তি ও সুবিধা-অসুবিধা থাকে। সেই বাধা-বিপত্তি ও অসুবিধা অতিক্রম করতে পারলেই সাফল্য আসে। এজন্য প্রয়োজন প্রবল ইচ্ছা। ইচ্ছা থাকলে কোনো কাজ আটকে থাকে না। ইচ্ছাই মানুষকে সামনের দিকে এগিয়ে নেয়। ইচ্ছাই সকল কর্মের প্রেরণা। দৃঢ় ইচ্ছার কাছে সকল বাধা হার মানে। প্রবল ইচ্ছা নিয়ে কোনো কাজ করলে অতি কঠিন কাজও শেষ হয়ে যায়। পৃথিবীর মহান ব্যক্তিরা এভাবেই সব ধরনের বিপত্তি অতিক্রম করে লক্ষ্যে পৌছেছেন। সম্রাট নেপোলিয়ান তার সেনাবাহিনীসহ আল্পস পর্বতের কাছে গিয়ে অসীম উৎসাহে বলে ওঠেন, আমার বিজয় অভিযানের মুলে আল্পস পর্বত থাকবে না। মূলত তিনি আল্পস পার হতে পেরেছিলেন ও ইচ্ছা শক্তি ও আত্মশক্তির বলে। ইচ্ছাশক্তি হলো মানুষের সকল কাজের মুল। মানুষকে সাফল্যের দ্বারে পৌছে দিতে ইচ্ছাশক্তি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে।

নদীর এপার কহে ছাড়িয়া নিঃশ্বাস ওপারেতে সর্বসুখ বিশ্বাস।

মানুষের জীবন সুখ-দুঃখ, বেদনা নিয়েই গড়ে উঠেছে। জীবনে কেউই চিরন্তন সুখী বা দুঃখী নয়। সে সব সময় নিজের চেয়ে অন্যকে সুখী ভাবে। কারণ মানুষ তার অসীম চাহিদার সমন্বয় করতে পারে না। ক্ষুদ্র জীবন পরিসরে মানুষ যখন যেটি চায় সেটিই তার একমাত্র আরাধ্য বস্তু নয়। একটি জিনিসের অভাব মেটানোর পর অন্য জিনিসের প্রতি তার আকাঙ্ক্ষা জন্মে। অনেক সময় এই আকাঙ্ক্ষা অপূর্ণ থেকে যায়। অনুরূপ নদীর এক তীর ভাবে অপর তীরে সুখ-শান্তি, সমৃদ্ধিতে পরিপূর্ণ। অপর তীরের ধারণা একই। তাই উভয়কেই অতৃপ্ত এবং অসন্তুষ্ট দেখা যায়। নদীর এক কূল ভাবে যাবতীয় শোভা-সৌন্দর্যের প্রাণকেন্দ্র ওপারে। অন্য কূল তার নিজের সুখের কথা ভুলে একই রকম অতৃপ্তির যন্ত্রণায় কাতর হয়। ফলে এমন চিন্তা সুখ শান্তির ব্যাঘাত ঘটায়। মানুষের ক্ষেত্রেও বিষয়টি ঠিক তেমনি। সে সর্বদাই নিজেকে অন্যের চেয়ে দুঃখী ভাবে। মানুষ আসলে নিজেই জানে না সে কী চায়, কী তার কাম্যবস্তু। সে যা চায়-তা পাওয়ার পর তার প্রতি তার আগ্রহ হারিয়ে ফেলে এবং আরও নতুন কিছু চায়। অপরের প্রাপ্তি দেখে হিংসাবোধ করে। পরকে সুখী মনে করে পরশ্রীকাতর হয়ে পড়ে। আর তখনই মানুষ অন্যের অকল্যাণ প্রত্যাশা করে। তারা নিজের সুখে তৃপ্ত হতে পারে না তাদের কাছে তখন অন্যের সুখই বড় হয়ে উঠে। মূলত এ ধরণের লোকেরা প্রতিনিয়ত না পাওয়ার অতৃপ্তিতে ভোগে। তারা অপরের প্রাপ্তি দেখে হা-হুতাশ করে কখনও নিজেদের প্রাপ্তির মধ্যে সুখ খুজে না। ফলে সব কিছুই তাদের কাছে অতৃপ্তিদায়ক থেকে যায়।

আলো বলে, অন্ধকার তুই বড় কালো, অন্ধকার বলে, ভাই তাই তুমি আলো।

আমরা প্রকৃতিতে আলো এবং অন্ধকারের উপস্থিতি লক্ষ্য করি মূলত প্রকৃতির অমোঘ নিয়মের ফলেই। প্রতিনিয়ত যথা সময়ে দিনের শেষে অন্ধকারের কালো চাঁদর পৃথিবীকে ঢেকে দেয়। সকালে রাতের আঁধার ফুরিয়ে এলে সূর্যের আলোয় পৃথিবীর পৃষ্ঠদেশ আলোকিত হয়। প্রাকৃতিক নিয়মেই এমনটা ঘটে। দিনের স্নিগ্ধতা আর রাতের কোমলতা এসব কিছুকে সৃষ্টিকর্তার অফুরন্ত নিয়ামত হিসেবে চিহ্নিত করা যায়। সুন্দর এই পৃথিবীতে পরস্পর বিপরীতধর্মী বিষয় ও বস্তুসমূহের মধ্যে তীব্র আকর্ষণ বিরাজ করে। এসব উপাদানের দ্বান্দ্বিক পালা বদল প্রক্রিয়া সর্বদা সচল এবং অস্তিত্বমান। জন্ম-মৃত্যু, সৃষ্টি-ধ্বংস, আলো-আঁধার, আনন্দ-বেদনা, সুখ-দুঃখ এসব কিছুই পরস্পরের সাথে অঙ্গাঙ্গীভাবে জড়িত, যদিও বৈশিষ্ট্যগতভাবে এরা একে অপরের বিপরীত। নিজের জীবন প্রতিটি জীবের কাছে অমূল্য সম্পদ। জন্মের পর মৃত্যু অবধারিত বলেই বেঁচে থাকাটা এত মধুর। পৃথিবীতে জীবনের কোনো মূল্যই থাকতো না যদি মৃত্যুর উপস্থিতি না থাকতো। ধ্বংস সব সময়ই অমঙ্গলজনক এবং এটা কারো কাম্য নয়। ধ্বংস পৃথিবীর বুকে কান্না, হাহাকার, ও আর্তনাদ ডেকে আনে। ধ্বংসের এমন ভয়ানক রূপ আছে বলেই মানুষ সৃষ্টিকে লালন করে। মানুষ তখনই সুস্থতার গুরুত্ব বুঝতে পারে যখন সে অসুস্থ হয়ে পড়ে। আর সেজন্যেই মানুষ চাই তার সুস্বাস্থ্য রক্ষা করে চলতে। সুখ-দুঃখও তেমন বিপরীতধর্মী উপাদান বলে একে অপরের পরিপূরক। দুঃখ মানুষের মনকে যদি ব্যথিত করতে না পারতো তাহলে মানুষ সুখ ও আনন্দবোধের মর্ম বুঝতে পারতো না। সুখ লাভের আশায় মানুষ দুঃখ-কষ্টকে হাসিমুখে আলিঙ্গন করতে রাজি হয়। ঠিক একইভাবে প্রকৃতিতে অন্ধকারের উপস্থিতির কারণেই আলো এত মহিমাময় হয়ে উঠেছে। যদি প্রকৃতিতে অন্ধকার না থাকতো তবে আলোর গৌরব এবং দীপ্তি এসব কিছুই ম্লান হয়ে যেত।

স্বাধীনতা অর্জনের চেয়ে রক্ষা করা কঠিন

যে কোনো কোনো পরাধীন জাতির পক্ষে স্বাধীনতা অর্জন করা অত্যন্ত কঠিন একটি কাজ। কিন্তু এর থেকেও আরও কঠিন কাজ হলো সেই অর্জিত স্বাধীনতাকে রক্ষা করা। স্বাধীনতা লাভ অত্যন্ত গৌরবের ব্যাপার। কিন্তু তা খুব সহজে লাভ করা যায় না। বহু ত্যাগ স্বীকার ও কষ্টের মাধ্যমে স্বাধীনতা অর্জন করতে হয় এবং স্বাধীনতা অর্জিত হতে পারে বহু রক্তপাতের মাধ্যমে। কারণ শক্তিমত্ত শাসকেরা কখনই পদানত জাতিকে স্বাধীনতা দান করে না, রক্তপাতের মাধ্যমেই তা অর্জন করতে হয়। তবে স্বাধীনতা অর্জিত হলেই চিরস্থায়ী হয় না। স্বাধীনতা রক্ষা করার জন্য আরও বেশি শক্তির প্রয়োজন। কারণ স্বাধীন দেশের ভেতরে ও বাইরে শত্রুর অভাব থাকে না। সকলের হিংস্রাতক দৃষ্টি থেকে দেশকে রক্ষার করার প্রয়োজন রয়েছে। স্বাধীনতার পুর্বেকার শত্রুরা অদৃশ্যভাবে দেশের ক্ষতি করে। তাদের পরাজিত করা অত্যান্ত কঠিন। যথেষ্ট শক্তিশালী ও সচেতন না হলে অর্জিত স্বাধীনতাকে রক্ষা করা অসম্ভব হয়ে পড়ে। স্বাধীনতার মর্যাদা দানের মাধ্যমেই স্বাধীনতা রক্ষা করতে হয় এবং তা খুব কঠিন।

দশের লাঠি একের বোঝা

মানুষের একার তেমন কোনো শক্তি নেই, সবার মিলিত শক্তির কোনো তুলনা নেই। একা যেখানে কোনো কাজের উপযুক্ত বলে গণ্য হয় না, সেখানে অনেকে একত্রিত হয়ে একটা বৃহৎ শক্তিতে রূপ লাভ করে। সমবায়ের মধ্যে যথার্থ শক্তি নিহিত। অন্যদিকে একার পক্ষে যে কাজ করা কঠিন তা বহুজনে ভাগ করে করলে খুব সহজে সমাধা হয়ে যায়। মানুষের সামাজিক জীবন সে উদ্দেশ্যেই গড়ে উঠেছে। পারস্পরিক সহযোগিতার মাধ্যমে জীবন হয়ে ওঠে সুখময়। যৌথ জীবনের এই বৈশিষ্ট্য থেকেই মানুষ একতাবদ্ধ জীবনযাপনে নিয়োজিত হয়েছে।

মানুষের সম্মিলিত প্রচেষ্টার ফলেই আজ বিশ্ব এত বেশি উন্নত এবং সভ্যতার অগ্রগতিও এত বেশি সাধিত হয়েছে। মানুষের জ্ঞান-বিজ্ঞান ও আবিষ্কারের উৎকর্ষের পেছনে বহু মানুষের অবদান কাজ করছে। তাই একার মধ্যে মানুষ কোনো কল্যাণ খুঁজে পায় না। বরং একা যে কাজটি পারে না, দশজনের হাতে পড়ে তা খুব সহজে শেষ হয়ে যায়। আবার দশ জনের কাজ যদি একজনের ওপর পড়ে, তবে তা সম্পাদন করা মোটেই সত্ব হয় না। লাঠি যখন একজনের হাতে ব্যবহৃত হয় তা হালকা ও তুচ্ছ বলে মনে হয়। কিন্তু দশজনের লাঠি একজনের হাতে দিলে তা তখন বোঝা হয়ে ওঠে। তেমিন দশজনের কাজ একজনের জন্য বোঝা। আবার একজনের বোঝা দশজনের জন্য সাধারণ ব্যাপার।

CamScanner

এই বৈশিষ্ট্যের জন্য সমবায় পদ্ধতি প্রচলিত হয়েছে। এর ফলে জীবনের যৌথ উদ্যোগের নানা নমুনা প্রত্যক্ষ করা যাচ্ছে। সমবেত উদ্যোগই জীবনকে সুখের আকর করতে পারে- এ ব্যাপারে সন্দেহের অবকাশ নেই।

পরিশ্রম সৌভাগ্যের প্রসূতি

পরিশ্রম ছাড়া কেউ কখনো তার ভাগ্যকে পরিবর্তন করতে পারেনি। ছাত্রজীবনে শিক্ষা লাভের জন্য প্রয়োজন কঠোর পরিশ্রম। পরিশ্রম ছাড়া জীবনে কেউ সফলতা লাভ করতে পারেনি। একমাত্র পরিশ্রমের মাধ্যমে মানুষ তার ভাগ্যকে বদলাতে পারে। পক্ষান্তরে কিছু কিছু ব্যক্তি আছে যারা কর্মবিমুখ। শ্রম বিমুখতা ও অলসতা জীবনে বয়ে আনে নিদারুণ অভিশাপ। যারা অলস তারা জীবনে কখনোই উচ্চ শিখরে পৌছাতে পারেনা। তারা দেশ ও জাতির জন্য বোঝাস্বরুপ। মানবজীবনে সাফল্য লাভ করতে হলে অলসতায় গা না ভাসিয়ে কঠোর পরিশ্রম করতে হবে। আমরা যদি একজন ভালো ক্রিকেটার অথবা ফুটবলার হতে চাই তাহলে অবশ্যই আমাদের পরিশ্রম করতে হবে নয়তোবা আমরা ভালো ফুটবলার কিংবা ক্রিকেটার কিছুই হতে পারব না। আধুনিক বিশ্বের প্রত্যেকটি উন্নত জাতির উন্নয়নের ইতিহাস পর্যালোচনা করলে দেখা যায়, তারা প্রত্যেককেই নিরন্তর প্রচেষ্টা শ্রম সাধনার বিনিময়ে উন্নতির চরম শিখরে পৌঁছাতে সক্ষম হয়েছে।

আপনারে বড় বলে বড় সে নয়, লোকে যারে বড় বলে বড় সে হয়

পৃথিবীতে বিচিত্র লোকের বসবাস। কেউ কেউ নিজেকে প্রচার করতে উন্মুখ। আর কেউ নিজেকে প্রচার করতে বিমুখ। আত্মপ্রচারে লিপ্ত মানুষ নিজেকে বড় বলে জাহির করে বেড়ায়। সে নিজেকে পরোপকারী, উদার, মহান বলে সবার সামনে তুলে ধরে আত্মতুষ্টি লাভ করে। এতে করে তার হীনমন্যতার প্রকাশ পায়। সে আসলে বড় মনের মানুষ নয়। সে সমাজের জন্য যেসব কাজ করে তা লোক দেখানো। লোকে তাকে মর্যাদা দেয় না। জগতে যারা বড় হয়েছেন তারা কেউ আত্মপ্রচার করে বড় হননি। সাধারণ মানুষই তাদেরকে বড় বলে স্বীকার করেছে। যারা পরোপকার করেন, মানুষের কল্যাণের জন্য কাজ করেন, নিজেদের স্বার্থের চিন্তা না করে অপরের স্বার্থে নিজেদের নিয়োজিত করেন, তারাই সত্যিকারের বড় মানুষ। তারা সমাজের জন্য কাজ করে আনন্দ লাভ করেন। তাদের নিঃস্বার্থ কাজগুলো সমাজে প্রচারিত হোক তারা তা চান না। তারা তাদের কাজ-কর্ম, আচার-ব্যবহার, চাল-চলনে সকলের মনে স্থান লাভ করেন। সবাই তাঁদেরকে সম্মান দেখায় এবং সুনাম করে। তারা আত্মপ্রচার করে এ সম্মান ও সুনাম অর্জন করেন না। আর যারা নিজেদেরপ্রণ প্রকাশ করে বেড়ায়, নিজেদের বড় বলে প্রচার করে, তারা আসলেই গুণী ও বড় মানুষ নয়। আত্মপ্রচার করে কখনও বড় মানুষ হওয়া যায় না। বড় মানুষ হতে হলে অপরের কল্যাণের জন্য কাজ করতে হবে, মানবিক গুণাবলীর বিকাশ ঘটাতে হবে। তাহলেই লোকে বড় মানুষ বলে তার সুনাম করবে। এতেই মানবজীবনের পরম সার্থকতা নিহিত।

নাম মানুষকে বড় করে না, মানুষই নামকে বড় করে তোলে

পৃথিবীতে প্রতিটি মানুষ সীমিত সময় নিয়ে আসে। এই স্বল্পায়ু মানুষ টিকে থাকার সংগ্রামে লিপ্ত হয়। এর মধ্যে কিছু মানুষ নিজের ব্যক্তি স্বার্থের জন্যেই জীবনের মূল্যবান সময়টুকু ব্যয় করে। এরা মানুষের হৃদয়ে স্থান লাভ করতে পারে না। আর কিছু মানুষ মানব কল্যাণেই তাঁদের জীবন উৎসর্গ করে থাকেন। এরা পৃথিবীর বুকে স্মরণীয় হয়ে থাকেন। এসব মানব কল্যাণকামী ব্যক্তি কর্মের গুণের দ্বারাই তাঁদের নামকে বড় করে তুলেছেন। অনেক মা-বাবা চিন্তাভাবনা করে বিখ্যাত ব্যক্তির নামে সন্তানের নাম রাখেন। আশা করেন, নামের গুণে তাদের সন্তানেরা বিখ্যাত হবে কিন্তু আসলে তা হয় না। মহৎ ব্যক্তিরা চরিত্রগুণে, চেষ্টা ও মহৎ কার্য দ্বারা স্বনামে গৌরবান্বিত ও মর্যাদাশীল হয়ে উঠেছেন। স্থান পেয়েছেন ইতিহাসের পাতায়, হয়েছেন স্মরণীয় ও বরণীয়। তেমনি পিতা-মাতার আশা পূরণ করতে হলে নামের বড়াই না করে শ্রম, নিষ্ঠা ও কর্মগুণে নিজেকে মহৎ করে গড়ে তুলতে হবে। কারণ গুণই মানুষের প্রধান বিবেচ্য বিষয়। কর্মের গুণেই ব্যক্তির নাম হয় স্মরণীয় ও বরণীয়। গোলাপকে যে নামেই ডাকা হোক না কেন, তার পরিচয় গন্ধ বিতরণ করে মানবচিত্তকে মুগ্ধ করার মধ্যে। পৃথিবীতে মহৎ প্রাণ ব্যক্তিরা কখনো নিজ স্বার্থকে বড়ো করে দেখেননি। তারা সমগ্র মানবের কল্যাণ সাধনে নিজেকে নিবেদিত করেছেন। এ ধরনের মহৎ ব্যক্তিরা জীবদ্দশায়ই

মানুষের শ্রদ্ধাভক্তি যেমন লাভ করেন, তেমনি মৃত্যুর পরেও যুগ যুগ ধরে মানুষের অন্তরে বেঁচে থাকেন। অন্যদিকে এমন অনেক ব্যক্তি আছেন যারা অঢেল বিত্ত-বৈভব ও অহংকার নিয়ে পৃথিবীতে নিজ স্বার্থ নিয়ে জীবন যাপন করেছেন, তারা পৃথিবীতে যেমন সম্মান ও গৌরব অর্জন করতে পারেননি তেমনি মৃত্যুর পরও বেশিদিন মানুষ তাদের স্মরণ রাখেনি। কারণ মানুষের বিচার্য বিষয় তার গুণ ও কর্ম, নাম নয়। যেমন: রবীন্দ্রনাথ ঠাকুর, কাজী নজরুল ইসলাম, রোকেয়া সাখাওয়াত হোসেন এরা সকলেই নামে নয়, মহৎ কর্মগুণে স্মরণীয় ও বরণীয় হয়েছেন এবং ইতিহাসের পাতায় সোনার অক্ষরে তাদের নাম লেখা থাকবে।

মানুষ বাঁচে তার কর্মের মধ্যে, বয়সের মধ্যে নয়

মানবজীবনের সার্থকতা তার কর্মে প্রতিফলিত হয়। বয়স বা জীবনের স্থায়িত্ব দ্বারা মানুষের সাফল্য নির্ণীত হয় না। সময়ের অনন্ত প্রবাহে মানবজীবনের স্থায়িত্ব বেশি নয়। মানুষ খুব অল্প সময়ের জন্যই পৃথিবীতে আসে। এই অল্প সময়ের মধ্যেই তাকে জীবনের কর্তব্য সম্পাদন করতে হয়। আর এই সম্পাদিত কর্তব্য-কর্ম দ্বারাই নির্ণীত হয় জীবনের সার্থকতা কিংবা ব্যর্থতা। যারা সময়কে কাজে লাগিয়ে জীবনের স্বল্প পরিসরে মহৎ কর্ম সাধন করতে পারেন, মানুষ ও মানবতার কল্যাণে। নিজেকে নিয়োজিত রাখতে সমর্থ হন- তারা মৃত্যুর পরও মানুষের মন থেকে হারিয়ে যান না। তাঁদের কর্মের মাহাত্ম তাদের মানুষের মনে স্থায়ী আসন দান করে। যুগের পর যুগ মানুষ তাদের স্মরণ করে শ্রদ্ধা ও কৃতজ্ঞতার সঙ্গে। মরণ তাঁদেরকে ছিনিয়ে নিলেও তাদের কর্ম-কীর্তিকে ছিনিয়ে নিতে পারে না। কৃতী মানুষেরা তাদের কর্মগুণে বেঁচে থাকেন। তাদের জীবনের সার্থকতা পরিমাপ করা হয় কর্ম দিয়ে। বয়সের হিসাবে তাঁদের জীবনের মেয়াদ নির্ণীত হয় না। পক্ষান্তরে, যারা দীর্ঘদিন বেঁচে থেকেও মহকর্ম সম্পাদন করতে পারেন না, তারা তাদের মৃত্যুর সাথে সাথে চিরতরে হারিয়ে যান। পৃথিবীর মানুষ তাদের সহজেই ভুলে যায়। তাদের বাঁচার হিসাব বয়স দ্বারা নির্ধারিত হয়। এসব মানুষের জীবন সময়ের অনন্ত স্রোতে তলিয়ে যায়। তাই সংক্ষিপ্ত মানবজীবনকে দীর্ঘায়িত করতে প্রয়োজন মহৎ কর্মসম্পাদন। কর্ম-গৌরব ছাড়া সংক্ষিপ্ত মানবজীবনকে প্রলম্বিত করার আর বিকল্প উপায় নেই। যে সকল মনীষীর নাম আজও মানুষের মুখে মুখে পৃথিবীর দিকে দিকে উচ্চারিত হয়, যাদের আমরা পরম শ্রদ্ধাভরে আজও স্মরণ করি তাঁরা ছিলেন মহান কর্মবীর। কর্মগুণেই তারা মানুষের মনে বেঁচে আছেন ও বেঁচে থাকবেন। সক্রেটিস, প্লেটো, অ্যারিস্টটল, মহাত্মা গান্ধী, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, নেলসন ম্যান্ডেলা, ইয়াসির আরাফাত প্রমুখ মনীষীগণের দৈহিক মৃত্যু তাঁদের মানুষের মন থেকে কেড়ে নিতে পারেনি। তারা তাদের জীবনের বয়সকে অতিক্রম করে আজও পৃথিবীতে বেঁচে আছেন।

CamScanner

বাংলা অনুচ্ছেদ

সড়ক দুর্ঘটনা

সড়ক দুর্ঘটনা আমাদের সৃষ্ট স্বাভাবিক জীবনযাপনের ক্ষেত্রে একটি জাতীয় সমস্যা হয়ে দাড়িয়েছে। ভোরের সংবাদপত্র হাতে নেওয়া থেকে শুরু করে সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকেও পড়ে সড়ক দুর্ঘটনায় আহত ও নিহতদের মর্মান্তিক দুঃসংবাদ। স্বাধীন রাষ্ট্র হিসেবে প্রতিষ্ঠিত হওয়ার পর বাংলাদেশের সড়ক পথের যথেষ্ট উন্নতি সাধিত হলেও তা প্রয়োজনের তুলনায় খুবই কম। আমাদের দেশের সড়ক দুর্ঘটনার জন্য এককভাবে কেউ দায়ী নয়। নানাবিধ কারণে এ দুর্ঘটনা ঘটে থাকে। যেমনঃ সরু রাস্তা ও রাস্তায় ডিভাইডার না থাকা। চালকদের অসাবধানতা, অদক্ষতা ও লাইসেন্সবিহীন অদক্ষ চালক। অতিরিক্ত মালামাল ও যাত্রী বোঝায় যানবাহন। সড়কের এবং ফুটপাতের ওপর অবৈধ হাটবাজার ও স্থাপনা। বিকল্প যানবাহনের সুবিধা পর্যাপ্ত না থাকা। সড়ক নিরাপত্তা বিষয়ক সচেতনার অভাব। বাংলাদেশে সড়ক দুর্ঘটনায় যেসব চিত্র পাওয়া যায় তা সত্যিই ভয়াবহ ও দুঃখজনক। ঢাকার বাইরে বাংলাদেশের অন্যান্য জায়গায় দুর্ঘটনার হার কম নয়। আজকাল ছোট শহর থেকে শুরু করে গ্রামের দিকেও অনেক বেশি দুর্ঘটনা ঘটছে।

কেন্দ্রীয় শহীদ মিনার

কেন্দ্রীয় শহিদ মিনার ১৯৫২ খ্রিষ্টাব্দের ভাষা আন্দোলনের স্মৃতিসৌধ। এটি বাংলাদেশের রাজধানী ঢাকার কেন্দ্রস্থলে ঢাকা মেডিক্যাল কলেজের বহিপ্রাঙ্গনে অবস্থিত।.প্রতি বছর ২১শে ফেব্রুয়ারি তারিখে এখানে হাজার হাজার মানুষ উপস্থিত হয়ে ভাষা আন্দোলনের শহিদদের প্রতি শ্রদ্ধার্ঘ্য নিবেদন করে। এটি ঢাকার কেন্দ্রস্থলে অবস্থিত অন্যতম পর্যটন বিন্দু। প্রথম শহীদ মিনার নির্মিত হয়েছিল অতিদ্রুত এবং নিতান্ত অপরিকল্পিতভাবে। ঢাকা মেডিকেল কলেজের ছাত্ররা ১৯৫২ খ্রিষ্টাব্দের ২৩ ফেব্রুয়ারি বিকেলে স্মৃতিস্তম্ভ নির্মাণ শুরু করে রাত্রির মধ্যে তা সম্পন্ন করে। শহীদ মিনারের খবর কাগজে পাঠানো হয় ঐ দিনই। শহীদ বীরের স্মৃতিতে এই শিরোনামে দৈনিক আজাদ পত্রিকায় ছাপা হয় শহীদ মিনারের খবর। মিনারটি তৈরি হয় মেডিকেলের ছাত্র হোস্টেলের (ব্যারাক) বার নম্বর শেডের পূর্ব প্রান্তে। কোণাকুণিভাবে হোস্টেলের মধ্যবর্তী রাস্তার গা-ঘেঁষে। উদ্দেশ্য বাইরের রাস্তা থেকে যেন সহজেই চোখে পড়ে এবং যে কোনো শেড থেক বেরিয়ে এসে ভেতরের লম্বা টানা রাস্তাতে দাঁড়ালেই চোখে পড়ে। শহীদ মিনারটি ছিল ১০ ফুট উচ্চ ও ৬ ফুট চওড়া। মিনার তৈরির তদারকিতে ছিলেন জিএস শরফুদ্দিন (ইঞ্জিনিয়ার শরফুদ্দিন নামে পরিচিত), ডিজাইন করেছিলেন বদরুল আলম; সাথে ছিলেন সাঈদ হায়দার। তাদের সহযোগিতা করেন দুইজন রাজমিস্ত্রী। মেডিকেল কলেজের সম্প্রসারণের জন্য জমিয়ে রাখা ইট, বালি এবং পুরান ঢাকার পিয়ারু সর্দারের গুদাম থেকে সিমেন্ট আনা হয়। ভোর হবার পর একটি কাপড় দিয়ে ঢেকে দেওয়া হয় মিনারটি। ঐ দিনই অর্থাৎ ২৪ ফেব্রুয়ারি সকালে, ২২ ফেব্রুয়ারির শহীদ শফিউরের পিতা অনানুষ্ঠানিকভাবে শহীদ মিনারের উদ্বোধন করেন। ২৬ ফেব্রুয়ারি সকালে দশটার দিকে শহীদ মিনার উদ্বোধন করেন আজাদ সম্পাদক আবুল কালাম শামসুদ্দিন। উদ্বোধনের দিন অর্থাৎ ২৬ ফেব্রুয়ারি পুলিশ ও সেনাবাহিনী মেডিকেলের ছাত্র হোস্টেল ঘিরে ফেলে এবং প্রথম শহীদ মিনার ভেঙ্গে ফেলে। এরপর ঢাকা কলেজেও একটি শহীদ মিনার তৈরি করা হয়, এটিও একসময় সরকারের নির্দেশে ভেঙ্গে ফেলা হয়।

নদী দুষন ও প্রতিকার

নদীমাতৃক দেশ আমাদের ঐ সোনার বাংলাদেশ। এ দেশের ওপর দিয়ে রয়ে চলেছে অসংখ্য নদ-নদী। সারা দেশ জুড়ে মাকড়শার জালের মত বিস্তৃত নদীগুলোর সম্পর্ক আমাদের প্রাণের সাথে। কিন্তু অপরিকল্পিত বাধ নির্মাণ, নদী শাসন, ভয়াবহ দুষণ এবং চারপাশের লোভী চক্রের লোলুপ দৃষ্টি ও অবৈধ দখলদারিত্বের কালো থাবায় নদীগুলো হয়ে পড়েছে সংকুচিত। ফলশ্রুতিতে এক সময়ের স্রোতস্বিনীর উচ্ছলতা ও অফুরন্ত প্রবাহমানতায় অবাধ ছুটে চলা যৌবনা নদীগুলো আজ মৃত্যুপথযাত্রী। তারপর থেমে নেই নদী নির্যাতন; বরং বেড়ে চলেছে প্রতিনিয়তই। ওয়াসার স্যুয়ারেজ নির্গমনসহ নদ-নদীর পানিতে সব ধরনের কঠিন, গৃহস্থালি ও সেনিটারি তরল বর্জ্যের মিশ্রন রোধ করা। নদীর তীরে শিল্প কারখানার নির্মাণ বন্ধ করাসহ শিল্প-কারখানার রাসায়নিক ও ট্যানারি বর্জ্য পরিশোধন বাধ্যতামুলক করে এর নিরাপদ অপসারণ নিশ্চিত করা। মহানগরে শতভাগ পয়ঃনিষ্কাশন ব্যবস্থা নিশ্চিত করা। নৌযানের বর্জ্য যানের ভিতরে শোধন করা বা বন্দরে শোধনের উপযুক্ত ব্যবস্থা করা।

আন্তর্জাতিক মাতৃভাষা দিবস

আন্তর্জাতিক মাতৃভাষা দিবস প্রতি বছর ২১ ফেব্রুয়ারি পালিত হয়। এই দিবসটি উদযাপনের মূল উদ্দেশ্য বিশ্বজুড়ে ভাষা এবং সাংস্কৃতিক বৈচিত্রের সচেতনতা বাড়ানো। এটি ইউনেস্কো দ্বারা সর্বপ্রথম ১৭ নভেম্বর ১৯৯৯ সালে ঘোষণা করা হয়েছিল এবং তার পর থেকে প্রতি বছর এটি পালিত হচ্ছে। ১৯৫২ সালের ২১শে ফেব্রুয়ারি তারিখটি বাংলা ও উর্দু ভাষার বিতর্কের কারণে বাংলাদেশের রাজধানী ঢাকায় চার যুবককে হত্যা করা হয়েছিল। ভাষা সংস্কৃতি সংরক্ষণ এবং বিকাশের এবং এটি সারা বিশ্ব জুড়ে প্রচার করার সবচেয়ে শক্তিশালী উপায়। এই দুর্ভাগ্যজনক ঘটনার কারণে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস বিশ্বজুড়ে পালিত হয়, যদিও এটি বাংলাদেশের একটি সরকারী ছুটি। ১৯৪৭ সালে পাকিস্তান বিভাগের সময়, প্রদেশ বাংলা দুটি ভাগে বিভক্ত ছিল: পশ্চিমাংশটি ভারতবর্ষে পরিণত হয়েছিল এবং পূর্ব অংশটি পূর্ববাংলা নামে পরিচিত যা পরবর্তীকালে পূর্ব পাকিস্তান নামে পরিচিত ছিল। এ সময় ভাষাগত ইস্যুসহ অনেকগুলি অর্থনৈতিক, সামাজিক এবং সাংস্কৃতিক সমস্যা ছিল। ১৯৪৮ সালে যখন সরকার উর্দুকে জাতীয় ভাষা হিসাবে ঘোষণা করল তখন এটি পাকিস্তানের সংখ্যাগরিষ্ঠ বাঙালি ভাষায় প্রতিবাদের জন্ম দেয়। এই প্রতিবাদ নিয়ন্ত্রণের বাইরে চলে যায় এবং পুলিশ গুলিবিদ্ধ ঢাকা বিশ্ববিদ্যালয়ের চার বিক্ষোভকারীকে হত্যা করে শেষ হয়। তাদের মাতৃভাষার লড়াইয়ের সময় শিক্ষার্থীদের মৃত্যুকে এখন আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসাবে স্মরণ করা হয়।

স্বাধীনতা যুদ্ধ

বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ ছিল ১৯৭১ সালে সংঘটিত তৎকালীন পশ্চিম পাকিস্তানের বিরুদ্ধে পূর্ব পাকিস্তানের সশস্ত্র সংগ্রাম, যার মাধ্যমে বাংলাদেশ একটি স্বাধীন দেশ হিসাবে পৃথিবীর মানচিত্রে আত্মপ্রকাশ করে। ১৯৭১ সালের ২৫ মার্চ রাতের অন্ধকারে পাকিস্তানি সামরিক বাহিনী পূর্ব পাকিস্তানে বাঙালি নিধনে ঝাঁপিয়ে পড়লে একটি জনযুদ্ধের আদলে গেরিলাযুদ্ধ তথা স্বাধীনতা যুদ্ধের সূচনা ঘটে। ২৫ মার্চের কালো রাতে পাকিস্তানি সামরিক বাহিনী ঢাকায় অজগ্র সাধারণ নাগরিক, ছাত্র, শিক্ষক, বুদ্ধিজীবী, পুলিশ ও ইপিআরকে হত্যা করে এবং ১৯৭০ সালের সাধারণ নির্বাচনে নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতাপ্রাপ্ত দল আওয়ামী লীগ প্রধান বাঙালিদের তৎকালীন জনপ্রিয় নেতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে গ্রেপ্তার করে। পার্বত্য চট্টগ্রামের কাপ্তাইঘাট বেতার কেন্দ্র থেকে ৮ম পূর্বক বেঙ্গল রেজিমেন্টের উপ-প্রধান মেজর জিয়াউর রহমান ও চট্টগ্রাম আওয়ামী লীগের নেতা এমএ হান্নান বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের পক্ষে স্বাধীনতা ঘোষণা করেন। প্রতিষ্ঠিত হয় বাঙালি জাতির স্বাধীন রাষ্ট্র বাংলাদেশ। পরিকল্পিত গণহত্যার মুখে সারাদেশে শুরু হয়ে যায় প্রতিরোধ যুদ্ধ; জীবন বাঁচাতে কয়েক হাজার আওয়ামী লীগের নেতারা পার্শ্ববর্তী দেশ ভারতে আশ্রয় গ্রহণ করে। পাকিস্তানি সামরিক বাহিনীর ইস্ট বেঙ্গল রেজিমেন্ট, ইস্ট পাকিস্তান রাইফেলস (ইপিআর), ইস্ট পাকিস্তান পুলিশ, সামরিক বাহিনীর বাঙালি সদস্য এবং সর্বোপরি বাংলাদেশের স্বাধীনতাকামী সাধারণ মানুষ দেশকে পাকিস্তানি সামরিক বাহিনীর কব্জা থেকে স্বাধীন করতে কয়েক মাসের মধ্যে গড়ে তোলে মুক্তিবাহিনী। গেরিলা পদ্ধতিতে যুদ্ধ চালিয়ে গেরিলা বাহিনী সারাদেশে পাকিস্তানি হানাদার বাহিনীকে ব্যতিব্যস্ত করে তোলে। স্বাধীনতা যুদ্ধ চলাকালীন সময় বাংলাদেশ ভারতের কাছ থেকে নুন্যতম অর্থনৈতিক, সামরিক ও কূটনৈতিক সাহায্য লাভ করে। ডিসেম্বরের শুরুর দিকে যখন পাকিস্তানি সামরিক বাহিনীর পতন অনিবার্য হয় ওঠে, তখন তারা গেরিলা বাহিনীর কাছে পরাজয়ের লজ্জা এড়াবার জন্য এবং স্বাধীনতা যুদ্ধকে আন্তর্জাতিক সংঘর্ষে পরিণত করার উদ্দেশ্যে ৩ ডিসেম্বর ভারতে বিমান হামলার মাধ্যমে ভারতের বিরুদ্ধে যুদ্ধে লিপ্ত হয়।

আয়কর মেলা

দেশের মানুষের আয়কর প্রদানে উৎসাহিত করতে এবং সাধারণ মানুষের মধ্যে আয়কর বিষয়ে সচেতনতা তৈরীর লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) কর্তৃক সারাদেশ ব্যাপী আয়কর মেলার আয়োজন করে থাকে। মেলায় পুরাতন করদাতারা আয়কর রিটার্ন দাখিল করতে পারেন এবং নতুন করদাতারা নিবন্ধিত হয়ে আয়কর প্রদান করতে পারেন। করদাতাদের সাহায্যার্থে মেলাতে থাকে তথ্যকেন্দ্র যেখানে নতুন করদাতাদের পাশাপাশি পুরাতন করদাতারও আয়কর প্রদান সংক্রান্ত বিভিন্ন পরামর্শ এবং সাহায্য পেয়ে থাকেন। কোন করদাতা যদি তার আয়কর নির্ণয়ে (ক্যালকুলেশন) সমস্যার সম্মুখীন হন তবে তথ্যকেন্দ্রের কর্মকর্তারা বিগত বছরের জন্য তার প্রদেয় করের পরিমাণ

CamScanner

নির্ণয় করে দেন। পাশাপাশি একজন করদাতা যদি না জেনে থাকেন যে তিনি কোন কর অঞ্চলের আওতাভুক্ত তবে তিনিও তথ্যকেন্দ্রে থেকে সহায়তা পেতে পারেন। করদাতা এবং সাধারণ দর্শনার্থীদের জন্য মেলায় থাকে ফুড কোর্ট। এয়াড়া দর্শকদের মনোরঞ্জনের জন্য মেলা চলাকালীন সময়ে কোন কোন দিন বিকেল বেলা সাংস্কৃতিক অনুষ্ঠানেরও আয়োজন করা হয়ে থাকে। এনবিআর জনগণকে কর দিতে উৎসাহিত করতে আপ্রাণ চেষ্টা করে যাচ্ছে। এনবিআর করদাতাদের জন্য বিভিন্ন সেবা দিয়ে থাকে এবং আয়কর মেলা হচ্ছে এসব সেবাকে সবার মধ্যে তুলে ধরার একটি বড় সুযোগ।

অর্থনৈতিক উন্নয়নে তৈরি পোশাক শিল্প

পোশাকশিল্পে বাংলাদেশ বেশ খ্যাতি অর্জন করেছে। এ দেশের তৈরি পোশাকশিল্প রপ্তানি বাণিজ্যে এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে যাচ্ছে। বেকার সমস্যা সমাধান, কর্মসংস্থান ও অর্থনৈতিক উন্নয়নের ক্ষেত্রে এ শিল্পের অবদান উৎসাহজনক। ১৯৭৭ সালে ব্যক্তিগত প্রচেষ্টায় এ দেশে পোশাক শিল্প কারখানা প্রতিষ্ঠিত হয়। ১৯৮৫ সালে পোশাক শিল্পের ব্যাপক সম্প্রসারণ শুরু হয়। তখন ১২৫টি পোশাক তৈরির কারখানা নিয়ে এ শিল্পের যাত্রা। বিগত বছরগুলোতে আন্তর্জাতিক বাজারের চাহিদা, দেশীয় উদ্যোগের সক্রিয় ভূমিকার ফলে বর্তমানে কারখানার সংখ্যা দাঁড়িয়েছে দুই হাজার ৯০০টিতে। বর্তমানে প্রায় ১২ লাখ নারী-পুরুষ পোশাক শিল্পে কর্মরত, এর ৮৫ শতাংশ নারী। এর মধ্যে অর্ধশিক্ষিত অথবা অশিক্ষিত লোকের সংখ্যাই বেশি। দেশের তৈরি পোশাক শিল্প জাতীয় আয়ের ৬৪ শতাংশ সরবরাহ করছে। ১৯৯৫ সালে তৈরি পোশাক রপ্তানি করে বৈদেশিক মুদ্রা আয় হয়েছে ১৮৫ কোটি মার্কিন ডলার। বাংলাদেশের পোশাক শিল্প ১০০ শতাংশই রপ্তানিমুখী। বিশ্বে পোশাক রপ্তানিতে বাংলাদেশের অবস্থান পঞ্চম। সুতরাং এ খাত যে বিপুল সম্ভাবনাময়, তা বলার অপেক্ষা রাখে না। বাংলাদেশের তৈরি পোশাক শিল্পের সবচেয়ে বড় ক্রেতা মার্কিন যুক্তরাষ্ট্র, এর পরই ইউরোপ ও কানাডা। বিশ্বের ৩০টি দেশে বাংলাদেশ থেকে তৈরি পোশাক রপ্তানি হয়ে থাকে। যুক্তরাজ্য, ফ্রান্স, জার্মানি বেলজিয়াম ও মধ্যপ্রাচ্যের দেশগুলোতেও বাংলাদেশের পোশাক রপ্তানি হয়ে থাকে। জাপান, অস্ট্রেলিয়া, রাশিয়া প্রভৃতি দেশে বাজার সম্প্রসারিত হচ্ছে। উল্লেখ্য যে বিশ্ব বাজারে বাংলাদেশি পোশাকের বেশ কদর রয়েছে। ফলে এর বাজার যেমন দিন দিন বৃদ্ধি পাচ্ছে, তেমনি উৎপাদনও বৃদ্ধি পাচ্ছে। আশা করা যায়, অর্থনৈতিক উন্নয়নে পোশাক শিল্প বিরাট অবদান রাখবে এবং দেশের বেকার সমস্যা সমাধানেও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। বাংলাদেশের অর্থনীতিতে পোশাকশিল্প সুদূরপ্রসারী অবদান রেখে চলেছে। পোশাকশিল্প বিকশিত হওয়ার ফলে দেশের রপ্তানি পণ্যের সংখ্যা বৃদ্ধি পেয়েছে। আমাদের দেশের প্রায় ১০০টি বায়িং হাউস পোশাক সামগ্রী কেনাবেচায় নিয়োজিত। জাতীয় আয়ের প্রায় ৬৪ শতাংশ আসে এ খাত থেকে। তবে এই আয় নির্ভর করে রপ্তানি বাণিজ্যের ওপর।

বনায়ন

বনায়ন বন ব্যতীত অন্যভাবে ব্যবহৃত জমিতে বৃক্ষরোপণ প্রক্রিয়া। পক্ষান্তরে পুনর্বনায়ন হলো বিদ্যমান নিঃশেষিত বৃক্ষবনে আবার বৃক্ষরোপণ। বন বিভাগের অধীনস্থ বনগুলির শ্রেণিবিভাগ নিম্নরূপঃ পার্বত্য বন, ম্যানগ্রোভ বন ও সমতলীয় বন। ক্রান্তীয় চিরসবুজ ও আধা-চিরসবুজ প্রজাতি অধ্যুষিত বন আছে দেশের পাবর্ত্য পূর্বাঞ্চলে। পার্বত্য বনে চার শতাধিক বৃক্ষ প্রজাতি রয়েছে। একটি হিসাব অনুযায়ী লক্ষাধিক হেক্টর পার্বত্য বনের জায়গায় মূল্যবান ও দ্রুতবর্ধনশীল প্রজাতির আবাদ গড়ে তোলা হয়েছে। পার্বত্য বনে বার্ষিক প্রায় ১২,০০০ হেক্টর জমিতে আবাদ করা হচ্ছে। উন্নয়ন কর্মকান্ডের জন্য প্রায় ১৮ লক্ষ একর বনভূমি বরাদ্দ আছে। ম্যানগ্রোভ বন দক্ষিণ-এশিয়ার ক্রান্তীয় উপকূলের অনেকগুলি অঞ্চলকে আড়াল করে রেখেছে। এই বনের বাস্তুসংস্থানিক গুরুত্ব সমধিক। এগুলির অর্থনৈতিক তাৎপর্যও আছে। সমুদ্র থেকে কেবল ভূমি উদ্ধার নয়, এগুলি অতি প্রয়োজনীয় অর্থনৈতিক ও বাণিজ্যিক উৎপাদনের প্রত্যক্ষ উৎসও। চাষাবাদের জন্য সুন্দরবন অনুপযুক্ত অঞ্চল এবং বসতি স্থাপন নিষিদ্ধ বিধায় জায়গাটি প্রায় জনহীন; ব্যতিক্রম শুধু প্রত্যন্ত উত্তর এলাকা যেখানে ভূমি পুনরুদ্ধার চলছে। জোয়ারসেচিত এই বনটি অভ্যন্তর ভাগে প্রায় ১২০ কিমি পর্যন্ত বিস্তৃত। কিন্তু উপকূলীয় বন রয়েছে মাত্র ১ লক্ষ ৫০ হাজার হেক্টর জুড়ে, তাতে বেশির ভাগই কেওড়া ও বাইন গাছ। ইদানিং এ ধরনের বনায়নের পরিমাণ বার্ষিক ৮,০০০ হেক্টরের বেশি। উপকূলীয় বনায়ন কার্যক্রম ঘূর্ণিঝড় ও আনুষঙ্গিক জলোচ্ছ্বাসের বিরুদ্ধে পরিবেশীয় নিরাপত্তা যোগায়। অধিকন্তু এই বনভূমি সুস্থিত এবং তা নতুন জেগে ওঠা জায়গাগুলিকে চাষ উপযোগী করে আর সেইসঙ্গে জ্বালানি ও মন্ডের কাঠের চাহিদা মেটায়।

নারীর ক্ষমতায়ন

নারীর ক্ষমতায়ন এমন একটি প্রক্রিয়া, যার মাধ্যমে নারীরা তাদের পূর্বের অবস্থান থেকে বেরিয়ে এসে নিজেদের যোগ্যতা ও অর্জনকে তুলে ধরতে পারেন এবং পরিবার, সমাজ বা গণজীবনে অংগ্রহণের মাধ্যমে নিজেদের সিদ্ধান্ত ও অবস্থানকে তুলে ধরেন। নারীর ক্ষমতায়ন মূলত অর্থনৈতিক ক্ষেত্র এবং রাজনৈতিক অবকাঠামোতে অংশগ্রহণ ও সিদ্ধান্ত গ্রহণের একটি মাধ্যম বা উপায়, যার মাধ্যমে নারীরা নিজেদের মেধা ও যোগ্যতাকে প্রকাশ করতে পারেন এবং নিজেদের অধিকারগুলো আদায়ে সচেষ্ট হতে পারেন। নারীর ক্ষমতায়ন তখনই সম্ভব, যখন কোনও বাধা বা সীমাবদ্ধতা ছাড়াই নারীরা শিক্ষা, কর্মজীবন এবং নিজেদের জীবনধারায় পরিবর্তন আনার জন্য বিদ্যমান সুযোগ-সুবিধাগুলো ব্যবহারের সুযোগ পান। নারীর ক্ষমতায়নই হচ্ছে অর্থনৈতিক উন্নয়ন, রাজনৈতিক স্থিতাবস্থা ও সামাজিক পরিবর্তনের অন্যতম চাবিকাঠি। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ছিলেন বাঙালি নারীদের ক্ষমতায়নের পথিকৃৎ। ১৯৬৭ সালে মহিলা লীগ প্রতিষ্ঠার মাধ্যমে বঙ্গবন্ধু নারীদের মূলধারার রাজনীতিতে অংশগ্রহণ করার সুযোগ সৃষ্টি করে দেন। বাংলাদেশ স্বাধীন হওয়ার পর ১৯৭২ সালে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানে রাষ্ট্র ও গণজীবনের সব পর্যায়ে নারীদের সম অধিকারের নিশ্চয়তা দেওয়া হয় এবং নারী ও অনগ্রসর জনগোষ্ঠীর উন্নয়নে রাষ্ট্রের বিশেষ বিধান প্রণয়নের ক্ষমতাও সংযোজন করা হয় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আদর্শ অনুসরণ করেই বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা ক্ষমতায় আসার পরপরই সব পর্যায়ে লিঙ্গ সমতা, নারীর উন্নয়ন এবং ক্ষমতায়ন নিশ্চিত করার জন্য অসংখ্য নীতিমালা ও আইন প্রণয়ন করেন এবং বাস্তবিক অর্থে সব পর্যায়ে তা সুসংহত ও কার্যকর করার জন্য নিরলসভাবে কাজ করেছেন।

স্বাধীন বাংলা বেতার কেন্দ্র

স্বাধীন বাংলা বেতার কেন্দ্র একটি অস্থায়ী বেতার সম্প্রচার কেন্দ্র যা বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধকালে প্রতিষ্ঠা করা হয়েছিল। ১৯৭১ খ্রিষ্টাব্দের ৬ ডিসেম্বর ভারত বাংলাদেশকে সার্বভৌম স্বাধীন রাষ্ট্র হিসাবে আনুষ্ঠানিক স্বীকৃতি দেবার পর এর নাম বদলে বাংলাদেশ বেতার করা হয়। এরই ধারাবাহিকতায় ১৯৭১ খ্রিষ্টাব্দের ২২ ডিসেম্বর স্বাধীন বাংলাদেশে ঢাকা থেকে সম্প্রচার শুরু করে বাংলাদেশ বেতার যা এতকাল রেডিও পাকিস্তানের ঢাকা কেন্দ্র হিসেবে প্রতিষ্ঠিত ছিল। মুক্তিযুদ্ধের সময় মুক্তিযোদ্ধা ও দেশবাসীর মনোবলকে উদ্দীপ্ত করতে 'স্বাধীন বাংলা বেতার কেন্দ্র' অবিস্মরণীয় ভূমিকা রেখেছিল। যুদ্ধের সময়ে প্রতিদিন মানুষ অধীর আগ্রহে স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের অনুষ্ঠান শোনার জন্য অপেক্ষা করত। 'জয়া বাংলা, বাংলার জয়' গানটি এ বেতার কেন্দ্রের সূচনা সঙ্গীত হিসাবে প্রচারিত হতো।

১৯৭১ এর ২৫ মার্চ মধ্য রাতে পাকিস্তানি হানাদার বাহিনী অপারেশন সার্চলাইটের মাধ্যমে ঢাকা শহরের কয়েক হাজার নিরস্ত্র বাঙালি নিধন করে এবং একই সাথে শেখ মুজিবকে গ্রেফতার করে। গ্রেফতারের পূর্বে তিনি স্বাধীনতার ঘোষণা এবং একটি সংক্ষিপ্ত বার্তা প্রদান করে যান। এরই প্রেক্ষিতে ২৬ মার্চ দুপুর বেলা চট্টগ্রাম আওয়ামী লীগ নেতা এম এ হান্নান চট্টগ্রামের আগ্রাবাদ বাদামতলী বেতার কেন্দ্র হতে প্রথম বারের মত স্বাধীনতার ঘোষণা হিসেবে বঙ্গবন্ধুর ঐ বার্তা পাঠ করেন। এর মধ্যেই তৎকালীন চট্টগ্রাম বেতার কেন্দ্রের কয়েকজন বেতারকর্মী সিদ্ধান্ত নেন যে বঙ্গবন্ধু ও বাংলাদেশের স্বাধীনতার পক্ষে জনগণকে সচেতন ও উদ্বুদ্ধ করতে তারা বেতারের মাধ্যমে কিছু প্রচার করবেন। এ সিদ্ধান্তের প্রেক্ষিতে তারা চট্টগ্রাম বেতার কেন্দ্রকে কাজে লাগানোর চিন্তা করেন এবং তার নতুন নাম দেন স্বাধীন বাংলা বিপ্লবী বেতার কেন্দ্র। তবে তারা নিরাপত্তার কারণে আগ্রাবাদ বাণিজ্যিক এলাকায় অবস্থিত চট্টগ্রাম বেতার কেন্দ্রকে কাজে না লাগিয়ে শহর থেকে কিছু দূরে কালুরঘাট বেতার কেন্দ্রে চলে যান এবং ২৬ মার্চ সন্ধ্যা ৭টা ৪০ মিনিটে প্রথম প্রচার করেন স্বাধীন বাংলা বিপ্লবী বেতার কেন্দ্র থেকে বলছি। সে সময়েই এম এ হান্নান বঙ্গবন্ধুর স্বাধীনতার ঘোষণাটি আবার পাঠ করেন। প্রায় ১ ঘণ্টা অনুষ্ঠান করার পর তারা পরদিন সকাল ৭টায় পরবর্তী অনুষ্ঠান প্রচারের ঘোষণা দিয়ে সেদিনের পর্ব শেষ করেন।

বাংলা নববর্ষ

পয়ালা বৈশাখ বা পহেলা বৈশাখ (বাংলা পঞ্জিকার প্রথম মাস বৈশাখের ১ তারিখ) বঙ্গাব্দের প্রথম দিন, তথা বাংলা নববর্ষ। দিনটি সকল বাঙালী জাতির ঐতিহ্যবাহী বর্ষবরণের দিন। দিনটি বাংলাদেশ এবং ভারতের পশ্চিমবঙ্গে নববর্ষ হিসেবে বিশেষ উৎসবের সাথে পালিত হয়। ত্রিপুরায়া বসবাসরত বাঙালিরাও এই উৎসবে অংশ নিয়ে থাকে। সে

CamScanner

হিসেবে এটি বাঙালিদের একটি সর্বজনীন লোক উৎসব হিসাবে বিবেচিত। গ্রেগরীয় বর্ষপঞ্জি অনুসারে বাংলাদেশের প্রতি বছর ১৪ই এপ্রিল এই উৎসব পালিত হয়। বাংলা একাডেমী কর্তৃক নির্ধারিত আধুনিক বাংলা পঞ্জিকা অনুসারে এই দিন নির্দিষ্ট করা হয়েছে। পশ্চিমবঙ্গে চান্দ্রসৌর বাংলা পঞ্জিকা অনুসারে ১৫ই এপ্রিল পহেলা বৈশাখ পালিত হয়। এছাড়াও দিনটি বাংলাদেশ ও পশ্চিমবঙ্গের সরকারি ছুটির দিন হিসেবে গৃহীত। বিভিন্ন পর্যায়ের ব্যবসায়ীরা দিনটি নতুনভাবে ব্যবসা শুরু করার উপলক্ষ হিসেবে বরণ করে নেয়া। এই উৎসব শোভাযাত্রা, মেলা, পান্তা ভাত খাওয়া, হালখাতা খোলা ইত্যাদি বিভিন্ন কর্মকান্ডের মধ্য দিয়ে উদযাপন করা হয়। বাংলা নববর্ষের ঐতিহ্যবাহী শুভেচ্ছা বাক্য হল "শুভ নববর্ষ"। নববর্ষের সময় বাংলাদেশে মঙ্গল শোভাযাত্রার আয়োজন করা হয়। ২০১৬ সালে, ইউনেস্কো ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক আয়োজিত এই উৎসব শোভাযাত্রাকে "মানবতার অমূল্য সাংস্কৃতিক ঐতিহ্য" হিসেবে ঘোষণা করে। বাংলা দিন পঞ্জীর সাথে হিজরী এবং খ্রিস্টীয় সনের মৌলিক পার্থক্য হলো হিজরী সন চাঁদের হিসাবে এবং খ্রিস্টীয় সন আন্তর্জাতিক মানদন্ড অনুযায়ী নির্ধারিত হয়। এ কারণে হিজরী সনে নতুন তারিখ শুরু হয় সন্ধ্যায় আকাশে নতুন চাঁদ দৃশ্যমান হওয়ার পর আর খ্রিস্টীয় সনে নতুন দিন শুর হয়। পহেলা বৈশাখ রাত ১২টা থেকে শুরু না হয়ে সূর্যোদয় থেকে শুরু এ নিয়ে ভিন্নমত রয়েছে, ঐতিহ্যগত ভাবে সূর্যোদয় থেকে বাংলা দিন গণনার রীতি থাকলেও ১৪০২ বঙ্গাব্দের ১ বৈশাখ থেকে বাংলা একাডেমী এই নিয়ম বাতিল করে আন্তর্জাতিক রীতির সাথে সামঞ্জস্য রাখতে রাত ১২.০০ টায় দিন গণনা শুরুর নিয়ম চালু করে।

সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের সুফল-কুফল

সামাজিক যোগাযোগ মাধ্যম আমাদের দৈনন্দিন জীবন করেছে সহজবোধ্য, দূরে বসবাসরত কাছের মানুষকে এনে দিয়েছে অতি নিকটে। কিন্তু এর ব্যবহার করতে হবে ইতিবাচক ফলাফলের উদ্দেশ্যে, আত্মকেন্দ্রিকতা পরিহার করে বরং সামাজিক ব্যক্তিগত ও জাতিগত উন্নতির স্বার্থে জ্ঞান-বিজ্ঞান, সংস্কৃতি, সামাজিক মূল্যবোধের শিক্ষা ছড়িয়ে দিতে হবে আমাদের সবার মাঝে। সামাজিক যোগাযোগ মাধ্যমের ইতিবাচক ব্যবহার সুনিশ্চিত করলে একদিন আমাদের দেশ এক সুন্দর আগামীর পথে এগিয়ে যাবে। তাই তরুণদের উচিত সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের জন্য সুনির্দিষ্ট সময় নির্ধারণ করা, অনেক বেশি সময় এক্ষেত্রে ব্যয় না করা, ব্যবহারের ক্ষেত্রে যথেষ্ট সতর্কতা অবলম্বন করা এবং উদ্ভাবনীমূলক ও সৃজনশীল কর্মকান্ডে অংশগ্রহণ করে আনন্দের সাথে জীবনকে উপভোগ করা। যোগাযোগ মাধ্যমের এই বিস্ময়কর অগ্রযাত্রার ফলে সমগ্র পৃথিবীর মানুষ যেন একটি ক্ষুদ্র জনপদে রুপ নিয়েছে। পুরো বিশ্ব এখন আমাদের হাতের মুঠোয় চলে এসেছে। কিন্তু সামাজিক যোগাযোগ মাধ্যমের এত ইতিবাচক দিক থাকার পরেও এর অপব্যবহার এবং তার ফলে সৃষ্ট নেতিবাচক ঘটনা বেশ উদ্বেগজনক। সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রায়ই কোন আলোচিত ঘটনার প্রেক্ষাপটকে কেন্দ্র করে 'গুজব' ছড়িয়ে যাওয়া এখন বেশ নিয়মিত। এছাড়া বিভিন্ন অনলাইন মাধ্যমে ইভটিজিং, হুমকি, প্রতারণা ব্ল্যাকমেইলিং এর মত নানাবিধ সাইবার ক্রাইম এর মাত্রা বৃদ্ধি পাওয়া অশুভ লক্ষণ যা সামাল দেওয়া যথেষ্ট দুরূহ। সামাজিক যোগাযোগ মাধ্যমের দ্বারা সংঘটিত এসব অপরাধ প্রবণতা মানবজীবনে সৃষ্টি করেছে নানা জটিলতা। এসব মাধ্যমে আমরা বাস্তবতা বিবর্জিত হয়ে অন্যের সাথে ভার্চুয়ালি পরিচিত হচ্ছি, যেখানে সম্পর্কগুলো বাস্তবতা থেকে পুরোপুরি ভিন্ন। আমাদের দৈনন্দিন জীবনে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে আমরা এসব ভার্চুয়াল সম্পর্কে জড়িয়ে পড়ছি, এর ফলে আমাদের প্রকৃত সম্পর্কগুলো হুমকির মুখে পড়ছে। আপনজন ধীরে ধীরে দূরে সরে যাচ্ছে।

স্বাধীনতা দিবস

বাংলাদেশের স্বাধীনতা দিবস যা ২৬শে মার্চ তারিখে পালিত বাংলাদেশের জাতীয় দিবস। ১৯৭১ সালের ২৫ মার্চ রাতে (কাল রাত) তৎকালীন পূর্ব পাকিস্তানের জনগণ আনুষ্ঠানিকভাবে নিজেদের স্বাধীনতার সংগ্রাম শুরু করে। ২৭ মার্চ জিয়াউর রহমান বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের পক্ষে চট্টগ্রামের কালুরঘাট বেতার কেন্দ্র থেকে বাংলাদেশের আপামর জনসাধারণের উদ্দেশ্যে আনুষ্ঠানিকভাবে স্বাধীনতাযুদ্ধে অংশগ্রহণের ডাক দেন। ১৯৭২ সালের ২২ জানুয়ারি প্রকাশিত এক প্রজ্ঞাপনে এই দিনটিকে বাংলাদেশে জাতীয় দিবস হিসেবে উদযাপন করা হয় এবং সরকারিভাবে এ দিনটিতে ছুটি ঘোষণা করা হয়। ১৯৭১ সালের ২৫ মার্চ তৎকালীন পশ্চিম পাকিস্তান সরকার গভীর রাতে পূর্ব পাকিস্তানের (বর্তমান বাংলাদেশ) নিরীহ জনগণের উপর

হামলা চালায়। ঢাকার বিভিন্ন স্থানে গোলাবর্ষণ করা হয়, অনেক স্থানে নারীদের উপর পাশবিক নির্যাতন চালানো হয় এবং অনেক স্থানে পরিকল্পিতভাবে হত্যাকান্ড চালানো হয়। এমতাবস্থায় বাঙালিদের দেয়ালে পিঠ ঠেকে যাওয়ার অবস্থা সৃষ্টি হয় এবং অনেক স্থানেই আনুষ্ঠানিক ঘোষণার অপেক্ষা না করেই অনেকে যুদ্ধের প্রস্তুতি নিতে শুরু করেন। পরবর্তিতে আনুষ্ঠানিক ঘোষণা পাবার পর আপামর বাঙালি জনতা পশ্চিম পাকিস্তানী জান্তার বিরুদ্ধে যুদ্ধে ঝাপিয়ে পড়ে এবং দীর্ঘ ৯ মাস রক্তক্ষয়ী যুদ্ধের মাধ্যমে পূর্ব পাকিস্তান স্বাধীন করে বাংলাদেশের অভ্যুদয় ঘটায়।

করোনা ভাইরাস

করোনা ভাইরাস বলতে ভাইরাসের একটি শ্রেণিকে বোঝায় যেগুলি স্তন্যপায়ী প্রাণী এবং পাখিদেরকে আক্রান্ত করে। মানুষের মধ্যে করোনা ভাইরাস শ্বাসনালীর সংক্রমণ ঘটায়। এই সংক্রমণের লক্ষণ মৃদু হতে পারে, অনেক সময় যা সাধারণ সর্দি কাশির ন্যায় মনে হয় (এছাড়া অন্য কিছুও হতে পারে, যেমন রাইনো ভাইরাস), কিছু ক্ষেত্রে তা অন্যান্য মারাত্মক ভাইরাসের জন্য হয় থাকে, যেমন সার্স, মার্স এবং কোভিড-১৯। অন্যান্য প্রজাতিতে এই লক্ষণের তারতম্য দেখা যায়। যেমন মুরগির মধ্যে এটা উর্ধ্ব শ্বাসনালী সংক্রমণ ঘটায়, আবার গরু ও শূকরে এটি ডায়রিয়া সৃষ্টি করে। মানবদেহে সৃষ্ট করোনা ভাইরাস সংক্রমণ এড়ানোর মত কোনো টিকা বা অ্যান্টিভাইরাল ওষুধ আজও আবিষ্কৃত হয়নি। করোনা ভাইরাস ১৯৩০ এর দশকে প্রথম আবিষ্কৃত হয়। প্রথমদিকে মুরগির মধ্যে সংক্রামক ব্রঙ্কাইটিস ভাইরাস হিসেবে এটি প্রথম দেখা যায়। পরে সাধারণ সর্দি-হাঁচি-কাশিতে আক্রান্ত রোগীদের মধ্যে এরকম দুই ধরনের ভাইরাস পাওয়া যায়। মানুষের মধ্যে পাওয়া ভাইরাস দুটি 'মনুষ্য করোনা ভাইরাস ২২৯ই' এবং 'মনুষ্য করোনা ভাইরাস ওসি৪৩' নামে নামকরণ করা হয়। করোনা ভাইরাসে লক্ষণসমূহঃ জ্বর,অবসাদ, শুষ্ক কাশি, বমি হওয়া, শ্বাসকষ্ট, গলা ব্যাথা, অঙ্গ বিকল হওয়া, মাথা ব্যাথা, পেটের সমস্যা, মুখ ও নাকের স্বাধ হারিয়ে যাওয়া, পায়ের পাতায় র্যাস হওয়া

ডিজিটাল বাংলাদেশ

'ডিজিটাল বাংলাদেশ' একটি প্রত্যয়, একটি স্বপ্ন, যা বাংলাদেশের সাম্প্রতিক সময়ে সবচেয়ে আলোচিত বিষয়। বিরাট এক পরিবর্তন ও ক্রান্তিকালের মধ্য দিয়ে বাংলাদেশ এখন এগিয়ে চলছে। একুশ শতকে বাংলাদেশকে ডিজিটাল বাংলাদেশ হিসেবে গড়ে তোলার লক্ষ্য নিয়ে ৬ জানুয়ারি ২০০৯ শেখ হাসিনা বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী হিসেবে দ্বিতীয়াবারের মতো শপথ নেন। ২০২১ সালে স্বাধীনতার সুবর্ণ জয়ান্তী পালনের বছরে বাংলাদেশকে একটি মধ্যম আয়ের দেশ এবং তথ্যপ্রযুক্তি নির্ভর 'ডিজিটাল বাংলাদেশ' বিনির্মাণই ছিল তাদের নির্বাচনী ইশতেহারের প্রধান বিষয়। ১২ ডিসেম্বর, ২০০৮ বাংলাদেশ আওয়ামী লীগ তাদের নির্বাচনী ইশতেহারে ঘোষণা করে যে '২০২১ সালে স্বাধীনতার ৫০ বছরে বাংলাদেশ 'ডিজিটাল বাংলাদেশে' পরিণত হবে। একটি উন্নত দেশ, সমৃদ্ধ ডিজিটাল সমাজ, একটি ডিজিটাল যুগের জনগোষ্ঠী, রূপান্তরিত উৎপাদন ব্যবস্থা, নতুন জ্ঞানভিত্তিক অর্থনীতি মিলিয়ে একটি জ্ঞানভিত্তিক সমাজ গঠনের স্বপ্নই দেখিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। ডিজিটাল বাংলাদেশ বস্তুত জ্ঞানভিত্তিক সমাজ প্রতিষ্ঠার প্রথম সোপান। একাত্তরে মহান মুক্তিযুদ্ধের মধ্য দিয়ে আমরা আমাদের পরবর্তী প্রজন্মের জন্য যে সমৃদ্ধি ও উন্নত জীবন প্রতিষ্ঠা করতে চেয়েছিলাম, ডিজিটাল বাংলাদেশ আমাদের সেই স্বপ্ন পূরণ করবে। 'বাংলাদেশ কম্পিউটার সমিতি' ১৭ থেকে ১২ নভেম্বর ২০০৯ এ 'ডিজিটাল বাংলাদেশ সামিট' নামক এ বিষয়ে প্রথম শীর্ষ সম্মেলনের আয়োজন করে, যাতে ডিজিটাল বাংলাদেশ প্রতিষ্ঠা এবং অগ্রাধিকারের বিষয়গুলো আলোচিত হয়া। আর এভাবেই বিভিন্ন সরকারি ও বেসরকারি কর্মসুচী গ্রহণের মাধ্যমে বাংলাদেশ একটি ডিজিটাল বাংলাদেশ এ পরিণত হবার পথে এগিয়ে চলেছে।

ছয় দফা কর্মসূচি

ছয়দফা কর্মসূচি পাকিস্তানের দু অংশের মধ্যকার বৈষম্য এবং পূর্ব বাংলায় পশ্চিম পাকিস্তানের অভ্যন্তরীণ উপনিবেশিক শাসনের অবসানের লক্ষ্যে আওয়ামী লীগ ঘোষিত কর্মসূচি। তাসখন্দ চুক্তির মাধ্যমে ১৯৬৫ সালের পাক-ভারত যুদ্ধের অবসানের পর পূর্ব পাকিস্তানের নিরাপত্তার ব্যাপারে কেন্দ্রীয় সরকারের চরম অবহেলা ও

CamScanner

উদাসীন্যের বিরুদ্ধে আওয়ামী লীগ প্রধান বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সোচ্চার হন। এদিকে পশ্চিম পাকিস্তানের বিরোধীদলীয় নেতারা তাসখন্দ-উত্তর রাজনীতির গতিধারা নিরূপণের উদ্দেশ্যে ১৯৬৬ সালের ৬ ফেব্রুয়ারি লাহোরে এক জাতীয় সম্মেলন আহ্বান করেন। আওয়ামী লীগের শীর্ষস্থানীয় নেতাদের নিয়ে শেখ মুজিবুর রহমান সম্মেলনে যোগদানের জন্য ৪ ফেব্রুয়ারি লাহোর পৌঁছেন। পরদিন সাবজেক্ট কমিটির সভায় তিনি পূর্ব পাকিস্তানের জনগণের দাবি হিসেবে 'ছয়দফা' প্রস্তাব পেশ করেন এবং তা সম্মেলনের আলোচ্যসূচির অন্তর্ভুক্ত করার দাবি জানান। কিন্তু সম্মেলনের উদ্যোক্তারা এ প্রস্তাব প্রত্যাখ্যান করেন এবং পরদিন পশ্চিম পাকিস্তানি পত্র পত্রিকায় ছয়দফার বিবরণ ছাপিয়ে শেখ মুজিবকে বিচ্ছিন্নতাবাদীরূপে চিত্রিত করা হয়। ফলে শেখ মুজিব ৬ ফেব্রুয়ারির সম্মেলন বর্জন করেন। ১৯৬৬ সালের ২১ ফেব্রুয়ারি আওয়ামী লীগের ওয়ার্কিং কমিটির সভায় ছয়দফা প্রস্তাব এবং দাবি আদায়ের লক্ষ্যে আন্দোলনের কর্মসূচি গৃহীত হয়।

মুজিব বর্ষ

মুজিব বর্ষ হল বাংলাদেশের জাতির জনক শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী পালনের জন্য ঘোষিত বর্ষ। বাংলাদেশ সরকার ২০২০-২১ সালকে মুজিব বর্ষ হিসেবে পালনের ঘোষণা দেয়। ২০২০ সালের ১৭ মার্চ থেকে ২০২১ সালের ২৬ মার্চ পর্যন্ত এ বর্ষ উদযাপন করা হবে। বাংলাদেশের জাতির পিতা এবং বঙ্গবন্ধু খ্যাত নেতা অবিভক্ত ভারতের পূর্ববঙ্গে (বর্তমান বাংলাদেশের গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়া গ্রামে) ১৯২০ সালের ১৭ মার্চ জন্মগ্রহণ করেন। আবার ২০২১ সালের ২৬ মার্চ বাংলাদেশ স্বাধীনতার অর্ধ-শত বার্ষিকীতে পদার্পন করবে। বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামে শেখ মুজিবুর রহমান ওতপ্রোতভাবে জড়িত থাকায় ঘোষিত বর্ষটি বিশেষ তাৎপর্যপূর্ন।

ট্রাফিক জ্যাম

বর্তমানে বাংলাদেশের শহর ও নগরবাসীর কাছে ট্রাফিক জ্যাম এক ভয়াবহ সমস্যা। রাজধানী ঢাকাসহ দেশের বেশ কয়েকটি শহরের তুলনায় ঢাকা শহরে ট্রাফিক জ্যাম সবচেয়ে বেশি। ঢাকা শহরের ট্রাফিক জ্যামের একটি অন্যতম কারণ হলো অধিক জনসংখ্যা। এই বাড়তি জনসংখ্যার সাথে পাল্লা দিয়ে বাড়ছে যানবাহন। আর বাড়তি জনসংখ্যার জন্য পরিকল্পিতভাবে রাস্তা-ঘাট না বাড়ায় ট্রাফিক জ্যাম বৃদ্ধি পাচ্ছে প্রতিনিয়ত। প্রতিদিনই বিশেষ করে অফিস শুরু ও ছুটির সময় মহাখালী, ফার্মগেইট, আসাদগেইট, গুলিস্তান, মতিঝিল, সদরঘাটসহ প্রতিটি ব্যস্ততম এলাকায় ভয়াবহ ট্রাফিক জ্যামের সৃষ্টি হয়। বাসা থেকে বেরিয়ে গন্তব্যস্থলে পৌছতে স্বাভাবিক অবস্থায় যেখানে লাগার কথা ২০ থেকে ২৫ মিনিট সময়, সেখানে এই অসহনীয় যানযটের কারণে লাগছে এক ঘন্টা থেকে দেড় ঘন্টা। এই দুর্বিষহ ট্রাফিক জ্যামে নগরীর জনজীবন বিপর্যস্ত হয়ে পড়েছে। ঘন্টার পর ঘন্টা যানবাহনে আটকে থাকায় নগরবাসীর কাজকর্মে স্থবিরতা নেমে এসেছে। সেই সঙ্গে আমাদের জাতীয় অর্থনীতিও ব্যাপক ক্ষতির সম্মুখীন হচ্ছে।

রূপকল্প ২০২১

রূপকল্প ২০২১ (ভিশন ২০২১ নামেও পরিচিত) ছিল ২০০৮ সালের জাতীয় নির্বাচনে জয়ী হওয়ার আগে বাংলাদেশ আওয়ামী লীগের একটি নির্বাচনী ইশতেহার। এটি দেশের বিজয়ের সুবর্ণ জয়ন্তীর বছরের জন্য বাংলাদেশের একটি রাজনৈতিক রূপরেখা হয়ে ওঠে। এই নীতিটি বাংলাদেশের প্রেক্ষাপটে প্রযুক্তিগত আশাবাদীতার নীতিমালা হিসাবে সমালোচিত হয়েছে এবং গণমাধ্যমের রাষ্ট্রীয় নিপীড়ন, কম খরচে ইন্টারনেটে প্রবেশ, পর্যাপ্ত বিদ্যুৎ উৎপাদন এর অন্তর্ভুর্ক্ত। এই রূপকল্প ২০২১ হল ২০২১ সালের মধ্যে দেশ কোন অবস্থানে যাবে, এবং এই বছরে বাংলাদেশের স্বাধীনতার ৫০তম বার্ষিকী পালন করবে। ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে মধ্যম আয়ের দেশে পরিণত করাও এর অন্যতম প্রধান উদ্দেশ্য।

এটির প্রধান লক্ষ্য হলো বাংলাদেশকে মধ্যম আয়ের দেশে পরিণত করা যেখানে দরিদ্র্যতা সম্পূর্ণরূপে দূর হবে।

- ✓ গণতন্ত্র ও কার্যকর সংসদ
- ✓ রাজনৈতিক কাঠামো, ক্ষমতার বিকেন্দ্রীকরণ এবং জনগণের অংশগ্রহণ
- ✓ আইনের শাসন প্রতিষ্ঠার মাধ্যমে সুশাসন এবং রাজনৈতিক পক্ষপাতিত্ব এড়ানো
- ✓ রাজনৈতিক সংস্কৃতির রূপান্তর
- ✓ দুর্নীতি থেকে মুক্ত সমাজ
- ✓ ক্ষমতায়ন এবং মহিলাদের জন্য সমান অধিকার
- ✓ অর্থনৈতিক উন্নয়ন ও উদ্যোগ
- ✓ বিশ্বব্যাপী বাংলাদেশের অবস্থান

আমার দেশ

সুজলা-সুফলা শস্য শ্যামল আমাদের এই দেশ বাংলাদেশ। মাঠের পর মাঠ, এঁকে-বেঁকে চলেছে অসংখ্য নদী, চারিদিকে সবুজ সবুজ ছোট বড় বিভিন্ন গাছ, বিভিন্ন ধর্মের মানুষ, বিভিন্ন পেশার মানুষ মিলে-মিশে একসঙ্গে বসবাস করে এই ছোট্ট দেশে। এই অপরূপ দৃশ্য দেখলে মন ভরে যায়। মনে হয় যেন স্বর্গের থেকেও সুন্দর জায়গা এই দেশ। বাংলাদেশ একটি ছোট্ট দেশ। এই ছোট্ট দেশের আয়তন মাত্র ৫৬,১৭৭ বর্গমাইল বা ১,৪৭,৬৭০ বর্গকিলোমিটার। বাংলাদেশ দক্ষিণ এশিয়ার একটি স্বাধীন সার্বভৌম রাষ্ট্র। বাংলাদেশের পূর্বে ভারতের আসাম, ত্রিপুরা ও বার্মা, দক্ষিণে মিয়ানমার ও বঙ্গোপসাগর, পশ্চিমে ভারতের পশ্চিমবঙ্গ ও মেঘালয় এবং উত্তরে পশ্চিমবঙ্গ ও মেঘালয়। বাংলাদেশ একটি বৈচিত্রময় দেশ। এ দেশে বিভিন্ন ধরনের মানুষ বসবাস করে যেমন: চাকমা, গারো, ত্রিপুরা, মুরং, তংচঙ্গা ইত্যাদি। এদের ভাষা এদের নিজেদের দৈনন্দিন জীবন যাপনে এরাও বিভিন্ন উত্সব অনুষ্ঠান পালন করে। তারা সবাই এই ছোট্ট দেশে একসঙ্গে মিলে-মিশে বসবাস করে। বাংলাদেশের অর্থনৈতিক অনেকটাই কৃষির উপর নির্ভরশীল। তদুপরি এদেশের রপ্তানি আয়ের একটি উল্লেখযোগ্য অংশ আসে কৃষিপণ্য থেকে বর্তমানে ২০১১ থেকে ২০১২ অর্থবছরে কৃষির অবদান প্রায় ২০%। বাংলাদেশের প্রধান অর্থকরী কৃষিদ্রব্যগুলো হল: পাট, চা ও তামাক। এগুলো রপ্তানি করে বাংলাদেশ প্রতিবছর অনেক বৈদেশিক মুদ্রা অর্জন করে। একটি দেশের অন্যতম সম্পদ হচ্ছে যে দেশের শিক্ষিত জনগোষ্ঠী। কিন্তু বাংলাদেশের অর্ধেকেরও বেশি জনসংখ্যার অক্ষর জ্ঞান নেই। তাই শিক্ষার হার বাড়ার জন্য বর্তমানে সৃজনশীল শিক্ষার প্রচলন ঘটছে। বাংলাদেশে অনেক ঐতিহাসিক স্থান রয়েছে। যেমন: মহাস্থানগড়, পাহাড়পুর, ময়নামতি, লালবাগ দুর্গ, ওয়ারী-বটেশ্বর, সোনারগাঁও ইত্যাদি। বাণিজ্য করার উদ্দেশ্যে বাংলায় ইংরেজদের আগমন ঘটে। বাণিজ্য করার পর ইংরেজরা বাংলার নবাবদের পরাজিত করে নিজে শাসন করে এই বাংলা। প্রায় ২০০ বছর ইংরেজরা বাংলায় শাসন করে। অত্যাচার করে এদেশের নিরীহ নিরপরাধ মানুষের উপর। তারপর ভারতবর্ষের মানুষেরা ইংরেজ শাসনের অবসান ঘটায়। স্বাধীন করে ভারতবর্ষকে। বাংলাদেশ এখন একটি স্বাধীন দেশ। কিন্তু অনেক বছর আগে বাংলাদেশ স্বাধীন ছিল না ছিল পরাধীন। ১৯৪৭ সালে ইংরেজদের অবসান হওয়ার পর ভারত ও পাকিস্তান আলাদা হয়ে যায়। পাকিস্তান বাংলাদেশকে নিজেদের অধীন করে। অত্যাচার-অনাচার করে বাংলাদেশের মানুষের উপর। এই অত্যাচার থেকে মুক্তি পাওয়ার জন্য দেশকে স্বাধীন করার জন্য জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঘোষণার মাধ্যমে শুরু হয় এক রক্তক্ষয়ী ভয়ানক যুদ্ধ। নয় মাস ধরে চলে এই যুদ্ধ। ৩০ লাখ মানুষ প্রাণ হারায় এ যুদ্ধে। তবুও পাকিস্তানিরা জয়লাভ করতে পারেনি। পরাজিত হয় বাংলাদেশের কাছে। জন্ম হয় এক নতুন রাষ্ট্রের। যার নাম বাংলাদেশ। মুক্তিযোদ্ধারা আমাদের দেশের জন্য নিজের প্রাণ বিপন্ন করেছে দেশকে স্বাধীন করেছে। তারা বাংলাদেশকে ভালোবাসে বলেই বাংলাদেশের জন্য প্রাণ দিয়েছিল। আমরাও আমাদের এই দেশকে অনেক ভালোবাসব। কবির ভাষায়: 'আমার সোনার বাংলা, আমি তোমায় ভালোবাসি'।

বঙ্গবন্ধু ও বাংলাদেশ

হাজার বছরের জাঙালি জাতির ইতিহাসে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান (১৯২০-১৯৭৫) শ্রেষ্ঠতম বাঙালি। গণতান্ত্রিক মূল্যচেতনা, শোষণ মুক্তির আকাঙ্খা এবং অর্থনৈতিক অধিকার প্রতিষ্ঠা এ ত্রিমাত্রিক বৈশিষ্ট্যই বঙ্গবন্ধুর জাতীয়তাবাদী ভাবনার মূল কথা। বাংলাদেশের কথা বলতে গিয়ে অনিবার্যভাবে এসে যায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কথা। দেশের স্বার্থের কাছে, জনগণের স্বার্থের কাছে তিনি নিজের স্বার্থকে জলাঞ্জলি দিয়েছিলেন এ কারণেই বোধ করি কবি-মনীষী অন্নদাশংকর রায় বাংলাদেশের আরেক নাম রেখেছেন Mujibland। এক অর্থে, বঙ্গবন্ধুই একটা পর্বের বাংলাদেশের ইতিহাস। তার জীবন ও কর্মের ক্রমিক ইতিহাস পর্যালোচনা করলেই বাংলাদেশের স্বাধীনতা আন্দোলনের একটা বিশেষ সময়খন্ডের কথা আমরা জানতে পারি। পাকিস্তানি ঔপনিবেশিক শক্তির শৃঙ্খল থেকে তিনি বাঙালি জনগোষ্ঠীকে মুক্ত করতে চেয়েছেন, চেয়েছেন দেশকে স্বাধীন করতে। এই মুক্তির সংগ্রামে তিনি নিজের জীবনকে তুচ্ছ ভেবে জনগণের পক্ষে দাঁড়িয়েছেন, কিশোর বয়স থেকেই অন্যায়ের বিরুদ্ধে উচ্চারণ করেছেন প্রতিবাদ, সর্বদা বলেছেন সত্য ও ন্যায়ের কথা এবং এভাবে হয়ে উঠেছেন স্বাধীনতার মূর্ত প্রতীক। সত্য ও ন্যায়ের পথ থেকে তিনি কখনও দূরে সরে যাননি, ভীত ও অত্যাচারের মুখেও সর্বদা তিনি সত্য ও ন্যায়ের কথা বলেছেন, শোষিত মানুষের

CamScanner

অধিকারের কথা বলেছেন। শোষিত মানুষের পক্ষে বঙ্গবন্ধুর এই নির্ভীক অবস্থানের কারণে তিনি কেবল বাংলাদেশেই নয়, শোষিত-নির্যাতিত বিশ্বমানব সমাজেরও অবিসংবাদিত নেতা হিসেবে স্বীকৃতি পেয়েছেন। প্রসঙ্গত স্মরণ করতে পারি ১৯৭৩ সালে অনুষ্ঠিত আনজিয়ার্সের জোট-নিরপেক্ষ সম্মেলনে বঙ্গবন্ধুর সেই ঐতিহাসিক ভাষণের কথা, যেখানে তিনি স্পষ্ট করে বলেছিলেন 'বিশ্ব আজ দু'ভাবে বিভক্ত শোষক ও শোষিত। আমি শোষিতের পক্ষে।' জোট-নিরপেক্ষ আন্দোলন, জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশন এসব স্থানে শোষিত মানুষের পক্ষে বঙ্গবন্ধুর অবস্থান বিশ্বব্যাপী প্রশংসিত হয়, বিশ্বের শোষিত নির্যাতিত মানুষ বাঙালির বঙ্গবন্ধুকে বরণ করে নেয় নিজেদের নেতা হিসেবে।

একুশে ফেব্রুয়ারী

একুশে ফেব্রুয়ারি শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস। এটি বাঙালি জনগণের ভাষা আন্দোলনের একাধারে মর্মান্তিক ও গৌরবোজ্জ্বল স্মৃতি বিজড়িত একটি দিন। ১৯৫২ সালের এ দিনে (৮ ফাল্গুন, ১৩৫৯) বাংলাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষা করার দাবিতে আন্দোলনরত ছাত্রদের ওপর পুলিশের গুলিবর্ষণে কয়েকজন তরুণ শহীদ হন। তাই এ দিন শহীদ দিবস হিসেবে চিহ্নিত হয়ে আছে। বঙ্গীয় সমাজে বাংলা ভাষার অবস্থান নিয়ে বাঙালি মুসলমানের আত্ম-অন্বেষায় যে ভাষা চেতনার উন্মেষ ঘটে, তারই সূত্র ধরে বিভাগোত্তর পূর্ববঙ্গের রাজধানী ঢাকায় ১৯৪৭ সালের নভেম্বর-ডিসেম্বরে ভাষা-বিক্ষোভ শুরু হয়। ১৯৪৮ সালের মার্চে এ নিয়ে সীমিত পর্যায়ে আন্দোলন হয় এবং ১৯৫২ সালের একুশে ফেব্রুয়ারি তার চরম প্রকাশ ঘটে। ওই দিন সকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্ররা ১৪৪ ধারা অমান্য করে রাজপথে বেরিয়ে এলে পুলিশ তাদের ওপর গুলি চালায়। এতে আবুল বরকত, আবদুল জব্বার ও আবদুস সালামসহ কয়েকজন ছাত্ররা হতাহত হন। এ ঘটনার প্রতিবাদে ক্ষুব্ধ ঢাকাবাসী ঢাকা মেডিকেল কলেজ হোস্টেলে সমবেত হয়। নানা নির্যাতন সত্ত্বেও ছাত্রদের পাশাপাশি সাধারণ মানুষ প্রতিবাদ জানাতে পরের দিন ২২ ফেব্রুয়ারি পুনরায় রাজপথে নেমে আসে। তারা মেডিকেল কলেজ হোস্টেল প্রাঙ্গণে শহীদদের জন্য অনুষ্ঠিত গায়েবি জানাজায় অংশগ্রহণ করে। ভাষা শহীদদের স্মৃতিকে অমর করে রাখার জন্য ২৩ ফেব্রুয়ারি এক রাতের মধ্যে মেডিকেল কলেজ হোস্টেল প্রাঙ্গণে গড়ে ওঠে একটি স্মৃতিস্তম্ভ, যা সরকার ২৬ ফেব্রুয়ারী গুঁড়িয়ে দেয়। একুশে ফেব্রুয়ারির এ ঘটনার মধ্য দিয়ে ভাষা আন্দোলন আরও বেগবান হয়। ১৯৫৪ সালে প্রাদেশিক পরিষদ নির্বাচনে যুক্তফ্রন্ট জয়লাভ করলে ৯ মে অনুষ্ঠিত গণপরিষদের অধিবেশনে বাংলাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দেওয়া হয়। তখন থেকে প্রতি বছর এ দিনটি জাতীয় 'শোক দিবস' হিসেবে উদ্যাপিত হয়ে আসছে। বর্তমানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরিচালনায় ২১ ফেব্রুয়ারি রাত ১২টা এক মিনিটে প্রথমে রাষ্ট্রপতি এবং পরে একাদিক্রমে প্রধানমন্ত্রী, মন্ত্রিপরিষদের সদস্যবৃন্দ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, শিক্ষকবৃন্দ, ঢাকাস্থ বিভিন্ন দূতাবাসের কর্মকর্তাবৃন্দ, রাজনৈতিক নেতৃবৃন্দ, বিভিন্ন প্রতিষ্ঠান ও সংগঠন এবং সর্বস্তরের জনগণ কেন্দ্রীয় শহীদ মিনার-এ এসে শহীদদের প্রতি শ্রদ্ধার্ঘ্য নিবেদন করেন। এ সময় 'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি, আমি কি ভুলিতে পারি' গানের করুণ সুর বাজতে থাকে। বাংলাদেশ স্বাধীন হওয়ার পর একুশে ফেব্রুয়ারি সরকারি ছুটির দিন হিসেবে ঘোষিত হয়। এদিন শহীদ দিবসের তাৎপর্য তুলে ধরে রেডিও, টেলিভিশন এবং সাংস্কৃতিক সংগঠনগুলি বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করে। দেশের সংবাদপত্রগুলিও বিশেষ ক্রোড়পত্র প্রকাশ করে। ১৯৫২ সালের একুশে ফেব্রুয়ারি যে চেতনায় উদ্দীপিত হয়ে বাঙালিরা রক্ত দিয়ে মাতৃভাষাকে মর্যাদার আসনে প্রতিষ্ঠিত করেছিল, আজ তা দেশের গন্ডি পেরিয়ে আন্তর্জাতিক সম্প্রদায়ের স্বীকৃতি লাভ করেছে। ১৯৯৯ সালের ১৭ নভেম্বর অনুষ্ঠিত ইউনেস্কোর প্যারিস অধিবেশনে একুশে ফেব্রুয়ারিকে 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' হিসেবে ঘোষণা করা হয় এবং ২০০০ সালের ২১ ফেব্রুয়ারি থেকে দিবসটি জাতিসংঘের সদস্য দেশসমূহে যথাযথ মর্যাদায় পালিত হচ্ছে।

ঐতিহাসিক ৭ই মার্চ

বঙ্গবন্ধু ও বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা এক ও অবিচ্ছেদ্য বিষয়। স্বাধীনতার ঘোষণা বঙ্গবন্ধুর কাছে কোনো আকস্মিক বিষয় ছিল না, বরং ধারাবাহিক সংগ্রামের মধ্য দিয়ে অনিবার্য জাতীয় স্বাধীনতার দিকে তিনি বাংলার জনগণকে প্রস্তুত করেছিলেন। 'এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম' এই ঐতিহাসিক ঘোষণার মধ্যে যেমন দেশের ভৌগোলিক স্বাধীনতার কথা অন্তর্ভুক্ত তেমনি মানুষের সার্বিক মুক্তি ও কল্যাণের

আকাঙ্খাও ধারণ করেছে ৭ই মার্চের বঙ্গবন্ধুর ভাষণ। বঙ্গবন্ধু '৭১ এর ৭ই মার্চ যে ভাষণ দিয়েছিলেন ইতিহাসে তার তুলনা খুঁজে পাওয়া যায় না। বাঙালির হাজার বছরের দুঃখ-বেদনা, বঞ্চনা এবং ক্ষমতার কেন্দ্র থেকে দূরে থাকার ইতিহাস, কৃষক, কৈবর্ত, উপজাতিদের বিদ্রোহ প্রভৃতির বারুদ ঠাসা উপাদানে তার সচেতন এবং অবচেতন মনে এই ভাষণটি তৈরি হয়ে প্রকাশের জন্য উন্মুখ হয়েছিল। এ দিন লাখ লাখ মুক্তিকামী মানুষের উপস্থিতিতে এই মহান নেতা ঘোষণা করেন, 'রক্ত যখন দিয়েছি রক্ত আরো দেব, এ দেশের মানুষকে মুক্ত করে ছাড়ব ইনশাআল্লাহ। এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম, জয় বাংলা।' একাত্তরের ৭ই মার্চ বঙ্গবন্ধুর এই উদ্দীপ্ত ঘোষণায় বাঙালি জাতি পেয়ে যায় স্বাধীনতার দিকনির্দেশনা। এরপরই দেশের মুক্তিকামী মানুষ ঘরে ঘরে চূড়ান্ত লড়াইয়ের প্রস্তুতি নিতে শুরু করে। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের একাত্তরের ৭ই মার্চে দেওয়া ঐতিহাসিক ভাষণ পরবর্তীকালে স্বাধীনতা সংগ্রামের বীজমন্ত্র হয়ে পড়ে। একইভাবে এ ভাষণ শুধু রাজনৈতিক দলিলই নয়, জাতির সাংস্কৃতিক পরিচয় বিধানের একটি সম্ভাবনাও তৈরি করে। বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণকে ২০১৭ সালের ৩০ অক্টোবর বিশ্ব প্রামাণ্য ঐতিহ্য হিসেবে স্বীকৃতি দেয় জাতিসংঘের শিক্ষাবিজ্ঞান ও সাংস্কৃতিক বিষয়ক সংস্থা ইউনেসকো।

জলবায়ু পরিবর্তন

কোন জায়গার গড় জলবায়ুর দীর্ঘমেয়াদী ও অর্থপূর্ণ পরিবর্তন যার ব্যাপ্তি কয়েক যুগ থেকে কয়েক লক্ষ বছর পর্যন্ত হতে পারে তাকে জলবায়ু পরিবর্তন বলা হয়। জলবায়ু পরিবর্তন বিভিন্ন নিয়ামকের উপর নির্ভরশীল; যেমন- জৈব প্রক্রিয়াসমূহ, পৃথিবী কর্তৃক গৃহীত সৌর বিকিরণের পরিবর্তন, ভূত্বক গঠনের পাত্তন আগ্নেয়গিরির অগ্নুৎপাত, ইত্যাদি। তবে বর্তমান কালে সামাজিক ও রাজনৈতিক দৃষ্টিকোণ থেকে জলবায়ু পরিবর্তন বললে সারা পৃথিবীর ইদানীং সময়ের মানবিক কার্যকর্মের কারণে জলবায়ু পরিবর্তন বোঝায় যা ভূমন্ডলীয় উষ্ণতা বৃদ্ধি বেশি পরিচিত। জলবায়ু পরিবর্তনের ফলে পৃথিবীর বায়ুমন্ডলের তাপমাত্রা, বায়ুচাপ, বাতাস, ইত্যাদি পরিবর্তিত হয়। জলবায়ু পরিবর্তনের একটি প্রধান কারন হচ্ছে গ্রিনহাউস এফেক্ট। শক্তি উৎপাদনে জীবাশ্ম জ্বালানির পোড়ানোর ফলে বায়ুমন্ডলে কার্বন-ডাই-অক্সাইড, নাইট্রোজেন, মিথেন সহ নানা ধরনের ক্ষতিকারক গ্যাস বৃদ্ধি পায় এবং এই গ্যাস গুলো আমাদের বায়ুমন্ডলকে উৎতপ্ত করে চলেছে। ফলাফল স্বরূপ মেরু অঞ্চলের বরফ গলে যাচ্ছে,যার কারণে সমুদ্রের পানির উচ্চতা বৃদ্ধি পাচ্ছে এবং সমুদ্রের নিকটবর্তী নিম্ন অঞ্চলগুলো প্লাবিত হচ্ছে। মেরু অঞ্চলের বরফ গলে যাওয়া মেরু অঞ্চলের জীব বৈচিত্র্য হুমকির মুখে পড়েছে। নানা রকম প্রাকৃতিক দুর্যোগ যেমন: এসিড বৃষ্টি, জলোচ্ছ্বাস ইত্যাদি এই জলবায়ু পরিবর্তনের ফলেই হচ্ছে। জলবায়ু পরিবর্তনের আরেকটি বড় কারন হচ্ছে অধিক পরিমাণে বৃক্ষ নিধন এবং নতুন নতুন শিল্প কারখানা প্রতিস্থাপন। এইসব কারখানা থেকে প্রতিনিয়ত পৃথিবীর বায়ুমন্ডলে ক্ষতিকর গ্যাস নির্গত করে চলছে। এই সকল গ্যাস পরিবেশ এবং জলবায়ুর জন্য অত্যন্ত ক্ষতিকর। অন্যদিকে বৃক্ষের রয়েছে এইসকল ক্ষতিকর গ্যাসগুলো গ্রহণ করে, সেগুলোকে অক্সিজেনে রুপান্তরিত করার ক্ষমতা। কিন্তু আমরা সেই বৃক্ষ গুলোকেও নিধন করে চলেছি। বনের পর বন উজাড় করে চলছে শিল্প কারখানা এবং নতুন নতুন ভবন তৈরি করা হচ্ছে।

একুশে গ্রন্থমেলা

অমর একুশে গ্রন্থমেলা, ব্যাপকভাবে পরিচিত একুশে বইমেলা, স্বাধীন বাংলাদেশের ঐতিহ্যবাহী মেলাগুলোর অন্যতম। প্রতি বছর পুরো ফেব্রুয়ারি মাস জুড়ে এই মেলা বাংলা একাডেমির বর্ধমান হাউজ প্রাঙ্গণে ও বর্ধমান হাউজ ঘিরে অনুষ্ঠিত হয়। ২০১৪ খ্রিষ্টাব্দ থেকে অমর একুশে গ্রন্থমেলা বাংলা একাডেমির মুখোমুখি সোহরাওয়ার্দী উদ্যানে সম্প্রসারণ করা হয়েছে। তবে বাংলা একাডেমি প্রাঙ্গনেও মেলার একটি অংশ আয়োজন করা হয়। ১৯৫২ খ্রিষ্টাব্দের ফেব্রুয়ারি মাসের ২১ তারিখ বাংলা ভাষার জন্য আত্মোৎসর্গের যে বীরত্বপূর্ণ ঘটনা ঘটে, সেই স্মৃতিকে অম্লান রাখতেই এই মাসে আয়োজিত এই বইমেলার নামকরণ করা হয় 'অমর একুশে গ্রন্থমেলা'। ই মেলার ইতিহাস স্বাধীন বাংলাদেশের মতোই প্রাচীন। যতদূর জানা যায়, ১৯৭২ খ্রিষ্টাব্দের ৮ ফেব্রুয়ারি তারিখে চিত্তরঞ্জন সাহা ঢাকা বিশ্ববিদ্যালয় সংলগ্ন বর্ধমান হাউজ প্রাঙ্গণে বটতলায় এক টুকরো চটের ওপর কলকাতা থেকে আনা ৩২টি বই সাজিয়ে বইমেলার গোড়াপত্তন করেন। এই ৩২টি বই ছিলো চিত্তরঞ্জন সাহা প্রতিষ্ঠিত স্বাধীন বাংলা সাহিত্য পরিষদ (বর্তমান মুক্তধারা প্রকাশনী) থেকে প্রকাশিত বাংলাদেশি শরণার্থী লেখকদের লেখা বই। এই বইগুলো স্বাধীন বাংলাদেশের প্রকাশনা শিল্পের প্রথম অবদান। ১৯৭২ থেকে

CamScanner

১৯৭৬ খ্রিষ্টাব্দ পর্যন্ত তিনি একাই বইমেলা চালিয়ে যান। ১৯৭৬ খ্রিষ্টাব্দে অন্যান্যরা অনুপ্রাণিত হোন। ১৯৭৮ খ্রিষ্টাব্দে বাংলা একাডেমির তৎকালীন মহাপরিচালক আশরাফ সিদ্দিকী বাংলা একাডেমিকে মেলার সাথে সরাসরি সম্পৃক্ত করেন। ১৯৭৯ খ্রিষ্টাব্দে মেলার সাথে যুক্ত হয় বাংলাদেশ পুস্তক বিক্রেতা ও প্রকাশক সমিতি; এই সংস্থাটিও প্রতিষ্ঠা করেছিলেন চিত্তরঞ্জন সাহা। ১৯৮৩ সালে কাজী মনজুরে মওলা বাংলা একাডেমির মহাপরিচালক হিসেবে বাংলা একাডেমিতে প্রথম "অমর একুশে গ্রন্থমেলা"র আয়োজন সম্পন্ন করেন। কিন্তু স্বৈরাচারী এরশাদ সরকারের বিরুদ্ধে শিক্ষা ভবনের সামনে ছাত্রদের বিক্ষোভ মিছিলে ট্রাক তুলে দিলে দুজন ছাত্র নিহত হয়। ওই মর্মান্তিক ঘটনার পর সেই বছর আর বইমেলা করা সম্ভব হয়নি। ১৯৮৪ সালে সাড়ম্বরে বর্তমানের অমর একুশে গ্রন্থমেলার সূচনা হয়। সেই ৩২টি বইয়ের ক্ষুদ্র মেলা কালানুক্রমে বাঙালির সবচেয়ে স্বনামধন্য বইমেলায় পরিণত হয়েছে। বাংলা একাডেমি চত্বরে স্থান সংকুলান না-হওয়ায় ২০১৪ খ্রিষ্টাব্দ থেকে বইমেলা সোহরাওয়ার্দী উদ্যানে সম্প্রসারণ করা হয়েছে এ বছর ২৯৯টি অংশগ্রহণকারী প্রকাশকের মধ্যে ২৩২জন কে সোহরাওয়ার্দী উদ্যানে স্টল বরাদ্দ করা হয়, ২০০২ খ্রিষ্টাব্দে মেলায় ২৪০জন এবং ২০১২ খ্রিষ্টাব্দে সর্বোচ্চ ৪২৫ জন প্রকাশক অংশগ্রহণ করেছিল।

পর্যটন শিল্প

মানুষের একে অপরকে জানার আগ্রহ থেকেই পর্যটনের বিকাশ ঘটেছে। হয়ত পর্যটনের নামে নয়, কিন্তু পর্যটন বিষয়টি অনেক পুরাতন। মার্কোপোলো, ইবনে বতুতা, ফাহিয়েন, হিউয়েন সাং-সহ বিশ্ববিখ্যাত পর্যটকরা ইতিহাসে স্থায়ী হয় আছেন, সেই সময়ে যখন যোগাযোগের ব্যবস্থা ছিল খুবই কষ্টকর, সেই সময়েও ভ্রমণ পিপাসুরা ঘুরে বেড়েছিলেন দেশে দেশে। এসব বিখ্যাত পর্যটকের অনেকেই এ উপমহাদেশে এসেছিলেন যে কথা আমরা ইতিহাস থেকে জানতে পাই। আজ পর্যটনের যে ধারণা প্রতিষ্ঠা লাভ করেছে পৃথিবীব্যাপী, দেশে দেশে গড়ে উঠেছে সমৃদ্ধ পর্যটন শিল্প, লক্ষ লক্ষ মানুষ ঘুরে বেড়াচ্ছে দেশ-দেশান্তরে। পর্যটন এমনই এক অর্থনৈতিক খাত যেখানে প্রচুর বিনিয়োগ না করেও বিপুল আয় করা সম্ভব। পর্যটনের জন্য তেমন নতুন কিছু সৃষ্টি করতে হয় না। শুধু প্রকৃতি প্রদত্ত উপকরণকে রূপান্তরের মাধ্যমে আকর্ষণীয় করে উপস্থাপন করলেই চলে। পর্যটন স্পটগুলোকে সংরক্ষণ ও উন্নয়ন করলেই এ খাতে বিপুল আয় করা সম্ভবপর। বিশ্বের অনেক দেশ আছে যাদের জাতীয় আয়ের বিরাট অংশই পর্যটন খাত হতে আসে। বাংলাদেশ একটি সুপ্রাচীন দেশ। প্রাচীনত্বের গরিমায় বাংলা সারা বিশ্বে পরিচিত। বিভিন্ন সময় বিভিন্ন রাজরাজাদের পৃষ্ঠপোষকতায় এ-দেশের কৃষ্টি ও সংস্কৃতি দারুণভাবে উন্নতি লাভ করেছে। আমরা জানি খ্রিস্টপূর্বকালে বিশ্ব জয় করেছিল বাংলার মসলিন। পৃথিবীব্যাপী এদেশের সুনাম ছড়িয়ে পড়েছিল সোনারগাঁও-এ তৈরি সূক্ষ্ম বস্ত্র মসলিনের মাধ্যমে। দেশের সমৃদ্ধ ঐতিহ্য ও ইতিহাস বিদেশি পর্যটকদের আকর্ষণ করে দেশের জন্য আর্থিক সমৃদ্ধি আনায়ন করেছে। বাংলাদেশে পর্যটন শিল্পের ব্যাপক সম্ভাবনা বর্তমান। কেননা, পৃথিবীর সবচেয়ে বড় ম্যানগ্রোভ বন সুন্দরবন রয়েছে বাংলাদেশে যা বিশ্ববাসীর মনোযোগ আকর্ষণে রাখতে পারে ব্যাপক ভূমিকা। আমাদের রয়েছে পৃথিবীর দীর্ঘতম সমুদ্র সৈকত যা অবিচ্ছিন্নভাবে ১২০ কিলোমিটার দীর্ঘ। আরো একটি কারণে বাংলাদেশ পৃথিবীর সবচেয়ে গৌরবজনক আসন অলংকৃত করে আছে, তা একুশে ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস। বস্তুত ছাপান্ন হাজার বর্গমাইলের দেশটি যেন প্রাকৃতিক এক মিউজিয়াম। প্রাকৃতিক সৌন্দর্যে ভরপুর উপমহাদেশের এ দেশটি তাই মন-মাতানো, দৃষ্টিনন্দন এবং কবি লেখক তৈরিতে সহায়ক হয়েছে। চোখ জুড়ানো মন ভুলানো এ দেশ আমার আপনার গর্ব। এর সৌন্দর্যে বিভোর হয়ে কবি পেয়েছে ভাষা, মানুষ পেয়েছে আশা। পর্যটক চোখ খুলে মন ভরে উপভোগ করে এর সৌন্দর্য, মেটায় অন্তরের তৃষ্ণা ভ্রমণের মাধ্যমে। বাংলাদেশের অনুপম নিসর্গ ও সাংস্কৃতিক ঐতিহ্য পর্যটন শিল্প প্রসারের অনন্য উপাদান। এ অনুপম নৈসর্গিক ও সাংস্কৃতিক বৈচিত্র্য উপভোগের জন্য বাংলাদেশে যুগে যুগে হাতছানি দিয়েছে কাছের ও দূরের ভ্রমণ পিপাসুদের। তারা অবাক হয়ে দেখেছে এই পৃথিবীতে এমন একটি দেশ আছে যা ধন ধান্যে পুষ্পে ভরা, সবুজ শ্যামল প্রকৃতিময় আর আছে সুখ-শান্তি সমৃদ্ধির অফুরন্ত ভান্ডার। সম্প্রতি দেশে উৎসাহজনকহারে বাড়ছে বিদেশি পর্যটক ও পর্যটক খাত থেকে আসা বৈদেশিক মুদ্রার আয়। তবে প্রতিবেশি দেশগুলোর তুলনায় তা অতি ক্ষুদ্র। বর্তমানে বাংলাদেশের পর্যটন খাতের সম্ভাবনা আরো উজ্জ্বল হয়ে উঠেছে।

স্মার্ট বাংলাদেশ

স্মার্ট বাংলাদেশ বলতে স্বাভাবিকভাবে বোঝায় প্রযুক্তিনির্ভর নির্মল ও স্বচ্ছ তথা নাগরিক হয়রানিবিহীন একটি রাষ্ট্র বিনির্মাণ প্রক্রিয়া, যেখানে ভোগান্তি ছাড়া প্রত্যেক নাগরিক পাবে অধিকারের নিশ্চয়তা এবং কর্তব্য পালনের সুবর্ণ এক সুযোগ। সেই স্মার্ট বাংলাদেশের রূপরেখাকে চার ভাগে ভাগ করে ভবিষ্যৎ কর্মপরিকল্পনা হাতে নিয়েছে দেশরত্ন শেখ হাসিনার নেতৃত্বাধীন আওয়ামী লীগ সরকার। স্মার্ট সিটিজেন, স্মার্ট ইকনোমি, স্মার্ট গভর্নমেন্ট ও স্মার্ট সোসাইটি-এ শব্দগুলোর সঠিক বাস্তবায়নের মাধ্যমেই স্মার্ট বাংলাদেশ থিওরিকে বাস্তবে রূপায়ণ করা সম্ভব, যার মূল সারমর্ম হলো-দেশের প্রত্যেক নাগরিক প্রযুক্তি ব্যবহারে দক্ষ হবে, উইথ স্মার্ট ইকনোমি; অর্থাৎ, অর্থনীতির সব কার্যক্রম আমরা এ প্রযুক্তি ব্যবহার করে পরিচালনা করব। স্মার্ট গভর্নমেন্ট ইতোমধ্যে আমরা অনেকটা করে ফেলেছি। সেটিও করে ফেলব। আর আমাদের গোটা সমাজটাই হবে স্মার্ট সোসাইটি। এ বিবেচনায় ২০২১ থেকে ৪১ প্রেক্ষিত পরিকল্পনাও প্রণয়ন শুরু হয়ে গেছে, অর্থাৎ '২১ থেকে '৪১ পর্যন্ত সময়ে কীভাবে বাংলাদেশের উন্নয়ন হবে, তার একটা কাঠামো পরিকল্পনা বাংলাদেশ ইতোমধ্যেই প্রণয়ন করে ফেলেছে, যা জনগণের জন্য অন্যতম আশীর্বাদ বয়ে আনবে।

কর্ণফুলী টানেল

ব্যাখ্যাঃ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান টানেল বা বঙ্গবন্ধু টানেল বা বঙ্গবন্ধু সুড়ঙ্গ বা কর্ণফুলী সুড়ঙ্গ হল কর্ণফুলী নদীর নিচে অবস্থিত নির্মাণাধীন সড়ক সুড়ঙ্গ। এই সুড়ঙ্গটি কর্ণফুলী নদীর দুই তীরের অঞ্চলকে যুক্ত করবে। এই সুড়ঙ্গের মধ্য দিয়ে ঢাকা-চট্টগ্রাম-কক্সবাজার মহাসড়ক যুক্ত হবে। বঙ্গবন্ধু টানেলের দৈর্ঘ্য ৩.৪৩ কিলোমিটার। এই সুড়ঙ্গটি নির্মিত হলে এটিই হবে বাংলাদেশের প্রথম সুড়ঙ্গ পথ এবং দক্ষিণ এশিয়ায় নদী তলদেশের প্রথম ও দীর্ঘতম সড়ক সুড়ঙ্গ পথ। চীনা প্রতিষ্ঠান চায়না কমিউনিকেশন এ্যান্ড কনস্ট্রাকশন কোম্পানি লিমিটেড (সিসিসিসি) এই সুড়ঙ্গ নির্মাণ প্রকল্প বাস্তবায়ন করছে। চট্টগ্রাম শহর প্রান্তের নেভাল একাডেমির পাশ দিয়ে শুরু হওয়া এই সুড়ঙ্গ নদীর দক্ষিণ পাড়ের আনোয়ারা প্রান্তের চিটাগাং ইউরিয়া ফার্টিলাইজার লিমিটেড এবং কর্ণফুলী ফার্টিলাইজার লিমিটেড কারখানার মাঝামাঝি স্থান দিয়ে নদীর দক্ষিণ প্রান্তে পৌঁছাবে। কর্ণফুলী নদীর মধ্যভাগে কর্ণফুলী সুড়ঙ্গ অবস্থান করবে ১৫০ ফুট গভীরে। সবকিছু ঠিক থাকলে ২০২৩ ফেব্রুয়ারি থেকেই টানেল দিয়ে যানবাহন চলাচল করবে বলে আশা করছেন প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তারা।

চতুর্থ শিল্প বিপ্লব

চতুর্থ শিল্প বিপ্লব (বা ইন্ডাস্ট্রি ৪.০) হলো আধুনিক স্মার্ট প্রযুক্তি ব্যবহার করে প্রচলিত উৎপাদন এবং শিল্প ব্যবস্থার স্বয়ংক্রিয়করণের একটি চলমান প্রক্রিয়া। স্বয়ংক্রিয়করণ, উন্নত যোগাযোগ এবং স্ব-পর্যবেক্ষণ ব্যবস্থা এবং মানুষের হস্তক্ষেপ ছাড়াই সমস্যার বিশ্লেষণ এবং নিরূপণ করতে সক্ষম স্মার্ট মেশিন তৈরী করার জন্য বড় আকারে মেশিন-টু-মেশিন যোগাযোগ (এমটুএম) এবং ইন্টারনেট অব থিংস (আইওটি) কে একসাথে করা হয়েছে। চতুর্থ শিল্প বিপ্লব শব্দটি সর্বপ্রথম প্রবর্তন করেন একদল বিজ্ঞানী যারা জার্মান সরকারের জন্য একটি উচ্চ প্রযুক্তিগত কৌশল তৈরী করছিলেন। ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের নির্বাহী চেয়ারম্যান ক্লাউস শোয়াব ২০১৫ সালে ফরেন অ্যাফেয়ার্স এ প্রকাশিত একটি নিবন্ধের মাধ্যমে শব্দটিকে বৃহৎ পরিসরে উপস্থাপন করেন। "চতুর্থ শিল্প বিপ্লবকে আয়ত্ত করা" ছিল ২০১৬ সালে সুইজারল্যান্ডের ডেভোস-ক্লোস্টারস এ অনুষ্ঠিত ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের বার্ষিক সভার বিষয়বস্তু ১০ অক্টোবর, ২০১৬ সালে ওয়ার্ল্ড ইকোনোমিক ফোরাম স্যান ফ্র্যান্সিস্কোতে তাদের চতুর্থ শিল্প বিপ্লবের কেন্দ্র উদ্বোধনের ঘোষণা দেয়। এটি (চতুর্থ শিল্প বিপ্লব) শোয়াবের ২০১৬ সালে প্রকাশিত বইয়ের বিষয় এবং শিরোনামও ছিল। শোয়াব এই চতুর্থ যুগের জন্য এমন সব প্রযুক্তির কথা উল্লেখ করেছেন যেগুলো হার্ডওয়্যার, সফটওয়্যার এবং বায়োলজি (সাইবার-ফিজিক্যাল সিস্টেমস) কে একত্রিত করে এবং পারস্পরিক সংযোগ স্থাপনের অগ্রগতির ওপর জোর দেয়। শোয়াব আশা করেন এই যুগটি রোবোটিক্স, কৃত্রিম বুদ্ধিমত্তা, ন্যানো টেকনোলজি, কোয়ান্টাম কম্পিউটিং, বায়োটেকনোলজি, ইন্টারনেট অফ থিংস, ইন্ডাস্ট্রিয়াল ইন্টারনেট অফ থিংস, ডিসেন্ট্রোলাজড কনসেনসাস, পঞ্চম প্রজন্মের ওয়্যারলেস প্রযুক্তি, থ্রিডি প্রিন্টিংয়ের এবং সম্পূর্ণ স্বশাসিত যানবাহন এর ক্ষেত্রে উদীয়মান প্রযুক্তির যুগান্তকারী যুগ হিসেবে চিহ্নিত হবে। ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের গ্রেট রিসেট প্রস্তাবনায় চতুর্থ শিল্প প্লিবকে COVID-19 মহামারী পরবর্তী অর্থনীতি পুনর্গঠনের কৌশলগত টেকসই সমাধান হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে।

CamScanner

মুক্তিযুদ্ধ ও বাংলাদেশ

১৯৪৭ খ্রিষ্টাব্দে ইংরেজদের অধীনতা থেকে মুক্ত হবার পর সেদিন বাঙালী জীবনে নতুন ভোর আর নতুন বাচার প্রতিশ্রুতি। কিন্তু তা হলো না ১৯৪৭ থেকে আবার শুরু হলো নতুন সংগ্রাম। আবার জন্ম নিল বাংলা মায়ের বহু স্বাধীনতা সংগ্রামী সন্তান। পশ্চিম পাকিস্তান থেকে পূর্ব পাকিস্তান দূরত্বটা হাজার মাইলেরও বেশী। মাঝখানে আর একটা দেশ ভারতবর্ষ। এত দূরত্ব এত বাধা সত্ত্বেও পশ্চিম পাকিস্তান এ অঞ্চলের ওপর আধিপত্য বিস্তার করলো শুধুমাত্র ধর্মের ভিত্তিতে। ধর্মের কারনেই বাঙালীর সামাজিক, অর্থনৈতিক, রাজনৈতিক, সাংস্কৃতিক জীবন পুনরায় শৃঙ্খলিত হলো। ১৯৭১ এর ২৬শে মার্চ যে মুক্তি আন্দোলনের সুচনা হয়েছিল সেটা কোনো হঠাৎ আন্দোলন ছিল না। ইতিপূর্বে আরো কয়েকটা আন্দোলন হলো। ১৯৪৮ খ্রী: ভাষা আন্দোলন যেটা ছিল পশ্চিম পাকিস্তানের উর্দু ভাষাকে চ্যালেঞ্জ জানিয়ে বাংলাকে রাষ্ট্রীয় ভাষার স্বীকৃতিদানের লড়াই। ১৯৬২ খ্রীষ্টাব্দে হলো শিক্ষা আন্দোলন। শিক্ষার সর্বজনীন অধিকারই ছিল এর মূল লক্ষ্য। তবে শুধুমাত্র শিক্ষার দাবীতেই এ আন্দোলন সীমাবদ্ধ ছিল না। এর সঙ্গে যুক্ত হয়েছিল আরো কিছু অধিকারের দাবী। ১৯৫৮ খ্রীষ্টাব্দে পাকিস্তানের সামরিক শাসক আয়ুব খান দেশের শাসনভার দখল করে নেন। একদিকে সামরিক শাসন অপরদিকে শোষণ, বঞ্চনা, অত্যাচার পূর্ব বঙ্গের মানুষের আর মেনে নেওয়া সম্ভব হচ্ছিল না। এরুপ পরিস্থিতিতে আওয়ামীন লীগ নেতা বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান ১৯৬৬ খ্রীষ্টাব্দে বাঙালী জাতির জন্য স্বায়ত্তশাসন দাবী করলেন এবং পেশ করলেন ৬ দফা দাবী। এ দাবীর মূল বক্তব্য ছিল প্রতিটি অঙ্গরাজ্যের স্বায়ত্তশাসন দান। এ দাবীর পর আওয়ামীন লীগের ছোট বড়ো অনেক নেতাই কারারুদ্ধ হলেন। মুজিবর রহমানকে দেশদ্রোহিতার অভিযোগে অভিযুক্ত করে তার বিরুদ্ধে করা হলো আগরতলা ষড়যন্ত্র মামলা। শুরু হলো দেশজুড়ে আন্দোলন, নেতৃত্বে এগিয়ে এলো ছাত্রসমাজ। আন্দোলনের ভয়াবহতায় শেষ পর্যন্ত পাকিস্তান সরকার মুজিবর রহমানকে মুক্তি দিতে বাধ্য হলো। তবে জনগণের অসন্তোষ তাতে থামেনি। ভেতরের অসন্তোষ শুধু স্ফুলিঙ্গের অপেক্ষায়। কারণ বাঙালী জাতি বুঝতে পেরেছিল যে কোনো উপায়ে স্বাধীনতা আনতেই হবে। আর সেই স্বাধীন ভোর হতে বেশী বাকি নেই। সালটা ১৯৭০। সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হলো। এই নির্বাচনে বিপুল সংখ্যক আসনে জয়যুক্ত হলো আওয়ামীন লীগ নেতা মুজিবর রহমান। তার এই একক সংখ্যাগরিষ্ঠতা পশ্চিম পাকিস্তানের প্রায় রাতের ঘুম কেড়ে নিল । শুরু হলো মুজিবর রহমান বিরোধী ষড়যন্ত্র। ১৯৭১ খ্রীষ্টাব্দে ৭ই মার্চ মুজিবর এক ঐতিহাসিক ভাষন দিলেন। বাংলাদেশের ইতিহাস যে ভাষনকে চিরকাল শ্রদ্ধার সঙ্গে স্মরন করবে। তাতেই স্পষ্ট হয়ে উঠল এই শোষণ আর শাসনের স্বরূপ। এসবের শেষ প্রস্তুতি হিসেবে পশ্চিম পাকিস্তান নিয়ে এলো ২৫ শে মার্চের সেই কালো রাতকে। হাজারো সংখ্যায় পাকিস্তানি সেনা রাস্তায় নেমে পড়লো। শুরু হলো নিষ্ঠুরভাবে বাঙালী হত্যা সঙ্গে চললো সরকারি বেসরকারী ঘরবাড়ি ধ্বংস, গৃহে অগ্নিসংযোগ, মহিলাদের সম্মানহানী। সে রাতে পাকিস্তানি সেনারা যাকে যেভাবে পেয়েছে তাকে সেভাবেই গুলি করেছে। ঢাকা সেদিন সত্যিই আতঙ্কের রাত। সে রাতে ঢাকা বিশ্ববিদ্যালয়েরও বহু ছাত্র নিহত হলো। সে রাতেই মুজিবর রহমান গ্রেপ্তার হলেন। পরদিন অর্থাৎ ২৬শে মার্চ বাংলাদেশের স্বাধীনতা ঘোষিত হলো। শুরু হলো দেশজুড়ে আন্দোলন। দেশের সর্বশ্রেনীর মানুষ স্বতঃস্ফূর্তভাবে আন্দোলনে ঝাপিয়ে পড়লো। ছাত্র থেকে শুরু করে কৃষক, শ্রমিক কেউই এ আন্দোলন থেকে পিছিয়ে যায়নি সেদিন। গড়ে উঠল মুক্তিবাহিনী , শুরু হলো গেরিলা পদ্ধতিতে যুদ্ধ। এই সময় বহু মানুষ জীবন বাচাবার তাগিদে ভারতবর্ষে আশ্রয় গ্রহণ করে। ২৭শে মার্চ ভারতীয় প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী মুক্তি যুদ্ধকে সমর্থন জানালেন। কূটনৈতিক, সামরিক, অর্থনৈতিক সবদিক থেকেই ভারতবর্ষ সাহায্যের হাত এগিয়ে দিলো। নভেম্বরে গঠিত হলো মুক্তিবাহিনী ও ভারতীয় বাহিনীর যৌথ কমান্ড । একে একে পাকিস্তানী ঘাটির পতন ঘটতে লাগল। দীর্ঘ নয় মাসব্যাপী চলা এই যুদ্ধ অবশেষে পূর্ণতা পেল ১৬ই ডিসেম্বর ১৯৭১ খ্রীষ্টাব্দে। ঢাকার রেসকোর্স ময়দানে ৯৩০০০ পাকিস্তানী সৈন্য আত্মসমর্পণ করলো। ঘরিতে তখন বিকেল ৫টা ১ মিনিট, পাকিস্তান আত্মসমর্পণের দলীলে স্বাক্ষর করলো। লক্ষ লক্ষ মানুষের আত্মত্যাগে বাংলাদেশ পৃথিবীর মানচিত্রে স্বাধীন সার্বভৌম্য রাষ্ট্র হিসেবে আত্মপ্রকাশ করলো। এভাবেই মুক্তিযুদ্ধ জয়ী হলো। বাংলাদেশ আজ অনেকটাই উন্নতির পথে। জাতীয় জীবনের অনেক বাধাই সে কাটিয়ে উঠেছে। আরো উন্নতি করুক আমার বাবা মায়ের ফেলে আসা এ জন্মভূমি।

স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী

বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণজয়ন্তী হলো ১৯৭১ সালে ২৬ মার্চ থেকে ১৬ ডিসেম্বর নয়মাস সশস্ত্র মুক্তিযুদ্ধের মাধ্যমে পাকিস্তানের কাছ থেকে বাংলাদেশের স্বাধীনতা অর্জনের ৫০ বছরপূর্তি পালনের জন্য বাংলাদেশ সরকার কর্তৃক ঘোষিত একটি বার্ষিক পরিকল্পনা। সরকার ২৬ মার্চ ২০২১ থেকে ১৬ ডিসেম্বর ২০২১ পর্যন্ত স্বাধীনতার সুবর্ণজয়ন্তী পালনের ঘোষণা দেয়। আভিধানিক ভাষায়, "সুবর্ণজয়ন্তী" শব্দটি মূলত কোনো ঘটনার ৫০ বছরপূর্তিকে নির্দেশ করে। ১৯৭১ সালের ২৫শে মার্চ রাতে পাকিস্তান সেনাবাহিনী ঢাকাসহ সমগ্র বাংলাদেশে গণহত্যা চালায়। এই গণহত্যায় শুধুমাত্র ঢাকাতেই ৬ থেকে ৭ হাজার সাধারণ মানুষ সেই রাতে প্রাণ হারায়। বাংলাদেশে এই দিনটি জাতীয় গণহত্যা দিবস নামে পরিচিত। সেই দিন রাত ১২ টার পর (২৬শে মার্চ প্রথম প্রহরে) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করেন এবং মুক্তিযুদ্ধ শুরু হয়। ২৬শে মার্চ প্রথম প্রহরে বঙ্গবন্ধু বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করায় ১৯৭২ সাল থেকেই বাংলাদেশ ২৬শে মার্চ কে "স্বাধীনতা দিবস" হিসাবে পালন করে আসছে। অবশেষে ১৯৭১ সালের ১৬ই ডিসেম্বর পাকিস্তানি সেনাবাহিনী আত্মসমর্পণ করে এবং বাংলাদেশ বিজয় অর্জন করে। এই দিনটি ১৯৭২ সাল থেকে বাংলাদেশ বিজয় দিবস হিসাবে পালন করছে। ২০২১ সালে স্বাধীনতার ঘোষণা ও যুদ্ধে বিজয় অর্জনের ৫০ বছর পূর্ণ হয়। তাই স্বাধীনতার ৫০তম বার্ষিকীকে স্মরণীয় করে রাখতে ২০২১ সালকে 'সুবর্ণজয়ন্তী' হিসাবে পালন করা হয়। ২০০৮ সালের সংসদীয় নির্বাচনে আওয়ামী লীগ তাদের নির্বাচনী ইস্তেহারের মধ্যে ২০২১ সালে স্বাধীনতার সুবর্ণজয়ন্তীকে সামনে রেখে "রূপকল্প ২০২১" ঘোষণা করে, যেখানে ২০২১ সালের মধ্যেই বাংলাদেশকে একটি উন্নয়শীল, ডিজিটাল ও আধুনিক রাষ্ট্রে পরিণত করার প্রত্যয় দেয়া হয়।

নবান্ন উৎসব

'নবান্ন' শব্দের অর্থ 'নতুন অন'। নবান্ন উৎসব হল নতুন আমন ধান কাটার পর সেই ধান থেকে প্রস্তুত চালের প্রথম রান্না উপলক্ষে আয়োজিত উৎসব। কৃষি প্রধান বাংলাদেশে কৃষি সংশ্লিষ্ট অনেক উৎসব রয়েছে। নবান্ন উৎসব এর মধ্যে অন্যতম। বাংলাদেশের অধিকাংশ জনগণই কৃষিজীবী। কঠিন মাটিকে তারা তাদের শ্রম ও শক্তির দ্বারা নমনীয় করে সেখানে প্রাণের জোয়ার সৃষ্টি করে। রোদ-বৃষ্টি মাথায় নিয়ে অসম্ভব খাটুনির পর খেতের সোনালি ফসল যখন তারা ঘরে তুলতে পারে তখন তাদের প্রাণের আনন্দের বান ডেকে যায়। নবান্ন উৎসব এই আনন্দমুখর প্রাণেরই উৎসব। হেমন্তের শুরু থেকেই সারা বাংলার ঘরে ঘরে ফসল তোলার ধুম পড়ে যায়। তখন এই লোক উৎসব গ্রামবাংলার ঘরে ঘরে পালিত হয়। উৎসবের দিন ভোর না হতেই ছেলেমেয়েরা ঘরের বাইরে এসে ছড়া কেটে দাঁড় কাকদের নিমন্ত্রণ করত। এ দিন ভোরে নতুন ধানের নতুন চাল পেঁকিতে কোটা হয়। বেলা বাড়ার সাথে সাথে বাড়ির প্রবীণরা পারলৌকিক ক্রিয়া সম্পন্ন করেন এবং ছোট ছেলে-মেয়েরা নতুন জামা-কাপড় পরে। এরপর বাড়ির উঠোনে গর্ত করে জ্যান্ত কই মাছ ও দুধ দিয়ে একটি বাঁশ পোঁতা হয়। একে বলে বীর বাঁশ। বীর বাঁশের প্রতিটি কঞ্চিতে নতুন ধানের ছড়া বাঁধা হয়। বীর বাঁশ পোঁতার পর একটি কলার খোলে চাল মাখা কলা ও নারকেলের নাড়ু কাককে খেতে দেওয়া হয়। কাককে কেন্দ্র করে অনুষ্ঠিত এ পর্বটির নাম কাকবলি। এই অনুষ্ঠান শেষ না হওয়া পর্যন্ত কেউ আহার করে না। শস্যের অধিষ্ঠাত্রী দেবী লক্ষ্মীকে পূজা এবং নবান্ন দিয়ে পরে সকলে আহার করে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদ বেশ ঘটা করেই পালন করে নবান্ন উৎসব। বর্ণিল আয়োজনের মধ্য দিয়ে তিন দিনব্যাপী অনুষ্ঠানে রাজধানীবাসী উপভোগ করে থাকে। নানা রকমের পিঠাপুলির আয়োজন থাকে নবান্ন উৎসবে। আমাদের দেশে নবান্ন উৎসবে অঞ্চলভেদে চলে জারি, সারি, মুর্শিদি, লালন, পালা ও বিচার গান। আর মেলায় পাওয়া যায় নানা স্বাদের খাবার। ছোটদের বাড়তি আনন্দ দিতে মেলায় আসে নাগরদোলা, পুতুল নাচ, সার্কাস, বায়োস্কোপ। ক্রমান্বয়ে এই লোক উৎসবটি সকল সম্পদায়ের মধ্যে জনপ্রিয়তা লাভ করে। বর্তমান সময়ে নবান্ন উৎসবের ব্যাপকতা কিছুটা হ্রাস পেয়েছে। আমাদের উচিত বাংলা ও বাঙালির এই লোক ঐতিহ্যকে টিকিয়ে রাখা।

পরিবেশ দূষণ

পরিবেশ দূষণ হল মানুষের কর্মকান্ডের ফলশ্রুতিতে পরিবেশের উপাদানে অনাকাঙ্খিত পরিবর্তন। আমাদের চারপাশে যা কিছু আছে তা নিয়েই আমাদের পরিবেশ। পরিবেশ কোনো একটি জীবের অস্তিত্ব বা বিকাশের ওপর ক্রিয়াশীল সামগ্রিক পারিপার্শ্বিকতা, যেমন চারপাশের ভৌত

CamScanner

অবস্থা, জলবায়ু ও প্রভাববিস্তারকারী অন্যান জীব ও জৈব উপাদান। কোনো কারণে এই পরিবেশের ভারসাম্য বিঘ্নিত হওয়াকে পরিবেশ দূষণ বলে। বায়ু দূষণ, পানি দূষণ, শব্দ দূষণ, মাটি দূষণ, খাদ্য দূষণ, আর্সেনিক দূষণ, তেজস্ক্রিয় দূষণ, ওজোন গ্যাস হ্রাস, গ্রিন হাউস ইফেক্ট ইত্যাদি সবকিছুই পরিবেশ দূষণের অন্তর্ভুক্ত। বস্তুত মানব সৃষ্ট বিভিন্ন কারণই পরিবেশ দূষণের জন্যে বিশেষভাবে দায়ী। বিশ্ব পরিবেশের দ্রুত অবনতি হচ্ছে, বাংলাদেশে গত কয়েক দশকে এ অবনতি হয়েছে আরও দ্রুত। বাংলাদেশে ১৯৯৫ সালে পরিবেশ সংরক্ষণ আইন পাস হয়েছে। কিন্তু জনবিস্ফোরণ, বনাঞ্চলের অবক্ষয় ও ঘাটতি এবং শিল্প ও পরিবহ ব্যবস্থার অভাবের দরুন দেশের পরিবেশ এক জটিল অবস্থার দিকে পৌঁছতে যাচ্ছে। মানুষ নিজের প্রয়োজনে প্রকৃতিকে যেমন কাজে লাগাচ্ছে বা প্রাকৃতিক সম্পদকে ব্যবহার করছে, প্রকৃতিও তেমনি আহত রূপ নিয়ে মানুষের তথা সমগ্র প্রানপুঞ্জের ঠিক সমপরিমাণ বিরোধিতা করতে তৎপর। শতাব্দীর পর শতাব্দী ধরে বিজ্ঞানের বিজয় গৌরবে মোহান্ধ মানুষ পৃথিবীর পরিবেশকে বিষাক্ত করেছে। আজও করছে। ছড়িয়ে দিচ্ছে ক্ষতিকর সব আবর্জনা। তার ফল হয়েছে বিষময়। পরিবেশ দূষিত হয়েছে। আর দূষিত পরিবেশ প্রাকৃতিক ভারসাম্য নষ্ট করছে। তাই গোটা জীবজগতের অস্তিত্বই আজ বিপন্ন। বর্তমানে পরিবেশ দূষণ মানবসভ্যতার জন্যে বিরাট হুমকি স্বরূপ।

যানজট নিরসনে মেট্রোরেল

বাংলাদেশের মেগা প্রকল্প গুলোর মধ্যে বর্তমানে চলমান রয়েছে মেট্রোরেল। যার বাস্তবায়ন বদলে দিবে মেগা সিটি ঢাকার চেহারা। রাজধানী ঢাকাকে যানজট মুক্ত করতে এই মেগা প্রকল্প হাতে নিয়েছে সরকার। এই প্রকল্পের ৭৫ শতাংশ অর্থ ব্যয় করছে জাইকা নামক সংস্থা। এবং বাকি ২৫ শতাংশ বাংলাদেশ সরকারের অর্থায়ন। এই রেল ব্যবস্থাটি শুধু মাত্র রাজধানী ঢাকার জন্যে নির্মাণ করা হচ্ছে। এর প্রথম ধাপ নির্মাণ হচ্ছে উত্তরা-মতিঝিল রুটে। ঢাকা মেট্রোরেল প্রকল্পকে বলা হয় ম্যাস র‍্যাপিড ট্রানজিট। সংক্ষেপে একে MRT বলা হয়। এই প্রকল্পটি হাতে নেয়া হয় ২০১৩ সালে। যার উদ্দেশ্য ছিলো রাজধানীর অতিমাত্রার যানজট কমিয়ে আনা। এবং এর উদ্দেশ্য কৌশলগত এই পরিবহন পরিকল্পনা গৃহিত হয়। এটি দেশের প্রথম মেট্রোরেল প্রকল্প। প্রথমে এর লাইন সংখ্যা ধরা হয় ৩টি। কিন্তু ২০১৬ সালে প্রণীত সংশোধিয় কৌশলগত পরিবহন পরিকল্পনা অনুসারে এর লাইনের সংখ্যা ৫টি করা হয়। মোট ২০.১ কিলোমিটার দীর্ঘ ৬টি লাইনকে নির্বাচন করা হয়। পরবর্তীতে ২০১৬ সালের ২৬ জুন উদ্বোধন করা হয় ঢাকা মেট্রোরেল প্রকল্পের নির্মাণ কাজ। ঢাকা মেট্রোরেল প্রকল্পের একটি রেল হলো এম আর টি লাইন ৬। এটি উত্তর-মতিঝিলে অবস্থিত বাংলাদেশ ব্যাংক অব্দি বিদ্যমান। এই ২০.১ কিলোমিটার পথ পাড়ি দিতে এখন থেকে ঢাকা বাসীর প্রয়োজন হবে মাত্র ৩৫ মিনিট। এই রুটের ১৫টি স্টেশন থাকবে। এই রেলের পুরোটি পথ উড়াল সড়ক, এটি মাটি হতে প্রায় ১৩ মিটার উপরে। যেহেতু এটি যানজট নিরসনে নির্মিত তাই উড়াল সড়ক নির্মাণ করা হচ্ছে। সড়ক নির্মাণের পরই শুরু হয়েছিল রেল পথের কাজ। ছাড়াও উন্নত প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে শব্দ নিরোধের জন্যে শব্দ নিরোধক দেয়াল থাকবে এর দু'পাশে। ২০১৯ এর জুলাইয়ের মধ্যে এর উত্তরা হতে আগারগাঁও অব্দি ১২ কিলোমিটার সড়ক এর মধ্যে ৪ কিলোমিটার উড়াল সড়ক নির্মাণ করা গিয়েছে। এছাড়া আগারগাঁও-মতিঝিল ৮.১২ কিলোমিটার পথে পাইলিং ও পিলারের কাজ দ্রুততম সময়ের মধ্যে করা হচ্ছিলো। মসজিদের শহর ও রিকশার শহর থেকে যে কবে আমাদের রাজধানী যানজটের শহর হয়ে দাঁড়িয়েছে তা আমরা ভুলেই গিয়েছে। বাংলাদেশের রাজধানী মুখি বিশাল জনসংখ্যার ফলে দিন রাত যানজট বিদ্যমান এখানে। ১৫ মিনিটের রাস্তায় লাগে ১ ঘন্টা। এতে অতিষ্ঠ হয়ে পড়েছে ঢাকার জনসাধারণ। তাই এই মেট্রোরেল তাদের এই দুঃসহ যন্ত্রণা হতে রক্ষা করবে। মুক্তি দিবে যানজট থেকে। এছাড়া প্রতি বছর লক্ষকোটি টাকা যানজটের ফলে অপচয় হয় তা রোধ হবে। গতিশীল হবে অর্থনীতি। তাই মেট্রোরেলের গুরুত্ব অপরিসীম।

ENGLISH

Correction/Right Form of Verb

Subject-Verb Agreement

☑ Subject-এর head-word অনুসারে verb বসে। অর্থাৎ head-word singular হলে verb singular হবে এবং head-word plural হলে verb plural হবে।

Example:
Inc: The quality of the mangoes are good.
Cor: The quality of the mangoes is good.
Inc: His choice of words are excellent.
Cor: His choice of words is excellent.
Inc: The color of her eyes are blue.
Cor: The color of her eyes is blue.
Inc: A number of boys was present.
Cor: A number of boys were present.
Inc: There are a book on the table.
Cor: There is a book on the table.
Inc: There is two books on the table.
Cor: There are two books on the table.

☑ Many a/an এর পরে noun ও verb singular হয়। কিন্তু many এর পরে noun ও verb উভয়ই plural হয়।
[Many a/an + Noun (sing) + verb (sing.)] & [Many + Noun (Pl.) + verb (Pl.)]

Example:
Inc: Many a rich men live here.
Cor: Many a rich man lives here.
Inc: Many a boys were presnt.
Cor: Many a boy was present.
Inc: Many man was absent in the meeting.
Cor: Many people were absent in the meeting.

☑ Relative prononun এর পরের verb টি সাধারনত relative pronoun এর ঠিক পুর্বের noun/pronoun অর্থাৎ antecedent (পুর্বপদ) অনুসারে বসে।

Example:
Inc: It is I who is responsible.
Cor: It is I who am responsible.
Inc: It was you who was to blame.
Cor: It was you who were to blame.
Inc: He is one of those who does not smoke.
Cor: He is one of those who do not smoke.
Inc: I killed the mosquitoes that was disturbing me.
Cor: I killed the mosquitoes that were disturbing me.

☑ And দ্বারা যুক্ত দুটি পদ আলাদা দুইজন ব্যক্তিকে নির্দেশ করলে দুটি পদের পূর্বেই the বসে এবং পরের verb টি plural হয়। কিন্তু দুটি পদ একই ব্যক্তিকে নির্দেশ করলে শুধুমাত্র প্রথম পদটির পূর্বে the বসে ও পরের verbটি singular হয়।

Example:
Inc: The headmaster and the secretary of our school was present.
Cor: The headmaster and the secretary of our school were present.
Inc: The magistrate and judge were present.
Cor: The magistrate and judge was present.

☑ And দ্বারা যুক্ত একাধিক noun যদি একই বস্তু বা একই ভাব নির্দেশ করে তাহলে subject & verb singular হয়।

Example:
Inc: Bread and butter are my favourie breakfast.
Cor: Bread and butter is my favourite breakfast.
Inc: Slow and steady win the race.
Cor: Slow and steady wins the race.
Inc: The horse and carriage are at the gate.
Cor: The horse and carriage is at the gate.

[ব্যতিক্রম ঃ And দ্বারা যুক্ত একাধিক noun যদি একই বস্তু বা একই ভাব নির্দেশ না করে তাহলে subject & verb plural হয়। যেমনঃ Bread and butter have been bought from the market. Time & tide wait for none.]

☑ দুটি subject যদি and দ্বারা যুক্ত হয় তবে plural verb হবে।

Example:
Inc: Jamal and I walks to school.
Cor: Jamal and I walk to school.
Inc: Shamim and I are going to the cinerma.
Cor: Shamim and me are going to the cinerma.

☑ Collective noun এর পর singular verb বসে। কিন্তু বিচ্ছন্নতা/ভিন্নতা বুঝালে Collective noun এর পর plural verb বসে।

Example:
Inc: The jury are giving its verdict today.
Cor: The jury is giving its verdict today.
Inc: The jury was divided into two groups.
Cor: The jury were divided into two groups.

CamScanner

☑ "As well as, with, together with, along with, including, excluding, accompanied by, no less than, in addition to, followed by, and + no/not" থাকলে প্রথম subject অনুযায়ী verb বসে।

Example:
Inc: The chairman, along with the members, were present.
Cor: The chairman, along with the members, was present.
Inc: Jerin as well as her brothers are good.
Cor: Jerin as well as her brothers is good.
Inc: I, and not kamal has done it.
Cor: I, and not kamal have done it.

☑ সাধারনত একাধিক person বিশিষ্ট subject এ 2nd person, 3rd person ও 1st person (231) এই ক্রমানুসারে বসে। কিন্তু দোষ স্বীকার বুঝালে বিপরীত ক্রমানুসারে (132) বসে।

Example:
Inc: I, you and he did the work.
Cor: You, he and I did the work.
Inc: You, he and I are guilty.
Cor: I, he and you are guilty.

আবার subject অনুসারে possesive case বসে।

Example:
Inc: You and he should do his duty.
Cor: You and he should do your duty.
Inc: You and I have findished your duty.
Cor: You and I have findished our duty.
Inc: Everyone has got his prize.
Cor: Everyone has got his/her prize.
Or Everyone has got their prize.

Everyone, everybody, someone, somebody, none, no one, no body, জাতীয় শব্দগুলি grammatically singular এবং এদের পরে সব সময় singular verb বসে।

Example:
Inc: Everyone/everybody want to be happy.
Cor: Everyone/everybody wants to be happy.
Inc: Some one are calling you.
Cor: Some one is calling you.
Inc: Nobody like a liar.
Cor: Nobody likes a liar.
Inc: None were present there.
Cor: None was present there.

কিন্তু আধুনিক ইংরেজিতে সমস্যা এড়াতে এগুলোর পরে plural pronoun/determiner ব্যবহার করা হয়।

Example:
Everybody should do their duty.
None should disobey their parents.

এগুলোর পরে His/her ব্যবহার করা যেতে পারে কিন্তু শুধু his কিংবা her ব্যবহার করা হলে gender-biased হয়ে যাবে।

Example:
Inc: One should do his duty.
Cor: One should do one's duty.

☑ Each/every/either/Neither/Any/No/None/No one/More than one ইত্যাদির পরে Noun/pronoun এবং verb singular হয়। কিন্তু Each of the/One of the/None of the/Either of the/Neither of the/Every of the ইত্যাদির পরে Noun/pronoun plural হয় এবং verb singular হয়।

Example:
Inc: Each girl/boy have got a prize.
Cor: Each girl/boy has got a prize.
Inc: No bus and no train were seen.
Cor: No bus and no train was seen.
Inc: Either of the pen will do.
Cor: Either of the pens will do.
Inc: One of them are going.
Cor: One of them is going.
Inc: Neither of the girls were beautiful.
Cor: Neither of the girls was beautiful.

☑ Or, but, nor দ্বারা দুই/ততোধিক Noun/Pronoun থাকলে শেষেরটি অনুযায়ী verb বসে।

Example:
Inc: You or I were there.
Cor: You or I was there.

তবে দুটো noun/pronoun এর মধ্যে একটি singular ও অন্যটি plural অন্যটি হলে সাধারনত singular noun টি আগে ও plural nounটি পরে বসে এবং পরেরটি অনুসারেই verb বসে।

Example:
Inc: Neither the stars nor the moon was visible.
Cor: Neither the moon nor the stars were visible.

☑ Infinitive, gerund, clause ইত্যাদি বাক্যের subject হিসেবে থাকলে ঐ subject কে 3rd person singular number হিসেবে গণ্য করে সেই অনুসারে পরের verb বসাতে হবে।

Example:
Inc: To tell lies are a great sin.
Cor: To tell lies is a great sin.
Inc: The reading of novels are interesting.
Cor: The reading of novels is interesting.
Inc: That you finished the novels were known to me.
Cor: That you finished the novels was known to me.

☑ একক দুরত্ব (Distance), পরিমাণ (Quantity), সময় (Time), ওজন (Weight), বয়স (Age), অর্থ (Taka/money) ইত্যাদির পরে verb singular হয়।

Example:
Inc: Fifty miles are a long distance.
Cor: Fifty miles is a long distance.
Inc: Tk. 5000 were spent.
Cor: Tk. 5000 was spent.
Inc: Twelve years are a long time.
Cor: Twelve years is a long time.

কিন্তু সময়ের একককে আলাদাভাবে বিবেচনা করলে সেখানে plural verb বসবে।

Example:
Inc: Twelve years has passed.
Cor: Twelve years have passed.

☑ Adjective এর পুর্বে the বসলে তা plural noun হয় এবং verb ও plural হয়।

Example:
Inc: The virtuous is always happy.
Cor: The virtuous are always happy.
Inc: The poor is born to suffer.
Cor: The poor are born to suffer.

Noun/Pronoun/Number

☑ 'It is' পর সাধারনত pronoun এর subjective form হয়।

Example:
Inc: It is me who did it.
Cor: It is I who did it.
Inc: It is them who are to blame.
Cor: It is they who are to blame.

☑ Information, news, issue, brick, hair, luggage, alphabet, machinery, equipment, furniture, scenery, poetry, advice, politics, civics, physics, economics, statistics, mathematics, genetics, ethics, mars, the USA ইত্যাদি সাধারনত singular হিসেবে ব্যবহৃত হয়।

Example:
Inc: The sceneries of Cox's Bazar are charming.
Cor: The scenery of Cox's Bazar is charming.
Inc: I have bought a lot of furnitures.
Cor: I have bought a lot of furniture.
Inc: The passenger lost his luggages.
Cor: The passenger lost his luggage.
Inc: The wages of sin are death.
Cor: The wages of sin is death.
Inc: Mothe gave me many advices.
Cor: Mother gave me much advice.
Inc: You gave me wrong informations.
Cor: You gave me wrong information.
Inc: The news are false.
Cor: The news is false.
Inc: The medical equipments are costly.
Cor: The medical equipment is costly.
Inc: Measles are a contagious disease.
Cor: Measles is a contagious disease.
Inc: Mars are a planet in our solar system.
Cor: Mars is a planet in our solar system.

☑ People (জনসাধারণ), cattle (গবাদিপশু), vegetables (শাকশব্জি), goods (মালপত্র), circumstances (পরিস্থিতি), marks (নম্বর), pains (কষ্ট), studies (লেখাপড়া), works (রচনাবলী), customs (শুল্ক), airs (ভাব/ধরন), premises (বহির্বাটি), arms (অস্ত্র), irons (শিকল), manners (আচরণ), quarters (কোয়ার্টার), agends (ক্ষতিপূরণ), scissors (কাচি), pants, trousers, spectacles (চশমা), pliers (প্লাস), tongs (চিমটা), parts (দক্ষতা/যোগ্যতা), letters (বিদ্যা), out of sorts (অসুস্থ), out of spirits (হতোদ্যম), out of doors (বাহিরে), orders, annual returns, no bounds ইত্যাদি সাধারনত plural হিসেবে ব্যবহৃত হয়

Example:
Inc: The circumstances is bad.
Cor: The circumstances are bad.
Inc: Cattle is grazing in the field.
Cor: Cattle are grazing in the field.
Inc: I have read the work of Tagore.
Cor: I have read the works of Tagore.
Inc: I am fond of vegetable.
Cor: I am fond of vegetables.
Inc: He is out of sort / out of spirit.
Cor: He is out of sorts / out of spirits.
Inc: No order has yet been passed.
Cor: No orders have yet been passed.

☑ Sheep (ভেড়া), Dear (হরিণ), salmon (রুই), canon (কামান), innings এ গুলো singular ও plural একই হিসেবে ব্যবহৃত হয়।

Example:
Inc: They had five deers.
Cor: They had five deer.
Inc: They caught two salmons.
Cor: They caught two salmon.

☑ ভগ্নাংশের ক্ষেত্রে প্রথমটি One-এর বেশি হলে দ্বিতীয়টির সঙ্গে 's' যোগ হয় (যেমন ঃ two-thirds), কিন্তু

CamScanner

প্রথমটি one হলে দ্বিতীয়টির সঙ্গে 's' যোগ হয় না (যেমনঃ one-third)। আবার এই ভগ্নাংশের পরে noun singular হলে verb singular এবং noun plural হলে verb plural হয়।

Example:
Inc: Two-third of the mango is rotten.
Cor: Two-thirds of the mango is rotten.
Inc: One-third of the manoges is rotten.
Cor: One-third of the mangoes are rotten.
Inc: Three-fourths of the candidates was present.
Cor: Three-fourths of the candidates were present.

☑ সাধারনত pair, dozen, score, hundred, thousand, million ইত্যাদির পূর্বে নির্দিষ্ট সংখ্যাবাচক শব্দ (one, two, three যেমনঃ ইত্যাদি) এবং অনির্দিষ্ট সংখ্যাবাচক শব্দ (যেমন ঃ some, several, a few, many ইত্যাদি) থাকলে এদের সঙ্গে 's' যোগ করে plural করা যায় না। কিন্তু এদের পুনঃ পুনঃ উক্তি (যেমন ঃ ডজন-ডজন, কুড়ি-কুড়ি, শত-শত, হাজার-হাজার, ইত্যাদি) বুঝালে এদের সঙ্গে যোগ 's' করে plural করতে হয়

Example:
Inc: I need three dozens eggs.
Cor: I need three dozen eggs.
Inc: He gave me five thousands taka.
Cor: He gave me five thousand taka.
Inc: I bought several scores of mangoes.
Cor: I bought several score of mangoes.
Inc: Hundred of people attended the function.
Cor: Hundreds of people attended the function.
Inc: Several hundreds people attended the meeting.
Cor: Several hundred people attended the meeting.

Adjective/Degree

☑ যেহেতু senior, junior, superior, inferior, prior, prefer, preferable, ইত্যাদি শব্দগুলো Latin comparative, ফলে এদের পূর্বে কোন comparative degree এর শব্দ বসে না। এদের positive বা superlative degree হয় না এবং এদের পরে than না বসে 'to' বসে এবং person এর object বসে। আবার, prefer এর পরে অন্য verb থাকলে তাদের gerund (verb + ing) বসে।

Example:
Inc: Jerin is more senior to Nasrin.
Cor: Jerin is senior to Nasrin.
Inc: This shirt is more preferable than that.
Cor: This shirt is preferable to that.
Inc: He prefers to write than to read.
Cor: He prefers writing to reading.
Inc: Arzu is more junior than I.
Cor: Arzu is junior to me.

☑ সাধারনত একই ব্যক্তি বা বস্তুর দুটি গুণ/দোষ/অবস্থার মধ্যে তুলনা বোঝালে comparative degree করতে more + positive degree ব্যবহার করা হয়; r/er যোগ করা যায় না

Example:
Inc: He is cleaverer than intelligent.
Cor: He is more clever than intelligent.
Inc: Jerin is braver than strong.
Cor: Jerin is more brave than strong.

☑ একই সঙ্গে more/relatively/comparatively ও er এবং most ও est অর্থাৎ sentence এ double বা double superlative হয় না।

Example:
Inc: I feel comparatively better today.
Cor: I feel better/comparatively well today.
Inc: Ms. Jerin is the most wises woman in the town.
Cor: Ms. Jerin is the wisest woman in the town.

☑ Unique, chief, golden, unanimous, ideal, perfect প্রভৃতি adjective সাধারনত positive degree তে ব্যবহৃত হয়, comparative বা superlative degree তে ব্যবহৃত হয় না।

Example:
Inc: This is the most unique case.
Cor: This is a unique case.
Inc: It was the most golden opportunity.
Cor: It was a golden opportunity.
Inc: Mr. Chowdhury is the most chief justice.
Cor: Mr. Chowdhury is the chief justice.

Some other rules

☑ Subordinate clause interrogative হয় না; সবসময় assertive হয়। অর্থাৎ subject এর পরে verb বসে। এক্ষেত্রে principal clauseটি interrogative হলে শেষে (?) চিহ্ন এবং principal clauseটি assertive হলে শেষে full stop (.) বসে

Example:
Inc: Do you know when will he come?
Cor: Do you know when he will come.
Inc: Tell me who is that man?
Cor: Tell me who that man is.
Inc: He asked me why did you go there?
Cor: He asked me why you went there?

☑ No sooner.....than, hardly/scarely....when ইত্যাদির ক্ষেত্রে প্রথম clause এ past perfect tense এবং পরের clause এ past Indefinite tense হয়।

Example:

Inc: No sooner we reached the station when the train had left.
Cor: No sooner had we reached the station than the train left.
Inc: Hardly had Mim come than we had left.
Cor: Hardly had Mim come when we left.

Some example

Inc: I need some blotting .
Cor: I need some blotting paper.
Inc: The boy lives in the boarding.
Cor: The boy lives in the boarding house.
Inc: He is my elder/younger.
Cor: He is my elder brother or sister/younger brother or sister.
Inc: My father visited Dhaka, Diajpur, Chittagong, Barisal and others.
Cor: My father visited Dhaka, Dinajpur, Chittagonj, Barisal and other places.
Inc: He will buy pens, ink and others.
Cor: He will buy pens, ink and other things/articles.
Inc: I shall look up the word in the dictionary book.
Cor: I shall look up the word in the dictionary.
Inc: The student lives in a lodging house.
Cor: The student lives in a lodging.
Inc: Popy is my cousin sister.
Cor: Popy is my cousin.
Inc: I shall go to the butcher's shop.
Cor: I shall go to the butcher's.
Inc: The man gave false witness (সাক্ষী).
Cor: The man gave false evidence (সাক্ষ্য).
Inc: There is no place (স্থান) in the bench.
Cor: There is no room (বসার জায়গা) in the bench.
Inc: I gave him seventy money. (Money - অনির্দিষ্ট সংখ্যাবাচক শব্দের পরে বসে।)
Cor: I gave him seventy taka. (taka- নির্দিষ্ট সংখ্যাবাচক শব্দের পরে বসে।)
Inc: I have no/some/a lot of taka in my pocket.
Cor: I have no/some/a lot of money in my pocket.
Inc: Today's climate (জলবায়ু) is very hot.
Cor: Today's weather (আবহাওয়া) is very hot.
Inc: The weather of Cox's Bazar is very healthy.
Cor: The climate of Cox's Bazar is very healthy.
Inc: He applied for teachery/lecturership.
Cor: He applied for teachership/lecturership.
Inc: We enjoyed the theatre (নাট্যশালা).
Cor: We enjoyed the play (নাটক).
Inc: Television is a wonderful discovery (আবিষ্কার-যার অস্তিত্ব পূর্বেই ছিল।
Cor: Television is a wonderful invention (আবিষ্কার - যার অস্তিত্ব পূর্বে ছিল না।)
Inc: America is the invention of Columbus.
Cor: America is the discovey of Columbus.
Inc: We can not live without wind. (বাতাস যার গতি আছে)
Cor: We can not live without air (বাতাস যা পৃথিবীকে ঢেকে রয়েছে এবং যা দিয়ে নিঃশ্বাস চলে).
Inc: It was a true (সত্য) fact (সত্য ঘটনা).
Cor: It was a fact/It was a true statement.
Inc: Quote the poem from heart (হৃদয়)
Cor: Quote the poem from memory (স্মৃতি)
Inc: Learn it by memory.
Cor: Learn it by heart.
Inc: He has addiction (আসক্তি/খারাপ কাজের অভ্যাস) to studies
Cor: He has devotion (অনুরক্তি/ভালো অর্থে) to studies.
Inc: He has devotion to drugs.
Cor: He has addiction to drugs.
Inc: He is a famous (বিখ্যাত) thief.
Cor: He is a notorious (কুখ্যাত) thief.
Inc: Wordsworth was a norotious poet.
Cor: Wordsworth was a famous poet.
Inc: He denied (কোন ঘটনা/সত্যতা অস্বীকার করা) to go there.
Cor: He refused (কোন কাজ করতে অস্বীকার করা) to go there.
Inc: The man refused that he was a thief.
Cor: The man denied that he was a thief.
Inc: Dhaka is a popular (জনপ্রিয়) city.
Cor: Dhaka is a populour (জনবহুল) city.
Inc: Dickens is a populous novelist.
Cor: Dickens is a popular novelist.
Inc: His childish (ছেলেমি-মন্দ অর্থে) simplicity is praiseworthy.
Cor: His childlike (শিশুসুলভ-ভাল অর্থে) simplicity is praiseworthy.
Inc: Good night (বিদায় সম্ভাষণ), how are you?
Cor: Good evening (সাক্ষাতের সম্ভাষণ), how are you?

সাধারনত 'be verb' এর সঙ্গে due to (জন্য) এবং অন্য verb এর সঙ্গে owing to (জন্য) বসে।

Example:
Inc: The boy was successful owing to hard work.
Cor: The boy was successful due to hard work.
Inc: The steamer service has been cancelled due to fog.
Cor: The steamer service has been cancelled owing to fog.

Some More example:

৪৯. ছেড়া কাঁথায় শুয়ে লাখ টাকার স্বপ্ন দেখা।
Ans: To build castles in the air.
৫০. আগুনে ঘি ঢালা।
Ans: To add fuel to the fire.
৫১. জোর যার মুল্লুক তার।
Ans: Might is right.
৫২. ঝিকে মেরে বৌকে শিখানে।
Ans: To teach the guilty a lesson by railing at the innocent.
৫৩. টাকায় কিনা হয়।
Ans: It is money that sets the world going round.
৫৪. ঠাকুর ঘরে কে? আমি কলা খাই না।
Ans: A guilty mind is always suspicious.
৫৫. দাঁত থাকলে দাঁতের মর্যাদা জানে না।
Ans: Blessings are not valued till they are gone.
৫৬. দশে মিলে করি কাজ, হারি জিতি নাহি লাজ।
Ans: Two heads are better than one.
৫৮. নাই মামার চেয়ে কানা মামা ভাল।
Ans: Half a loaf is better than no loaf/Something is better than nothing.
৫৯. নাচলে না জানলে উঠান বাঁকা।
Ans: A bad workman quarrels with his tools.
৬০. নিজের নাক কেটে পরের যাত্রা ভঙ্গ করা।
Ans: To cut off one's nose to spite one's face.
৬১. নেংটার নেই বাটপারের ভয়।
Ans: A pauper has nothing to lose.
৬২. নন আনতে পান্তা ফুরায়।
Ans: After meat comes mustard.
৬৩. পাপের ধন প্রায়শ্চিত্তে হয়।
Ans: Ill got, ill spent.
৬৪. পাত্তারি গুটানো।
Ans: To leave with bag and baggage.
৬৫. বজ্র আঁটুনি ফস্কা গেঁরো।
Ans: Penny wise pound foolish/The more laws, the more offenders.
৬৬. বাপকা বেটা, সিপাইকা ঘোড়া।
Ans: Like father, like son.
৬৭. বামন গেল ঘর তো লাঙ্গল তুলে ধর।
Ans: When the cat is away, the mice will play.
৬৯. বিনা মেঘে বর্জ্যপাত।
Ans: A bolt from the blue.
৭০. বীরভোগ্যা বসুন্ধরা।
Ans: None but the brave deserves the fair.
৭১. বরের ঘরের পিসী, কনের ঘরের মাসী।
Ans: He runs with the hare and hunts with hounds.
৭২. বিদ্যা অমূল্য ধন।
Ans: Learning is a priceless treasure.
৭৩. বিয়ে করতে কড়ি, আর ঘর বাঁধতে দড়ি।
Ans: Before you marry, be sure of a house where in to tarry.
৭৪. ভাবিয়া করিও কাজ।
Ans: Look before you leap.
৭৫. ভাবের মা গঙ্গা পাই না।
Ans: Everybody's business is nobody's business.
৭৬. ভাগ্যে যা আছে তাই হবে।
Ans: What is lotted can not be blotted.
৭৭. ভূতের বেগার খাটা।
Ans: To work for nothing.
৭৮. মাথা নেই তার মাথা ব্যথা।
Ans: A beggar can never be a bankrupt.
৭৯. 'মাছের তেলে মাছ ভাজা।
Ans: To gain without spending.
৮০. মৌনতাই সম্মতির লক্ষণ।
Ans: Silence gives consent.

৮১. মেঘ না চাইতেই জল।
Ans: A gain beyond expectation.
৮২. মশা মারতে কামান লাগা।
Ans: To crush a butterfly on a wheel.
৮৩ মরা হাতি লক্ষ টাকা।
Ans: The very ruins of greatness are great.
৮৪. সাপ হয়ে কাটে, ওঝা হয়ে ঝাড়ে।
Ans: He runs with the hare and hunts with the hounds.
৮৫. সঙ্গ দেখে লোক চেনা যায়।
Ans: A man is known by the company he keeps.
৮৬. সস্তার তিন অবস্থা।
Ans: Cheap goods are dear in the long run.
৮৭. সবজান্তা কি কোনটিতেই ওস্তাদ নয়।
Ans: Jack of fruits, master of none.
৮৮. যতক্ষণ খাস ততক্ষণ আঁশ।
Ans: While there is life, there is hope.
৮৯. যাকে দেখতে নারি, তার চলন বাঁকা।
Ans: Faults are thick where love is thin.
৯০. যার জ্বালা সেই জানে।
Ans: The wearer knows best where the shoe pinches.
৯২. 'যস্মিন দেশে যাদচার।
Ans: While in Rome do as the Romans do.
৯৩. যার ধন তার ধন নয়, নেপোয় মারে দই।
Ans: One sows, another reaps.
৯৪. যেমন বুনো ওল, তেমনি বাঘা তেঁতুল।
Ans: As is the evil, so is the remedy
৯৫. যা রটে তা কিছু বটে।
Ans: Rumour has some element of truth in it
৯৬. যেখানে বাঘের ভয় সেখানেই রাত্রি হয়।
Ans: Danger often comes where danger is feared.
৯৭. লক্ষ্মী চঞ্চলা।
Ans: Fortune is fickle.
৯৮. শেষ ভাল তার সব ভাল যার।
Ans: All's well that ends well.
৯৯. হাঁপাতে হাঁপাতে কাজ হয় না।
Ans: A panting dog can not be a hunting dog.
১০০. হাটে হাঁড়ি ভেঙে দিল।'
Ans: The cat is out of the bag.
101. অল্প বিদ্যা ভয়ংকরী।
Ans: A little learning is a dangerous thing.
১০২. যারে দেখতে নাড়ি তার চলন বাকা।
Ans: Faults are thick where love is thin.
১০৩. কয়লা ধুলে ময়লা যায় না।
Ans: Black will take no other hue.
১০৪. দশের লাঠি একের বোঝা।
Ans: Many a little makes a mickle.
১০৫. অসময়ের বন্ধুই প্রকৃত বন্ধু।
Ans: A friend in need is a friend indeed.
১০৬. পরিশ্রম সাফল্যের চাবিকাঠি।
Ans: Industry is the key to success.
১০৭. সততাই সর্বোত্তম পন্থা।
Ans: Honesty is the best policy.
১০৮. চক চক করলেই সোনা হয় না।
Ans: All that glitters is not gold.
১০৯. ব্যর্থতাই সাফল্যের চাবিকাঠি।
Ans: Failure is the pillar of success.
১১০. যেমন কর্ম তেমন ফল।
Ans: As you sow so you reap.
১১১. চোরে চোরে মাশতুতো ভাই।
Ans: Birds of the same feather flock together.
১১২. কয়লা ধুইলে ময়লা যায় না।
Ans: Black will take no other hue.
১১৩. আয় বুঝে ব্যয় কর।
Ans: Cut your coat according to your cloth.
১১৪. 'তেলা মাথায় তেল দেওয়া'?
Ans: To carry coal to New castle.
১১৫. সবুরে মেওয়া ফলে।
Ans: Patience has its reward.
১১৬. একবার না পারিলে দেখ শতবার।
Ans: Success cannot be achieved without hard work.
১১৭. ঝোপ বুঝে কোপ মারতে শেখো।
Ans: Know striking the iron while it is hot.
১১৮. গাঁয়ে মানে না আপনি মোড়ল।
Ans: He is a self-styled leader.
১১৯. গাছে কাঁঠাল গোঁফে তেল।
Ans: To count one's chickens before they are hatched
১২০. ভিক্ষার চাল কাঁড়া আর আকাড়া।
Ans: A beggar must not be a chooser.
১২১. প্রয়োজন কোন আইন মানে না
Ans: Necessity knows no law.
১২২. কাটা ঘাঁয়ে নুনের ছিটা।
Ans: To add insult to injury.
১২৩. অতি সন্ন্যাসীতে গাজন নষ্ট
Ans: Too many cooks spoil the broth.

CamScanner

অনুবাদ

ইংরেজি থেকে বাংলা

1. Travelling is now rightly considered an indispensable part of education. Man acquires both practical education and experience, when he travels. Travelling helps a man in enhancing his knowledge by learing different languages, customs, manners and morals.

অনুবাদঃ ভ্রমণ করাকে এখন শিক্ষার একটি অপরিহার্য অংশ হিসেবে বিবেচনা করা হয়। ভ্রমণের মাধ্যমে মানুষ বাস্তব অভিজ্ঞতা ও শিক্ষা অর্জন করে। ভ্রমণ একজন মানুষকে নানা ভাষা, প্রথা ও আচার-আচরণ জানার দ্বারা তার জ্ঞানকে সমৃদ্ধিকরণে সহায়তা করে।

2. Hason Raja was born in 1854 in a wealthy landlord's family in Sylhet. He did not receive much formal education. In his youth, he led a life of luxury. But then a time came when he started to find all these comfort and joy meaningless.

অনুবাদঃ সিলেটে এক সম্পদশালী জমিদার পরিবারে ১৮৫৪ সালে হাসন রাজা জন্মগ্রহণ করেন। তিনি বেশি আনুষ্ঠানিক শিক্ষা লাভ করেননি। তরুণ বয়সে তিনি বিলাসবহুল জীবনযাপন করতেন। কিন্তু তারপর একটা সময় এলো যখন তিনি এসকল আরাম এবং আনন্দকে অর্থহীন বলে মনে করা শুরু করলেন।

3. The women have proved in the modern world that they do no lag behind the men in works. Their role does not come to an end as a mother or a wife. There are many fields of works which are now opened to them. They are now working in schools, colleges, universities as teachers. They do not lag behind in politics and governing a state. It is they who are now in the front line of the politics of Bangladesh.

অনুবাদঃ নারীরা প্রমাণ করেছে যে, আধুনিক বিশ্বে তারা কর্মক্ষেত্রে পুরুষের থেকে পিছিয়ে নেই। এখন তাদের দায়িত্ব শুধু একজন মা অথবা একজন সহধর্মিনীর মধ্যেই শেষ নয়। অনেক কর্মক্ষেত্র রয়েছে যেগুলো তাদের জন্য উন্মুক্ত করা হয়। এখন তারা স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ে শিক্ষক হিসেবে কর্মরত আছে। তারা রাষ্ট্র পরিচালনা ও রাজনীতিতেও পিছিয়ে নেই। এখন তারাই বাংলাদেশের রাজনীতির সম্মুখ ভাগে অবস্থান করছে।

4. The importance of English language is undeniable. English has emerged as the official language of many countries. Most of the scientific research is published in English. To keep abreast of scientific, technological and economic trends English is a necessary.

অনুবাদঃ ইংরেজি ভাষার গুরুত্ব অনস্বীকার্য। অনেক দেশে ইংরেজি দাপ্তরিক ভাষা হিসেবে আবির্ভূত হয়েছে। অধিকাংশ বৈজ্ঞানিক গবেষণা ইংরেজিতে প্রকাশিত হয়। প্রযুক্তিগত বৈজ্ঞানিক ও অর্থনৈতিক গতিধারা সম্পর্কে ওয়াকিবহাল থাকার জন্য ইংরেজি প্রয়োজন।

5. Trees are of various uses to us; as, we get oxygen from it. Various kinds of furniture are made of wood. It also increases the fertility of the soil. But the area of our forests is very small in comparison to our need.

অনুবাদঃ গাছ আমাদের অনেক উপকারে আসে। যেমন- গাছ থেকে আমরা অক্সিজেন পাই। কাঠ দিয়ে নানা ধরনের আসবাবপত্র তৈরী করা হয়। গাছ মাটির উর্বরতাও বৃদ্ধি করে। কিন্তু আমাদের প্রয়োজনের তুলনায় বনভূমি খুবই কম।

6. Home is the first school where the child learns his first lessons. The first lessons are very important for the development of his mind. He sees, hears and begins to learn at home. It is home that builds his character. In a good congenial home, honest and healthy men are made.

অনুবাদঃ বাড়ি হলো একজন শিশুর প্রথম পাঠ গ্রহণের প্রথম বিদ্যালয়। প্রথম পাঠ তার মনের বিকাশের জন্য খুবই গুরুত্বপূর্ন। সে বাড়িতে দেখে, শুনে এবং শিক্ষালাভ করতে শুরু করে। বাড়িতেই তার চরিত্র গঠিত হয়। একটি ভালো বাড়িতে সৎ এবং স্বাস্থ্যবান মানুষ তৈরী হয়।

7. Love is the court of all virtures. It adornes a man with all divine qualities. It is love that strengthens our humilities. Love for god is the virture of the highest excellence.

অনুবাদঃ ভালোবাসা সকল গুণের মুকুট। এটি সকল স্বর্গীয় গুণাবলি দিয়ে একজন ব্যক্তিকে সুশোভিত করে। ভালোবাসাই আমাদের বিনম্রতাকে শক্তিশালী করে। সৃষ্টিকর্তার প্রতি ভালাবাসাই হলো সর্বোচ্চ চারিত্রিক গুণ।

8. We are the inhabitants of an independent country. Freedom is the right of every person. But no nation can achieve it without effort and sacrifice. Again, the people of a country must be determined to defend it. It is the sacred duty of every citizen to defend the freedom of his motherland.

অনুবাদঃ আমরা একটি স্বাধীন দেশের নাগরিক। স্বাধীনতা প্রতিটি নাগরিকের অধিকার। কিন্তু প্রচেষ্টা ও ত্যাগ ছাড়া কোনো জাতিই স্বাধীনতা অর্জন করতে পারে না। আবার দেশের লোকজনকে স্বাধীনতা রক্ষা করার ব্যাপারে দৃঢ় প্রতিজ্ঞ হতে হবে। মাতৃভুমির স্বাধীনতা রক্ষা করা প্রতিটি নাগরিকের পবিত্র দায়িত্ব।

9. Perhaps a smile is the only thing in the world that has no bad effect. Many wise persons have described the smile as another essence of heavenly beauty. A happy smile, with all its sour-catching power, can bear any shock at any time. In presenting a good smile, a pleasing apprearance is not necessarily needed. A smile can be a good substitute for a good and attractive face.

অনুবাদঃ সম্ভবত হাসি পৃথিবীর একমাত্র জিনিস যার কোনো কুপ্রভাব নেই। অনেক জ্ঞানী ব্যক্তি হাসিকে স্বর্গীয় সৌন্দর্যের আরেক নির্যাস বলে বর্ণনা দিয়েছেন। একটি তীক্ষ্ণ চিত্তাকর্ষক শান্তির আনন্দঘন হাসি যে কোনো সময় যে কোনো শোকাতুর বিষয়কেও মেনে নিতে পারে। ভালো হাসি প্রদানের ক্ষেত্রে মনোরম প্রীতিকর চেহারার খুব একটা দরকার নেই। ভালো এবং আকর্ষণীয় চেহারার উত্তম বিকল্প হতে পারে হাসি।

10. We live in a society. So we must learn to live in peace and amity with others. We have to respect others life and prosperity. We have lot of duties and responsibilities to the society.

অনুবাদঃ আমরা সমাজে বাস করি। তাই আমাদের অবশ্যই অপরের সঙ্গে শান্তি ও সম্প্রীতির সঙ্গে বাস করার শিক্ষা গ্রহণ করতে হবে। অপরের জীবন ও সম্পত্তির প্রতি আমাদের সম্মান পোষণ করতে হবে। সমাজের প্রতি আমাদের প্রচুর দায়িত্ব ও কর্তব্য রয়েছে।

11. Rivers come to our use in many ways. We bathe in the water of the river. We drink it and use it in many ways. Rivers help us in various ways in respect of trade and commerce. The things we produce in excess are exported to foreign countries though river ways.

অনুবাদঃ নদী আমাদের নানাভাবে উপকারে আসে। আমরা নদীর পানিতে স্নান করি। তা পান করি ও নানা কাজে ব্যবহার করি। ব্যবসা-বাণিজ্যের ক্ষেত্রেও নদী আমাদেরকে অনেকভাবে সহায়তা করে থাকে। আমরা নদী পথে উদ্বৃত্ত খাদ্য বিদেশে রপ্তানি করি।

12. Man is the architech of his own fortune. If he makes a proper division of his time and does his duties accordingly, he is sure to improve and prosper in life. But if he does otherwise he is sure to repent when it is too late. He will have to drag a miserable existence from day to day.

অনুবাদঃ মানুষই তার নিজের ভাগ্যের স্থপতি। যদি সে তার সময়কে ঠিকমতো ভাগ করে তদনুযায়ী তার কর্তব্য সম্পাদন করে, তবে সে জীবনে নিশ্চয় উন্নতি এবং সমৃদ্ধি লাভ করবে। কিন্তু যদি সে অন্যরুপ করে, যখন খুব দেরি হয়ে যাবে, তখন তাকে অনুশোচনা করতে হবে। তাকে দিনের পর দিন এক শোচনীয় জীবন যাপন করতে হবে।

13. Man can not live alone. So he wants a companion. He can not live a single day without the help of others. For this reason, he lives together sociably with others. In this way society is formed.

অনুবাদঃ মানুষ একা বাচতে পারে না। তাই সে সঙ্গী চায়। অন্যের সাহায্য ছাড়া সে একদিনও বাচতে পারে না। এজন্যই অন্যের সঙ্গে মিলে মিশে সে একত্রে বসবাস করে। এভাবে সমাজ গড়ে উঠে।

14. Man cannot live alone. So he keeps a company. He cannot do without the help of others even for a day. For this reason, men have been living together for many days. This is called social life.

অনুবাদঃ মানুষ একা বাচতে পারে না। তাই সে সঙ্গী রাখে। অন্যের সাহায্য ছাড়া মানুষ একদিনও চলতে পারে না। এ জন্য বহুকাল ধরে মানুষ জোটবদ্ধ হয়ে বসবাস করছে। আর এটাকেই সামাজিক জীবন বলে।

15. Knowledge is vaster than ocean. The more we gather knowledge, the more our thirst increases. So any kind of restriction on the pursuit of knowledge is not at all desirable. Everybody has the right to walk freely in the ocean of knowledge.

অনুবাদঃ জ্ঞান সমুদ্রের থেকেও বিশাল। যত বেশি আমরা জ্ঞান আহরণ করি তত বেশি আমাদের তৃষ্ণা বাড়ে। তাই জ্ঞান অন্বেষণের পথে যেকোনো রকমের বাধা আদৌ প্রত্যাশিত নয়। জ্ঞান সমুদ্রে স্বাধীনভাবে বিচরণের সকলের অধিকার রয়েছে।

16. Books are men's best companions in life. You may have good friends, but you cannot get them when you need. But books are always ready to be by your side. Some books may make you laugh, some may give you pleasure and some knowledge. They are your friends through your life.

অনুবাদঃ বই মানুষের জীবনের সর্বোত্তম বন্ধু। তোমার ভালো বন্ধু বান্ধব থাকতে পারে। কিন্তু প্রয়োজনের সময় তুমি তাদের নাও পেতে পার। তবে বই সর্বদা তোমার পাশে থাকবে। কিছু বই তোমাকে হাসাতে পারে। আবার

CamScanner

কিছু বই তোমাকে জ্ঞান ও আনন্দ দান করবে। তারা তোমার সারা জীবনের বন্ধু।

17. We live in an age of science. We can see the influence of science in all fields. Science is a constant companion in our daily life. We have made the impossible into possible with the help of science. Present civilization is the glorious achievement of science.

অনুবাদঃ আমরা বিজ্ঞানের যুগে বাস করি। আমরা সকল ক্ষেত্রে বিজ্ঞানের প্রভাব দেখতে পাই। বিজ্ঞান আমাদের দৈনন্দিন জীবনের নিত্য সঙ্গী। বিজ্ঞানের সহায়তায় আমরা অসম্ভবকে সম্ভব করেছি। বর্তমান সভ্যতা বিজ্ঞানের গৌরবময় অর্জন।

18. Women all over the world are treated, if we use the words of Aristotle, 'an inferior type of man.' It is so because it is the world that is controlled and dominated by men. The status of women in society is determined by the quality of participation by women in various nation building activities.

অনুবাদঃ অ্যারিস্টটলের ভাষায় বলতে গেলে নারীদেরকে বিশ্বব্যাপী নিকৃষ্ট এক ধরনের মানুষ হিসেবে গণ্য করা হয়। বিশ্ব পুরুষ কর্তৃক নিয়ন্ত্রিত এবং শাসিত হওয়ার কারণে এমনটা ঘটে। জাতি গঠনের বিভিন্ন কর্মকান্ডে নারীদের অংশগ্রহণমূলক গুণাবলি দ্বারা সমাজ নারীদের অবস্থান নির্ধারিত হয়।

19. Judiciary is the backbone of a modern civilized society. It is rather the corner-stone of a democratic system of government. Independence of judiciary is also a modern development. The aim of independence of judiciary is to ensure supremacy of the law of a democratic state.

অনুবাদঃ আধুনিক সভ্য সমাজের মেরুদন্ড হলো বিচার বিভাগ। এটা বরং সরকারের গণতান্ত্রিক পদ্ধতির ভিত্তি প্রস্তর। বিচার পদ্ধতির স্বাধীনতা আধুনিক উন্নয়নও। বিচার ব্যবস্থার স্বাধীনতার লক্ষ্য হলো গণতান্ত্রিক রাষ্ট্রের আইনের শ্রেষ্ঠত্ব নিশ্চিত করা।

20. It was nearly nine when we got back to the hotel. Coming up from dinner, an hour later, we found our room magically perfumed by roses and champas of our garlands. That night, and all next day, till they were quite withered, the flowers poured out their scent.

অনুবাদঃ আমরা যখন হোটেলে ফিরলাম তখন প্রায় নয়টা। এক ঘন্টা বাদে রাতের খাবার শেষে ফিরে এসে আমাদের কক্ষটা জাদুকরীভাবে গোলাপ এবং চম্পা ফুলের মালার গন্ধে সুবাসিত দেখতে পেলাম। ঐ রাত্রী এবং পরের সারাদিন ফুলগুলো শুকিয়ে না যাওয়া পর্যন্ত সেগুলো তাদের সৌরভ বিলিয়ে গেল।

21. A leader is necessary for a group, society or nation. Without a capable leader a society generally tends to degenerate. Good leaders are very popular, enjoy massive support of the people.

অনুবাদঃ একটি দল, সমাজ কিংবা জাতির জন্য একজন নেতার প্রয়োজন। একজন দক্ষ নেতা ব্যতীত সমাজ সাধারণত অধঃপতনের দিকে ধাবিত হয়। প্রকৃত জননেতারা খুব জনপ্রিয় এবং সাধারণ মানুষের বিপুল সমর্থন পান।

22. We should bear the courage to say the right thing. We need not fear man nor care for what others think of so. So longs as our purpose is honest God will be on our side. And with this help we shall be able to encourage the weak.

অনুবাদঃ আমাদের সঠিক জিনিস বলার সাহস রাখা উচিত। আমাদের মানুষকে ভয় পাওয়ার প্রয়োজন নেই, প্রয়োজন নেই অন্যরা আমাদের নিয়ে কিভাবে তা পরোয়া করার। যতক্ষণ আমাদের উদ্দেশ্য সৎ থাকবে সৃষ্টিকর্তা আমাদের পাশে থাকবে। আর এই অনুগ্রহ নিয়েই আমরা দুর্বলদের উৎসাহ দিতে সক্ষম হবো।

23. Rebel poet Kazi Nazrul Islam was born on May, 24, 1899 in a village of Burdwan in West Bengal. He was absentmined and irregular in his studies. Yet he impressed his teachers by his intelligence. The school was at distance from the house he lived in. Every day the young student had to walk about five miles back and forth.

অনুবাদঃ বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলাম ১৮৯৯ সালের ২৪ মে পশ্চিমবঙ্গের বর্ধমানের একটি গ্রামে জন্মগ্রহণ করেন। তিনি পড়ালেখায় অমনোযোগী এবং অনিয়মিত ছিলেন। তবুও তার বুদ্ধিমত্তার মাধ্যমে তিনি শিক্ষকদের তাক লাগান। তার বসত বাড়ি থেকে বিদ্যালয়টি ছিল দুরে। আসা যাওয়াতে প্রতিদিন যুবক ছাত্রটিকে পাঁচ মাইলের মতো হাটতে হতো।

24. Newspaper is a storehouse of knowledge. We can know the conditions, manners, customs of other countries of the world from a newspaper. It is, infact, the summary of all current history.

অনুবাদঃ সংবাদপত্র হচ্ছে জ্ঞানের ভান্ডার। সংবাদপত্রের মাধ্যমে আমরা পৃথিবীর অন্যান্য দেশের অবস্থা, আচার-ব্যবহার ও প্রথা সম্পর্কে জানতে পারি। বস্তুত এটি হলো চলমান ইতিহাসের একটি সংক্ষিপ্ত সার।

25. The life of a student is a life of preparation-preparation for the struggle of life. To make him well fitted for the struggle, education is necessary. Students of today will lead the nation tomorrow. But if their education is not completed they will not be able to lead the country to peace and prosperity.

অনুবাদঃ ছাত্রজীবন হলো প্রস্তুতির জীবন - জীবন যুদ্ধের প্রস্তুতি। এ যুদ্ধে তার যথাযোগ্য প্রস্তুতির জন্য চাই শিক্ষা। আজকের ছাত্ররাই আগামী দিনে জাতিকে নেতৃত্ব দিবে। কিন্তু তাদের শিক্ষা যদি অসম্পুর্ন থাকে, তারা দেশকে শান্তি ও সমৃদ্ধির দিকে পরিচালিত করতে সমর্থ হবে না।

26. Honesty is a noble virture. It is the secret of success. The value of honesty is great. It wins love and respect. An honest man passes his days in respect and happiness. Honesty is the best policy.

অনুবাদঃ সততা মহৎ গুণ। এটা সফলতার রহস্য। সততার মুল্য অসীম। ভালোবাসা এবং সম্মান জয় করে নেয় এটা। সম্মান এবং সুখে দিন অতিবাহিত করে একজন সৎ ব্যক্তি। সততা সর্বশ্রেষ্ঠ পন্থা।

27. The journey of modern science is said to have begun in the era of European Enlightment. It has not only brought a remarkable changes in the way of human life but also reshaped and renovated human psyche. Science has enlarged the range of our thought and speeded up social progression. Like the beginning, science has not been confined to mere theory but it has fruitful practical output.

অনুবাদঃ ইউরোপীয় যুক্তি ও বিজ্ঞানের বিকাশের যুগে আধুনিক বিজ্ঞানের যাত্রা শুরু হয়েছে বলে ধারনা করা হয়। এটা কেবল মানব জীবনধারায় তাৎপর্যপুর্ন পরিবর্তনই নিয়ে আসেনি বরং ঢেলে সাজিয়ে নবরুপও দান করেছে মানব আত্মাকে। বিজ্ঞান আমাদের ভাবনার পরিসরকে করেছে প্রসারিত এবং সামাজিক অগ্রগতিতে করেছে ত্বরান্বিত। শুরুর মতো শুধু তত্ত্বে বিজ্ঞান সীমাবদ্ধ নেই বরং এর ফলপ্রসূ ব্যবহারিক ফলাফলও রয়েছে।

28. A patriot is a man who loves his country, works for it and is willing to fight and die for it. Every soilder is bound to do his duty. But the best soilder do more than this. They risk their lives, because they love the country they are fighting for.

অনুবাদঃ যিনি নিজের দেশকে ভালোবাসেন, দেশের জন্য কাজ করেন এবং দেশের জন্য যুদ্ধ করতে ও জীবন দিতে ইচ্ছুক তিনিই দেশপ্রেমিক। প্রত্যেক সৈনিক তার কর্তব্য পালনে বাধ্য। কিন্তু সর্বশ্রেষ্ঠ সৈনিকরা এর চেয়েও বেশি কিছু করে। যে দেশের জন্য যুদ্ধ করছে সে দেশকে ভালোবাসার কারণে তারা জীবনের ঝুকি নেয়।

29. Dieting means eating special kinds of food by someone in order to lose weight. When a person is overweight and obese, because of too much eating or some other reasons, dieting will be an effective solution to this problem. The city dwellers often face this problem. They are accustomed to doing mental work rather physical work. Unless the extra calorie is exhauased by working or jogging, we gain more and more weight. So dieting is a direct solution to this problem. But before we diet, we need to consult a dietician. Wrong dieting may create serious health problem.

অনুবাদঃ সংযমী খাদ্যাভ্যাস অর্থ ওজন কমানোর তাগিদে কোনো ব্যক্তি কর্তৃক বিশেষ ধরনের খাদ্যগ্রহণ। অতিরিক্ত খাবার গ্রহণের কারণে বা অন্য কোনো কারণে ব্যক্তি যখন অতিরিক্ত ভারী এবং মেদবহুল হয়ে ওঠে তখন এ সমস্যার কার্যকরী সমাধান হলো সংযমী খাদ্যাভ্যাস। নগরবাসীরা প্রায়ই এ সমস্যার মুখোমুখী হয়। শারীরিক শ্রমের চেয়ে মানসিক শ্রম করতে তারা অভ্যস্ত। পরিশ্রম ও ব্যায়ামের মাধ্যমে ক্যালোরি নিঃশেষিত না হওয়া পর্যন্ত আমরা অধিক ভারী হতে থাকি। সুতরাং সংযমী খাদ্যাভ্যাস এ সমস্যার প্রত্যক্ষ সমাধান। কিন্তু সংযমী খাদ্য গ্রহণের পুর্বে আমাদের পথ্যবিশারদের পরামর্শ নেয়া প্রয়োজন। ভুল সংযমী খাদ্যাভ্যাস মারাত্মক স্বাস্থ্য সমস্যা সৃষ্টি করতে পারে।

30. In modern world women have proved that they can march forward shoulder to shoulder with men. Their role is not limited only to their role as a mother or a wife. They have a lot to do. A good many ways are open for them. They form a powerful resource of the nation.

অনুবাদঃ আধুনিক বিশ্বে নারীরা প্রমাণ করেছে যে তারা পুরুষদের সাথে কাঁধে কাঁধ মিলিয়ে সামনের দিকে এগিয়ে যেতে পারে। মা অথবা স্ত্রী হিসেবে দায়িত্বের মধ্যেই শুধু তাদের দায়িত্ব সীমাবদ্ধ নয়। তাদের অনেক কিছু করার আছে। অনেক অনেক পথও তাদের জন্য উন্মুক্ত। তারা জাতির শক্তিশালী সম্পদ।

31. Students have youth and energy. They are filled with high ideas. They are free from the responsibility of maintaining families. So it is easy for them to devote themselves to social service.

অনুবাদঃ ছাত্র-ছাত্রীদের তারুণ্য এবং কর্মচাঞ্চল্যতা আছে। তারা উচ্চ ধারণা পুর্ন। পরিবার পরিচালনার দায়িত্ব থেকে

CamScanner

তারা মুক্ত। তাই সামাজিক কর্মকান্ডে আত্মনিয়োগ করা তাদের পক্ষে সহজ।

32. The computer is the gift of modern science. It has helped our civilization to go a step further. Computer is now used in every sphere of our life. Computer has made our works easier and beautiful. But our opportunity to learn the art of using computer is very limited.

অনুবাদঃ কম্পিউটার আধুনিক বিজ্ঞানের উপহার। এটি আমাদের সভ্যতাকে আরো একধাপ এগিয়ে নিতে সাহায্য করেছে। আমাদের জীবনের প্রতিটি স্তরেই এখন কম্পিউটার ব্যবহার করা হয়। কম্পিউটার আমাদের কাজকে সহজ ও সুন্দর করেছে। কিন্তু কম্পিউটার ব্যবহারের কৌশল শেখার সুযোগ আমাদের একেবারেই সীমিত।

33. Words have a lot of power. They can help or hint, bless or curse. Unkind words do a lot of harm. Kind words do lot of God. We can spoil a friend's happiness by an unkind word.

অনুবাদঃ কথার রয়েছে অনেক শক্তি। এটি সহায়তা কিংবা সাহায্যপুর্ন ইঙ্গিত দিতে পারে, আশীর্বাদ কিংবা অভিশাপ দিতে পারে। রূঢ় কথা অনেক ক্ষতি সাধন করে। ভালো কথা অনেক মঙ্গল বয়ে আনে। রূঢ় কথার দ্বারা আমরা বন্ধুর সুখ নষ্ট করতে পারি।

34. Truthfulness is the greatest of all virtues. It means the quantity of speaking the truth. The true happiness and prosperity of a man entirely depends on it. It enables to form one's character and gives one a high position in society. Truthfulness may lead the whole world to peace and happiness.

অনুবাদঃ সত্যবাদিতা সর্বোত্তম গুণ। এটি সত্য বলার মাত্রাকে বুঝায়। মানুষের প্রকৃত সুখ ও সমৃদ্ধি সম্পুর্নরূপে এর ওপর নির্ভরশীল। এটি একজনের চরিত্রকে উন্নত করে এবং তাকে সমাজে উচ্চ মর্যাদায় আসীন করে। সত্যবাদিতা সমস্ত পৃথিবীকে শান্তি এবং সুখের পথে পরিচালিত করতে পারে।

37. A man's sight is his greatest treasure. There is no greater misfortune than blindness. A blind person cannot see the beauties of nature. He cannot see people's face. He cannot see the lovely hues of the butterfly.

অনুবাদঃ মানুষের দৃষ্টি শক্তি তার সবচেয়ে বড় সম্পদ। অন্ধত্বের চেয়ে বড় দুর্ভাগ্য জীবনে আর কিছু নেই। অন্ধ লোক প্রকৃতির সৌন্দর্য দেখতে পারে না। সে মানুষের মুখ দেখতে পারে না। প্রজাপতির রঙিন অবয়ব সে দেখতে পারে না।

38. Punctuality is to be cultivated and formed into a habit. This quality is to be acquired through all our works from our boyhood. Boyhood is the seed-time. The habit formed at this time will continue all through our life. 'Everything at the right time' should be our motto.

অনুবাদঃ সময়ানুবর্তিতা চর্চা করতে হবে এবং এটাকে অভ্যাসে পরিণত করতে হবে। আমাদের শৈশবকাল থেকেই বিভিন্ন কাজের মধ্য দিয়ে তা অর্জন করতে হবে। শৈশবকাল বীজ বপনের সময়। এ সময়ের সঠিক অভ্যাসই আমাদের সারা জীবনব্যাপী চলমান থাকবে। 'সবকিছু সঠিক সময়ে' এটাই হওয়া উচিত আমাদের উদ্দেশ্য।

39. The world is like looking glass. If you smile, it smiles, if you frown, it frowns back. If you look at it through a red glass, all seems red and rosy; if a blue, all blue; if through a smoked one, all dull and dirty.

অনুবাদঃ পৃথিবী আয়নার মতো। তুমি যদি হাস তাহলে এটি হাসবে, তুমি যদি ভ্রুকুটি কর তাহলে এটি তোমার প্রতি ভ্রুকুটি করবে। তুমি যদি লাল আয়নার মাধ্যমে একে অবলোকন কর তাহলে সব কিছুই তোমার নিকট লাল ও গোলাপি মনে হবে; যদি নীল আয়নার মাধ্যমে অবলোকন কর তাহলে সব কিছুই নীল মনে হবে; যদি ধুমায়িত আয়নার মাধ্যমে অবলোকন কর তাহলে সব কিছুই নীরস এবং নোংরা মনে হবে।

40. Poverty is a great problem in our country. But we hardly realize that this miserable condition is our creation. Many do not try to better their condition by hard labour and profitable business. They only curse their fate. We must shake off this inactivity and aversion to physical labour. Man is the maker of his own fortune.

অনুবাদঃ দারিদ্র্য আমাদের দেশের এক বিরাট সমস্যা। কিন্তু আমরা কদাচিৎ উপলব্ধি করি যে, এ শোচনীয় অবস্থা আমাদেরই সৃষ্ট। কঠোর পরিশ্রম ও লাভজন কাজের মাধ্যমে অধিকাংশই তাদের অবস্থা উন্নততর করতে চেষ্টা করে না। তারা কেবল তাদের ভাগ্যকে দোষারোপ করে। আমাদেরকে অক্ষমতা এবং শারীরিক শ্রমের প্রতি যে বিতৃষ্ণা তা দুর করতে হবে। মানুষই তার ভাগ্যের স্থপতি।

41. Fortune has often been blamed for her blindness. But fortune is not so blind as are men. Those who look into practical life; will find that fortune is usually on the side of the industrious, as the winds and waves on the side of best navigator.

অনুবাদঃ তার অন্ধত্বের জন্য ভাগ্যকে বারবার দোষারোপ করা হয়েছে। কিন্তু মানুষের মতো ভাগ্য অন্ধ নয়। যারা বাস্তব জীবনের দিকে তাকায়, তারা খুজে পাবে যে ভাগ্য

সাধারণত পরিশ্রমীদের পক্ষে অবস্থান নেয় যেরুপ বায়ু এবং স্রোত অবস্থান নেয় সবচেয়ে দক্ষ নাবিকের পক্ষে।

42. In this life there are no gains without pains. Life indeed would be dull if there were no difficulties. Games lose their zest if there is no real struggle, if the result is a foregone conclusion. Both the winner and the loser enjoy a game most if it is closely contested to the last. No victory is a real triumph unless the fore is worthy of your steel.

অনুবাদঃ এ জীবনে কষ্ট ছাড়া কেষ্ট মেলে না। কোনো প্রতিবন্ধকতা না থাকলে জীবন প্রকৃতপক্ষে নিরস হতো। যদি বাস্তব প্রতিযোগিতা না থাকে এবং ফলাফল যদি পুর্ন থেকে স্থিরকৃত হয় তাহলে খেলা তার প্রাণবন্ততা হারায়। বিজয়ী এবং পরাজিত উভয়ই খেলাকে সর্বোচ্চ উপভোগ করে যদি খেলাতে শেষ পর্যন্ত প্রতিযোগীতা হয়। কোনো বিজয়ই বাস্তবসম্মত জয় নয় যদি না বিরোধী ব্যক্তি নিজেকে দৃঢ়ভাবে রক্ষা করতে পারে।

43. Nothing is useless in the world. Even the commonest things we see around us have also their uses. The rocks we have frequented, may hide a rich mine. A divine intention underlines creation. There is nothing low, nothing mean.

অনুবাদঃ পৃথিবীতে কোনো কিছুই অপ্রয়োজনীয় নয়। এমনকি আমাদের চারিপাশে সবচেয়ে যে সাধারণ বস্তু আমরা দেখি তারও প্রয়োজনীয়তা রয়েছে। আমাদের প্রতিদিন দেখা পাথর টুকরাতেও লুকিয়ে থাকতে পারে মহা মূল্যবান রত্ন। স্রষ্টার ইচ্ছাতেই সৃষ্টি কোনো কিছুই ছোট বা তুচ্ছ নয়।

44. Smoking is very injurious. This is expensive too. It pollutes environment. People who smoke can not last longer. Smoking poses cancer, heart disease and different respiratory diseases.

অনুবাদঃ ধুমপান খুব ক্ষতিকর। এটি ব্যয়বহুলও। এটি পরিবেশকে দূষিত করে। যারা ধূমপান করে তারা বেশি দিন বাঁচতে পারে না। ধুমপান ক্যান্সার, হৃদরোগ এবং শ্বাসতন্ত্রের বিভিন্ন রোগ সৃষ্টি করে।

45. How are real friends? Their number is very small. There comes many friends in the days of prosperity. They are not only greedy of money but selfish also. A real friend stands by his friend in weal and woe and the proverb goes, 'a friend in need is a friend indeed'.

অনুবাদঃ প্রকৃত বন্ধুরা কেমন? তাদের সংখ্যা খুবই নগণ্য। সমৃদ্ধির দিনে অনেক বন্ধু এসে হাজির হয়। তারা শুধু অর্থলোভী নয় স্বার্থপরও। একজন প্রকৃত বন্ধু তার বন্ধুর সুখে-দুঃখে পাশে থাকে। আর প্রবাদ আছে 'অসময়ের বন্ধুই প্রকৃত বন্ধু।'

46. Here is my mother. There is none else like my mother. How affectionate she is to me! She always takes care of me. If I fall ill, mother grows very anxious.

অনুবাদঃ এই আমার মা। আমার মায়ের মতো আর কেউ নেই। তিনি আমাকে কত স্নেহ করেন! তিনি সর্বদা আমার যত্ন নেন। আমি অসুস্থ হলে মা বড়োই উদ্‌বিগ্ন হন।

47. Garden is not a source of beauty only. It is also a source of income to men. Men for their great love of flowers decorate their homes during occasions. Men love flowers for they are the symbols of beauty and purity.

অনুবাদঃ বাগান কেবল সৌন্দর্যের উৎস নয়। এটা মানুষের আয়ের উৎসও। উপলক্ষের সময় ফুলের প্রতি অগাধ ভালোবাসা সম্পন্ন ব্যক্তিরা ঘর-বাড়ি সাজায়। ফুল সৌন্দর্য এবং বিশুদ্ধতার প্রতীক হওয়ার কারণে মানুষ ফুল ভালোবাসে।

48. Kazi Nazrul Islam called himself a Poet of rebellion. This name he richly deserved. His career has been one of peculiar restlessness. His arrival in the literature of Bengal was quite sudden and surprising. He conquered as he came.

অনুবাদঃ কাজী নজরুল ইসলাম নিজেকে বিদ্রোহী কবি বলে আখ্যায়িত করতেন। এই নামটির তিনি ভালোভাবেই দাবিদার ছিলেন। তার জীবনের অগ্রগতি স্বতন্ত্র চপলতার এক উৎকৃষ্ট দৃষ্টান্ত। বাংলা সাহিত্যে তার আগমন সম্পূর্ণরূপে আকস্মিক এবং চমকপ্রদ ছিল। তিনি যেভাবে আবির্ভূত হয়েছিলেন সেভাবেই জয় করে নিয়েছিলেন।

49. Kazi Nazrul Islam is acknowledged as the poet of revolt. But he also wrote with equal facility on the nature and love. He wrote stories and devotional poems. Like Blake, he was a self-taught man and did not have any formal education.

অনুবাদঃ কাজী নজরুল ইসলাম বিদ্রোহী কবি হিসেবে স্বীকৃত। কিন্তু তিনিও প্রকৃতি এবং ভালোবাসাকে উপজীব্য করে সমান সুযোগ-সুবিধা নিয়ে লিখতেন। তিনি গল্প এবং ভক্তিমূলক কবিতা লিখেতেন। ব্লেকের মতো তিনি ছিলেন একজন স্বশিক্ষিত ব্যক্তি এবং তার কোনো আনুষ্ঠানিক শিক্ষা ছিল না।

50. It is known to all that the present age is an age of science. The more a nation is skilled in science and technology the more it is developed. Though our Bangladesh is small in area, it is prosperous in manpower. If we try we can also acquire competence in science and technology. We can build up Sonar Bangla of our dreams.

CamScanner

অনুবাদঃ সবার কাছে জানা যে বর্তমান যুগ বিজ্ঞানের যুগ। বিজ্ঞান ও প্রযুক্তিতে যে জাতি যত দক্ষ সে জাতি তত বেশি উন্নত। বাংলাদেশ আয়তনে ক্ষুদ্র হলেও জনশক্তিতে বাংলাদেশ সমৃদ্ধিশালী। আমরা যদি চাই তাহলে আমরাও বিজ্ঞান ও প্রযুক্তিতে দক্ষতা অর্জন করতে পারবো। আমরা আমাদের স্বপ্নের সোনার বাংলা গড়ে তুলতে পারবো।

51. Self-reliance means depending on one's own life. God helps those who help themselves. So everybody must rely on his own abilities to be self-reliant. A self-reliant man has confidence in his own abilities. He takes heart in the face of difficulties.

অনুবাদঃ আত্মনির্ভরশীলতা বলতে বোঝায় নিজের ওপর নির্ভরশীলতাকে। আল্লাহ তাদের সাহায্য করেন যারা নিজেদের সাহায্য করেন। তাই আত্মনির্ভরশীল হওয়ার জন্য প্রত্যেককে অবশ্যই তার নিজের কর্মদক্ষতার ওপর নির্ভর করতে হবে। একজন আত্মনির্ভরশীল ব্যক্তির তার নিজের কর্মদক্ষতার ওপর আত্মবিশ্বাস রয়েছে। বিপদের সময় সে সাহস হারায় না।

52. He who loves his country is a Patriot. The Patriots love their country more dearly than their own lives. They are ready to lie down their lives for the welfare of their country. Everybody honours them. They live even after their death.

অনুবাদঃ যে নিজের দেশকে ভালোবাসে সেই দেশপ্রেমিক। দেশপ্রেমিকরা তাদের দেশকে নিজের জীবনের চেয়েও বেশি ভালোবাসে। দেশের মঙ্গলের জন্য তারা নিজেদের জীবন বিলিয়ে দিতে প্রস্তুত। প্রত্যেকে তাদের সম্মান করে। এমনকি মৃত্যুর পরও তারা বেঁচে থাকে।

53. My five years old daughter Mini cannot live without chattering. She spent only a year to learn her tongue and since then has not wasted a minute is silence. Her mother is often vexed at his and would stop he prattle, but I would not. To see Mini quiet is unnatural and I cannot bear it long. And so, my own talk with her is always lively.

অনুবাদঃ আমার পাঁচ বছরের মেয়ে মিনি বকবক ছাড়া একদম থাকতেই পারে না। ভাষা শিখতে সে মাত্র এক বছর সময় নিয়েছে আর তারপর থেকে সে নিরব হয়ে এক মিনিটও অপচয় করেনি। তার মা প্রায়ই এতে বিরক্ত হয় এবং তাকে থামাতে চেষ্টা করে, কিন্তু আমি তা করি না। মিনির চুপ থাকাটা অস্বভাবিক, আর আমি এটা অনেকক্ষণ সহ্য করতে পারি না। আর জন্যই তার সাথে আমার কথোপকথন সর্বদাই জীবন্ত হয়।

54. Smoking is very harmful. It is expensive too. It pollutes the environment. Those who smoke cannot live long. So, everyone should give up smoking.

অনুবাদঃ ধূমপান খুব ক্ষতিকর। এটি ব্যয়বহুলও। এটি পরিবেশকে দূষিত করে। যারা ধূমপান করে তারা বেশি দিন বাঁচতে পারে না। তাই প্রত্যেকের ধূমপান ত্যাগ করা উচিত।

55. Water is another asset. Its main source is the rain that builds streams, lakes and rivers. We have rain during the monsoon. The monsoon is the seasonal wind that blows in from the Bay of Bengal.

অনুবাদঃ পানি একটি ভিন্ন রকমের সম্পদ। এটার প্রধান উৎস হচ্ছে বৃষ্টি যেটা মাধ্যমে ঝর্ণা, হ্রদ এবং নদীর সৃষ্টি হয়। বর্ষাকালে আমরা বৃষ্টি পেয়ে থাকি। মৌসুমী বায়ু হচ্ছে ঋতু নির্ভর বায়ু যা বঙ্গোপসাগর থেকে প্রবাহিত হয়।

56. The greatest results in the life are usually attained by simple means and the exercise of ordinary qualities. The common life of everyday with its cares, necessities and duties afford ample opportunity for acquiring experience of the best kind and its most beaten paths provide the true with abundant scope for efforts and room for self-improvement. The road of human-welfare lies among the old highway of steadfast well doing. They who are most persistent and work in the truest spirit will usually be the most seccessful.

অনুবাদঃ জীবনে বড় সাফল্যগুলো অর্জিত হয় সহজ উপায়ে এবং সাধারণ গুণগুলোর অনুশীলনের মাধ্যমে। সতর্কতা, প্রয়োজনীয়তা এবং দায়িত্বসহ প্রতিদিনের সাধারণ জীবন সবচেয়ে ভালো ধরনের অভিজ্ঞতা অর্জনের জন্য প্রদান করে প্রচুর সুযোগ এবং প্রচেষ্টা ও আত্ম উন্নয়নের জন্য সবচেয়ে কঠিন পথগুলো এনে দেয় প্রচুর সুযোগসহ সত্যকে। দৃঢ় কৃতকর্মের প্রাচীন পথেই মানব কল্যাণের পথ নিহিত রয়েছে। যারা অনেক অধ্যবসায়ী এবং সত্যের সন্ধানে কাজ করে তারাই সাধারণত অধিক সফল হবে।

57. The great advantage of early rising is the good start; it gives in our days work. The early riser has done a large quantity of hard work before other men have got out of bed. In early morning the mind is fresh and there are fewer disturbances. So, the work done at that time is generally we done: By beginning so early, he knows that he has plenty of time to do all the work thoroughly. He is not, therefore, tempted to hurry over any art of it.

অনুবাদঃ খুব সকালে ঘুম থেকে ওঠার বড় সুবিধা হচ্ছে এটি আমাদের দিনের কাজের একটা শুভ সূচনা দেয়। অন্যান্য

মানুষ ঘুম থেকে ওঠার আগেই একজন খুব ভোরে ওঠা ব্যক্তি কঠিন কাজের অনেকটাই করে ফেলে। খুব সকালে মন থাকে সতেজ এবং ঝামেলাও থাকে অনেক কম। তাই এই সময়ে করা কাজগুলো সাধারণত ভালো হয়। খুব সকালে শুরু করার দ্বারা সে জানে যে, তার নিকট সকল কাজ সম্পূর্ণরূপে করার জন্য অনেক সময় রয়েছে। তাই তাকে কোন কিছুতেই তাড়াহুড়া করতে হয় না।

58. It is very difficult to be great. Some qualities are required to become great. Honesty and courage are two of them. People of former times possessed these qualities. Now these qualities ate very rare.

অনুবাদঃ মহৎ হওয়া কষ্টকর। মহৎ হতে হলে কিছু ভালো গুণ অর্জন করতে হয়। সততা আর সাহসিকতা এদের দুটি। অতীতে মানুষ এসব গুণের অধিকারী ছিল। এখন এসব গুণ খুবই বিরল।

59. Hundreds of years before the birth of Christ, when the people of Britain were ignorant, uncivilized, barbarians, dwelling in caves, clothing themselves with the skins of animals; a wonderful civilization was flourishing in Greece; Builders, Sculptures, Artists, Poets and Philosophers dwelt in this wonderful little land.

অনুবাদঃ খ্রিস্টের জন্মের শত শত বছর আগে যখন ব্রিটেনের মানুষ অজ্ঞ, অসভ্য, বর্বর ছিল যারা গুহায় বাস করত, প্রাণির চামড়া দিয়ে নিজেদের পরিধান করত; তখন একটা সুন্দর সভ্যতা গ্রীসে উদয় হচ্ছিল; নির্মাতা, ভাস্কর, শিল্পী, কবি এবং দার্শনিকরা এই সুন্দর ছোট্ট ভূমিতে অধিষ্ঠিত হয়েছিল।

৬০. A good teacher is one of the most important people in any country. Bangladesh needs good teachers. A good teacher makes lesson interesting. He keeps pupils and students awake. He also makes them confident and proves them clever. Everybody has something valuable inside him. A good teacher discovers the treasure hidden inside each learners.

অনুবাদঃ একজন ভালো শিক্ষক যে কোনো দেশের সবচেয়ে গুরুত্বপূর্ণ ব্যক্তিদের অন্যতম। বাংলাদেশের প্রয়োজন ভালো শিক্ষক। একজন শিক্ষক পড়াশুনাকে হৃদয়গ্রাহী করে তোলেন। তিনি ছাত্রছাত্রীদের জাগ্রত করে তোলেন এবং তাদেরকে প্রত্যয়ী; চতুর হিসেবে প্রমাণ করেন। প্রত্যেকের ভেতরে মূল্যবান কিছু না কিছু থাকে। একজন ভালো শিক্ষক প্রতিটি শিক্ষার্থীর ভেতরের লুকানো প্রতিভা আবিষ্কার করেন।

61. The best sort of character cannot be formed without efforts. This needs the exercise of constant self-watchfulness, self-discipline and self-control. Moreover, we should bear the courage to thing. We need not fear man nor care for what others think of so. We should remember character is the crown and glory of life.

অনুবাদঃ চেষ্টা ছাড়া উৎকৃষ্ট চরিত্র গঠন করা যায় না। এর জন্য প্রয়োজন সদা আত্মদৃষ্টি, আত্মশৃঙ্খলা আর আত্মসংযম। এছাড়াও আমাদের সঠিক কথা বলার সাহস থাকা উচিত। আমাদের মানুষকে ভয় পাবার কোনো কারণ নেই অথবা কে কি ভাবে ত নিয়েও ভীত থাকার মানে নেই। আমাদের স্বরণ রাখতে হবে যে চরিত্র জীবনের মুকুট ও গৌরব।

62. Then a strange thing happened. All the gigantic reptiles died within a short time. We do not know the reason. Perhaps it was due to a sudden change in climate. Perhaps they had grown so large that they could neither swim nor crawl.

অনুবাদঃ তারপর একটি অদ্ভুত ঘটনা ঘটল। মুহূর্তের মধ্যে সব বৃহদাকার সরীসৃপগুলো মরে গেল। আমরা কারণটা জানি না। হয়তো এটা হয়েছিল হঠাৎ জলবায়ু পরিবর্তনের জন্য। সম্ভবত তারা এতো বড় হয়ে গিয়েছিল যে তারা সাঁতারাতেও না, হামাগুড়ি দিতে পারল না।

63. My grandfather is about seventy years old but he looks younger than his years. Lean, slim and tall, he is still hale and hearty. He has a shock of hair which is just turning grey. He has a trimmed beard. His teeth which are white and even are all in good condition. He has a good appetite and he sleeps well. Cheerful, sociable and kind hearted he is a great favorite with everybody in the village.

অনুবাদঃ আমার দাদার বয়স প্রায় সত্তর বছর কিন্তু বয়সের তুলনায় তাকে তরুণ দেখায়। তিনি মেদহীন, হালকা-পাতলা ও লম্বা এবং এখনও সুস্থ ও সবল। তাঁর এক ঝাকড়া চুল আছে যেগুলো মাত্র পাকতে শুরু করেছে। তাঁর পরিপাটি দাড়ি আছে। তাঁর দাঁতগুলো সাদা এবং সবগুলো এখন ভালো অবস্থায় আছে। তিনি ভালো খেতে পারেন এবং ঘুমানও ভালো। তিনি হাসি-খুশী, সামাজিক ও কোমল হৃদয়ের এবং গ্রামে সকলের নিকট তিনি খুবই প্রিয়।

64. Beside mother tongue, we try to learn mainly one language. The aim of learning English is three: to earn livelihood, to communicate with foreign people and to acquire knowledge about different things.

অনুবাদঃ মাতৃভাষার পাশাপাশি আমরা মূলত আরেকটি ভাষা শেখার চেষ্টা করি। ইংরেজি শিক্ষার লক্ষ্য হলো তিনটি-

CamScanner

জীবন জীবিকার জন্য, বিদেশী লোকদের স্বার্থে যোগাযোগের জন্য এবং বিভিন্ন বিষয় সম্বন্ধে জ্ঞান লাভ করার জন্য।

65. I was very tired and lay down on the grass. I must have slept sound for hours and when I awoke it was just daylight. I tried to rise but was not able to stir.

অনুবাদঃ আমি খুবই ক্লান্ত ছিলাম এবং ঘাসের উপর শুয়ে পড়লাম। আমি নিশ্চিত কয়েক ঘণ্টার জন্য গভীরভাবে ঘুমিয়েছিলাম আর যখন আমি জাগ্রত হলাম তখন সবেমাত্র সকাল হয়েছে। আমি ওঠার জন্য চেষ্টা করলাম কিন্তু নড়তে পারলাম না।

66. No man can live alone. When we are children the family protects us. When we grow up, we need the help of all people around us. If we try to live alone, our lives are no other them of animals.

অনুবাদঃ কোন মানুষ একা বাস করতে পারে না। আমরা যখন ছোট থাকি তখন পরিবার আমাদের রক্ষণাবেক্ষণ করে। যখন আমরা বড় হই, তখন আমাদের চারপাশের সকল মানুষের সাহায্যের প্রয়োজন হয়। আমরা যদি একা বাস করতে চেষ্টা করি, তবে আমাদের জীবন পশুর জীবন থেকে ভিন্ন কিছু নয়।

67. Potato plants have blossoms and seeds, but no one know what kind of potato will grow from a potato seed. All the potatoes of one kind that have even been grown have come from one potato. A potato is not a seed; it is part of a potato plants root.

অনুবাদঃ আলু গাছে ফুল এবং বীজ আছে কিন্তু কেউ জানে না একটি আলু বীজ থেকে কোন প্রকারের আলু জন্মাবে। এমনকি একই জাতের সব আলু একটি মাত্র আলু থেকে জন্মাতে পারে। একটি আলু একটি বীজ নয়; এটি আলু গাছের মূলেরই একটি অংশ।

68. Who does not want to be famous? One needs to acquire learning if one wants to be famous Nobody can prosper in life without learning or education. And what is needed to this is honesty and industry. Industry is the key to success. Success after success makes a man famous. We hope that all of you will be honest and industrious.

অনুবাদঃ বিখ্যাত হতে কে না চায়? একজন বিখ্যাত হতে চাইলে তার শিক্ষা অর্জন করা প্রয়োজন। শিক্ষা ছাড়া জীবনে কেউ উন্নতি করতে পারে না। আর এটার জন্য দরকার সততা ও পরিশ্রম। পরিশ্রম সফলতার চাবিকাঠি। সফলতার পর সফলতা মানুষকে বিখ্যাত করে। আমরা আশা করি যে, তোমরা সবাই সৎ ও পরিশ্রমী হবে।

69. We usually do not talk about seconds. So, there are some clocks that do not have this third hand. This third hand shows the exact time to the second. Many clocks have this. This hand is usually thin and long.

অনুবাদঃ আমরা সাধারণত সেকেন্ডের কথা বলি না। তাই কিছু কিছু ঘড়ি আছে যার এই তৃতীয় কাঁটাটি নেই। এই তৃতীয় কাঁটাটি সঠিক সময় দেখার সেকেন্ড পর্যন্ত। অনেক ঘড়িতে এটি আছে। এই কাঁটাটি সাধারণত পাতলা এবং লম্বা।

70. Books introduce us into the best society, they bring us into the presence of the greatest minds that ever lived. We hear what they said and did, we see them as if they were really alive.

অনুবাদঃ বই আমাদেরকে উৎকৃষ্ট সমাজের সাথে পরিচয় করিয়ে দেয়, মহৎ মনের মানুষের সংস্পর্শে নিয়ে আসে যারা একসময় জীবিত ছিলেন। তারা যা বলেছিলেন এবং করেছিলেন তা আমরা শুনতে পাই, আমরা তাদের দেখতে পাই যেন তারা আসলেই জীবিত।

71. Since the novelist himself a human being, there is an affinity between him and his subject matter which is absent in many other forms of art. The historian is also linked, though as we shall see, less intimately. The painter and sculptor need not be linked: that is to say they need not represent human beings unless they wish, no more need the poet, while the musician cannot represent them even if he wishes, without the help of a program.

অনুবাদঃ ঔপন্যাসিক নিজেই যেহেতু একজন মানুষ, তাই তার সাথে তার বিষয়ের একটি সম্পর্ক আছে যা কলার অন্য শাখাতে নেই। ইতিহাসবিদরাও এর সাথে আমাদের দেখা মতে কম অন্তরঙ্গভাবে সম্পর্ক রয়েছে। চিত্রশিল্পী ও ভাস্করদের যুক্ত হওয়ার দরকার নেই; অর্থাৎ তাদের ইচ্ছা না হলে মানব জাতিকে উপস্থাপন করার প্রয়োজন নেই, কবিদেরও প্রয়োজন নেই যেখানে সংগীতবিদের ইচ্ছা সত্ত্বেও কোনো অনুষ্ঠান ছাড়া নিজেদেরকে উপস্থাপন করতে পারে না।

72. Parents are the source of our life on the earth. It is they who have brought us in the world. They have brought us up in our childhood. They look after us from our infancy with greater care and love. Without their loving care our existence on earth would be impossible.

অনুবাদঃ মাতাপিতা হলেন পৃথিবীতে আমাদের জীবনের উৎস। তারাই আমাদের পৃথিবীতে এনেছেন। তারা শিশুকালে স্নেহ দিয়ে আমাদের দেখাশোনা করেছেন। তাদের স্নেহ-যত্ন ছাড়া পৃথিবীতে আমাদের অস্তিত্ব টিকিয়ে রাখা অসম্ভব হতো।

73. Children are fond of fighting and quarrelling. Both form part of their play. If they do not fight but behave like sober adult, one might exclaim. What are they for? We are fond of agile fighting children. Sometimes they pick a quarrel with their next doors almost motiveless. They enjoy doing so - therefore what they do is free from malice. For, the same fighting groups are seen soon after the hardest brawl to share the same playground, the same packet of chocolates or moving around with arms around each other's neck. This is wonderful-something of which embittered adults are seldom capable.

অনুবাদঃ শিশুরা মারামারি এবং ঝগড়া-বিবাদ পছন্দ করে। দুটিই তাদের খেলার অংশ। যদি তারা মারামারি না করে সংযত বয়স্কদের মতো আচরণ করে তবে কেউ হয়ত চেঁচিয়ে বলে উঠবে-তারা কীসের জন্য আছে? আমরা চঞ্চল মারামারি করা শিশু ভালোবাসি। অনেক সময় তারা উদ্দেশ্যহীনভাবে তাদের নিকট প্রতিবেশীদের সঙ্গে ঝগড়া বাধায়। এ রকম করে তারা আনন্দ পায়–তাই তারা যা করে তা ঈর্ষা থেকে মুক্ত। কারণ তুমুল ঝগড়ার একটু পরেই মারামারি করা দলগুলো একই মাঠে খেলতে, একই প্যাকেটের চকলেট খেতে অথবা পরস্পরের গলায় হাত রেখে ইতস্তত ঘুরে বেড়াতে দেখা যায়। এটা আশ্চর্যজনক-এটা এমন একটা ব্যাপার যা তিক্তবিরক্ত বয়স্করা করতে খুব কমই সমর্থ হয়।

74. It is the responsibility of human beings to prevent the environment from being spoilt. To make life healthy and comfortable we should keep the environment clean and danger free. But often people spoil the environment by doing unwise things and, as a result, their own lives.

অনুবাদঃ পরিবেশকে ধ্বংসের হাত থেকে রক্ষা করার একমাত্র দায়িত্ব মানব জাতির। জীবনকে সুস্থ ও আরামদায়ক করতে পরিবেশকে পরিষ্কার ও বিপদমুক্ত রাখা উচিত। কিন্তু মানুষ প্রায়ই জ্ঞানহীনের মতো পরিবেশকে নষ্ট করছে। ফলে তাদের জীবনকেই বিপদের মধ্যে ফেলে দিচ্ছে।

75. Love is the crown of all virtues. It adornes a man with all divine qualities. It is love that strengthens our humilities and makes heaven of all the world. Love for God is the virtue of the highest excellence. It governs society and secures personal liberty. Love one's own country is an inherent of human nature.

অনুবাদঃ ভালোবাসা অন্য সব মহৎ গুণের মুকুট স্বরূপ। এটা একজন মানুষকে সকল স্বর্গীয় গুণে গুণান্বিত করে। ভালোবাসা নম্রতা বৃদ্ধি করে এবং সমগ্র পৃথিবীকে স্বর্গে পরিণত করে। সৃষ্টিকর্তার প্রতি ভালোবাসা হলো মহৎ গুণের মধ্যে সর্বোত্তম। এটা সমাজকে নিয়ন্ত্রণ করে এবং ব্যক্তি স্বাধীনতা নিশ্চিত করে। দেশের জন্য ভালোবাসা মানুষের একটি স্বভাবজাত গুণ।

76. A newspaper is a storehouse of knowledge. We can know the conditions, manners, culture of other countries. It is, in fact, the summary of all current history. In this scientific age, the world without newspaper is unthinkable. At the same time, newspapers should maintain ethics of journalism.

অনুবাদঃ সংবাদপত্র জ্ঞানের ভাণ্ডার। সংবাদপত্রের মাধ্যমে আমরা বিশ্বের অন্যান্য জাতির অবস্থা, আচার-আচরণ, প্রথা জানতে পারি। মূলত তা সমস্ত চলতি ইতিহাসের সার-সংক্ষেপ। বর্তমান যুগে সংবাদপত্রবিহীন জগৎ অকল্পনীয়। একই সময় সংবাদপত্রের নীতি মেনে সংবাদ পরিবেশন করা উচিত

77. Bangladesh is a democratic country. In a democracy any boy or girl can become the most important person in the land. He does not need money. He does not need powerful friends. He needs the things, ability, integrity and hard work. Bangladesh also needs people with three things.

অনুবাদঃ বাংলাদেশ একটি গণতান্ত্রিক দেশ। গণতান্ত্রিক দেশে যে কোন ছেলে বা মেয়ে সবচেয়ে গুরুত্বপূর্ণ ব্যক্তি হতে পারে। তার অর্থের প্রয়োজন নেই। তার ক্ষমতাসীন বন্ধু-বান্ধবের প্রয়োজন নেই। তার তিনটি জিনিস দরকার, সামর্থ্য, সততা ও কঠোর পরিশ্রম। বাংলাদেশেরও এ তিনটি জিনিসের অধিকারী লোক প্রয়োজন।

78. Many difficulties may stand on the ways of performing work. But a man of perseverance is never discouraged by it. He goes on trying until he attains his success. No great work can be accomplished without repeated attempts. Perseverance teaches us how to fight against these difficulties.

অনুবাদঃ কার্য সম্পাদনের ক্ষেত্রে নানাবিধ বিপত্তি এসে রুদ্ধ করতে পারে পথ। কিন্তু একজন উদ্যমী মানুষ কখনই সেসবের দ্বারা হতোদ্যম হয় না। সফলতা অর্জিত না হওয়া পর্যন্ত সে প্রচেষ্টা অব্যাহত রাখে। পুনঃপুন চেষ্টা ব্যতীত কোনো মহান কাজই সম্পন্ন হয় না। অধ্যবসায় আমাদের এসব প্রতিকূলতা মোকাবিলা করতে শেখায়।

79. Early rising is beneficial to health. The boy who rises early enjoys the fine air of the morning. He can take a walk by the river side or in the open field. He can enjoy the sweet songs of the birds and see the

CamScanner

beautiful sight of the sun rise. All these make him healthy and cheerful.

অনুবাদঃ সকাল সকাল ঘুম থেকে ওঠা স্বাস্থ্যের জন্য উপকারী। যে ছেলে সকালে ঘুম থেকে ওঠে সে সকালের সতেজ বাতাস উপভোগ করে। সে নদীর তীরে অথবা খোলা মাঠে হাঁটতে পারে। সে পাখিদের মিষ্টি গান উপভোগ করতে পারে এবং সূর্যোদয়ের সৌন্দর্য অবলোকন করতে পারে। এসব কিছুই তাকে সুস্থ ও প্রফুল্ল করে তোলে।

80. In bangladesh only one person in every four can write. Many people who leave school before they have learnt. After ten or fifteen yeary it is very easy to forget how to write.

অনুবাদঃ বাংলাদেশের প্রতি চারজনের মাত্র একজন লিখতে পারে। অনেক মানুষ শেখার আগেই স্কুল ত্যাগ করে। দশ কিংবা পনের বছর পর লেখা ভুলে যাওয়া খুবই স্বাভাবিক।

81. War is a curse to human civilization. In ancient times battles were confined to soldiers. But now-a-days all the people civilian and military have to suffer from the effect of war. None can escape from the grip of enemy bombaers. In fact, war turns men into beasts.

অনুবাদঃ যুদ্ধ মানব সভ্যতার জন্য অভিশাপ। প্রাচীনকালে যুদ্ধ সৈনিকদের মাঝে সীমাবদ্ধ ছিল। কিন্তু আজকের দিনে বেসামরিক, সামরিক সকল মানুষকে যুদ্ধের প্রভাবে কষ্ট পেতে হয়। কারোই শত্রুর বোমারু বিমান খপ্পর থেকে রক্ষা নেই। প্রকৃত পক্ষে যুদ্ধ মানুষকে পশুতে রুপান্তরিত করে।

82. A gentleman is one who never causes pain to others. This description is short, but as far as it goes is correct. He is always polite and considerate. He carefully avoids whatever may cause even a slight shock with his associates.

অনুবাদঃ সজ্জন ব্যক্তি সেই যে কখনো অন্যের দুঃখের কারণ হয় না। বর্ণনাটি ক্ষুদ্র কিন্তু এটা যা নির্দেশ করে তা যথাযথ। সে সর্বদা বিবেচক এবং বিনয়ী। সে তার সাথীদের দুঃখের কারণ পর্যন্ত সতর্কতার সাথে এড়িয়ে চলে।

83. Education is the backbone of nation. No nation can make progress without education. Ignorance is compared to darkness. So the light of education is essential for society. Everyone has to realize this truth.

অনুবাদঃ শিক্ষা জাতির মেরুদন্ড। শিক্ষা ছাড়া কোনো জাতি উন্নতি করতে পারে না। অজ্ঞতা অন্ধকারের শামিল। সুতরাং সমাজের জন্য শিক্ষার আলো অত্যাবশ্যক। প্রত্যেককেই এই সত্যটি অনুধাবন করতে হবে।

84. No person can be happy without friends. The heart is formed for love and cannot be happy without the opportunity of giving and receiving affection: But you cannot receive affection unless you also love them. Love is only to be obtained by giving love in return.

অনুবাদঃ বন্ধু ছাড়া কেউ সুখী হতে পারে না। হৃদয় ভালোবাসার জন্য তৈরী হয়েছে এবং ভালোবাসা আদান-প্রদানের সুযোগ না পেলে সুখী হতে পারে না। কিন্তু তুমি যদি অন্যকে ভালো না বাস তবে তারাও তোমাকে ভালোবাসবে না। ভালোবাসা দিয়েই প্রতিদানে ভালোবাসা পাওয়া যায়।

85. A national flag stands as a symbol of something. Our national flag is the symbol of national ideas and aspirations, our hopes and achievements as a people. A flag is a necessary for all nations. Millions have died for our national flag. We are proud of our national flag.

অনুবাদঃ জাতীয় পতাকা হচ্ছে কোনো কিছুর প্রতীক স্বরূপ। জনগণ হিসেবে আমাদের আশা আকাঙ্খা, আদর্শ ও অর্জনের প্রতীক হলো আমাদের জাতীয় পতাকা। পতাকা সব জাতির জন্যই গুরুত্বপুন। আমাদের জাতীয় পাতাকার জন্য লক্ষ লক্ষ মানুষ জীবন দিয়েছে। আমরা আমাদের জাতীয় পতাকার জন্য গর্বিত।

86. Time is very valuable. One should not neglect it. The success of the man who makes proper use of time is sure to come. All the great men of the world have made proper use of time. Time and tide wait for none.

অনুবাদঃ সময় খুব মুল্যবান। কারো সময়কে অবজ্ঞা করা উচিত নয়। যে ব্যক্তি সময়ের যথাযথ ব্যবহার করে তার সফলতা অনিবার্য। পৃথিবীর মহান ব্যক্তিরা সময়ের সঠিক ব্যবহার করেছেন। সময় এবং স্রোত কারো জন্য অপেক্ষা করে না।

87. Nasirudding was an Emperor of Delhi. He was a pious Sultan. He lived a very simple life. For this he was known as the Darvish Sultan of Delhi. He did not take any money from the Royal treasury. He used to sew caps and make copies of the Holy Quran and thus he maintained his family. His wife used to cook food with her own hands.

অনুবাদঃ নাসির উদ্দিন দিল্লির একজন সম্রাট ছিলেন। তিনি ছিলেন ধার্মিক সুলতান। তিনি সাধারণ জীবন যাপন করতেন। এজন্য তিনি দিল্লির দরবেশ সুলতান নামে পরিচিত ছিলেন। তিনি রাজকোষ থেকে কোনো অর্থ গ্রহণ করতেন না। তিনি কুরআন অনুলিপি করে এবং টুপি সেলাই করে নিজ পরিবারের জীবন নির্বাহ করতেন। তার স্ত্রী নিজেই রান্না করতেন।

88. Time is an important factor in life. I have been facing serious problems in travelling in the city because of the severe traffic jams. This was not the case in the past. I have been spending one to two hours before reaching the dest

অনুবাদঃ জীবনে সময় গুরুত্বপুর্ন বিষয়। তীব্র যানজটের কারণে শহরে ভ্রমনের ক্ষেত্রে আমি অনেক সমস্যার সম্মুখীন হচ্ছি। অতীতে ঐ রকম ছিল না। গন্তব্যে পৌছানের পুর্বে আমি এক অথবা দুই ঘন্টা অতিবাহিত করছি। এসব সময় অপচয় হয়।

89. There are 6.6 billion people in the world, of which 4 billion live in poverty. Nearly a billion people are starving today. But the amount of food we produce could feed 12 billion people. In this world of plenty, a huge number go hungry. One of the major causes of hunger is unequal distribution of wealth.

অনুবাদঃ বিশ্বে ৬.৬ বিলিয়ন লোক আছে যাদের মধ্যে ৪ বিলিয়ন মানুষ দারিদ্র্যে বসবাস করে। আজ প্রায় ১ বিলিয়ন মানুষ অনাহারে থাকছে। কিন্তু যে পরিমাণ খাদ্য আমরা উৎপাদন করি তা ১২ বিলিয়ন লোকের খাবারের ব্যবস্থা করতে পারে। প্রার্চুয্যের এই বিশ্বে অনেক সংখ্যক লোকই ক্ষুধার্ত থাকে। ক্ষুধার্ত প্রধান কারণগুলোর মধ্যে একটি হলো সম্পদের অসমবন্টন।

90. I visited the National Memorial at Savar on the occasion of last victory day. Entering the complex over 126 acres of land, I walked straight towards the monument. I wondered to see the series of seven towers that rise by stages. I looked again and again at the tallest tower of 150 feet height. Then I stood in silence near graves of Martyrs.

অনুবাদঃ গত বিজয় দিবস উপলক্ষে আমি সাভারের জাতীয় স্মৃতিসৌধ পরিদর্শনে গিয়েছিলাম। ১২৬ একর জমির কমপ্লেক্সটিতে প্রবেশ করে, আমি সরাসরি স্মৃতি স্তম্ভের দিকে হেটে গেলাম। আমি সাতটি মিনারের সারি দেখে বিস্মিত হলাম, যা ধাপে ধাপে উপরে দিকে উঠে গেছে। ১৫০ ফুট উচ্চতা সম্পন্ন বড় মিনারটির দিকে আমি বার বার তাকালাম। তারপর নীরবে শহীদদের কবরের কাছে দাড়ালাম।

91. The UNESCO on 17 November in 1999 proclaimed February 21 as the international Mother Language Day in recognition of the sacrifices of the martyrs for the rightful place of Bangla. The day is now annually observed worldwide to promote awareness of linguistic and cultural diversity and multilingualism.

অনুবাদঃ বাংলা ভাষার অধিকার রক্ষার্থে শহীদদের আত্মত্যাগের স্বীকৃতিস্বরুপ ১৭ নভেম্বর ১৯৯৯ সালে ইউনেস্কো ২১শে ফেব্রুয়ারীকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে ঘোষণা করেন। ভাষাগত বিদ্যা ও সাংস্কৃতিক বৈচিত্র্য এবং বহুভাষাবাদ সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করতে প্রতি বছর দিনটি বিশ্বব্যাপী পালন করা হয়।

92. The much avaited tax card will be distributed in the current fiscal year 2011-2012 to honour both individual and corporate income tax payers for the highest tax payments. Tax payments will get the card on the basis of this criterion from FY 2009-2010. The card purported to giving social recognition and status to the highest tax payers will remain valid for one year.

অনুবাদঃ ব্যক্তি ও প্রাতিষ্ঠানিক পর্যায়ে সর্বোচ্চ কর প্রদানের জন্য আয়করদাতাদের সম্মানে চলতি ২০১১-২০১২ অর্থ বছরে দীর্ঘ প্রতিক্ষীত করপত্র বন্টন করা হবে। এ মানদন্ডের ভিত্তিতে করদাতারা ২০০৯-২০১০ অর্থ বছর থেকে এ পত্রটি পাবে। সর্বোচ্চ করদাতাদের সামাজিক মর্যাদা ও স্বীকৃতি প্রদানকারী ঐ পত্রটির বৈধ মেয়াদকাল হবে এক বছর।

93. Our constitution starts with three words: 'We, The People'. The words are simple but mighty. They are also revolutionary in nature. They are mighty because they signify the collective mind of the nation. They are revolutionary because they represent a glorified moment of the Bengali Nation's commitment for oneness. This oneness develops into an image of a document which we call the constitution.

অনুবাদঃ আমাদের সংবিধান তিনটি শব্দ দিয়ে শুরু। 'আমরা, সকল নাগরিকেরা'। শব্দগুলি সাধারণ কিন্তু শক্তিশালী। প্রকৃতিগতভাবেও তারা বৈপ্লবিক। তারা শক্তিশালী কারণ তারা একটি জাতির সমষ্টিগত বিবেককে বুঝায়। শব্দগুলি বৈপ্লবিক কারণ তারা বাঙ্গালি জাতির একটি মহিমান্বিত ক্ষণকে নির্দেশ করে একক থাকার প্রতিজ্ঞাকে। এই একতা এমন একটি দালিলিক চিত্র তৈরী করেছে যাকে আমরা বলি সংবিধান।

94. Small and Medium Enterprises (SMEs) have long been considered as the principal driving force of Bangladesh's economy. Along with stimulating private ownership and entrepreneurial skills, SMEs are flexiable and can adapt quickly to changing market demand and supply. These enterprises generate employment, help diversity economic activity, and make a significant contribution to exports and trade. The sector still needs greater support from both financial institutions and the government.Especailly at a time such as now, when the impact of the global crisis is becoming more

CamScanner

evident, in terms of declining export orders and remittance inflow, boosting the SME sector should be an imperative.

অনুবাদঃ ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগকে দীর্ঘদিন যাবৎ বাংলাদেশের অর্থনীতিতে প্রধান চালিকাশক্তি হিসেবে বিবেচনা করা হয়। প্রণোদামুলক ব্যক্তি মালিকানা ও উদ্যোক্তার দক্ষতার সাথে সাথে এসএমই নমনীয় এবং এটি পরিবর্তিত বাজার চাকরির সুযোগ সৃষ্টি করতে, অর্থনৈতিক কর্মকান্ডে বৈচিত্র্য আনতে এবং রপ্তানি ও বাণিজ্যে তাৎপর্যপূর্ণ অবদান রাখতে সাহায্য করে। এ খাতে এখনো আর্থিক প্রতিষ্ঠান ও সরকারের ব্যাপক সহযোগিতা প্রয়োজন। বিশেষ করে এ সময়ে, যখন বিশ্ব মন্দার কারণে রপ্তানি আয় এবং প্রবাসী আয় কমে যাচ্ছে, এসএমই খাতের উন্নয়ন অবশ্যম্ভাবী।

95. Asia is the fastest growing region for new subscribers to social networing site 'Facebook'. Facebook currently claims more than 500 million registered users worldwide, with 54 percent said to be logging on to the site daily. Facebook set up an Asian saltes office in Singapore to help regional brands in executing their marketing campaigns. Singapore has been a great market for the facebook. China restricted access to the site in July 2009 amid deadly ethnic unrest in some region, but users have found ways of breaching the censorship wall.

অনুবাদঃ সামাজিক নেটওয়ার্ক ফেইসবুকের নতুন গ্রাহকদের অতি বর্ধিষ্ণু অঞ্চল হচ্ছে এশিয়া মহাদেশ। বর্তমানে ফেইসবুক বিশ্বব্যাপী প্রতিদিন ৫০০ মিলিয়নের অধিক গ্রাহক চাচ্ছে। প্রতিদিন ৫৪ ভাগ গ্রাহককে নেটওয়ার্ক সাইটে লগ অন করতে বলছে। মার্কেটিং অভিযান পরিচালনার্থে তাদের আঞ্চলিক ব্রান্ডগুলোকে সহায়তা করার জন্য ফেইসবুক সিঙ্গাপুরে এশীয় বিক্রয় অফিস খুলেছে। সিঙ্গাপুর ফেইসবুকের এক বাজার হয়ে গেছে। কিছু অঞ্চলে ভয়াবহ জাতিগত অস্থিরতার কারণে চীন ২০০৯ সালের জুলাইয়ে এ নেটওয়ার্ক সাইটের প্রবেশ নিষেধ করেছিল। কিন্তু গ্রাহকরা এ বাধার প্রাচীর ভাঙ্গার পথ খুঁজে পেয়েছে।

96. Altaf Mahmud was an singer, cultural worker and freedom fighter. He was born in 23th December of 1933. He was also a commentator and the composer of the song 'Amar vaier Rokte Rangano Ekushey February'. In the year 2004, Altaf Mahmud got independence award (late).

অনুবাদঃ আলতাফ মাহমুদ সংগীত শিল্পী, সাংস্কৃতিক কর্মী এবং শহীদ মুক্তিযোদ্ধা ছিলেন। তিনি ১৯৩৩ সালের ২৩ ডিসেম্বর জন্মগ্রহণ করেন। ভাষাকর্মী এবং আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারী এর সুরকারও ছিলেন তিনি। ২০০৪ সালে আলতাফ মাহমুদ (মরণোত্তর) স্বাধীনতা পুরস্কার লাভ করেন।

97. Revenue department plays an important role in the development of our country. It's importance cannot be described in writing. So, we should pay income tax. We all should feel its' importance.

অনুবাদঃ দেশের উন্নয়নে রাজস্ব বিভাগ বিশেষ ভূমিকা পালন করে। লিখে এর ভূমিকা বর্ণনা করা সম্ভব নয়। রাজস্ব ব্যতীত উন্নয়ন প্রায় অসম্ভব। তাই, আমাদের আয়কর প্রদান করা উচিত। আমাদের সবার এর গুরুত্ব অনুধাবন করা প্রয়োজন।

98. The Rohingya refugees are stricken with numerous problems. They are facing different kinds of challenges everyday. The rampage of Myanmar army is not stopped yet. As a result, thousands of Rohingya are penetrating into Bangladesh through various point of Border everyday. The most part of Rohingya is still shelterless.

অনুবাদঃ হাজারো সমস্যায় জর্জরিত রোহিঙ্গা শরণার্থীরা। নিত্য নতুন সমস্যার মুখোমুখি হচ্ছেন তারা। মিয়ানমার সেনাবাহিনীর তান্ডব এখনো বন্ধ হয়নি। ফলে প্রতিনিয়তই সীমান্তের বিভিন্ন পয়েন্ট দিয়ে প্রাণ বাঁচাতে বাংলাদেশে অনুপ্রবেশ করছেন হাজার হাজার রোহিঙ্গা। বড় একটি অংশেরই এখনো ঠিকানা মেলেনি।

99. To tell a lie is a great sin. Nobody likes a liar. Everybody hates him. He can not prosper in life. We should never tell a lie.

অনুবাদঃ মিথ্যা বলা মহা পাপ। মিথ্যাবাদীকে কেউ পছন্দ করে না। প্রত্যেকেই তাকে ঘৃণা করে। সে জীবনে উন্নতি করতে পারে না। আমাদের কখনো মিথ্যা বলা উচিত নয়।

100. We are the citizens of an independent country. Independence is the birth right of man. But no nation can achieve independence without efforts. Again the people of a country must be determined to preserve that independence. It is the sacred duty of every citizen to preserve the independence of his motherland.

অনুবাদঃ আমরা স্বাধীন দেশের নাগরিক। স্বাধীনতা মানুষের জন্মগত অধিকার। কিন্তু কোনো জাতি চেষ্টা ব্যতীরেকে স্বাধীনতা অর্জন করতে পারে না। আবার একটি দেশের জনগণকেই সেই স্বাধীনতা সংরক্ষণের দৃঢ় সংকল্পবদ্ধ হতে হবে। মাতৃভূমির স্বাধীনতা সংরক্ষণ করা প্রত্যেক নাগরিকের পবিত্র দায়িত্ব।

বাংলা থেকে ইংরেজি

১. জনসংখ্যা সমস্যা আমদের দেশের একটি বড় সমস্যা। আমদের জনসংখ্যা বেড়েই চলছে। দেশের লোকের স্বাস্থ্য তেমন ভালো নয়। তাদের অনেকেই অপুষ্টিতে ভুগছে। যে পরিমাণ খাদ্য তাদের জন্য প্রয়োজন তা তারা পায় না। আমরা পর্যাপ্ত পরিমাণে খাদ্য উৎপাদন করতে পারি না। অধিক খাদ্য উৎপাদন করে খাদ্য চাহিদা পূরণ করা সম্ভব। সেজন্য আমাদের প্রচুর পরিশ্রম করতে হবে। আমাদের খাদ্য সমস্যা সমাধানের জন্য বৈজ্ঞানিক পদ্ধতিতে চাষ করতে হবে।

Ans: Population problem is a big problem in our country. Our population is growing. People's health is not so good. Many of them are suffering from malnutrition. They do not get the food they need. We can not produce enough food. It is possible to meet food demand by producing more food. That's why we have to work a lot. To solve our problems, we need to cultivate in scientific method.

২. বাংলাদেশে প্রতি চারজনে কেবল একজন ব্যক্তি লিখতে পারে। বহু শিক্ষার্থী যারা পঞ্চম শ্রেণী সমাপ্ত করার পূর্বেই বিদ্যালয় পরিত্যাগ করে ফলে তারা যা শিখে তাও ভুলে যায়। দশ-পনের বছর পর লিখতে পারা ভুলে যাওয়া খুব সহজ ব্যাপার।

Ans: In Bangladesh only one person in every four can write. Many people who leave school before they finish class five forget what they have learnt. After ten or fifteen years it is very easy to forget how to write.

৩. মানুষ সাধারণত নিজের পথে চলতে চায়। তারা যেমন খুশি তেমন ভাবতে ও কাজ করতে চায়। সে যাই হোক, সে কিন্তু সকল সময় নিজের মতো চলতে পারে না। সমাজে একজন লোক তার নিজের চাহিদার মতো অন্যের চাহিদার কথা বিবেচনা না করে থাকতে পারে না। সমাজ মানে একই আইন ও একই জীবনযাত্রা সম্পন্ন একদল মানুষ। সমাজে মানুষ তাদের নিজেদের সিদ্ধান্ত নিতে পারে কিন্তু এই সিদ্ধান্ত অন্যদের জন্য ক্ষতিকর বা অনৈতিক হওয়া উচিত নয়।

Ans: Men usually want to have their own way. They want to think and act as they like. No one however, can have his own way all the time. A man cannot live in society without considering the interest of others as well as his own interests. Society means a group of people living with the same laws and same way of life. People in a society may make their own decisions but these decisions ought not be unjust or harmful to others.

৪. বাংলাদেশ আমাদের মাতৃভূমি। আমরা এদেশকে আমাদের অন্তরের অন্তঃস্থল থেকে ভালবাসি। এ দেশের উর্বর জমিতে সহজেই শস্যাদি জন্মে। ধান ও পাট হচ্ছে প্রধান শস্য। দেশের উন্নয়নের জন্য আমাদের সবার কঠোর পরিশ্রম করা উচিত।

Ans: Bangladesh is our motherland. We love this country from the core of our heart. Crops grow easily in the fertile soil of this country. Paddy and Jute are our principal crops. All of us should work hard for the development of the country

৫. শিক্ষা সম্পর্কে রবীন্দ্রনাথের নিজস্ব কিছু ধারণা ছিল। তিনি বিশ্বাস করতেন যে মানুষ বই থেকে যে জ্ঞান পায়, প্রকৃতি থেকেও ততটুকু জ্ঞান পেতে পারে। এই কারণে তিনি একটা নিজের স্কুল শুরু করেন।

Ans: Rabindranath had his own ideas of education. He believed that one can learn as much from nature as from books. For this reason he started a school of his own.

৬. মানবজাতির ইতিহাসের মতোই গল্প বলার ইতিহাস পুরোনো। প্রাক-সভ্যতার যুগে আদিম পুরুষ দিনের বেলায় শিকার করত এবং রাতে শিকারী পশুদের হাত থেকে বাঁচার জন্য গুহা বা অন্য কোন আশ্রয়স্থলে আশ্রয় গ্রহণ করত। এদের (পশু) ভয় দেখানোর জন্য আগুন জ্বালিয়ে রাখা হতো এবং পুরুষ ও মহিলারা নিরাপত্তা, উষ্ণতা এবং সঙ্গ লাভের জন্য জড়ো হয়ে থাকতো। মহিলারা বাচ্চাদেরকে ঘুমানোর আগ পর্যন্ত শান্ত রাখার জন্য গল্প তৈরি করতে অথবা বিনোদন বা দ্বন্দ্ব মীমাংসার জন্য নিজেদের মধ্যে গল্প গুজব করতো।

Ans: Story telling is almost as old as man. Before the dawn of civilization, premitive man hunted during the day and at fall of night repaired to some cave or other shelter to protect himself against predatory animals. Fires were kept burning to scare them away and men and women clustered round for warmth, security and companionship. Women made up stories to keep children engaged till they fell asleep or gossiped among themselves for amusement or spite.

৭. দুর্নীতি একটি সামাজিক ব্যাধি। উন্নয়নের পথে ইহা বড় বাধা। ইহা সমাজকে ধ্বংস করে। সমাজের মঙ্গলের জন্য আমাদের দুর্নীতি প্রতিরোধ করা উচিত। তুমি কি দুর্নীতিকে ঘৃণা কর না?

CamScanner

Ans: Corruption is a social disease. It is a great obstacle in the way of development. It damages the society. We should protect corruption for the welfare of the society. Don't you hate corruption?

৮. সাধারণ ব্যবহারিক অর্থে পুঁজি বলতে মুদ্রাকে বোঝায়, যেটাকে কেউ ব্যবসায় বিনিয়োগ করে। কিন্তু অর্থনীতিবিদ বলেন যে, পুঁজি বলতে মুদ্রাকে বোঝায় না। মুদ্রা হচ্ছে শুধুমাত্র বিনিময়ের মাধ্যম।

Ans: In the ordinary use capital means the money, one invests in a business. But the economist says that capital does not mean money. Money is simply a medium of exchange.

৯. অতীতের মত ভবিষ্যতেও যোগ্যরাই অস্তিত্বের লড়াইয়ে টিকে থাকবে। অতীতে যেখানে স্বার্থপরতা ছিল যোগ্যতার মাপকাঠি, সেখানে ভবিষ্যতে ভালোবাসার গভীরতায় টিকে থাকার গুণ নির্ধারণ করা হবে। পূর্বে যা কখনই শিক্ষা দেয়া হয়নি তা আধুনিক বিজ্ঞান শিক্ষা দিচ্ছে যে, কেউ কেবল নিজের জন্য বাঁচে না।

Ans: Tomorrow as yesterday, the fittest will survive in the struggle for existence. But, whereas in the past selfishness was the measure of fitness, in the future survival value will be determined by breadth and depth of love. Modern science is teaching, as it never was taught before, that no one lives for himself alone.

১০. অনেকে বঙ্কিমের ঐতিহাসিক উপন্যাসগুলোকে এই ভিত্তিতে সমালোচনা করেছেন যে তার উপন্যাসগুলো এক অদ্ভুত রোমান্স এবং ইতিহাসের সমন্বয় যেখানে সত্যকে সাহিত্যের খাতিরে বিসর্জন দেয়া হয়েছে। অন্যরা তাকে এভাবে সমালোচনা করেছেন যে তিনি তার নায়ক-নায়িকাদের জীবনে ইতিহাসকে অবিচ্ছেদ্য অংশ হিসেবে তৈরি করেননি।

Ans: Some have criticized Bankim's historical novels on the ground that they are a strange amalgam of romance and history in which truth is sacrificed at the after of art. Others have criticized him because he does not make history on integral part of the life of his heroes and heroines.

১১. ভালো বই হচ্ছে জ্ঞান ও প্রজ্ঞার ভাণ্ডার। যার কাছে চাবি আছে সেই এসকল ভাণ্ডারে প্রবেশ করতে পারে ও নিজেকে সহায়তা করতে পারে। চাবিটি কী? কেবল পড়ার সামর্থ্য। যে পড়তে পারে সে পৃথিবীর মহান চিন্তাবিদগণের মহান ভাবনায় মন পরিপূর্ণ করতে পারে।

Ans: Good books are store house of knowledge and wisdom. Anyone who has the key can enter this store house and help himself. What is the key? Simply the ability to read. He who can read can store his mind with the great thoughts of the great thinkers of the world.

১২. ইংরেজি একটি আন্তর্জাতিক ভাষা। পৃথিবীতে এমন কোন দেশ নেই যেখানে ইংরেজি বলা হয় না। একবার কেউ এই ভাষার মজা পেলে, সে এটা না শিখে পারে না। বাংলা ভাষাকে সমৃদ্ধ করার উদ্দেশ্যেই আমাদের ইংরেজি শেখা উচিত। তোমরা কি ইংরেজিতে কথা বলা পছন্দ কর না?

Ans: English is an international language. There is no country in the world where English is not spoken. Once one has taken delight in this language one cannot but learn it. It is with the purpose to enrich the Bangla language that one should learn English. Do you not like speaking English?

১৩. সময় অত্যন্ত মূল্যবান। একে অবজ্ঞা করা ঠিক নয়। যে মানুষ সময়ের সদ্ব্যবহার করে তার সফলতা অনিবার্য। পৃথিবীর সকল বিখ্যাত ব্যক্তিরাই সময়ের সঠিক ব্যবহার করেছেন। আমাদের উচিত তাদের অনুসরণ করা।

Ans: Time is very valuable. To neglect it is not proper. The success of the man who makes the right use of his time is inevitable. All the famous men of the world have made the right use of time. We should follow them.

১৪. সারা বিশ্বেই প্রতি বছর ৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবস পালিত হয়। নারীদের আর্থ-সামাজিক ও রাজনৈতিক অর্জন চিহ্নিত করতে শুধু এই দিনেই শতাধিক কার্যক্রম গৃহীত হয় না বরং সারা মার্চ মাস জুড়েই চলতে থাকে। ১৯০৮ সাল থেকে আইডব্লিউডি-র অনুভূতি সম্মানের সাথে দেখা হচ্ছে। কিন্তু এটি আনুষ্ঠানিকভাবে প্রতিষ্ঠিত হয়নি যতক্ষণ না ১৯১০ সালে কোপেনহেগেনে শ্রমজীবী নারীদের সম্মেলনে এ সিদ্ধান্ত গৃহীত হয়।

Ans: Each year around the world International Women's Day (IWD) is celebrated on March 8. Hundreds of events occur not just on this day but also throughout March to mark the economic, political and social achievements of women. The sentiment of IWD has been honored since 1908, but it wasn't formally established until after a decision made at the 1910 International Conference of Working women in Copenhagen.

১৫. আমরা সমাজে বাস করি। তাই সমাজে আমাদের শান্তি বজায় রাখতে হবে। সমাজের প্রতি আমাদের অনেক দায়িত্ব ও কর্তব্য আছে। আমরা পরস্পরের ওপর নির্ভর করি। আমাদের উদ্দেশ্য সুখী সমাজ গঠন করা।

Ans: We live in society. So we have to maintain peace in society. We have a lot of duties and responsibilities towards the society. We rely upon one another. Our aim is to build a happy society.

১৬. পরিশ্রম না করলে কেউ কখনো উন্নতি করতে পারে না। যদি তুমি টাকা অথবা জ্ঞান অর্জন করতে চাও তবে অবশ্যই তোমাকে কঠিন পরিশ্রম করতে হবে। যে অলস সে সর্বদা পিছিয়ে পড়ে থাকে। যদি তুমি স্বাস্থ্যবান হতে চাও তবে অবশ্যই তোমাকে পরিশ্রমী হতে হবে। একজন অলস ব্যক্তি যেন সমাজের বোঝা। তাকে কেউ পছন্দ করে না।

Ans: None can ever prosper if he does not labour. You must labour hard if you like to acquire either money or learning. Those who are idle lag behind forever. If you want to be healthy, you must be diligent. An idle man is as it were a burden to the society. None like him.

১৭. অসৎ ব্যক্তিরা আপাতদৃষ্টিতে উন্নীত করে থাকে এবং সাময়িকভাবে তাদের অপরাধ ধরা পড়ে না। কিন্তু পরিণামে তাদের অসাধুতা ধরা পড়ে এবং সেজন্য তারা শাস্তি ভোগ করে এবং অপমানিত হয়। তাই সততাই সর্বোৎকৃষ্ট পন্থা।

Ans: Dishonest men may be seen to prosper and go undetected lent only for short time. Dishonesty is sure to be detected in the run and follow punishment and disgrace. Honesty is therefore, the best policy.

১৮. আমাদের সার্বিক পরিবেশ আমাদের জীবন ও জীবনধারাকে প্রভাবিত করে। আমাদের মনুষ্য পরিবেশের প্রধান উপাদানগুলো হচ্ছে মানুষ, প্রাণী, গাছপালা, মাটি, বাতাস এবং পানি। এ উপাদানগুলোর মধ্যে পারস্পরিক সম্পর্ক রয়েছে। যখন এই সম্পর্ক বিঘ্নিত হয়, তখন জীবন কঠিন বা অসম্ভব হয়ে উঠে।

Ans: Our total environment influences our life and our way of living. The main elements of our human environment are men, animals, plants, soil, air and water. There are relationships between these elements. When these relationships are disturbed life becomes difficult or impossible.

১৯. দারিদ্র্য আমাদের দেশের একটি বড় সমস্যা। কিন্তু আমরা বুঝতে পারি না যে, দুরবস্থা আমাদের নিজেদের সৃষ্টি। অধিকাংশ লোকজন কঠিন পরিশ্রম দ্বারা তাদের নিজেদের অবস্থার উন্নয়নে চেষ্টা করে না। তাদের এ দুর্দশার জন্য তারা শুধু হতাশা ব্যক্ত করে এবং ভাগ্যকে দোষারোপ করে।

Ans: In our country poverty is a great problem. But we do not understand that this plight is of our own creation. Most people do not try to improve their condition with hard labour. They only express regret for their distress and blame their lot for it.

২০. সততা একটি মহৎ গুণ। এটি জীবনের সকল ক্ষেত্রে সফলতার গোপন রহস্য। সততার মূল্য অনেক বেশি। এটি ভালবাসা, সম্মান্য ও নির্ভীকতাকে জয় করে। একজন সৎ ব্যক্তি সুখে দিন অতিবাহিত করে। সততাই সর্বোৎকৃষ্ট পন্থা।

Ans: Honesty is a noble virtue. It is the secret of success in every sphere of life. The value of honesty is very great. It wins love, respect, fearlessness. An honest man passes his days in respect of happiness. Honesty is the best policy.

২১. বাংলাদেশ আমাদের জন্মভূমি। এ দেশের নীল আকাশ এবং নির্মল বাতাস আমাদের খুবই প্রিয়। আমাদের প্রিয় মাতৃভূমিকে গঠন করা আমাদের কর্তব্য। এটি আমাদের পবিত্র দায়িত্ব। আমরা যদি আমাদের নিজ নিজ দায়িত্ব পালন করি, তবে আমাদের দেশ উন্নতি সাধন করবে।

Ans: Bangladesh is the land of our birth. The blue sky and the fresh air are very dear to us. It is duty to build up our dear motherland. It is our sacred duty. If we do our respective duties, then only our country will make progress.

২২. যৌবন হচ্ছে সর্বোৎকৃষ্ট সময় যখন মনে এবং শরীরে সতেজতা এবং প্রাণশক্তি থাকে। এ সময় যে প্রবাদটি মনে রাখা সবচেয়ে বেশি প্রয়োজন তা হলো 'যেমন কর্ম তেমন ফল।' এটা যেন একটি মানুষের বীজ রোপনের সময় এবং সে যদি উন্নতি এবং সুখের ফসল পেতে চায় তাহলে তাকে অবশ্যই সততা, নিষ্ঠা, সত্যবাদিতা ও পরিশ্রমের বীজ বপন করতে হবে।

Ans: Youth is the best time when there is freshness and vigour in mind and body. This is the time when it is most necessary for one to remember the maxim 'as you sow so you will reap.' This is as it were, the sowing season of man and if he wants to reap the harvest of prosperity and happiness he must sow the seed of industry, truthfulness, virtue and honesty in this season.

২৩. জীবনের কোন সাধারণ সংজ্ঞা নেই। অধিকাংশ বস্তুকে তুমি সহজেই শনাক্ত করতে পারবে জড় অথবা জীব বস্তু হিসেবে। একটি কুকুর হয় জীবন্ত, কিন্তু একটি শিলা তা নয়। মানুষ জীব বস্তুকে শনাক্ত করে কিছু কর্মকাণ্ডের মাধ্যমে যা জড়বস্তু সম্পাদন করে না। উদাহরণস্বরূপ জীববস্তু বড় হয়, খাবারের প্রয়োজন হয় এবং এরা নিজেরা জন্ম দান করে।

Ans: Life has no simple definition. You can easily recognise most things as either living or non-living. A dog is alive, but a rock is not. People identify

CamScanner

living things by certain activities that non-living things do not perform. For example, living things grow, require food, and reproduce themselves.

২৪. চা হচ্ছে একটি জনপ্রিয় পানীয়। আমরা ক্লান্তি দূর করার জন্য চা পান করি। কিন্তু অতিরিক্ত চা পান করা স্বাস্থ্যের জন্য ক্ষতিকারক। বাংলাদেশে প্রচুর চা উৎপন্ন হয়। চা রপ্তানি করে বাংলাদেশ প্রচুর পরিমাণে বৈদেশিক মুদ্রা অর্জন করে।

Ans: Tea is a popular drink. We take tea to remove our fatigue. But taking too much tea is injurious to health. A large quantity of tea is produced in Bangladesh. Bangladesh earns a lot of foreign exchange by exporting tea.

২৫. একজন অসামান্য রাষ্ট্রনায়ক এবং দীর্ঘ সময় রাজনৈতিকভাবে কারাবন্দিদের মধ্যে অন্যতম নেলসন ম্যান্ডেলা ন্যায়-বিচার এবং মানবতার সার্বজনীন প্রতীকে পরিণত হয়েছেন। একবিংশ শতাব্দীর অনেকের মতে তিনি একজন জাগতিক ধর্মগুরুর কাছাকাছি ব্যক্তিত্ব।

Ans: A remarkable statesman and one of the world's longest-detained political prisoners, Nelson Mandela has also become a universal symbol of justice and humanity. For many in the twenty first century he is the closest thing we have to secular saint.

২৬. ধৈর্য্য মহৎ গুণ। ধৈর্য্য ছাড়া কেউ উন্নতি করতে পারে না। কোনো কাজে একবার কৃতকার্য হতে না পারলে তা ছেড়ে দেওয়া উচিত নয়। বার বার চেষ্টা কর তুমি সফল হবেই। তাই জীবনের সর্বক্ষেত্রেই আমাদের ধৈর্য্য ধারণ করা উচিত।

Ans: Patience is a great virtue. None can make progress without patience. You should not give up any work if you fail to do it once. Try again and again and you will be successful. So we should have patience in every sphere of life.

২৭. চেষ্টা ব্যতীত জীবনে সফলতা আসে না। জীবন তার আকর্ষণ হারায় যদি সেখানে সংগ্রাম না থাকে। খেলাধুলা নিরানন্দ হয় যদি সেখানে প্রতিযোগিতা না থাকে এবং সহজেই ফলাফলের পূর্বাভাস পাওয়া যায়।

Ans: Without efforts there can be no progress in life. Life losses its interest if there is no struggle. Games become dull if there is no competition in them and if the result can be easily foreseen.

২৮. বন নিধনের সবচেয়ে সাধারণ কারণগুলো হচ্ছে বনভূমি নিধন এবং পোড়ানো। কৃষি ও বসবাসকারীর জন্য বনভূমি কেটে ফেলা এবং পোড়ানো হলেও পরিবেশের উপর এর নেতিবাচক প্রভাব রয়েছে। গাছপালা অপসারণের কারণে এদের উপর বসবাসকারী পাখি এবং অন্যান্য প্রাণীর স্থান ত্যাগ করতে হয়। এটি মাটি ক্ষয়েরও মারাত্মক কারণ, কেননা গাছপালা মাটি সংরক্ষণ করে থাকে। অবশেষে মাটি নদীতরে সঞ্চিত হয়ে প্রায়ই বন্যার সৃষ্টি করে।

Ans: The most common causes of deforestation are cutting and burning the forestland. Though, the forestlands are cut and burnt for the sake of agriculture and habitant, it has a negative effect on environment. The removal of trees causes the birds and other animals living on them to leave the place. It also causes serious damage to the soil, as trees give protection to soil as well. In the end, the soil gets sediment in the riverbed and causes frequent floods.

২৯. বাংলাদেশের নিজস্ব জাতীয় পতাকা রয়েছে। এটা সার্বভৌমত্বের নিদর্শন এবং আমাদের জাতীয় গৌরব ও মর্যাদার প্রতীক। এটা আমাদের জাতীয় আকাঙ্ক্ষা ও আদর্শসমূহের প্রতীক। সকল বাংলাদেশীই জাতীয় পতাকাকে সম্মান করে। বিশ্বের অন্যান্য দেশের জনগণও এর প্রতি সম্মান দেখায় যেমনিভাবে আমরা তাদের জাতীয় পতাকাকে সম্মান করি।

Ans: Bangladesh has her own national flag. It stands for our sovereignty and it is the symbol of our national pride and prestige. It is the symbol of our national hope and ideals. All the Bangladeshi honour the national flag. It is also honoured by the people of all other countries of the world as we do their national flag.

৩০. জনশক্তি আমাদের একটি বড় সম্পদ। কিন্তু পানি ও ভূমির ন্যায় আমাদেরকে একে যথাযথভাবে ব্যবহার করতে হবে। খালের পানির কোনো ব্যবহারই হয় না। এটাকে অবশ্যই সকল তৃষ্ণার্থ মানুষ ও শুষ্ক ফসলি জমির কাজে আনতে আসতে হবে। সুতরাং সঠিক স্থানে আমাদের সঠিক মানুষ থাকা দরকার।

Ans: Our man power is a great resource. But like land and water we must use it properly. Water is no use in the canal. It must come to everyone who is thirsty and every paddy field that looks dry. So we must have the right people in the right place.

৩১. অনেক শীত ছিল! তুষারপাত হচ্ছিল এবং সন্ধ্যার অন্ধকার ঘনিয়ে আসছিল। নতুন বছরের প্রাক্কালের পূর্বে এটি ছিল সবচেয়ে সেরা সন্ধ্যা। যদিও শীত এবং অন্ধকার ছিল, একটি দরিদ্র ছোট বালিকা খালি মাথা এবং খালি পায়ে রাস্তায় একাকী ঘুরে বেড়াচ্ছিল।

Ans: It was so cold! It was snowing and the evening was beginning darken. It was the best evening of the year before New Year's Eve. Though the cold and dark, a poor little girl with bare head and naked feet was wandering along the road.

৩২. মায়ের ভালবাসা শেষ কখনো হয় না। এটা কখনো পরিবর্তিত হয় না, হারিয়েও যায় না। পিতা সন্তানের দিকে পৃষ্ঠ প্রদর্শন করতে পারে, এমনকি ভাই-বোনেরাও ঘোরতর শত্রু হতে পারে। কিন্তু মায়ের ভালোবাসা সবসময় টিকে থাকে। মা সবসময় তার সন্তানের হাসিকে স্মরণ করতে থাকে।

Ans: The love of mother is never exhausted. It never changes, it never tines. The father may turn his back on a child, brothers and sisters may become deadly enemies. But a mother's love endures through all. A mother always remembers her child's smile.

৩৩. সমাজে স্থায়ী উন্নয়ন এবং শান্তি ও সহনশীলতা বৃদ্ধি নিশ্চিত করতে শিক্ষা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। দারিদ্র্য দূরীকরণ ও নারী ক্ষমতায়নে এটা ব্যাপকভাবে অবদান রাখে।

Ans: Education plays an important role in ensuring sustainable development as well as promoting peace and tolerance in the society. It also significantly contributes towards poverty alleviation and women empowerment.

৩৪. ভ্রমণ হচ্ছে শিক্ষার একটি অংশ। কোনো দেশে ভ্রমণ করতে যাওয়ার অর্থই হচ্ছে কোনো স্কুলে যাওয়া। কেউ যদি সতর্ক দৃষ্টির সাথে ভ্রমণ করে, তবে সে ঐ দেশ সম্পর্কে অনেক কিছু শিখতে পারে। একজন বই থেকে যা শিখতে পারে তা অভিজ্ঞতা থেকেও শেখা যায়। ঘন্টার পর ঘন্টা স্কুলে বসে থাকা ক্লান্তিকর। কিন্তু ভ্রমণের মাধ্যমে শেখা সবসময় আকর্ষণীয়।

Ans: Travel is a part of education. He who travels into a country goes to school. If one travels with his eyes open he can learn much of the country. What one learns from books can be learnt from experience. It is tedious to sit for hours in a school, but it is always interesting to learn by travel.

৩৫. অধ্যবসায় একটি মহৎ গুণ। অধ্যবসায় ছাড়া কেউ সমৃদ্ধি অর্জন করতে পারে না। কেউ একবার কোনো কাজে ব্যর্থ হলেও তা ছেড়ে দেওয়া উচিত নয়। বার বার চেষ্টা কর। তুমি অবশ্যই সফল হবে। তাই জীবনের প্রত্যেক পদক্ষেপে আমাদের অধ্যবসায়ী হওয়া উচিত।

Ans: Perseverance is a great virtue. None can attain prosperity without perseverance. One should not leave any work if one fails once to do it. Try again and again. You must become successful. So we should be persevering in every step of life.

৩৬. এটা ছিল সকাল সাড়ে বারোটা আর ঠাণ্ডা রাত। আমি প্রায় জমেই গিয়েছিলাম। জুতা খুলে ফেললাম, আর খালি পায়ে বালুর উপর এদিক-সেদিক হাঁটাহাঁটি করলাম এবং খুব ক্লান্ত বোধ করছিলাম। মানুষ বা প্রাণীর কোনো শব্দও ছিল না। মোরগের ডাকও ছিলনা। শুধুমাত্র দূরে সমুদ্র ঢেউয়ে ফেনা ভাঙার শব্দ শুনেছিলাম। সকালে সমুদ্রে তীরের পাশে স্থানটিকে মনে হচ্ছিল মরুভূমির মত নির্জন। এক প্রকার ভয় আমার মধ্যে কাজ করছিল।

Ans: It was half past twelve in the morning and cold night. I was almost frozen. I took off my shoes, and walked to and fro upon the sand, barefooted and feeling my breast with infinite weariness. There was no sound of man or cattle. Not a cock crew. I heard only the surf breaking in the distance. By the sea at the hour in the morning and in a place so desert like and lonesome. I had a kind of fear.

৩৭. নতুন সপ্তাহের জন্য একটি পরিকল্পনা তৈরি করো। তুমি একটি দিনলিপি ব্যবহার করতে পার অথবা তোমার কম্পিউটার বা মোবাইল ফোনেও লেখা শুরু করতে পারো। মাধ্যমটা যাই হোক না কেন, সেটিই ব্যবহার করে যেটা তোমার নিকট সবচেয়ে বেশি সুবিধাজনক। সবচেয়ে গুরুত্বপূর্ণ যে কাজগুলোতে তোমাকে যোগদান করতে হবে সেগুলো লিখে রাখো। যেসব গুরুত্বপূর্ণ লোকজনের সাথে সাক্ষাৎ করার বিষয়টি তুমি এড়াতে পারবে না তাও লিখে রাখো।

Ans: Make out a plan for your new week. You may use a diary or start writing the notes in your computer or hand phone as well. Whatever the medium be, use the one which is most convenient to you. Write down, what most important tasks' you will have to attend. Also write which most important people you can't miss to meet.

৩৮. ভালো লোকজন অন্যদের মধ্যে ভালো গুণ খুঁজে পায় এবং তাদের সাথে বন্ধুসুলভ, শোভন এবং সৎ আচরণ করে। স্বাভাবিকভাবেই অন্যরাও তাদের সাথে একই আচরণ করে। এই ভালো লোকগুলো যেখানেই যায় তারা সেখানে অনেক বন্ধু বানাতে পারে এবং সুখে থাকে। অন্যদিকে, অপরিণত লোকেরা যেখানে যায়, সেখানে খারাপটা খুঁজে পায় এবং মানুষের সাথে স্বার্থান্ধ ও খারাপ ব্যবহার করে।

Ans: Good people see goodness in others and deal with them friendly, fair and honest ways. Naturally others treat them in the same way. These good people make many friends whenever they go and are happy. Immature people, on the other hand, see evil

CamScanner

whenever they go and deal with other in the selfish and rough ways.

৩৯. গত কয়েক বছরে অনেক দেশ বিভিন্ন প্রকার পারমাণবিক অস্ত্র তৈরি করেছে। মানব ইতিহাসে এটা একটা অভিনব ভয়ানক উন্নয়ন। খুব কম ঘটনাই পারমাণবিক যুদ্ধ থেকে ভয়ানক হতে পারে। পারমাণবিক যুদ্ধে বিশ্বের অধিকাংশ মানুষই ধ্বংস হয়ে যাবে। যে অল্প কিছু প্রাণী বেঁচে থাকবে তারা জীবনের জন্য ক্ষতিকারক তেজস্ক্রিয়তা বা বৈদ্যুতিক রশ্মির কবলে পড়বে।

Ans: Various kind of nuclear weapons have been produced in the past few years by many countries. This is a new and a terrible development in the history of man. Very few events can be more frightful than a nuclear war. In a nuclear war, most of the world's population will be exterminated. The few living creatures that survive will be exposed to radiation or to electrical rays harmful to life.

৪০. কেউ চেষ্টা করলে সে তার কাজে সফল হতে পারে। আল্লাহ তাকে সাহায্য করেন যে নিজেকে সাহায্য করে। আমরা এ শিক্ষা ঐ সমস্ত ব্যক্তিদের জীবন-গল্প থেকে শিখি যারা পৃথিবীতে মহান হয়েছেন। শিক্ষা হোক আর সম্পদ হোক, কেউ তা অর্জন করতে পারে না যদি সে নিজে চেষ্টা না করে। এই সত্যটিকে আমাদের মনে রাখা উচিত।

Ans: One can become successful in work if one tries. God helps him who tries himself. We learn this lesson from the life-stories of those, who have become great in the world. Be it learning or wealth, nobody can achieve it if he does not try himself. We should remember this truth.

৪১. স্বাস্থ্য বলতে শরীরের ভালো অবস্থাকে নির্দেশ করা। একজন স্বাস্থ্যবান দিনমজুরও সম্পূর্ণ সন্তুষ্টচিত্তে রাতে একটি আরামের ঘুম ঘুমাতে পারে। স্বাস্থ্যহীন ব্যক্তি জীবনে সুখী হতে পারে না। ভালো স্বাস্থ্যের জন্য নিয়মিত ব্যায়াম প্রয়োজন। শারীরিক ব্যায়াম করার অনেকগুলো উপায় রয়েছে। এটা হেঁটে অথবা ব্যায়ামাগারে গিয়ে করা যেতে পারে। এর সাথে সাথে সুষম খাদ্যেরও দরকার রয়েছে।

Ans: The sound condition of body means health. A healthy day-labour also can enjoy sound sleep at night with his entire satisfaction of mind. A man without health cannot become happy in life. To build good health, regular exercise is necessary. There are many ways of taking physical exercise. It can be secured either by walking or gymnastics. Along with this, a balanced diet is also necessary.

৪২. যে সকল গুণ মানুষকে সত্যিকার অর্থে মহৎ করে তোলে সত্যবাদিতা তাদের মধ্যে অন্যতম। সত্য কথা বলার অভ্যাসের চর্চা যদি আমরা না করি তাহলে কখনো আমরা অন্যের সম্মান অর্জন করতে পারব না। কোন মিথ্যা দীর্ঘদিন গোপন থাকে না। আজ হোক, কাল হোক সেটা প্রকাশ পায়ই। তখন মিথ্যাবাদীর প্রকৃত চরিত্র প্রকাশ পায় এবং কেউ তাকে বিশ্বাস করে না।

Ans: Truthfulness is the greatest of all the virtues which make a man really great. If we do not cultivate the habit of speaking the truth, we will never win the respect of others. A lie never lies hidden for long. Today or tomorrow it comes to light. Then the real character of the lair is revealed and nobody trusts him.

৪৩. আমরা স্বাধীন দেশের নাগরিক। স্বাধীনতা মানুষের জন্মগত অধিকার। কিন্তু কোনো জাতি চেষ্টা ছাড়া স্বাধীনতা অর্জন করতে পারে না। আবার, একটি দেশের জনগণকে সেই স্বাধীনতা সংরক্ষণে দৃঢ় সংকল্পবদ্ধ হতে হবে। মাতৃভূমির স্বাধীনতা সংরক্ষণ করা প্রত্যেক নাগরিকের পবিত্র দায়িত্ব।

Ans: We are the citizens of an independent country. Independence is the birth-right of man. But no nation can achieve independence without efforts. Again the people of a country must be determined to preserve that independence. It is the sacred duty of every citizen to preserve the independence of his motherland.

৪৪. আমরা সকলে বীর হতে পারি না আর নিপীড়িতদের মুক্তির জন্য যুদ্ধও করতে পারি না। তবে আমরা প্রত্যেকেই আমাদের চারপাশে যারা আছে তাদেরকে সুখী করতে পারি। আমরা সকলে দয়ালু, ধৈর্যশীল এবং স্নেহশীল হতে পারি। হতে পারি সত্যবাদী, বিনয়ী এবং আনুগত। এগুলোই জীবনের মহত্তম বিষয়। এগুলো ছাড়া পৃথিবী কখনোই সুখী হবে না।

Ans: We cannot all be heroes and fight for the freedom of the oppressed. But we can, each one of our, any life happier for those around us. We can all be kind, patient and loving. We can all be truthful, humble and obedient. These are greatest things in life. Without these the world will never be happier.

৪৫. বাংলাদেশ একটি ক্ষুদ্র দেশ। কিন্তু ইহার লোকসংখ্যা ক্ষুদ্র নয়। এই দেশে ১৬ কোটি লোক বসবাস করে। তাহাদের অধিকাংশ দরিদ্র। তাহারা দিন আনে দিন খায়। আমাদের উচিত তাহাদের ভাগ্য উন্নয়নের চেষ্টা করা। চেষ্টা করিলে অসাধ সাধন করা যায়।

Ans: Bangladesh is a small country But is't population is not so. 16 crore people live in this

country. Most of them are poor. They lives from hand to mouth. We should try to better their fate. Any unattainable can be attained if tried hard.

৪৬. ভৌগলিক অবস্থানগত কারণে বাংলাদেশ অত্যন্ত দুর্যোগপ্রবণ দেশ। এছাড়া জলবায়ু পরিবর্তনের কারণে বাংলাদেশ বিশ্বের সবচেয়ে ঝুঁকিপূর্ণ দেশগুলোর মধ্যে অন্যতম। প্রাকৃতিক দুর্যোগ কৃষিখাতে সবচেয়ে বেশি ক্ষতি করে থাকে।

Ans: Bangladesh is a very disastrous country because of its geographical position. Moreover, Bangladesh is one of the most vulnerable countries in the world because of climate change. The agriculture sector is the worst sufferer of the natural calamity.

৪৭. নাসিরউদ্দিন দিল্লীর একজন সম্রাট ছিলেন। তিনি ছিলেন একজন ধার্মিক সুলতান। তিনি অত্যন্ত সাধারণ জীবন যাপন করতেন। তাই তিনি দিল্লির দরবেশ সুলতান নামে পরিচিত ছিলেন। তিনি রাজকীয় কোষাগার থেকে কোন প্রকার অর্থ গ্রহণ করতেন না। তিনি টুপি সেলাই ও পবিত্র কোরআনের অনুলিপি তৈরি করতেন এবং এভাবে তিনি তার পরিবার পরিচালনা করতেন। তাঁর স্ত্রী নিজ হাতে খাবার রান্না করতেন।

Ans: Nasiruddin was an emperor of Delhi. He was a pious Sultan. He lived a very simple life. For this he was known as the Darvish Sultan of Delhi. He did not take any money from the royal treasury. He used to sew caps and make copies of the Holy Quran and thus he maintained his family. His wife used to cook food with her own hands.

৪৮. জাপানিদের আয়ু বৃদ্ধির হার দশকের মধ্যে ছিল, কিন্তু সাম্প্রতিক বছরগুলোতে তা স্থির অবস্থায় আছে। এটা ২০১০ এবং ২০১১ সালে কিছুটা বৃদ্ধি এবং ২০১২ এবং ২০১৩ সালে তা সমতা হয়েছে। সাম্প্রতিক গবেষণায় কম শিক্ষিত জাপানিদের মধ্যে বিস্ময়কর মৃত্যু হার বৃদ্ধির কথা বলা হয়েছে।

Ans: Life expectancy for Japanese had been rising decades, but it has stagnated in recent years. It inched up in 2010 and 2011, and was flat in 2012 and 2013. Recent research has documented surprising increases in death rates among less educated Japanese.

৪৯. গণি মিয়া একজন দরিদ্র কৃষক। তার নিজস্ব কোন জমি নাই। তিনি অন্যের জমি চাষাবাদ করেন। তিনি সেখানে ধান ও পাট আবাদ করেন। সে ফসলের অর্ধেক পায়। তিনি তার ছেলের বিয়ে উপলক্ষ্যে বড় অংকের টাকা ব্যয় করেন।

Ans: Gani Mia is a poor peasant. He has no land of his own. He tills the land of other people. He grows paddy and jute there. He gets half of the product. He spent a large sum of money on the occasion of his son's marriage.

৫০. অধিক মেধা, অতিরিক্ত অর্থ বা সুযোগ-সুবিধা প্রাপ্ত মানুষের কথা ভেবে আমরা নিজেদেরই অসুখী করে ফেলি। কিন্তু এটা হওয়া উচিত নয়। প্রত্যেকেরই সন্তুষ্ট থাকার মতো কিছু না কিছু আছে। অন্যের কথা না ভেবে তোমার নিজের মেধা এবং প্রাপ্ত কৃপা সম্পর্কে কেন ভাবো না? শুধু এটা করার চেষ্টা কর। ঐসব হীনমন্যতা থেকে মুক্তি পেতে এটা এক অমোঘ ওষুধ।

Ans: We make ourselves unhappy by looking at others who have more talent, more money or opportunities. But this need not be so. Everyone has something to be grateful for. Why not count your own talents and blessings, instead of counting others? Just try it. It's an unfailing cure for that feeling of inferiority.

৫১. আমাদের জীবনে যৌবনকাল হলো সর্বোৎকৃষ্ট সময়। এ সময়েই আমাদের পরিশ্রম, সত্যবাদিতা, ভালো গুণ এবং সাধুতার বীজ বপন করতে হবে যাতে আমরা সমৃদ্ধি এবং সুখের ফসল আহরণ করতে পারি। এজন্য আত্ম-পর্যবেক্ষণ; আত্ম-নিয়ন্ত্রণ ও সময়নিষ্ঠ হওয়া দরকার।

Ans: Youth is the best time in our life. We must sow the seeds of industry, truthfulness, virtue and honesty in this season to reap the harvest of prosperity and happiness. These need the exercise of constant self-watchfulness, self-discipline and self-control.

৫২. বলা হয়ে থাকে আধুনিক বিজ্ঞানের যাত্রা শুরু হয়েছিল ইউরোপের বুদ্ধি বৃত্তিক আন্দোলনের সময় থেকেই। এটা শুধু মানুষের জীবনেই উল্লেখযোগ্য পরিবর্তন বয়ে আনেনি বরং তা মানুষের মনোজগতের পুনঃসংস্কার ও প্রসারণ সাধন করেছে। বিজ্ঞান আমাদের চিন্তার পরিধিকে বিস্তৃত করেছে এবং সামাজিক উন্নয়ন ত্বরান্বিত করেছে। সূচনাকালীন সীমাবদ্ধ নয় বরং তা বাস্তবক্ষেত্রেও ফলপ্রসূ প্রভাব বিস্তার করছে।

Ans: The journey of modem science is said to have begun in the era of European Enlightenment It has not only brought about a remarkable change in the way of human life but also reshaped and renovated human psyche. Science has enlarged the range of our thought and speeded up social progression. Like the beginning, science has not been confined to mere theory but it has fruitful practical output.

৫৩. লোহা একটি অতি প্রচলিত ধাতু। এটি বিশুদ্ধ অবস্থায় খনিতে পাওয়া যায় না। এটি চুল্লিতে গলানো হয়। লোহা

CamScanner

যখন খুব গরম হয়, তখন এটি লাল এবং নরম হয়ে যায়। লোহার সাথে কাঠ কয়লা মিশিয়ে স্টিল তৈরি করা হয়।

Ans: Iron is a very common metal. It is not found in the mine in pure condition. It is melted in a furnace. When iron gets very hot, it becomes red and soft. Steel is made by mixing charcoal with iron.

৫৪. কর্মই জীবন। এটা স্বাস্থ্য ও সুখের আসল উৎস। মানুষ সম্পূর্ণ অলস থাকতে পারে না। তাদের অবশ্যই কিছু না কিছু করা বা চিন্তা করার মতো কিছু থাকতে হবে। অলস মানুষ খারাপ চিন্তা নিয়ে ব্যস্ত থাকে এবং সর্বস্বান্ত হয়।

Ans: Work is life. It is the true source of health and happiness. Man cannot be all together idle. The must have something to do or think upon. An idle man is busy with evil thoughts and goes to ruin

৫৫. দেশের উন্নয়নে রাজস্ব বিভাগ বিশেষ ভূমিকা পালন করে। লিখে এর ভূমিকা বর্ণনা করা সম্ভব নয়। রাজস্ব ব্যতীত উন্নয়ন প্রায় অসম্ভব। তাই আমাদের আয়কর প্রদান করা উচিত। আমাদের সবার এর গুরুত্ব অনুধাবন করা প্রয়োজন।

Ans: In the development of our country revenue development plays a special role. It is impossible to describe its importance in writing. Without revenue development is approximately impossible. So we should pay income tax. We all should realize its' importance.

৫৬. জনাব ইসলাম সঠিক বলেছেন। অনেক মানুষ শহরে যায় এবং ইচ্ছাকৃতভাবে বা অজান্তে তাদের শিকড় ভুলে যায়। জনাব ইসলাম ও তার পরিবারের লোকজন মহৎ- তারা তাদের শিকড়কে কখনো ভুলে যাননি। তারা কেবল তাদের শিকড়কে আকড়ে ধরেই রাখেননি, অন্যরা যাতে তাদের শিকড়ের প্রতি শ্রদ্ধাশীল হয়, সেজন্য তাদের আলোকবর্তিকা বহনকারী হয়েছেন।

Ans: Mr. Islam said right. Many people migrate to city and willingly or unintentionally forget their root. Mr. Islam and his family members are great, they never forget their root. Not only they grasp their roots but also they are carrying a torch for the people so that people show respects on their roots.

৫৭. প্রবাসী আয়ে রেকর্ড গড়ল বাংলাদেশ। সদ্য সমাপ্ত ২০১৮-১৯ অর্থবছরে প্রবাসীরা যে পরিমাণ অর্থ পাঠিয়েছেন, বাংলাদেশের ইতিহাসে এক অর্থবছরে এত পরিমাণ প্রবাসী আয় আগে কখনো আসেনি। গত জুন মাসে প্রবাসীরা ১৩৬ কোটি ৮০ লাখ ডলার পাঠায়। ফলে গত অর্থবছরে প্রবাসী আয় বেড়ে ১ হাজার ৬৪২ কোটি ডলার হয়েছে। গত অর্থবছরে সবচেয়ে বেশি আয় আসে মে মাসে। ওই মাসে প্রবাসীরা পাঠিয়েছিল ১৭৫ কোটি ৫৭ লাখ ডলার। বাংলাদেশী মুদ্রায় যার পরিমাণ ১৪ হাজার ৮৩৫ কোটি টাকা। এদিকে বিপুল পরিমাণ প্রবাসী আয় আসার কারণে বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রার রিজার্ভ বেড়ে হয়েছে ৩ হাজার ২৫৭ কোটি ডলার। ব্যাংক খাতের তারল্য অবস্থা ভালো করতে প্রবাসী আয় ও ভালো রপ্তানির বিকল্প নেই।

Ans: Bangladesh has beaten the record of remittance. In recently concluded fiscal year of 2018-19, expatriates did not send the amount of remittance in a fiscal year they sent in the history of Bangladesh. Expatriates sent $136 crore 80 lakh in last june. As a result, remittance has increased by $1 thousand 642 crore. Most of the amount of remittance came in May of last fiscal year. Expatriates sent $175 crore 57 lakh remittance in that month. It is Tk. 14 thousand 835 crore in terms of money. Due to the huge earnings of remittance, reserves of Bangladesh Bank has reached to $3 thousand 257 crore. There is no alternative to remittance and exports in keeping liquidity in banks stable.

৫৮. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সোনার বাংলা গড়া ও তার সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার রূপকল্প ২০২১ ও রূপকল্প ২০৪১ বাস্তবায়নে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় সর্বাত্মকভাবে সচেষ্ট। আধুনিক ও উন্নত স্বাস্থ্যসেবা জনগণের দোরগোরায় পৌঁছে দেয়ার লক্ষ্যে এ মন্ত্রণালয় নিরলসভাবে কাজ করে যাচ্ছে। সরকার সারাদেশে প্রায় পনের হাজারেরও অধিক কমিউনিটি ক্লিনিক চালু করেছে। জাতীয় ই-হেলথ নীতিমালা ও ই-হেলথ কৌশল তৈরির কাজ সমাপ্তির পথে। স্বাস্থ্য খাতসহ বিভিন্ন খাতের অভাবনীয় অগ্রগতির ফলে গত পাঁচ বছরের ব্যবধানে দেশের জনগণের গড় আয়ু ৬৯ হতে ৭২.৮ বছরে উন্নিত হয়েছে। স্বাস্থ্য খাতের টেকসই উন্নয়নে প্রণীত "সকল বয়সী সকল মানুষের জন্য সুস্বাস্থ্য ও কল্যাণ নিশ্চিতকরণ" লক্ষ্য ২০৩০ সালের মধ্যে অর্জনের জন্য বর্তমান সরকার বদ্ধপরিকর।

Ans: To implement the 'Sonar Bangla' of Father of the nation Bangabanbhu Sheikh Mujibur Rahman and vision 2021 and vision 2041 of his well-qualified daughter Honorable Prime Minister Sheikh Hasina, Ministry of Health and Family Welfare is fully determined. This ministry has been working relentlessly for reaching the modern and promoted health services to the doorsteps of people. Government has established more than 15,000 clinics across the country. Preparing the National e-health policy and e-health strategy is on the last step. Over the last five years, the average life expectancy of people has been increased from 69 to 72.8 years due to unimaginable progress in health sector and others too. The present government is stubborn to achieve the adopted goal "To ensure healthy lives and promoting well-being for all people of all ages by 2030".

৫৯. ভাত আমাদের প্রধান খাদ্য। আমাদের দেশে প্রচুর ধান উৎপাদন হয়। আমাদের সকলের উচিত দারিদ্র বিমোচনের লক্ষ্যে কঠোর পরিশ্রম করা। পরিশ্রম ব্যতিত অধিক শস্য উৎপাদন সম্ভব নয়। বর্তমানে আমরা উন্নত জাতের ধান চাষ করি।

Ans: Rice is our main food. There is plenty of rice produced in our country. We all should work hard to reduce poverty. Excessive crop production is not possible without hard work. At present, we grow advanced varieties of rice

৬০. আফগানিস্তান থেকে জঙ্গিবাদ উৎখাতের নামে চলছে যুক্তরাষ্ট্রের সামরিক তৎপরতা। দেশটিতে এখনো ১১ হাজার সেনা সদস্য মোতায়েন রেখেছে যুক্তরাষ্ট্র। কিন্তু বাস্তবতা হলো-আফগানিস্তানের ৭০ শতাংশ এলাকায় তালেবান প্রবল মাত্রায় সক্রিয়। এর মধ্যে কিছু এলাকা পুরোপুরি তাদের নিয়ন্ত্রণে এবং বাকি এলাকাগুলোতে তাদের প্রকাশ্যে চলাফেরা আছে, যেখানে হরহামেশা তারা হামলা চালায়। গতকাল বুধবার প্রকাশিত বিবিসির অনুসন্ধানী প্রতিবেদনে তুলে ধরা হয়েছে। আফগানিস্তানে তালেবান তৎপরতার এ চিত্র।

Ans: US military action is going on in Afghanistan in the name of overthrowing militancy. But in fact, Talibans are intensely active in 70% area of Afghanistan. The United States has still deployed 11,000 troops in the country. Some of these areas are completely under their control and in other areas they have public walks, where they attacked fequently. Taliban's militancy has been published in the BBC's investgation report revealed on Wednesday.

৬১. রমেশ ও আজিজ বড় ভালো ছেলে। তাহারা একই গ্রামে বাস করে এবং একই স্কুলে পড়িতে যায়। রমেশ এর ইচ্ছা বড় হইয়া সে চিকিৎসক হইবে। আজিজ এর ইচ্ছা সে শিক্ষক হইবে। তবে দুইজনেরই ইচ্ছা বিদেশে না গিয়ে দেশেই কাজ করিবে।

Ans: Romesh and Aziz are very good boys. They live in the same village and go to the same school to study. Romesh's intention is to become a doctor. Aziz's intention is to become a teacher. But both of them have dream that they will do for country rather go abroad.

৬২. সময় অত্যন্ত মূল্যবান। এই মূল্যবান সময় কাহারও জন্য অপেক্ষা করে না। কোনো ব্যক্তিই ইহাকে থামাইয়া রাখিতে পারে না। ইহার গতিতে কোনো মতি নেই। যে ব্যক্তি সময়ের সদ্ব্যবহার করে তাহার সাফল্য অনিবার্য।

Ans: Time is very valuable. This valuable time does not wait for anyone. No one can stop it. It has no steadiness in its speed. The man who uses the time properly, his success is inevitable.

৬৩. নিয়মিত খেলাধুলা করলে শরীর ভালো থাকে। আর শরীর ভালো থাকলে মনও ভালো থাকে। পড়ার সময় পড়া আর খেলার সময় খেলা অতি উত্তম নিয়ম। সারাদিন খেলা করা ভালো নয়। সারাদিন পড়াও ভালো নয়।

Ans: Regular exercise makes body fit. And if body keeps fit, mind also remains good. It is the best rule and regulation while reading to read and playing to play. It is not good to play all time. Reading all time is also not good.

৬৪. রবীন্দ্রনাথ বুঝিছিলেন, দেশের গ্রামগুলোর উন্নতি না হলে দেশকে বাঁচানো যাবে না; গ্রামের মানুষের মধ্যে শিক্ষার আলোক দিতে হবে, বৌ ছেলে-মেয়েদের সংসার নিয়ে সুখে বাঁচবার উপায় করে দিতে হবে। তিনি কোনোদিনই ভোলেননি যে এ দেশের বেশির ভাগ মানুষ চাষ করে খায় এবং চাষীদের দুঃখ দূর করতে হলে সকলের আগে কৃষির উন্নতি করতে হবে। বৈজ্ঞানিক প্রথায় চাষ করে যাতে বেশি ফসল ফলানো যায় তার জন্য তিনি নিজের ছেলেকে পাঠালেন জাপানে, আর জামাইকে পাঠালেন আমেরিকায় চাষ কাজ ভালোভাবে শিখে আসবার জন্য। এদিকে নিজে বীরভূম জেলার বোলপুরের কাছে কিছু জমি কিনলেন পরীক্ষার জন্য, যাতে দরিদ্র কৃষকগণ এক জমিতে কয়েক রকম ফসল ফলাতে পারে।

Ans: Rabindranath realized the country would not be saved unless the villages of the country were developed. The light of education should be given to the people of the villages and opportunities should be given to live in happiness with wife and children. He never forgot that most of the people of this country lived on cultivation and agricultural development was the first duty to remove the suffering of the farmers. He sent his son to Japan and his son in law to America to learn cultivation well so that more crops could be grown by cultivating in scientific ways. Again he bought some plots of land near Belpur of the district Birbhum to

CamScanner

examine how the poor farmers would be able to grow several kinds of crops in a land.

৬৫. একদিন সন্ধ্যায় আমি বুড়িগঙ্গা নদীর ধারে একা হাঁটছিলাম। হঠাৎ দেখি আমার ছোট বোন নওরীন আমার দিকে ছুটে আসছে। নওরীনের বয়স মাত্র ছ'বছর। আমার কাছে এসেই সে কেঁদে ফেলল। বলল, "তুমি আমাকে সূর্যাস্ত যাবার আগে ডাকলে না কেন?"

Ans: I was walking lonely on the bank of the river Buriganga at one evening. Suddenly I saw that my younger sister Nawrin was running towards me. Nawrin is only of six years old. No sooner had she come to me than she cried. She said, "Why didn't you call me before the sunsets"?

৬৬. নজরুল ইসলাম মুসলিম পুনর্জাগরণের কবি ছিলেন এবং সেহেতু আমাদের মধ্যবিত্ত বুদ্ধিজীবী সম্প্রদায়কে গভীরভাবে প্রভাবিত করতে পেরেছিলেন। কিন্তু তিনি মেহনতি মানুষের কবি ছিলেন। তাঁর কলম তাঁর গান এবং কবিতাকে মানুষের দুঃখ-কষ্টের বর্ণনায় করেছিলেন সমজ্বল। নজরুল ইসলাম যে প্রক্রিয়াটি শুরু করেছিলেন সেটি এখনো অসম্পূর্ণ রয়ে গেছে। বাংলাদেশের সাহিত্যিকদের দায়িত্ব তার অসমাপ্ত কাজটি সম্পূর্ণ করা।

Ans: Nazrul Islam was a poet of Muslim renaissance and as such deeply influenced the life of our middle class intelligentsia. But he was also the poet of the toiling messes. His pen blazoned forth in songs and poems depicting the sorrows and woes of our people. The process began by Nazrul Islam is yet far from complete. It is the responsibility of the litterateur of Bangladesh to complete his unfinished task.

৬৭. ১৯৭১ সালের মুক্তিযুদ্ধের সময় ক্যাপ্টেন মহিউদ্দিন জাহাঙ্গীর বাংলাদেশ সেনাবাহিনীর একজন কর্মকর্তা ছিলেন। তিনি মুক্তিবাহিনীর ৭নং সেক্টরের একজন কর্মকর্তা হিসেবে যুদ্ধে অংশ নিয়েছিলেন। তাকে ১৪ ডিসেম্বর রাজশাহী বিভাগের চাপাইনবাবগঞ্জ সীমান্তে যুদ্ধের দায়িত্ব দেয়া হয়। বীরত্ব ও আত্মত্যাগের স্বীকৃতিস্বরূপ মহিউদ্দিন জাহাঙ্গীরকে রাষ্ট্রের সর্বোচ্চ সম্মান 'বীরশ্রেষ্ঠ' উপাধিতে ভূষিত করা হয়।

☞ যদি তেলের মুল্য ১৫% বৃদ্ধি পায়, তবে তেলের ব্যবহার শতকরা কত কমালে তেল বাবদ খরচ বৃদ্ধি পাবে না? (উঃ ১৩.০৪%)

☞ কয়লার দাম ১০% বৃদ্ধি পেয়েছে। কোনো পরিবার যদি কয়লার জন্য মাসিক খরচ অপরিবর্তিত রাখতে চায়, তবে কয়লার ব্যবহারের পরিমান শতকরা কত হারে কমাতে হবে? (উঃ ৯.০৯%)

(উপরোক্ত অংকগুলো করার জন্য এই সূত্রটি $\frac{r\times100}{100\pm r}$ ব্যবহার করতে হবে।)

০৭. কোন পরীক্ষায় শতকরা ৮৫ জন ইংরেজিতে পাস করে। ইংরেজিতে মোট ফেলের সংখ্যা ৭৫ জন হলে পরীক্ষার্থীর সংখ্যা কত ?

সমাধান ঃ

মোট পরীক্ষার্থী ১০০ জন হলে ফেল করে = ১০০ - ৮৫ = ১৫ জন

১৫ জন ইংরেজিতে ফেল করলে পরীক্ষার্থী = ১০০ জন

১ " " " " " = $\frac{১০০}{১৫}$ "

৭৫ " " " " " = $\frac{১০০\times৭৫}{১৫}$ = ৫০০ জন

০৮. বরিশাল হাইস্কুলে ৭০% পরীক্ষার্থী ইংরেজিতে এবং ৮০% পরীক্ষার্থী বাংলায় পাশ করে। উভয় বিষয়ে ফেল করেছে ১০%, যদি উভয় বিষয়ে ৩৬০ জন পাশ করে তবে ঐ স্কুলে কত জন পরীক্ষার্থী পরীক্ষা দিয়েছে ?

সমাধান ঃ

শুধু ইংরেজিতে ফেল করেছে = (১০০-৭০-১০)%=২০%

শুধু বাংলায় ফেল করেছে = (১০০ - ৮০ - ১০)% = ১০%

মোট ফেল করেছে = (২০ + ১০ + ১০)% = ৪০%

উভয় বিষয়ে পাস করে = (১০০ - ৪০)% = ৬০%

উভয় বিষয়ে ৬০ জন পাস করলে মোট পরীক্ষার্থী = ১০০ জন

" " ১ " " " " " = $\frac{১০০}{৬০}$ "

" " ৩৬০ " " " " " = $\frac{১০০\times৩৬০}{৬০}$

= ৬০০জন

০৯. একটি পরীক্ষায় পরীক্ষার্থীদের ৮০% গনিতে এবং ৭০% বাংলায় পাশ করে। উভয় বিষয়ে পাশ করল ৬০% উভয় বিষয়ে শতকরা কতজন ফেল করল ?

সমাধান ঃ শুধু বাংলায় পাস করল = (৭০-৬০)% = ১০%

শুধু গনিতে পাস করল = (৮০-৬০)% = ২০%

এক বিষয়ে বা উভয় বিষয়ে পাস করে = (২০ + ১০ + ৬০)% = ৯০%

উভয় বিষয়ে ফেল করে = (১০০-৯০)% = ১০%

নিজে করুন

☞ কোন পরীক্ষায় ৮৫% পরীক্ষার্থী ইংরেজীতে, ১২% পরীক্ষার্থী গণিতে এবং ৯% পরীক্ষার্থী উভয় বিষয়ে ফেল করলো। শতকরা কতজন পরীক্ষার্থী উভয় বিষয়ে পাশ করেছে? (উঃ ৭৯ জন)

☞ কোন পরীক্ষায় ১৮% পরীক্ষার্থী পদার্থবিদ্যায়, ৮১% পরীক্ষার্থী রসায়নশাস্ত্রে এবং ৭৬% পরীক্ষার্থী উভয়

CamScanner

বিষয়ে পাশ করেছে। শতকরা কতজন পরীক্ষার্থী উভয় বিষয়ে ফেল করেছে? (উঃ ১০ জন)

☞ কোন পরীক্ষায় ২০% পরীক্ষার্থী ইংরেজিতে, ১৮% পরীক্ষার্থী গণিতে এবং ১১% পরীক্ষার্থী উভয় বিষয়ে ফেল করেছে। শতকরা কতজন পরীক্ষার্থী উভয় বিষয়ে পাশ করেছে? (উঃ ৭৩ জন)

☞ কোন পরীক্ষায় পরীক্ষার্থীর ৮০% গণিতে এবং ৭০% বাংলায় পাশ করল। উভয় বিষয়ে পাশ করল ৬০%। শতকরা কতজন পরীক্ষার্থী উভয় বিষয়ে ফেল করল? (উঃ ১০%)

১০. একটি কম্পিউটার বিজ্ঞান পরীক্ষায় ৩০% পরীক্ষার্থী পাস করেছে। যারা পাস করতে পারেনি তাদের ১২জন কম্পিউটার বিজ্ঞান কোর্সে অংশগ্রহণ করেছে এবং ৩০ জন উক্ত কোর্সে অংশগ্রহণ করেনি। কয়জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করেছে ?

সমাধান ঃ ফেল করে = ১২ + ৩০ = ৪২ জন

যেহেতু ৩০% পরীক্ষার্থী পাস করে তাই ফেল করে = (১০০-৩০)% = ৭০%

৭০% পরীক্ষার্থী = ৪২ জন

১ " $= \frac{৪২}{৭০}$ "

১০০% " $= \frac{৪২\times১০০}{৭০}$ = ৬০জন

১১. ইসলামের আয় আসমার আয় অপেক্ষা ২৫% বেশি। আসমার আয় ইসলামের আয় অপেক্ষা শতকরা কত কম?

সমাধান ঃ

ধরি, আসমার আয় = ১০০ টাকা, ইসলামের আয় = ১২৫

ইসলামের আয় ১২৫ টাকা হলে আসমার আয় = ১০০ টাকা

" " ১ " " " " $= \frac{১০০}{১২৫}$ "

" " ১০০ " " " " $= \frac{১০০\times১০০}{১২৫}$

= ৮০ টাকা

আসমার আয় কম = (১০০ - ৮০) = ২০ টাকা

১২. ৬০ জন ছাত্রের মধ্যে ৪২ জন ফেল করলে পাসের হার কত

সমাধান ঃ

৬০ জন ছাত্রের মধ্যে ফেল করে = ৪২ জন

১ " " " " " $= \frac{৪২}{৬০}$ জন

১০০ " " " " $= \frac{৪২\times১০০}{৬০}$ = ৭০ জন

পাসের হার = (১০০ - ৭০) = ৩০%

সুদকষা

সরল সুদ ঃ

$I = Ptr$

I = সুদ (interest); P = আসল (Principal)

t = সময় (No. of period or time in year)

r = সুদের হার (Rate of interest) (r%)

০১. শতকরা বার্ষিক কত হার সুদে ৫ বছরে ৪০০ টাকার সুদ ১৪০ টাকা হবে?

[I = ১৪০, P = ৪০০, t = ৫ ; r = ?]

Solution: I = Ptr

বা, $r = \frac{I}{P\times t}$

বা, $r = \frac{১৪০}{৪০০\times৫}$

বা, r = ০.৭ = ৭ % (Ans.)

নিজে করুন

☞ শতকরা বার্ষিক কত হার সুদে ৬০০০০ টাকার ৫ বছরের সুদ ৬০০০ টাকা হবে

Hints: I = Ptr (Ans: 2%)

০২. বার্ষিক ১২.৫% হার সুদে ৮০০ টাকার ৬ মাসের মোট সুদ কত হবে

[I = ?, P = ৮০০, t = $\frac{৬}{১২}$, r = ১২.৫% = ০.১২৫]

Solution: I = Ptr

or, $I = \frac{৮০০\times০.১২৫\times৬}{১২}$ = ৫০ টাকা

নিজে করুন

☞ শতকরা বার্ষিক ৬% হার সুদে ১০,০০০ টাকার ৯ মাসের সুদ কত হবে? Hints: I = Ptr (Ans: ৪৫০ টাকা)

☞ বার্ষিক ১০% সরল সুদে ৪ বছরের সুদ ২০০ টাকা হলে কত টাকা বিনিয়োগ করতে হবে?

Hints: I = Ptr বা, $P = \frac{I}{tr}$ (Ans: Tk. 500)

০৩. ৫০০ টাকায় ৪ বছরের সুদ এবং ৬০০ টাকায় ৫ বছরের সুদ একত্রে ৫০০ টাকা হলে সুদের হার কত?

সমাধানঃ

৫০০ টাকার ৪ বছরের সুদ = ২০০০ টাকার ১ বছরের সুদ

৬০০ টাকার ৫ বছরের সুদ = ৩০০০ টাকার ১ বছরের সুদ

(২০০০+৩০০০) বা ৫০০০ টাকার ১ বছরের সুদ = ৫০০ টাকা

১ " ১ " " $= \frac{৫০০}{৫০০০}$

১০০ " ১ " " $= \frac{৫০০\times১০০}{৫০০০}$ = ১০

০৪. কোনো টাকা ৫ বছরের সুদাসলে ১২৫০ টাকা ও ৩ বছরের সুদাসলে ১১৫০ টাকা হলে আসল ও সুদের হার নির্ণয় করুন।

সমাধানঃ

আসল + ৫ বছরের সুদ = ১২৫০ টাকা

আসল + ৩ বছরের সুদ = ১১৫০ টাকা

(-) (-) (-)

[বিয়োগ করে] ২ বছরের সুদ = ১০০ টাকা

১ " " $= \frac{১০০}{২}$ "

১ ৩ " " $= \frac{১০০\times৩}{২}$ = ১৫০ টাকা

আসল + ১৫০ টাকা = ১১৫০ টাকা

বা, আসল = ১১৫০ - ১৫০

∴ আসল = ১০০০ টাকা

এখন

১০০০ টাকার ৩ বছরের সুদ = ১৫০ টাকা

১ " ১ " " $= \frac{১৫০}{৩\times১০০০}$ "

১০০ " ১ " " $= \frac{১৫০\times১০০}{৩\times১০০০}$ = ৫ টাকা

উত্তরঃ ৫%

০৫. বার্ষিক ১০% সরল সুদে কত টাকা ৫ বছরে সুদে-আসলে ৭৫০ টাকা হবে?

সমাধানঃ

১০০ টাকার ১ বছরের সুদ = ১০ টাকা

১০০ " ৫ বছরের সুদ = (১০×৫) = ৫০ টাকা

১০০ টাকা ৫ বছরে সুদে-আসলে হবে =(১০০+৫০)=১৫০ টাকা

সুদাসল ১৫০ টাকা হলে আসল হবে = ১০০ টাকা

" ১ " " " " $= \frac{১০০}{১৫০}$ "

" ৭৫০ " " " " $= \frac{১০০\times৭৫০}{১৫০}$ = ৫০০

০৬. সুদের হার ১৫% কমে ১৩% হওয়ায় এক ব্যক্তি ৬ বছরের সুদ ৮৪ টাকা কমে গেল। তার মূলধন কত?

সমাধান ঃ

∴ সুদের হার কমে = (১৫ − ১৩)% = ২% = ০.০২

∴ $b = \frac{i}{rt} = \frac{৮৪}{৬\times০.০২} = \frac{৮৪\times১০০}{২\times৬}$ = ৭০০ টাকা

০৭. সরল হার সুদে যেকোন মূলধন ৮ বছরে সুদে আসলে দ্বিগুণ হলে সুদের হার কত?

সমাধান ঃ i = brt ধরি, সুদ = ১০০ টাকা

সুদ আসল = ২০০ টাকা

আসল = ২০০ − ১০০ = ১০০ টাকা

∴ $r = \frac{i}{bt} = \frac{১০০}{১০০\times৮}$ = ০.১২৫ = ১২.৫%

০৭. সুদের হার ৬% থেকে কমে ৪% হওয়ায় এক ব্যক্তির বাৎসরিক আয় ২০ টাকা কমে গেল। আসলের পরিমান কত?

সমাধান ঃ(৬− ৪)% = ২%

২ টাকা আয় কমলে মুলধন হয় ১০০ টাকা

১ " " " " " $\frac{১০০}{২}$ "

২০ " " " " " $\frac{১০০\times২০}{২}$ = ১০০০ টাকা

০৮. এক ব্যক্তি ৫,২০০ টাকার একটি অংশ ৬% মুনাফায় বিনিয়োগ করেন। অবশিষ্ট টাকা ৭% মুনাফায় বিনিয়োগ করেন। বছর শেষে ৩২২ টাকা মুনাফা পেলে তিনি কত টাকা বিনিয়োগ করেছিলেন?

সমাধানঃ মনে করি,

ঐ ব্যক্তি ৬% মুনাফায় বিনিয়োগ করেন x টাকা

" " ৭% " " " (৫২০০ - x) "

১ম ক্ষেত্রে,

১০০ টাকায় ১ বছরের মুনাফা ৬ টাকা

১ " ১ " " $= \frac{৬}{১০০}$ "

∴ x " ১ " " $= \frac{৬x}{১০০}$ "

CamScanner

২য় ক্ষেত্রে,

১০০ টাকায় ১ বছরের মুনাফা ৭ টাকা

১ " ১ " " $= \frac{৭}{১০০}$ "

(৫২০০- x) " ১ " " $= \frac{৭ \times (৫২০০ - x)}{১০০}$ "

প্রশ্নমতে,

$\frac{৬x}{১০০} + \frac{৭(৫২০০ - x)}{১০০} = ৩২২$

বা, ৬x + ৭(৫২০০ − x) = ৩২২ × ১০০

বা, ৬x + ৩৬৪০০ − ৭x = ৩২২০০

বা, −x = ৩২০০ − ৩৬৪০০

বা, −x = −৪২০০

∴ x = ৪২০০

∴ ঐ ব্যক্তি ৬% মুনাফায় বিনিয়োগ করেন ৪২০০ টাকা

০৯. মিলন ৫,৬০০ টাকার কিছু টাকা ৫% সরল মুনাফায় এবং অবশিষ্ট টাকা ৪% সরল মুনাফায় বিনিয়োগ করে। সে একবছরে ২৫৬ টাকা মুনাফা পেলে ৪% হারে কত টাকা বিনিয়োগ করেছিল।

সমাধানঃ

ধরি, ৫% হারে বিনিয়োগ করেছিল ক টাকা

৪% হারে বিনিয়োগ করেছিল (৫৬০০ - ক) টাকা

শর্তমতে,

$\frac{৫ক}{১০০} + \frac{(৫৬০০ - ক) \times ৪}{১০০} = ২৫৬$

বা, $\frac{৫ক + ২২৪০০ - ৪ক}{১০০} = ২৫৬$

বা, ৫ক + ২২৪০০ - ৪ক = ২৫৬০০

বা, ক = ২৫৬০০ - ২২৪০০

∴ ক = ৩২০০

∴ ৪% হারে বিনিয়োগ করেছিল = (৫৬০০ - ক) টাকা

= (৫৬০০ - ৩২০০) টাকা

= ২৪০০ টাকা

১০. রফিক ৩ বছরের জন্য ৪০০ টাকা এবং ৫ বছরের জন্য ৬০০ টাকা কর্য করে এবং বছরে মোট ১৬৮ টাকা সুদ দিল। উভয় ক্ষেত্রে সুদের হার সমান হলে সুদের হার শতকরা কত?

সমাধানঃ ধরি, সুদের হার ক%

১০০ টাকায় ১ বছরের সুদ = ক টাকা

১ ,, ১ ,, ,, $= \frac{ক}{১০০}$,,

৪০০ ,, ৩ ,, ,, $= \frac{ক \times ৪০০ \times ৩}{১০০}$,,

= ১২ক টাকা

আবার,

১০০ টাকায় ১ বছরের সুদ = ক টাকা

১ ,, ১ ,, ,, $= \frac{ক}{১০০}$,,

৬০০ ,, ৫ ,, ,, $= \frac{ক \times ৬০০ \times ৫}{১০০}$,,

= ৩০ক টাকা

প্রশ্নমতে,

১২ক + ৩০ক = ১৬৮

বা, ৪২ক = ১৬৮

বা, ক $= \frac{১৬৮}{৪২} = ৪$

∴ ক = ৪

চক্রবৃদ্ধি সুদ ঃ

$C.A = P(1 + r)^t$ **OR** $C.A = P(1 + \frac{r}{n})^{nt}$

C.A = Compound Amount = Principal + interest

P = Principal, t = Time in year, r = Rate of interest

০৮. এক ব্যক্তি বার্ষিক ১০% চক্রবৃদ্ধি সুদে ৬০০ টাকা ব্যাংকে জমা রাখলেন। দ্বিতীয় বছর শেষে ঐ ব্যক্তি সুদসহ কত টাকা পাবেন?

Solution:

$C.A = P(1 + r)^t$

or, $CA = 600(1 + \frac{10}{100})^2$

∴ CA = 726

নিজে করুন

☞ What will Tk. 1,000 be worth after 3 years if it earns interest at the rate of 5% compounded annually? (An. 1157.63) Hints: $C.A = P(1 + r)^t$

১১. বার্ষিক ৫% চক্রবৃদ্ধি সুদে ১০,০০০ টাকার ৪ বছরের আনুমানিক সুদ কত হবে ?

Solution:

[CA = P + I = (10,000 + I), $r = 5\% = \frac{5}{100}$, t = 4]

$C.A = P(1 + r)^t$

or, $10,000 + I = 10,000(1 + \frac{5}{100})^4$

I = 1215 -10,000 = 2155 (Ans.)

নিজে করুন

☞ কিছু টাকা সঞ্চয়ী হিসাবে ২ বছরের জন্য বিনিয়োগ করা হয়েছিল। ২ বছর পর বার্ষিক ১০% চক্রবৃদ্ধি সুদে সুদের পরিমান ৫২.৫০ টাকা। তাহলে কত টাকা প্রাথমিকভাবে বিনিয়োগ করা হয়েছিল

Solution:

$P + 52.50 = P(1 + \frac{10}{100})^2$

or, P = 250 (Ans.)

১২. প্রতি ৬ মাস অন্তর চক্রবৃদ্ধি সুদের হার ১০% হলে ৫০০০ টাকার ১ বছরে সুদ কত হবে।

Solution:

$CA = P(1 + \frac{r}{n})^{nt}$

or, $I + 5000 = 5,000(1 + \frac{10}{100 \times 2})^{2 \cdot 1}$

∴ I = 5512.5 -5,000 = 512.5 (Ans.)

১৩. প্রতি ৩ মাস অন্তর চক্রবৃদ্ধি সুদের হার ৬% হলে ৫০০ টাকার ৮ বছরে সুদ কত হবে।

Solutions:

$CA = P(1 + \frac{r}{n})^{nt}$ [CA = Compound Interest]

or, $I + 500 = 5,00(1 + \frac{6}{100 \times 4})^{4 \cdot 8}$

∴ I = 1297 -5,00 = 797 (Ans.)

নিজে করুন

☞ প্রতি ৬ মাস অন্তর চক্রবৃদ্ধি সুদের হার ৮% হলে ২০০০ টাকার ১ বছরে সুদ কত হবে। (Ans:163.20)

Hints: $C.A = P(1 + \frac{r}{n})^{nt}$

১৪. এক ব্যক্তি ১০% হার চক্রবৃদ্ধি সুদে কোন ব্যাংকে ১০০০ টাকা জমা রাখেন। দ্বিতীয় বছরে সুদের হার বৃদ্ধি পেয়ে ১৫% হলে। ২য় বছর শেষে ঐ ব্যক্তি সুদে-আসলে কত টাকা পাবেন

১ম বছর পর মোট টাকা = ১০০০ + ১০০০ ×১০% = ১১০০ টাকা

২য় বছর পর মোট টাকা = ১১০০ + ১১০০ ×১০% = ১২৬৫ টাকা

সরলীকরণ সংক্রান্ত

০১. $\frac{৩}{৮} + ০.০৫ =$ কত?

সমাধানঃ

$\frac{৩}{৮} + ০.০৫$

$= \frac{৩}{৮} + \frac{৫}{১০০}$

$= \frac{৩}{৮} + \frac{১}{২০}$

$= \frac{১৫+২}{৪০}$

$= \frac{১৭}{৪০}$

০২. $১\frac{২}{৩}$ এর $\frac{১}{৫} \div \frac{১}{৯} =$ কত?

সমাধানঃ

$১\frac{২}{৩}$ এর $\frac{১}{৫} \div \frac{১}{৯}$

$= \frac{৫}{৩}$ এর $\frac{১}{৫} \div \frac{১}{৯}$

$= \frac{১}{৩} \div \frac{১}{৯}$

$= \frac{১}{৩} \times \frac{৯}{১}$

CamScanner

০৩. $\frac{২}{৩} \div \frac{৪}{৫}$ এর $\frac{২০}{২১}$ = কত?

সমাধানঃ

$\frac{২}{৩} \div \frac{৪}{৫}$ এর $\frac{২০}{২১} = \frac{২}{৩} \div \frac{১৬}{২১} = \frac{২}{৩} \times \frac{২১}{১৬} = \frac{৭}{৮}$

০৪. $\frac{১}{৩} \div \frac{৪}{৫} \times \frac{৩}{৪}$ = কত?

সমাধানঃ

$\frac{১}{৩} \div \frac{৪}{৫} \times \frac{৩}{৪} = \frac{১}{৩} \times \frac{৫}{৪} \times \frac{৩}{৪} = \frac{৫}{১৬}$

০৫. $১ \div \frac{৮}{৯}\left(\frac{৫}{৮} + \frac{৩}{৮}\right)$ = কত?

সমাধানঃ

$১ \div \frac{৮}{৯}\left(\frac{৫}{৮} + \frac{৩}{৮}\right) = ১ \div \frac{৮}{৯}\left(\frac{৫+৩}{৮}\right) = ১ \div \frac{৮}{৯} \times \frac{৮}{৮}$

$= ১ \times \frac{৯}{৮}$

$= ১\frac{১}{৮}$

ধারা সংক্রান্ত

১। পদ সংখ্যা = $\frac{\text{শেষ পদ - প্রথম পদ}}{\text{সাধারন অন্তর}} + ১$

২। যোগফল বা সমষ্টি = $\frac{\text{শেষপদ + প্রথমপদ}}{২} \times$ পদসংখ্যা

অথবা $1 + 2 + 3 + 4 + ... + n = \frac{n(n+1)}{2}$

৩। গড় = $\frac{\text{শেষপদ + প্রথমপদ}}{২}$

০১. ১ + ২ + ৩ + ৪ + ৫ + ----- + ৯৯ = কত?

সমাধান ঃ

(এখানে, প্রথম পদ = ১, সাধারন অন্তর = ৩ - ২ = ১,
শেষ পদ = ৯৯, পদসংখ্যা = ৯৯)

সমষ্টি বা যোগফল = $\frac{\text{শেষপদ + প্রথমপদ}}{২} \times$ পদসংখ্যা

$= \frac{(৯৯ + ১)}{২} \times ৯৯ = ৪৯৫০$

অথবা

$\frac{n(n+1)}{2} = \frac{৯৯(৯৯ + ১)}{২} = \frac{৯৯ \times ১০০}{২} = ৪৯৫০$

নিজে করুন

☞ ১ হতে ৯৯ পর্যন্ত সংখ্যা সমূহের যোগফল কত? (উঃ ৪৯৫০)

☞ ১+৩+৫+.....+২১ সমান কত হবে? (উঃ ১২১)

☞ ১+৩+৫+.....+১৯ সমান কত হবে? (উঃ ১০০)

০২. ১ থেকে ৪৯ পর্যন্ত ক্রমিক সংখ্যার সমষ্টি ও গড় কত?

সমাধান ঃ

পদ সংখ্যা = $\frac{\text{শেষ পদ – প্রথম পদ}}{\text{সাধারন অন্তর}} + ১$

$= \frac{৪৯ - ১}{১} + ১ = ৪৯$

যোগফল বা সমষ্টি = $\frac{\text{শেষপদ + প্রথমপদ}}{২} \times$ পদসংখ্যা

$= \frac{(৪৯ + ১)}{২} \times ৪৯$

$= \frac{৫০ \times ৪৯}{২}$

$= ১২২৫$

গড় = $\frac{\text{শেষপদ + প্রথমপদ}}{২} = \frac{৪৯ + ১}{২} = \frac{৫০}{২} = ২৫$

ঘড়ি সংক্রান্ত

০১. ২টা ১৫ মিনিটের সময় ঘন্টার কাঁটা ও মিনিটের কাঁটার মধ্যে কত ডিগ্রি কোণ উৎপন্ন হয় ?

সমাধান ঃ

মধ্যবর্তী কোণ = $\left|\frac{11}{2} M - 30H\right|$

$= \left|\frac{11}{2} \times 15 - 30 \times 2\right|$

$= \left(\frac{165}{2} - 60\right) = \frac{45}{2} = 22\frac{1}{2}$ ডিগ্রি

০২. ঘড়িতে যখন ২ টা ৪০ বাজে তখন ঘন্টার কাঁটা ও মিনিটের কাঁটার মধ্যে কত ডিগ্রি কোণ উৎপন্ন হয় ?

সমাধান ঃ

মধ্যবর্তী কোণ = $\frac{11}{2} M - 30H$

$= \left|\frac{11}{2} \times 40 - 30 \times 2\right| = (220 - 60) = 160^0$

বীজগণিত

প্রয়োজনীয় কিছু সূত্র

1. $(a+b)^2 = a^2 + 2ab + b^2 = (a-b)^2 + 4ab$
2. $(a-b)^2 = a^2 - 2ab + b^2 = (a+b)^2 - 4ab$
3. $a^2 + b^2 = (a+b)^2 - 2ab = (a-b)^2 + 2ab$
4. $a^2 + b^2 = \frac{1}{2}\{(a+b)^2 + (a-b)^2\}$
5. $4ab = (a+b)^2 - (a-b)^2$
6. $ab = \left(\frac{a+b}{2}\right)^2 - \left(\frac{a-b}{2}\right)^2$
7. $a^2 - b^2 = (a+b)(a-b)$
8. $2(a^2 - b^2) = (a+b)^2 (a-b)^2$
9. $(a+b+c)^2 = a^2 + b^2 + c^2 + 2ab + 2bc + 2ca$
10. $(a+b)^3 = a^3 + 3a^2b + 3ab^2 + b^3$
11. $(a-b)^3 = a^3 - 3a^2b + 3ab^2 - b^3$
12. $a^3 + b^3 = (a+b)(a^2 - ab + b^2)$
13. $a^3 - b^3 = (a-b)(a^2 + ab + b^2)$
14. $a^3 + b^3 = (a+b)^3 - 3ab(a+b)$
15. $a^3 - b^3 = (a-b)^3 + 3ab(a-b)$
16. $a^0 = 1$ & $a^1 = a$
17. $(ab)^n = a^n b^n$ & $\left(\frac{a}{b}\right)^n = \frac{a^n}{b^n}$
18. $\log_a \frac{M}{N} = \log a^M - \log a^N$
19. $\log_a MN = \log a^M + \log a^N$
20. $\log_a M^r = r\log_a M$

বর্গের মান নির্ণয় সংক্রান্ত

০১. $a - \frac{1}{a} = 8$ হলে, $a^2 + \frac{1}{a^2}$ = কত?

সমাধান ঃ

$a^2 + \frac{1}{a^2} = \left(a - \frac{1}{a}\right)^2 + 2.a.\frac{1}{a}$

$= (8)^2 + 2$

$= 64 + 2$

$= 66$

০২. $a + \frac{1}{a} = 2$ হলে, $a^2 + \frac{1}{a^2}$ = কত?

সমাধান ঃ

$a^2 + \frac{1}{a^2} = \left(a + \frac{1}{a}\right)^2 - 2.a.\frac{1}{a}$

$= (2)^2 - 2$

$= 4 - 2$

$= 2$

০৩. $a^2 + \frac{1}{a^2} = 2$ হলে $a - \frac{1}{a}$ = কত?

সমাধান ঃ

দেয়া আছে,

$a^2 + \frac{1}{a^2} = 2$

$\Rightarrow \left(a - \frac{1}{a}\right)^2 + 2.a.\frac{1}{a} = 2$

$\Rightarrow \left(a - \frac{1}{a}\right)^2 + 2 = 2$

$\Rightarrow \left(a - \frac{1}{a}\right)^2 = 2 - 2$

$\Rightarrow \left(a - \frac{1}{a}\right)^2 = 0$

$\Rightarrow \left(a - \frac{1}{a}\right) = \sqrt{0}$

$\therefore \left(a - \frac{1}{a}\right) = 0$

০৪. $x - \frac{1}{x} = 2$ হলে $x^4 + \frac{1}{x^4}$ = কত?

সমাধান ঃ

$x^4 + \frac{1}{x^4} = (x^2)^2 + \left(\frac{1}{x^2}\right)^2$

$= \left(x^2 + \frac{1}{x^2}\right)^2 - 2.x^2.\frac{1}{x^2}$

$= \left\{\left(x - \frac{1}{x}\right)^2 + 2.x.\frac{1}{x}\right\}^2 - 2$

$= \{(2)^2 + 2\}^2 - 2 = (4+2)^2 - 2$

$= 6^2 - 2 = 36 - 2 = 34$

CamScanner

০৫. $x^4 - x^2 - 1 = 0$ হলে $x^2 - \frac{1}{x^2}$ = কত?

সমাধান ঃ

দেয়া আছে,

$x^4 - x^2 - 1 = 0$

$\Rightarrow x^4 - 1 = x^2$

$\Rightarrow \frac{x^4 - 1}{x^2} = 1$

$\therefore x^2 - \frac{1}{x^2} = 1$

০৬. $\frac{1}{2}\{(a+b)^2 + (a-b)^2\}$ = কত?

সমাধান ঃ

$\frac{1}{2}(a+b)^2 + (a-b)^2$

$= \frac{1}{2}\{(a^2 + 2ab + b^2) + (a^2 - 2ab + b^2)\}$

$= \frac{1}{2}(a^2 + 2ab + b^2 + a^2 - 2ab + b^2)$

$= \frac{1}{2}(2a^2 + 2b^2)$

$= \frac{1}{2} \times 2(a^2 + b^2)$

$= a^2 + b^2$

০৭. $x + y = 8$, $x - y = 6$ হলে, $x^2 + y^2$ এর মান কত?

সমাধান ঃ

$x^2 + y^2 = \frac{1}{2}\{(x+y)^2 + (x-y)^2\}$

$= \frac{1}{2}(8^2 + 6^2)$

$= \frac{1}{2} \times 100$

$= 50$

০৮. $x + y = 7$ এবং $xy = 10$ হলে, $(x-y)^2$ এর মান কত?

সমাধান ঃ

$(x-y)^2 = (x+y)^2 - 4xy$

$= 7^2 - 4.10$

$= 49 - 40$

$= 9$

০৯. $x^2 + y^2 = 8$ এবং $xy = 7$ হলে $(x+y)^2$ এর মান কত?

সমাধান ঃ

$(x+y)^2 = x^2 + 2xy + y^2$

$= (x^2 + y^2) + 2xy$

$= 8 + 2.7$

$= 8 + 14$

$= 22$

১০. $a + b = 7$ এবং $ab = 12$ হলে $a^2 + b^2$ এর মান কত?

সমাধান ঃ

$a^2 + b^2$

$= (a+b)^2 - 2ab$

$= 7^2 - 2\times12$

$= 49 - 24$

$= 25$

১১. $a + b = 12$ এবং $ab = 35$ হলে $a^2 - b^2$ এর মান কত?

সমাধান ঃ

$(a-b)^2 = (a+b)^2 - 4ab$

$\Rightarrow (a-b)^2 = (12)^2 - 4\times35$

$\Rightarrow (a-b)^2 = 144 - 140$

$\Rightarrow (a-b) = \sqrt{4}$ [উভয় পক্ষ বর্গমুল করে]

$\therefore a - b = \pm2$

$\therefore a^2 - b^2 = (a+b)(a-b)$

$= (12)\times(\pm2)$

$= \pm24$

১২. $x + y = 17$ এবং $xy = 60$ হলে $x - y$ এর মান কত?

সমাধান ঃ

$(x-y)^2 = (x+y)^2 - 4xy$

$\Rightarrow (x-y)^2 = (17)^2 - 4\times60$

$\Rightarrow (x-y)^2 = 289 - 240$

$\Rightarrow (x-y)^2 = 49.$

$\Rightarrow (x-y) = \sqrt{49}$ [উভয় পক্ষ বর্গমুল করে]

$\therefore x - y = \pm7$

১৩. $x - y = 1$ এবং $xy = 56$ হলে $x + y$ এর মান কত?

সমাধান ঃ

$(x+y)^2 = (x-y)^2 + 4xy$

$\Rightarrow (x+y)^2 = 1^2 + 4\times56$

$\Rightarrow (x+y)^2 = 1 + 224$

$\Rightarrow (x+y)^2 = 225$

$\Rightarrow (x+y) = \sqrt{225}$ [উভয়পক্ষ বর্গমুল করে]

$\therefore x + y = \pm15$

১৪. $x + y = 7$ এবং $xy = 10$ হলে, $x^2 + y^2 + 5xy$ এর মান কত?

সমাধানঃ

$x^2 + y^2 + 5xy$

$= x^2 + 2xy + y^2 + 3xy$

$= (x+y)^2 + 3xy$

$= 7^2 + 3.10$

$= 49 + 30$

$= 79$

১৫. $a + b = 5$ এবং $a - b = 3$ হলে ab এর মান কত?

সমাধান ঃ

আমরা জানি

$ab = \left(\frac{a+b}{2}\right)^2 - \left(\frac{a-b}{2}\right)^2$

$= \left(\frac{5}{2}\right)^2 - \left(\frac{3}{2}\right)^2$

$= \frac{25}{4} - \frac{9}{4}$

$= \frac{25-9}{4}$

$= \frac{16}{4}$

$= 4$

১৬. $x + y = 12$, $xy = 27$ হলে $x - y$ = ?

সমাধানঃ

আমরা জানি

$(x-y)^2 = (x+y)^2 - 4xy$

$\Rightarrow (x-y)^2 = 12^2 - 4.27$

$\Rightarrow (x-y)^2 = 144 - 108$

$\Rightarrow (x-y)^2 = 36$

$\Rightarrow (x-y) = \pm\sqrt{36}$

$\therefore x - y = \pm6$

১৭. $a + b + c = 9$, $a^2 + b^2 + c^2 = 29$ হলে $ab + bc + ca$ = কত?

সমাধান ঃ

আমরা জানি

$(a+b+c)^2 = a^2 + b^2 + c^2 + 2(ab + bc + ca)$

বা, $9^2 = 29 + 2(ab + bc + ca)$

বা, $29 + 2(ab + bc + ca) = 9^2$

বা, $2(ab + bc + ca) = 81 - 29$

বা, $ab + bc + ca = \frac{52}{2}$

$\therefore ab + bc + ca = 26$

১৮. $\frac{a - b + b(a-b)}{a-b}$ = কত?

সমাধান ঃ

$\frac{a - b + b(a-b)}{a-b}$

$= \frac{a - b + ab - b^2}{a-b}$

$= \frac{1(a-b) + b(a-b)}{a-b}$

$= \frac{(a-b)(1+b)}{(a-b)}$

$= 1 + b$

১৯. $a = 2$, $b = -1$ হলে $2ab + b^2 - 3b$ = কত?

সমাধান ঃ

$2ab + b^2 - 3b$

$= 2.2.-1 + (-1)^2 - 3.(-1)$

$= -4 + 1 + 3$

$= -4 + 4$

$= 0$

২০. $a - \{a - (a+1)\}$ এর মান কত?

সমাধান ঃ

$a - \{a - (a+1)\}$

$= a - (a - a - 1)$

$= a - a + a + 1$

$= a + 1$

২১. $a = 1$, $b = -1$, $c = 2$, $d = -2$ হলে $a - (-b) - (-c) - (-d)$ = কত

সমাধান ঃ

$a - (-b) - (-c) - (-d)$

$= a + b + c + d$

$= 1 + (-1) + 2 + (-2)$

$= 1 - 1 + 2 - 2$

$= 0$

CamScanner

২২. যদি $x + 5y = 16$ এবং $x = 3y$ হয়, তবে y এর মন কত?

সমাধান ঃ

$x + 5y = 16$

বা, $3y + 5y = 16$ [$\therefore x = 3y$]

বা, $8y = 16$

বা, $y = \frac{16}{8}$

$\therefore y = 2$

২৩. $(2 + x) + 3 = 3(x + 2)$ হলে x এর মান কত?

সমাধান ঃ

$(2 + x) + 3 = 3(x + 2)$

বা, $2 + x + 3 = 3x + 6$

বা, $x - 3x = 6 - 5$

বা, $-2x = 1$

$\therefore x = -\frac{1}{2}$

২৪. যদি $(x - 5)(a + x) = x^2 - 25$ হয় তাহলে a এর মান কত?

সমাধান ঃ

$(x - 5)(a + x) = x^2 - 25$

বা, $(x - 5)(a + x) = x^2 - 5^2$

বা, $(x - 5)(a + x) = (x - 5)(x + 5)$

বা, $a + x = x + 5$

বা, $a = x + 5 - x$

$\therefore a = 5$

২৫. 'P' এর মান কত হলে $4x^2 - px + 9$ একটি পূর্ণবর্গ হবে?

সমাধান ঃ

$4x^2 - 12x + 9$

$= (2x)^2 - 2.2x.3 + (3)^2$

$= (2x - 3)^2$

$\therefore$ P এর মান 12 বসালে $4x^2 - px + 9$ একটি পূর্ণবর্গ হবে।

২৬. 'a' এর মান কত হলে $9 - 12x + ax^2$ একটি পূর্ণবর্গ হবে?

সমাধান ঃ $9 - 12x + ax^2$

$= (3)^2 - 2.3.2x + (2x)^2 - (2x)^2 + ax^2$

$= (3 - 2x)^2 - 4x^2 + ax^2$

রাশিটি পুর্নবর্গ হলে, $-4x^2 + ax^2 = 0$

or, $a = 4$

২৭. $x^2 - 8x - 8y + 16 + y^2$ এর সাথে কত যোগ করলে যোগফল একটি পুর্নবর্গ হবে?

সমাধানঃ

$x^2 - 8x - 8y + 16 + y^2$

$= x^2 + y^2 + (-4)^2 + 2xy - 8y - 8x - 2xy$

$= x^2 + y^2 + (-4)^2 + 2.x.y + 2y(-4) + 2(-4).x - 2.x.y$

$= (x + y - 4)^2 - 2xy$

পুর্নবর্গ করতে হলে 2xy যোগ করতে হবে।

২৮. $4x^2 - 20x$ এর সাথে কত যোগ করলে যোগফল একটি পুর্নবর্গ হবে?

সমাধান ঃ $4x^2 - 20x$

$= (2x)^2 - 2.2x.5 + (5)^2 - (5)^2$

$= (2x - 5)^2 - 25$

$\therefore$ প্রদত্ত রাশিটির সাথে 25 যোগ করলে রাশিটি পুর্নবর্গ হবে।

২৯. $(2n + 1)$ এর বর্গ কত?

সমাধান ঃ

$(2n + 1)$

$= (2n + 1)^2$

$= (2n)^2 + 2.2n.1 + 1^2$

$= 4n^2 + 4n + 1$

৩০. $(2x + 3y)(4x - 5y)$ কে দুইটি বর্গের বিয়োগফল রূপে প্রকাশ করুন।

সমাধানঃ

$(2x + 3y)(4x - 5y)$

$= \left(\frac{2x + 3y + 4x - 5y}{2}\right)^2 - \left(\frac{2x + 3y - 4x + 5y}{2}\right)^2$

$= \left(\frac{6x - 2y}{2}\right)^2 - \left(\frac{-2x + 8y}{2}\right)^2$

$= \left(\frac{2(3x - y)}{2}\right)^2 - \left(\frac{2(-x + 4y)}{2}\right)^2$

$= (3x - y)^2 - (4y - x)^2$ (Ans.)

ঘনকের মান নির্ণয় সংক্রান্ত

০১. যদি $a^3 - b^3 = 513$ এবং $a - b = 3$ হয়, তাহলে ab = কত?

সমাধানঃ আমরা জানি,

$a^3 - b^3 = (a - b)^3 + 3ab(a - b)$

বা, $513 = 3^3 + 3ab(3)$

বা, $513 = 27 + 9ab$

বা, $9ab = 513 - 27$ বা, $ab = \frac{486}{9}$ $\therefore ab = 54$

০২. $a + b + c = 0$ হলে $a^3 + b^3 + c^3$ এর মান কত?

সমাধানঃ

আমরা জানি,

$a^3 + b^3 + c^3 - 3abc = (a + b + c)^3 (a^2 + b^2 + c^2 - ab - bc - ca) +$

$= 0.(a^2 + b^2 + c^2 - ab - bc - ca) + 3abc$

$= 0 + 3abc$

$\therefore a^3 + b^3 + c^3 = 3abc$

০৩. $2x = 3y + 5$ হলে $4x - 6y$ = কত?

সমাধান ঃ

$2x = 3y + 5$

বা, $2x - 3y = 5$

বা, $2(2x - 3y) = 2 \times 5$ [উভয় দিকে 2 গুণ করে]

বা, $4x - 6y = 10$

$\therefore 4x - 6y = 10$

০৪. $a + \frac{1}{a} = 3$ হলে $a^3 + \frac{1}{a^3}$ = কত?

সমাধান ঃ

$a^3 + \frac{1}{a^3} = \left(a + \frac{1}{a}\right)^3 - 3.a\frac{1}{a}\left(a + \frac{1}{a}\right)$

$= 3^3 - 3.3$

$= 27 - 9$

$= 18$

০৫. $x + \frac{1}{x} = \sqrt{3}$ হলে, $x^3 + \frac{1}{x^3}$ এর মান কত?

সমাধান ঃ

$x^3 + \frac{1}{x^3} = \left(x + \frac{1}{x}\right)^3 - 3x\frac{1}{x}\left(x + \frac{1}{x}\right)$

$= (\sqrt{3})^3 - 3\sqrt{3}$

$= 3\sqrt{3} - 3\sqrt{3}$

$= 0$

০৬. $a + 3 + \frac{1}{a} = 0$ হলে $a^3 - \frac{1}{a^3}$ = কত?

সমাধান ঃ

দেয়া আছে,

$a + 3 + \frac{1}{a} = 0$

$\Rightarrow a + \frac{1}{a} = -3$

$a^3 + \frac{1}{a^3} = \left(a + \frac{1}{a}\right)^3 - 3.a\frac{1}{a}\left(a + \frac{1}{a}\right)$

$= (-3)^3 - 3\times(-3)$

$= -27 + 9$

$= -18$

০৭. $x + y = 6, xy = 8$, then $(x - y)^3 = ?$

আমরা জানি

$(x - y)^3 = (x + y)^2 - 4xy$

$= 6^2 - 4\times8$

$= 36 - 32$

$= 4$

$\therefore x - y = 2$

এখন $(x - y)^3 = 2^3 = 8$

০৮. $x + y = 2, x^2 + y^2 = 4$ হলে $x^3 + y^3 = ?$

সমাধানঃ

$\Rightarrow (x + y)^2 = 2^2$

$\Rightarrow x^2 + 2xy + y^2 = 4$

$\Rightarrow x^2 + y^2 + 2xy = 4$

$\Rightarrow 4 + 2xy = 4$ [$\therefore x^2 + y^2 = 4$]

$\Rightarrow 2xy = 4 - 4$

$\Rightarrow 2xy = 0$

$\therefore xy = 0$

এখন $x^3 + y^3 = (x + y)^3 - 3xy(x + y)^3 = 2^3 - 3\times0\times2 = 8$

৯. $a^2 - \sqrt{3}a + 1 = 0$ হলে, $a^3 + \frac{1}{a^3}$ এর মান কত?

সমাধানঃ $a^2 - \sqrt{3}a + 1 = 0$

$\Rightarrow a^2 + 1 = \sqrt{3}a$

$\Rightarrow \frac{a^2 + 1}{a} = \sqrt{3}$

$\Rightarrow \frac{a^2}{a} + \frac{1}{a} = \sqrt{3}$

$\Rightarrow a^2 + \frac{1}{a^2} = \sqrt{3}$

$a^3 + \frac{1}{a^3} = \left(a + \frac{1}{a}\right)^3 - 3.a.\frac{1}{a}\left(a + \frac{1}{a}\right)$

$= (\sqrt{3})^3 - 3\sqrt{3}$

$= 3\sqrt{3} - 3\sqrt{3} = 0$

১০. $a^2 + 1 = 3a$ হলে $\left(a^2 + \frac{1}{a^2}\right)\left(a^3 + \frac{1}{a^3}\right)$-এর মান নির্ণয় করুন।

সমাধানঃ দেওয়া আছে, $a^2 + 1 = 3a$

বা, $\frac{a^2 + 1}{a} = \frac{a^2 + 1}{a}$ বা, $\frac{a^2}{a} + \frac{1}{a} = \frac{3a}{a}$ $\therefore a + \frac{1}{a} = 3$

CamScanner

প্রদত্ত রাশি = $\left(a^2+\frac{1}{a^2}\right)\left(a^3+\frac{1}{a^3}\right)$

$= \left\{\left(a+\frac{1}{a}\right)^2 - 2.a.\frac{1}{a}\right\}\left\{\left(a+\frac{1}{a}\right)^3 - 3.a.\frac{1}{a}\left(a+\frac{1}{a}\right)\right\}$

$= 93^2 - 2)\ (3^3 - 3.3)$

$= 7 \times 18 = 126$ Ans

১১. $x^4 - x^2 + 1 = 0$ হলে $a^3 + \frac{1}{x^3}$ = কত?

সমাধান: দেওয়া আছে,

$x^4 - x^2 + 1 = 0$

$\Rightarrow x^4 + 1 = x^2$

$\Rightarrow \frac{x^4+1}{x^2} = \frac{x^2}{x^2}$

$\Rightarrow x^2 + \frac{1}{x^2} = 1$

$\Rightarrow \left(x+\frac{1}{x}\right)^2 - 2.x.\frac{1}{x} = 1$

$\Rightarrow \left(x+\frac{1}{x}\right)^2 = 1 + 2$

$\Rightarrow \left(x+\frac{1}{x}\right)^2 = 3 \qquad \therefore x + \frac{1}{x} = \sqrt{3}$

প্রদত্ত রাশি = $x^3 + \frac{1}{x^3}$

$= \left(x+\frac{1}{x}\right)^3 - 3.x.\frac{1}{x}\left(x+\frac{1}{x}\right)$

$= (\sqrt{3})^3 - 3.\sqrt{3}$

$= (\sqrt{3})^2.\sqrt{3} - 3.\sqrt{3}$

$= 3\sqrt{3} - 3\sqrt{3}$

$= 0$

১২. যদি $a = \sqrt{3} + \sqrt{2}$ হয়, তবে প্রমাণ কর যে, $a^3 + \frac{1}{a^3} = 18\sqrt{3}$

সমাধান: দেওয়া আছে,

$a = \sqrt{3} + \sqrt{2}$

$\Rightarrow \frac{1}{a} = \frac{1}{\sqrt{3}+\sqrt{2}}$ (বিপরীতকরণ করে)

$\Rightarrow \frac{1}{a} = \frac{\sqrt{3}-\sqrt{2}}{(\sqrt{3}+\sqrt{2})(\sqrt{3}-\sqrt{2})}$

$\Rightarrow \frac{1}{a} = \frac{\sqrt{3}-\sqrt{2}}{(\sqrt{3})^2-(\sqrt{2})^2}$

$\Rightarrow \frac{1}{a} = \frac{\sqrt{3}-\sqrt{2}}{(3-2)}$

$\Rightarrow \frac{1}{a} = \sqrt{3} - \sqrt{2}$

$\therefore a + \frac{1}{a} = \sqrt{3} + \sqrt{2} + \sqrt{3} - \sqrt{2} = 2\sqrt{3}$

উৎপাদক সংক্রান্ত

০১. $a^4 + 4$ এর উৎপাদক কত?

সমাধান ঃ

$a^4 + 4$

$= (a^2)^2 + 2^2$

$= (a^2+2)^2 - 2.a^2.2$

$= (a^2+2)^2 - 4a^2$

$= (a^2+2)^2 - (2a)^2$

$= (a^2+2a+2)(a^2-2a+2)$

০২. $2x^2 - x - 3$ এর উৎপাদক কি কি?

সমাধান ঃ

$2x^2 - x - 3$

$= 2x^2 - 3x + 2x - 3$

$= x(2x-3) + 1(2x-3)$

$= (2x-3)(x+1)$ (Ans)

০৩. $(x-y)(x+3)$ এর উৎপাদক কি কি?

সমাধান ঃ

$(x-y)(y+3)$

$= xy - y^2 + 3x - 3y$

$= xy - y^2 - 3y + 3x$

০৪. $a^3 - 7a - 6$ এর উৎপাদক কত?

সমাধান ঃ

$a^3 - 7a - 6$

$= a^3 + a^2 - a^2 - a - 6a - 6$

$= a^2(a+1) - a(a+1) - 6(a+1)$

$= (a+1)(a^2 - a - 6)$

$= (a+1)(a^2 - 3a + 2a - 6)$

$= (a+1)\{a(a-3) + 2(a-3)\}$

$= (a+1)(a-3)(a+2)$

০৫. $2x^2 + x - 15$ এর উৎপাদক কত ?

সমাধান ঃ

$2x^2 + x - 15$

$= 2x^2 + 6x - 5x - 15$

$= 2x(x+3) - 5(x+3)$

$= (x+3)(2x-5)$

০৬. $4x^2 - 13x - 12$ এর উৎপাদক কত ?

সমাধান ঃ

$4x^2 - 13x - 12$

$= 4x^2 - 16x + 3x - 12$

$= 4x(x-4) + 3(x-4)$

$= (x-4)(4x+3)$

০৭. $m^2 + 8m + 15$ এর উৎপাদক কত ?

সমাধান ঃ

$m^2 + 8m + 15$

$= m^2 + 5m + 3m + 15$

$= m(m+5) + 3(m+5)$

$= (m+3)(m+5)$

০৮. $x^2 - 3x - 10$ এর উৎপাদক কত?

সমাধানঃ

$x^2 - 3x - 10$

$= x^2 - 5x + 2x - 10$

$= x(x-5) + 2(x-5)$

$= (x-5)(x+2)$

০৯. $x^2 - y^2 + 4y - 4$ এর উৎপাদক কত?

সমাধানঃ

$x^2 - y^2 + 4y - 4$

$= x^2 - (y^2 - 4y + 4)$

$= x^2 - (y^2 - 2.y.2 + 2^2)$

$= x^2 - (y-2)^2$

$= (x - y + 2)(x + y - 2)$

১০. $x^2 - y^2 + 2y - 1$ এর উৎপাদক কোনটি?

সমাধানঃ

$x^2 - y^2 + 2y - 1$

$= x^2 - (y^2 - 2y + 1)$

$= x^2 - (y^2 - 2.y.1 + 1^2)$

$= x^2 - (y-1)^2$

$= (x + y - 1)(x - y + 1)$

১১. $(\sqrt{3}.\sqrt{5})^4$ এর মান কত?

সমাধান ঃ

$(\sqrt{3}.\sqrt{5})^4$

$= (\sqrt{3})^4.(\sqrt{5})^4$

$= \frac{1}{3^2}.4.\frac{1}{5^2}.4$

$= 3^2.5^2$

$= 225$

১২. $a - 6a^2 + 12a - 9$ উৎপাদকে বিশ্লেষণ করুন।

সমাধান :

$a3 - 6a2 + 12a - 9$

$= a^3 - 3.a^2.2 + 3.a.2^2 - 23 - 1$

$= (a-2)^3 - 13$

$= (a-2-1)\{(a-2)^2 + (a-2).1 + 1^2\}$

$= (a-3)(a^2 - 2.a.2 + 2^2 + a - 2 + 1)$

$= (a-3)(a^2 - 4a + 4 + a - 2 + 1)$

$= (a-3)(a^2 - 3a + 3)$

১৩. $4x^4 - 25x^2 + 36$ উৎপাদকে বিশ্লেষণ করুন।

সমাধানঃ $4x^4 - 25x^2 + 36$

$= (2x^2)^2 - 2.2x^2.6 + 6^2 - x^2$

$= (2x^2 - 6)^2 - (x)^2$

$= (2x^2 - 6 + x)(2x^2 - 6 - 2)$

$= (2x^2 + x - 6)(2x^2 - x - 6)$

$= (2x^2 + 4x - 3x - 6)(2x^2 - 4x + 3x - 6)$

$= \{2x(x+2) - 3(x+2)\}\{2x(x-2) + 3(x-2)\}$

$= (x+2)(2x-3)(x-2)(2x+3)$

$= (x+2)(x-2)(2x+3)(2x-3)$

১৪. উৎপাদকে বিশ্লেষণ করুন:

$(a-1)x^2 + a^2xy + (a+1)y^2$

সমাধান:

ধরি, $a - 1 = q$

$a + 1 = p$

$a^2 - 1 = pq$

এখন

$(a-1)x^2 + a^2xy + (a+1)y^2$

$= qx^2 + (pq+1)xy + py^2$

$= px^2 + pqxy + xy + py^2$

$= qx(x+py) + y(x+py)$

$= (x+py)(qx+y)$

$= \{x + a + 1)y\}\{(a-1)x + y\}$

$= (x + ay + y)(ax - x + y)$ (Ans.)

CamScanner

ল.সা.গু ও গ.সা.গু সংক্রান্ত

০১. $x^3 - 1, x^3 + 1, x^4 + x^2 + 1$ এর ল.সা.গু কত?

সমাধান ঃ

প্রথম রাশি $= x^3 - 1 = (x-1)(x^2 + x + 1)$

দ্বিতীয় রাশি $= x^3 + 1 = (x+1)(x^2 - x + 1)$

তৃতীয় রাশি $= x^4 + x^2 + 1$

$= (x^2)^2 + 2x^2 + 1 - x^2$

$= (x^2 + 1) - x^2$

$= (x^2 + 1 - x)(x^2 + 1 + x)$

নির্ণেয় ল.সা.গু $= (x-1)(x^2 + x + 1)(x+1)(x^2 - x + 1)$

$= (x^3 - 1)(x^3 + 1) = (x^6 - 1)$

০২. $x^2 - 11x + 30$ এবং $x^3 - 4x^2 - 2x - 15$ এর গ.সা.গু কত?

সমাধান ঃ

প্রথম রাশি $= x^2 - 11x + 30$

$= x^2 - 5x - 6x + 30$

$= x(x-5) - 6(x-5) = (x-5)(x-6)$

দ্বিতীয় রাশি $= x^3 - 4x^2 - 2x - 15$

$= x^3 - 5x^2 + x^2 - 5x + 3x - 15$

$= x^2(x-5) + x(x-5) + 3(x-5)$

$= (x^2 + x + 3)(x - 5)$

$\therefore$ নির্ণেয় গ.সা.গু $= (x - 5)$

লগারিদম এবং সুচক সংক্রান্ত

১. $\log_2{}^{64} + \log_2{}^{8}$ এর মান কত?

সমাধান ঃ

$\log_2{}^{64} + \log_2{}^{8}$

$= \log_2{}^{(2)6} + \log_2{}^{(2)3}$

$= 6\log_2{}^{2} + 3\log_2{}^{2}$

$= 6\times1 + 3\times1$ $[\therefore \log_2{}^{2} = 1]$

$= 9$ (Ans.)

২. log2 + log4 + log8 + ...ধারাটির প্রথম দশটি পদের সমষ্টি কত?

সমাধান ঃ $\log 2\left(\frac{n(n+1)}{2}\right) = \log 2\left(\frac{10(10+1)}{2}\right) = \log 2^{55} = 55\log 2$

৩. 32 এর 2 ভিত্তিক লগারিদম কত?

সমাধান ঃ

$\log_2{}^{32}$

$= \log_2{}^{(2)5}$

$= 5\log_2{}^{2}$

$= 5\times1$ $[\therefore \log_2{}^{2} = 1]$

$= 5$

৪. $\log_x{}^{1/9} = -2$ এর মান কত?

সমাধান ঃ

$\log_x{}^{1/9} = -2$

বা, $\frac{1}{9} = x^{-2}$

বা, $\frac{1}{x^2} = \frac{1}{3^2}$ বা, $\frac{1}{x} = \frac{1}{3}$ $\therefore x = 3$ (Ans.)

৫. $\log_3{}^{(1/9)}$ = কত?

সমাধান ঃ

$\log_3{}^{(1/9)}$

$= \log_3{}^{(3)^{-2}}$

$= -2\log_3{}^{3}$

$= -2\times1$ $[\log_3{}^{3} = 1]$

$= -2$

৬. $\log_2{}^{\sqrt{6}} + \log_2{}^{\sqrt{2/3}}$

সমাধান ঃ

$\log_2{}^{\sqrt{6}} + \log_2{}^{\sqrt{2/3}}$

$= \log_2{}^{(6)1/2} + \log_2{}^{(2/3)^{1/2}}$ $[\therefore \sqrt{} = 1/2]$

$= \frac{1}{2}\log_2{}^{6} + \frac{1}{2}\log_2{}^{(2/3)}$

$= \frac{1}{2}(\log_2{}^{6} + \log_2{}^{2/3})$

$= \frac{1}{2}\log_2\left(\frac{6\times2}{3}\right)$

$= \frac{1}{2}\log_2{}^{(2)2} = \frac{1}{2}\times2\log_2{}^{2} = \log_2{}^{2} = 1$

৭. $\log_{2\sqrt{5}}400$ = কত?

$\log_{2\sqrt{5}}400 = x$

বা, $(2\sqrt{5})^x = 400$

বা, $(2\sqrt{5})^x = 16\times25$

বা, $(2\sqrt{5})^x = 2^4\times5^2$

বা, $(2\sqrt{5})^x = 2^4\times(\sqrt{5})^4$

বা, $(2\sqrt{5})^x = (2\sqrt{5})^4$ $\therefore x = 4$

৮. সমাধান করুন $x^y = y^x$; $x = 2y$

সমাধান ঃ

$x^y = y^x$

বা, $(2y)^y = y^{2y}$

বা, $2^y.y^y = y^{2y}$

বা, $2^y = \frac{y^{2y}}{y^y}$

বা, $2^y = y^{2y-y}$

বা, $2^y = y^y$

বা, $y = 2$ $\therefore x = 2y = 2\times2 = 4$

৯. যদি $(64)^{2/3} + (625)^{1/2} = 3k$ হয় তবে k এর মান কত?

সমাধান ঃ

$(64)^{2/3} + (625)^{1/2} = 3k$

বা, $(4^3)^{2/3} + (25^2)^{1/2} = 3k$

বা, $4^2 + 25^1 = 3k$

বা, $16 + 25 = 3k$ বা, $41 = 3k$ $\therefore k = \frac{41}{3}$

১০. $3.2^n - 4.2^{n-2}$ = কত?

সমাধান ঃ

$3.2^n - 4.2^{n-2}$

$= 3.2^n - 4.2^n.2^{-2}$

$= 2^n(3 - 4.2^{-2})$

$= 2^n(3 - 4.\frac{1}{2^2})$

$= 2^n(3 - 4.\frac{1}{4}) = 2^n(3-1) = 2^n.2 = 2^n.2^1 = 2^{n+1}$

১১. সমাধান করুন $12.27^x = 2^2.9^{x+4}$

সমাধান ঃ $12.27^x = 2^2.9^{x+4}$

বা, $3\times4\times(3^3)^x = 4.(3^2)^{x+4}$

বা, $3^1\times4\times3^{3x} = 4.3^{2x+8}$

বা, $3^{1+3x} = 3^{2x+8}$

বা, $3x+1 = 2x+8$ বা, $3x - 2x = 8 - 1$ $\therefore x = 7$

১২. $(8x)^0 + 8x^0$ = কত?

সমাধান ঃ $(8x)^0 + 8x^0 = 1 + 8.1 = 9$

১৩. যদি $x = y = 2z$ এবং $xyz = 256$ হয় তাহলে x এর মান কত?

সমাধান ঃ $xyz = 256$

বা, $x.x.\frac{x}{2} = 256$ $[x = y = 2z \therefore y = x$ ও $x = 2z \therefore z = \frac{x}{2}]$

বা, $x^3 = 512$ বা, $x^3 = 8^3$ $\therefore x = 8$

১৪. যদি $x = y^a, y = z^b$ এবং $z = x^c$ হয় তাহলে abc এর মান কত?

সমাধান ঃ

$x = y^a$

or, $x = (z^b)^a$ $[y = z^b]$

or, $x = \{(x^c)^b\}^a$ $[z = x^c]$

or, $x^1 = x^{abc}$ $\therefore x = 1$

১৫. $2^x + 2^x + 2^x + 2^x$ = ?

সমাধান ঃ $2^x + 2^x + 2^x + 2^x = 4.2^x = 2^2.2^x = 2^{x+2}$

ফাংশন সংক্রান্ত

০১. $f(x) = \frac{2x+5}{x-3}$ হলে $f(6)$ = কত

সমাধান ঃ $f(6) = \frac{2\times6+5}{6-3} = \frac{12+5}{3} = \frac{17}{3}$

০২. $f(x) = x^3 - 12x^2 + 48x - 64$ হলে $f(5)$ মান কত ?

সমাধান ঃ $f(5) = 5^3 - 12\times5^2 + 48\times5 - 64$

$= 125 - 300 + 240 - 64$

$= 1$

০৩. $f(0) = x^3 - 2x + 3$ হলে $f(0)$ মান কত ?

সমাধান ঃ $f(0) = 0^3 - 2.0 + 3 = 0 - 0 + 3 = 3$

সেট সংক্রান্ত

০১. যদি U = {0,1,2,3,4,5,6,7,8,9}, A = {0,1,2,3,4}, B = {2,3,4,5,6,7} তাহলে U∩(AUB)এর মান কত?

সমাধান ঃ AUB = {0,1,2,3,4} U {2,3,4,5,6,7}

= {0,1,2,3,4,5,6,7}

U∩(AUB) = {0,1,2,3,4,5,6,7,8,9}∩{0,1,2,3,4,5,6,7}

= {8,9}

০২. যদি A = {1,3,5}, B = {2,4,6,8} তাহলে A∩B এর মান কত?

সমাধান ঃ A∩B = {1,3,5}∩{2,4,6,8} = Ø

০৩. যদি A = {5,15,20,30}, B = {3,5,15,18,20} তাহলে A∩B এর মান কত?

সমাধান ঃ

A∩B = {5,15,20,30}∩{3,5,15,18,20} = {5,15,20}

০৪. যদি U = {1,2,3,4,5,6}, A = {1,2,3}, B = {2,4,6} তাহলে A'∩B' এর মান কত?

সমাধান ঃ

A' = U – A = {1,2,3,4,5,6}-{1,2,3} = {4,5,6}

B' = U – B = {1,2,3,4,5,6}- {2,4,6} = {1,3,5}

A'∩B' = {4,5,6}∩{1,3,5} = {5}

০৫. যদি n(A U B) = 61 ,n(A) = 30, n(B) = 54 হয় তাহলে, n(A∩B) এর মান কত?

সমাধান ঃ

n (A U B) = n (A) + n (B) – n (A∩B)

বা, n (A∩B) = n (A) + n (B) – n (A U B)

বা, n(A∩B) = 30 + 54 – 61

∴ n (A∩B) = 23

CamScanner

জ্যামিতি

ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{১}{২}$ (ভূমি ×উচ্চতা)

বিষমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল $= \sqrt{s(s-a)(s-b)(s-c)}$

$[s = \frac{a+b+c}{২}]$

সমকোণী ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{১}{২}$ × সমকোণ সংলগ্ন বাহুদ্বয়ের গুনফল

সমদ্বিবাহু ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{a}{4}\sqrt{4a^2-b^2}$ [a = ভূমি, b = অপর বাহু]

সমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{\sqrt{3}}{4}a^2$ [a = যে কোন বাহুর দৈর্ঘ্য]

বৃত্তের ক্ষেত্রফল $= \pi r^2$ [r = বৃত্তের ব্যাসার্ধ]

আয়তক্ষেত্রের ক্ষেত্রফল = দৈর্ঘ্য × প্রস্থ

বর্গক্ষেত্রের ক্ষেত্রফল = $(\text{বাহু})^২$

সামান্তরিকের ক্ষেত্রফল = ভূমি × উচ্চতা

রম্বসের ক্ষেত্রফল $= \frac{১}{২}$ × কর্ণদ্বয়ের গুণফল

ট্রাপিজিয়ামের ক্ষেত্রফল $= \frac{১}{২}$ × সমান্তরাল বাহুদ্বয়ের দৈর্ঘ্যের সমষ্টি × এদের দূরত্ব

গোলকের পৃষ্ঠের ক্ষেত্রফল $= 4\pi r^2$

আয়তক্ষেত্রের পরিসীমা = ২ (দৈর্ঘ্য + প্রস্থ)

বর্গক্ষেত্রের পরিসীমা = ৪ × এক বাহুর দৈর্ঘ্য

রম্বসের পরিসীমা = ৪ × এক বাহুর দৈর্ঘ্য

সামান্তরিকের পরিসীমা = ২ (দৈর্ঘ্য + প্রস্থ)

বৃত্তের পরিধী $= 2\pi r$

গোলকের আয়তন $= \frac{4}{3}\pi r^3$

কোণ (Angle) ঃ যদি দুইটি সরলরেখা পরস্পরের সাথে কোন বিন্দুতে মিলিত হয়, তবে মিলন বিন্দুতে কোণ উৎপন্ন হয়।

সুক্ষ্মকোণ (Acute angle) ঃ এক সমকোণ থেকে ছোট কোণকে সুক্ষ্মকোণ বলে।

সমকোণ (Right angle) ঃ ৯০° এর সমান কোণকে সমকোণ বলে।

স্থূলকোণ (Obtuse angle) ঃ এক সমকোণ থেকে বড় কিন্তু দুই সমকোণ থেকে ছোট কোণকে স্থূল কোণ বলে।

সরল কোণ (Straight angle) ঃ দুইটি পরস্পর বিপরীত রশ্মি তাদের সাধারন প্রান্ত বিন্দুতে যে কোণ উৎপন্ন করে তাকে সরলকোণ বলে। অর্থাৎ যে কোণ ১৮০° বা দুই সমকোণের সমান।

প্রবৃদ্ধ কোণ (Reflex angle) ঃ দুই সমকোণ থেকে বড় কিন্তু চার সমকোণ বা ৩৬০° এর চেয়ে ছোট।

বিপ্রতীপ কোণ (Vertically opposite angle) ঃ কোন কোণের বাহুদ্বয়ের বিপরীত রশ্মি দুইটি যে কোণ তৈরি করে তা ঐ কোণের বিপ্রতীপ কোণ।

সন্নিহিত কোণ (Adjacent angle) ঃ যদি কোন তলে দুইটি কোণের একই শীর্ষবিন্দু হয় এবং কোণদ্বয় সাধারন বাহুর বিপরীত পাশে অবস্থান করে, তবে ঐ কোণদ্বয়কে সন্নিহিত কোণ বলে।

পুরক কোণ (Complentaray angle) ঃ দুইটি কোণের পরিমাপের যোগফল এক সমকোণ বা ৯০° হলে, এদের একটিকে অপরটির পুরক কোণ বলে।

সম্পুরক কোণ (Supplementary angle) ঃ যদি দুই কোণের পরিমাপ ১৮০° এর সমান হয় তাহলে একটি কোণকে অপর কোণের সম্পুরক কোণ বলে।

ত্রিভুজ (Triangle) ঃ তিনটি সরলরেখা দ্বারা সীমাবদ্ধ ক্ষেত্রকে ত্রিভুজ বলে।

বিষমবাহু ত্রিভুজ (Scalence triangle) ঃ যে ত্রিভুজের সকল বাহুই অসমান।

সমদ্বিবাহু ত্রিভজ (Isosceles triangle) ঃ যে ত্রিভুজের যে কোণ দুইটি বাহু সমান।

সমবাহু ত্রিভুজ (Equilateral triangle) ঃ যে ত্রিভুজের সকল বাহুই সমান।

সুক্ষ্মকোণী ত্রিভুজ (Acute triangle) ঃ যে ত্রিভুজের প্রত্যেকটি কোণই সুক্ষ্ম কোণ অর্থাৎ ৯০° এর চেয়ে ছোট।

সমকোণী ত্রিভুজ (Right angle) ঃ যে ত্রিভুজের একটি কোণ সমকোণ তাকে সমকোণী ত্রিভুজ বলে।

স্থূলকোণী ত্রিভুজ (Obtuse triangle) ঃ যে ত্রিভুজের একটি কোণ ৯০° অপেক্ষা বড় তাকে স্থূলকোণী ত্রিভুজ বলে।

আয়তক্ষেত্র (Rectangle) ঃ যে চতুর্ভুজের বিপরীত বাহুগুলো সমান এবং কোণগুলো সমকোণ তাকে আয়তক্ষেত্র বলে।

বর্গক্ষেত্র (Square) ঃ যে চতুর্ভুজের চারটি বাহুই সমান এবং কোণগুলো সমকোণ তাকে বর্গক্ষেত্র বলে।

অন্তঃকেন্দ্র (Incentre) ঃ ত্রিভুজের কোণত্রয়ের সমদ্বিখন্ডকগুলো সমবিন্দু। এই বিন্দুই ত্রিভুজের অন্তঃকেন্দ্র।

পরিকেন্দ্র (Circumcentre)ঃ ত্রিভুজের বাহুত্রয়ের লম্বদ্বিখন্ডকত্রয় সমবিন্দু। এই বিন্দুই ত্রিভুজের পরিকেন্দ্র।

ভরকেন্দ্র (Centroid) ঃ ত্রিভুজের কোন একটি শীর্ষবিন্দু এবং তার বিপরীত বাহুর মধ্যবিন্দুর সংযোজক সরলরেখাকে মধ্যমা বলে। ত্রিভুজের মধ্যমাত্রয় সমবিন্দু। এই বিন্দুই ত্রিভুজের ভরকেন্দ্র।

রম্বস (Rhombus) ঃ যে চতুর্ভুজ/সামান্তরিকের সকল বাহু সমান কিন্তু কোণগুলো সমকোণ নয় তাকে রম্বস বলে।

সামন্তরিক (Parallelogram) ঃ যে চতুর্ভুজের বিপরীত বাহুগুলো সমান কিন্তু কোণগুলো সমকোণ নয় তাকে সামান্তরিক বলে।

ট্রাপিজিয়াম (Trapezoid) ঃ যে চতুর্ভুজের বিপরীত দুই বাহু পরস্পর সমান এবং অপর দুই বাহু অসমান তাকে ট্রাপিজিয়াম বলে।

বৃত্ত (Circle) ঃ একটি বিন্দুকে কেন্দ্র করে সমান দুরত্ব বজায় রেখে অপর একটি বিন্দু তার চারদিকে একবার ঘুরে এলে তাকে বৃত্ত বলে।

কেন্দ্র (Centre) ঃ বৃত্তের মধ্যস্থিত যে বিন্দুর চারদিকে চক্রাকৃতি রেখাটি বেষ্টিত থাকে তাকে বৃত্তটির কেন্দ্র বলে।

পরিধি (Circumference) ঃ যে বক্ররেখা দ্বারা বৃত্ত সীমাবদ্ধ হয় তাই পরিধি।

ব্যাসার্ধ (Radius) ঃ বৃত্তের পরিধির যে কোন বিন্দু থেকে কেন্দ্র পর্যন্ত দুরত্বকে ব্যাসার্ধ বলে।

জ্যা (Chord) ঃ বৃত্তের পরিধির যে কোন দুই বিন্দুর সংযোজক সরলরেখাকে জ্যা বলে। বৃত্তের দীর্ঘতম জ্যাকে ব্যাস বলে।

ব্যাস (Diameter) ঃ বৃত্তের কেন্দ্র ছেদকারী সকল জ্যাই ব্যাস।

চাপ (Arc) ঃ পরিধির যে কোন অংশকে চাপ বলে।

কেন্দ্রস্থ কোণ (Central angle) ঃ বৃত্তের দুইটি ব্যাসার্ধ কর্তৃক বৃত্তের কেন্দ্রে সৃষ্ট কোণকে কেন্দ্রস্থ কোণ বলে।

পরিধিস্থ কোণ (Inscribed angle) ঃ বৃত্তের দুইটি জ্যা এর দুইপ্রান্ত পরিধির উপরে একটি নির্দিষ্ট বিন্দুতে মিলিত হলে পরিধির উপরে যে কোণ উৎপন্ন হয় তাকে পরিধিস্থ কোণ বলে।

জেনে রাখা ভাল

- ত্রিভুজের যে কোন দুই বাহুর সমষ্টি, তার তৃতীয় বাহু অপেক্ষা বৃহত্তর।
- ত্রিভুজের যেকোন দুই বাহুর অন্তর, তৃতীয় বাহু অপেক্ষা ক্ষুদ্রতর।
- কোন ত্রিভুজের একটি বাহু অপর একটি বাহু অপেক্ষা বৃহত্তর হলে, বৃহত্তর বাহুর বিপরীত কোণ ক্ষুদ্রতর বাহুর বিপরীত কোণ অপেক্ষা বৃহত্তর হবে।
- কোন ত্রিভুজের একটি কোণ অপর একটি কোণ অপেক্ষা বৃহত্তর হলে, বৃহত্তর কোণের বিপরীত বাহু ক্ষুদ্রতর কোণের বিপরীত বাহু অপেক্ষা বৃহত্তর হবে।
- ত্রিভুজের তিন কোণের সমষ্টি দুই সমকোণের সমান।
- ত্রিভুজের বৃহত্তম বাহুর বিপরীত কোণ বৃহত্তম।
- কোন ত্রিভুজের সমান সমান বাহুর বিপরীত কোণদ্বয় পরস্পর সমান।
- ত্রিভুজের একটি বাহু বর্ধিত করলে যে বহিঃস্থ কোণ উৎপন্ন হয় তা বিপরীত অন্তঃস্থ কোণদ্বয়ের সমষ্টির সমান।
- ত্রিভুজের যে কোন দুটি বহিঃস্থ কোণের সমষ্টি দুই সমকোণ অপেক্ষা বৃহত্তর।
- ত্রিভুজের যেকোন দুইবাহুর মধ্যবিন্দুর সংযোজক সরলরেখা তৃতীয় বাহুর সমান্তরাল ও অর্ধেক।
- সমবাহু ত্রিভুজের তিনটি কোণও পরস্পর সমান ও প্রত্যেকটি কোণের পরিমাণ ৬০°।
- ত্রিভুজের মধ্যমাত্রয় যদি সমান হয়, তবে ত্রিভুজটি সমবাহু।
- সমকোণী ত্রিভুজের সমকোণের বিপরীত বাহুকে অতিভুজ বলা হয়।
- সমকোণ সংলগ্ন বাহুদ্বয়ের একটিকে ভুমি এবং অন্যটিকে লম্ব বলে।
- সমকোণী ত্রিভুজের অতিভুজই বৃহত্তম বাহু।
- সমকোণী ত্রিভুজে সমকোণ ভিন্ন অন্য দুইটি কোণ হবে সূক্ষ্মকোণ।
- কোন ত্রিভুজের একটি কোণ যদি অপর দুইট কোণের সমষ্টির সমান হয় তবে ত্রিভুজটি সমকোণী ত্রিভুজ।
- স্থূলকোণী ত্রিভুজে স্থূলকোণ ভিন্ন অন্য দুইটি কোণ সূক্ষ্মকোণ।
- সামন্তরিকের বিপরীত বাহুদ্বয় পরস্পর সমান।
- সামন্তরিকের বিপরীত কোণগুলো পরস্পর সমান।
- সামন্তরিকের যে কোন দুইটি সন্নিহিত কোণ পরস্পরের সম্পূরক।
- সামন্তরিকের কর্ণদ্বয় অসমান।
- সামন্তরিকের কর্ণদ্বয় পরস্পরকে সমদ্বিখন্ডিত করে।
- আয়তক্ষেত্রের বিপরীত বাহুদ্বয় পরস্পর সমান।
- আয়তক্ষেত্রের প্রত্যেকটি কোণ সমকোণ।
- আয়তক্ষেত্রের কর্নদ্বয় পরস্পর সমান।
- আয়তক্ষেত্রের কর্ণদ্বয় পরস্পরকে সমদ্বিখন্ডিত করে।
- বর্গক্ষেত্রের সকল বাহু সমান।
- বর্গক্ষেত্রের প্রত্যেকটি কোণ সমকোণ।
- বর্গক্ষেত্রের কর্ণদ্বয় পরস্পর সমান।
- বর্গক্ষেত্রের কর্ণদ্বয় পরস্পরকে সমকোণে সমদ্বিখন্ডিত করে।
- রম্বসের সকল বাহু সমান হয়।
- রম্বসের বিপরীত কোণগুলো পরস্পর সমান।
- রম্বসের একটি কোণও সমকোণ নয়।
- রম্বসের কর্ণদ্বয় অসমান।
- রম্বসের কর্ণদ্বয় পরস্পরকে সমকোণে সমদ্বিখন্ডিত করে।
- ট্রাপিজিয়ামের সমান্তরাল বাহুদ্বয়ের একটিকে ভুমি এবং অসমান্তরাল বাহুদ্বয়কে তির্যক বাহু বলা হয়।

CamScanner

☞ ট্রাপিজিয়ামের তির্যক বাহুদ্বয় সমান হলে একে সমদ্বিবাহু ট্রাপিজিয়াম বলা হয়।

☞ ট্রাপিজিয়ামের সমান্তরাল বাহুদ্বয় কখনও সমান হতে পারে না।

সমকোণী ত্রিভুজের বাহুর অনুপাত

এক বাহু	অপর বাহু	অতিভুজ
৩	৪	৫
৫	১২	১৩
৬	৮	১০
৭	২৪	২৫
৮	১৫	১৭
৯	১২	১৫

[N.B দুটি বাহু (৩,৪) হলে তৃতীয় বাহু ৫, তেমনি দুটি বাহু (৫,১২) হলে তৃতীয় বাহু ১৩।]

০১. একটি সমবাহু ত্রিভুজের একটি বাহু ১৬ মিটার। ত্রিভুজটির ক্ষেত্রফল কত?

সমাধান ঃ

সমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{\sqrt{৩}}{৪} \times a^2$ [a (বাহু) = ১৬]

$= \frac{\sqrt{৩}}{৪} \times ১৬^2$

$= ৬৪\sqrt{৩}$ বর্গমিটার

০২. সমকোণী ত্রিভুজের সমকোণ সংলগ্ন বাহুদ্বয় যথাক্রমে ৩ ও ৪ সেমি হলে এর অতিভুজের মান কত?

সমাধান ঃ



∴ পীথাগোরাসের উপপাদ্য হতে পাই–

$AC^2 = AB^2 + BC^2$ [(অতিভুজ)^2 = (ভূমি)^2 + (লম্ব)^2]

বা, $AC^2 = (৪)^2 + (৩)^2$

বা, $AC^2 = ১৬ + ৯$

বা, $AC^2 = ২৫$

বা, $AC = \sqrt{২৫}$ ∴ AC = ৫ সে.মি.

০৩. একটি সমদ্বিবাহু সমকোণী ত্রিভুজের অতিভুজের দৈর্ঘ্য ১০ সেমি। ত্রিভুজটির ক্ষেত্রফল কত?

সমাধান ঃ



ধরি, সমকোন সংলগ্ন প্রতিটি বাহুর দৈর্ঘ্য = x সেমি

আমরা জানি

$AC^2 = AB^2 + BC^2$ [(অতিভুজ)^2 = (ভূমি)^2 + (লম্ব)^2]

বা, $(১০)^2 = x^2 + x^2$

বা, $২x^2 = ১০০$

বা, $x^2 = ৫০$

বা, $x = \sqrt{২৫ \times ২}$

∴ $x = ৫\sqrt{২}$

ত্রিভুজটির ক্ষেত্রফল $= \frac{১}{২} \times$ সমকোন সংলগ্ন বাহু দুটির গুনফল

$= \frac{১}{২} \times ৫\sqrt{২} \times ৫\sqrt{২}$

$= \frac{১}{২} \times ২৫ \times ২$

= ২৫ বর্গ সেমি

০৪. একটি সমকোণী ত্রিভুজের ক্ষেত্রফল ১৪৪ বর্গ একক। সমকোণ সন্নিহিত বাহুদ্বয়ের একটি দৈর্ঘ্য ১২ একক হলে অপরটি কত?

সমাধান ঃ

সমকোণী ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{১}{২} \times$ ভূমি × উচ্চতা

বা, $১৪৪ = \frac{১}{২} \times$ ভূমি ×উচ্চতা

বা, ১৪৪ × ২ = ভূমি × ১২

বা, ভূমি $= \frac{১৪৪ \times ২}{১২}$

∴ ভূমি = ২৪

০৫. একটি সমকোণী ত্রিভুজের অতিভুজ ৫ সেমি এবং অপর একটি বাহু ৪ সেমি হলে ত্রিভুজটির পরিসীমা কত সেমি?

সমাধান ঃ পিথাগোরাসের সূত্রানুযায়ী ত্রিভুজটির অপর বাহুর দৈর্ঘ্য হবে $= \sqrt{৫^২ - ৪^২} = \sqrt{২৫ - ১৬} = \sqrt{৯} = ৩$

আমরা জানি, পরিসীমা হল ত্রিভুজের তিন বাহুর সমষ্টি।

∴ ত্রিভুজটির পরিসীমা হবে = ৫ + ৪ + ৩ = ১২ সেমি.

০৬. একটি সমকোণী ত্রিভুজের ভূমির দৈর্ঘ্য লম্বের দৈর্ঘ্য অপেক্ষা ১ মিটার কম এবং লম্ব অপেক্ষা অতিভুজের দৈর্ঘ্য ১ মিটার বেশি হলে ত্রিভুজটির অতিভুজের দৈর্ঘ্য কত?

সমাধান ঃ ধরি, লম্বের দৈর্ঘ্য = ক

তাহলে, ভূমি = ক - ১ এবং অতিভুজ = ক + ১

অতিভুজ^2 = ভূমি^{2} + লম্ব^2

বা, $(ক + ১)^2 = (ক - ১)^2 + ক^2$

বা, $ক^2 + ২ক + ১ = ক^2 - ২ক + ১ + ক^2$

বা, $২ক^2 - ২ক + ১ - ক^2 - ২ক - ১ = ০$

বা, $ক^2 - ৪ক = ০$

বা, ক(ক - ৪) = ০

বা, ক = ৪ অথবা ক ≠ ০

∴ অতিভুজ = ক + ১ = ৪ + ১ = ৫

০৭. একটি ত্রিভুজের ভূমি ৪ মিটার এবং উচ্চতা ৩ মিটার হলে ত্রিভুজটির ক্ষেত্রফল কত বর্গমিটার?

সমাধান ঃ ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{১}{২} \times$ ভূমি × উচ্চতা

$= \frac{১}{২} \times ৪ \times ৩$

= ৬ বর্গমিটার

০৮. একটি ত্রিভুজের তিনটি বাহুর দৈর্ঘ্য ৫, ৬ ও ৭ মিটার। নিকটতম বর্গমিটারে ত্রিভুজটির ক্ষেত্রফল কত?

সমাধান ঃ আমরা জানি,

সাধারন ত্রিভুজের ক্ষেত্রফল

$= \sqrt{s(s-a)(s-b)(s-c)}$ $\left[s = \frac{a+b+c}{২} = \frac{৫+৬+৭}{২} = ৯\right]$

$= \sqrt{৯(৯-৫)(৯-৬)(৯-৭)}$

$= \sqrt{৯ \times ৪ \times ৩ \times ২}$

$= \sqrt{২১৬}$

= ১৪.৬৯

০৯. একটি ত্রিভুজাকৃতি ক্ষেত্রের ক্ষেত্রফল ৮৪ বর্গগজ। ত্রিভুজটির শীর্ষবিন্দু হতে ভূমির উপর অংকিত লম্বের দৈর্ঘ্য ১২ গজ হলে ভূমির দৈর্ঘ্য কত?

সমাধান ঃ

ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{১}{২} \times$ ভূমি × উচ্চতা/লম্ব

বা, $৮৪ = \frac{ভূমি \times ১২}{২}$

বা, ভূমি $= \frac{৮৪ \times ২}{১২}$

∴ ভূমি = ১৪ গজ

১০. একটি সমকোণী ত্রিভুজের অতিভুজের দৈর্ঘ্য ২৫ ফুট। অপর বাহুদ্বয়ের অনুপাত ৪ঃ৩ হলে বাহু দু'টির দৈর্ঘ্য কত? ৫

সমাধানঃ ধরি, সমকোণী ত্রিভুজের অপর দুটি বাহু যথাক্রমে ৪ক এবং ৩ক ফুট।

পিথাগোরাসের উপপাদ্য অনুযায়ী,

(অতিভুজ)^2 = (ভূমি)^2 + (লম্ব)^2

বা, $(২৫)^2 = (৪ক)^2 + (৩ক)^2$

বা, $৬২৫ = ১৬ক^2 + ৯ক^2$

বা, $ক^2 = \frac{৬২৫}{২৫}$

বা, $ক^2 = ২৫$ ∴ ক = ৫

∴ একটি বাহু = ৪ক = ৪×৫ = ২০

∴ অপর বাহু = ৩ক = ৩×৫ = ১৫

১১. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য প্রস্থের দেড়গুন। ক্ষেত্রটির আয়তন ৯৬ বর্গমিটার হলে ক্ষেত্রটির দৈর্ঘ্য কত?

সমাধান ঃ

ধরি, আয়তক্ষেত্রের প্রস্থ = ক মিটার

,, দৈর্ঘ্য $= ক \times ১\frac{১}{২} = ক\frac{৩}{২}$ মিটার

শর্তমতে,

$ক \times ক \times \frac{৩}{২} = ৯৬$

বা, $৩ক^2 = ১৯২$

বা, $ক^2 = ৬৪$

বা, $ক = \sqrt{৬৪}$

∴ ক = ৮ মিটার

CamScanner

১২. একটি বর্গক্ষেত্রের ক্ষেত্রফল ৯০০ বর্গমিটার। এর পরিসীমা কত?

সমাধান ঃ ধরি, বর্গক্ষেত্রের ক্ষেত্রফল = a^2

প্রশ্নমতে,

$a^2 = ৯০০$

বা, $a = \sqrt{৯০০}$

$\therefore$ a = ৩০ মি.

$\therefore$ বর্গক্ষেত্রের পরিসীমা = a + a + a + a = ৪a

তাহলে, ৪a = ৪ × ৩০ = ১২০ মি.

১৩. একটি আয়তক্ষেত্রের ক্ষেত্রফল ১ একর। এর দৈর্ঘ্য ১২.৫ মিটার হলে আয়তক্ষেত্রটির প্রস্থ কত?

সমাধান ঃ ধরি, প্রস্থ x মিটার

প্রশ্নমতে

দৈর্ঘ্য × প্রস্থ = ১০০ বর্গ মি. [১ একর = ১০০ বর্গমিটার]

বা, ১২.৫ × x = ১০০

বা, $x = \frac{১০০}{১২.৫}$ $\therefore$ x = ৮ মি.

১৪. একটি আয়তাকার ঘরের দৈর্ঘ্য বিস্তারের দ্বিগুণ। এর ক্ষেত্রফল ৫১২ মিটার হলে পরিসীমা কত?

সমাধান ঃ মনে করি, বিস্তার = ক এবং দৈর্ঘ = ২ক

শর্তমতে,

ক × ২ক = ৫১২

বা, $২ক^২ = ৫১২$

বা, $ক^২ = \frac{৫১২}{২} = ২৫৬$

$\therefore$ ক = ১৬

বিস্তার = ১৬ এবং দৈর্ঘ্য = ২ × ১৬ = ৩২

পরিসীমা = ২ (দৈর্ঘ্য + বিস্তার/প্রস্থ) = ২(৩২ + ১৬) = ৯৬

১৫. একটি রম্বসের একটি কর্ণ 10 মিটার এবং ক্ষেত্রফল 120 বর্গমিটার হলে, অপর কর্ণের দৈর্ঘ্য কত মিটার?

সমাধান ঃ

রম্বসের ক্ষেত্রফল = $\frac{১}{২}$ × কর্ণদ্বয়ের গুণফল

$\Rightarrow 120 = \frac{1}{2} \times 10 \times$ অপর কর্ণ

$\therefore$ অপর কর্ণ = 24

১৬. একটি বৃত্তের ক্ষেত্রফল ১৬ বর্গমিটার, পরিধি ৮ মিটার। এর ব্যাসার্ধ কত মিটার?

সমাধান ঃ

আমরা জানি, বৃত্তের পরিধি = $২\pi r$

,, ক্ষেত্রফল = πr^2

প্রশ্নমতে, $\frac{\pi r^2}{২\pi r} = \frac{১৬}{১৮}$

বা, $\frac{r}{২} = ২$

$\therefore r = ৪$

১৭. বৃত্তের ব্যাস ৩ গুণ বৃদ্ধি করলে ক্ষেত্রফল কতগুণ বৃদ্ধি পাবে?

সমাধান ঃ

ধরি, বৃত্তের ব্যাস = 2r; ব্যাসার্ধ = r এবং ক্ষেত্রফল = πr^2

বৃত্তের ব্যাস তিনগুন বৃদ্ধি করলে ব্যাস হয় = ৬r এবং

ব্যাসার্ধ হয় = ৩r

পরিবর্তিত বৃত্তের ক্ষেত্রফল = $\pi(৩\,r)^২ = ৯\pi r^২$

= ৯ ×প্রথম বৃত্তের ক্ষেত্রফল

১৮. দুইটি বৃত্তের ব্যাসের অনুপাত ১ ঃ ৩। এদের ক্ষেত্রফলের অনুপাত কত?

সমাধান ঃ

ধরি, ১ম বৃত্তের ব্যাস = 2r [ব্যাসার্ধ = r]

২য় বৃত্তের ব্যাস = ৩ ×2r [ব্যাসার্ধ = ৩r]

১ম বৃত্তের ক্ষেত্রফল = πr^2

২য় বৃত্তের ক্ষেত্রফল = $\pi(৩r)^2 = \pi ৯r^2$

$\frac{\text{১ম বৃত্তের ক্ষেত্রফল}}{\text{২য় বৃত্তের ক্ষেত্রফল}} = \frac{\pi r^2}{\pi ৯r^2} = \frac{১}{৯} = ১ ঃ ৯$

১৯. ৩ সে.মি, ৪ সে.মি ও ৫ সে.মি বাহু বিশিষ্ট তিনটি ঘনক গলিয়ে নতুন একটি ঘনক তৈরী করা হল। নতুন ঘনক এর বাহুর দৈর্ঘ্য কত?

সমাধান ঃ আমরা জানি, ঘনকের আয়তন $\frac{4}{3}\pi r^3$.

শর্তমতে, $\frac{4}{3}\pi(3^3 + 4^3 + 5^3) = \frac{4}{3}\pi r^3$

বা, $r^3 = 216$

বা, r = 6

$\therefore$ নতুন ঘনকের বাহুর দৈর্ঘ্য 6 সে.মি

২০. ৪ ফুট বাহু বিশিষ্ট একটি বর্গাকার জায়গা ঢাকতে ৪ বর্গফুট ক্ষেত্রবিশিষ্ট কয়টি পাথর লাগবে?

সমাধান ঃ

১ বাহু = ৪ ফুট

ক্ষেত্রফল = ১৬ বর্গফুট

$\therefore$ পাথর লাগবে = $\frac{১৬}{৪}$ = ৪টি

২১. একটি সুষম ষড়ভুজের প্রত্যেকটি কোণের পরিমাণ কত ?

সমাধান ঃ সুষম বহুভুজের বাহুর সংখ্যা n হলে,

$\frac{(n-2)\times180^0}{n} = \frac{6-2\times180^0}{6} = ১২০^\circ$

২২. পঞ্চভুজের পাঁচটি কোণের সমষ্টি কত সমকোণ?

সমাধান ঃ

অন্তর্ভুক্ত কোণ = $\frac{(n-2)\times180^0}{n} = \frac{5-2\times180^0}{5} = ১০৮^\circ$

পঞ্চভুজের সমষ্টি = ৫ ×১০৮°= ৫৪০° অর্থাৎ ৬ সমকোণ।

২৩. সুষম বহুভুজের একটি অন্তঃকোণের পরিমান ১৩৫° হলে এর বাহুর সংখ্যা কত?

সমাধান ঃ

অন্তঃকোন + বহিঃকোন = ১৮০°

বা, বহিঃকোণ = ১৮০° - ১৩৫°

$\therefore$ বহিঃকোণ = ৪৫°

আমরা জানি

বাহুর সংখ্যা = $\frac{৩৬০^\circ}{\text{বহিঃকোণ}}$

বা, বাহুর সংখ্যা = $\frac{৩৬০^\circ}{৪৫^\circ}$ $\therefore$ বাহুর সংখ্যা = ৮

২৪. কোন সুষম বহুভুজের বহিঃস্থ কোণের পরিমান কত হলে বাহুর সংখ্যা ৬টি হবে?

সমাধান ঃ

বাহুর সংখ্যা = $\frac{৩৬০^\circ}{\text{বহিঃকোণ}}$

বা, বহিঃকোণ = $\frac{৩৬০^\circ}{\text{বাহুর সংখ্যা}}$

বা, বহিঃকোণ = $\frac{৩৬০^\circ}{৬}$ = ৬০°

২৫. 18 মিটার দৈর্ঘ্য একটি মই ভূমির সাথে 30^0 কোণ উৎপন্ন করে দেওয়ালের ছাদ স্পর্শ করে। দেওয়ালটির উচ্চতা কত মিটার?

সমাধান ঃ



$\sin\theta = \frac{\text{লম্ব}}{\text{অতিভুজ}}$

$\Rightarrow \sin30^0 = \frac{h}{18}$ [$\therefore \sin30^0 = \frac{1}{2}$

$\Rightarrow \frac{1}{2} = \frac{h}{18}$

$\therefore$ h = 9

২৬. ১৮ ফুট উঁচু একটি গাছ এমনভাবে ভেঙ্গে গেল যে, ভাঙ্গা অংশটি বিচ্ছিন্ন না হয়ে ভূমির সাথে ৩০° কোণ উৎপন্ন করল। গাছটি মাটি থেকে কত উঁচুতে ভেঙ্গেছিল?

সমাধান ঃ



ধরি, গাছটি x উচ্চতায় ভেঙ্গে গিয়েছিল

$\sin\theta = \frac{\text{লম্ব}}{\text{অতিভুজ}}$

$\Rightarrow \sin30^0 = \frac{x}{18-x}$

$\Rightarrow \frac{1}{2} = \frac{x}{18-x}$ [$\therefore \sin30^0 = \frac{1}{2}$

$\Rightarrow 2x = 18 - x$

$\Rightarrow 2x + x = 18$

$\Rightarrow 3x = 18$

$\therefore x = 6$

CamScanner

২৭. একটি তালগাছ এর পাদবিন্দু হতে ১০ মিটার দুরবর্তী স্থানে গাছের শীর্ষের উন্নতি কোণ ৬০° হলে, গাছটির উচ্চতা কত মিটার?

সমাধান ঃ ধরি গাছটির উচ্চতা x মিটার



$\tan\theta = \frac{\text{লম্ব}}{\text{ভুমি}}$

$\Rightarrow \tan 60^0 = \frac{x}{10}$

$\Rightarrow \sqrt{3} = \frac{x}{10}$

$\Rightarrow x = 10\sqrt{3}$

$\therefore x = 17.32$

২৮. সুর্যের উন্নতি কোণ 60^0 হলে একটি মিনারের ছায়ার দৈর্ঘ্য 240 মিটার হয়। মিনারটির উচ্চতা কত?

সমাধান ঃ ধরি, মিনারটির উচ্চতা x মিটার।



$\tan\theta = \frac{\text{লম্ব}}{\text{ভুমি}}$

$\Rightarrow \tan 60^0 = \frac{h}{240}$

$\Rightarrow \sqrt{3} = \frac{h}{240} \Rightarrow h = 240\sqrt{3} \quad \therefore h = 4115.69$ মিটার

